# সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

ও

## বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

অষ্টাদশ সাংবৎসরিক কার্য্য-বিবরণী

-*-


২৪৩।১ অপার সার্কুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-মন্দির হইতে

শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক প্রকাশিত

কলিকাতা

১৩১৯

তুমি বিদ্যা তুমি ধর্ম্ম
তুমি হৃদি তুমি মর্ম্ম
ত্বংহি প্রাণাঃ শরীরে।
বাহুতে তুমি মা শক্তি
হৃদয়ে তুমি মা ভক্তি
তোমারই প্রতিমা গড়ি মন্দিরে মন্দিরে

১ম ভাগ। ১—১৫ ফর্ম্মা কটন প্রেসে—শ্রীজ্যোতিষচন্দ্র ঘোষ কর্ত্তৃক মুদ্রিত।
২য় ভাগ। ১—১০ „ প্যারাগন প্রেসে—শ্রীগোপালচন্দ্র রায় কর্ত্তৃক মুদ্রিত।
„ ১১—১৫ „ এবং মলাট, সূচী ও বিজ্ঞাপন } বিশ্বকোষ-প্রেসে—শ্রীরাখালচন্দ্র মিত্র কর্ত্তৃক মুদ্রিত।

# সূচী

## প্রথম খণ্ড



## দ্বিতীয় খণ্ড

## বিশেষ দ্রষ্টব্য

বঙ্গীয় সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠাতৃগণের ( ২০ পৃষ্ঠ ) তালিকা মুদ্রিত হইবার পরে জানা গিয়াছে যে ঐ তালিকায় কয়েকটি ভ্রম রহিয়াছে। পঞ্জিকার পরবর্ত্তী সংখ্যায় আমরা উহা সংশোধন করিয়া দিব।

# সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

## উনবিংশ বর্ষ

১৩১৯ বঙ্গাব্দ, ১৮৩৪ শকাব্দ, ১৯১২-১৯১৩ খৃষ্টাব্দ

## দিন-পঞ্জিকা

### পর্ব্বদিন

প্রতি সপ্তাহে বৃহস্পতিবার এবং নিম্নোক্ত পর্ব্বদিন ব্যতীত প্রত্যহ সম্পাদক কর্ত্তৃক নির্দ্ধারিত সময়ে ( বেলা ২টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত ) সাহিত্য-পরিষদের কার্য্যালয় খোলা থাকিবে।

| | | | |
|---|---|---|---|
| নববর্ষ | ১ বৈশাখ | ইদলফিতর | ২৮ ভাদ্র |
| সম্রাটের জন্মদিন | ২১ জ্যৈষ্ঠ | বড়দিন | ১০ পৌষ |
| রথযাত্রা | ১১ আষাঢ় | মহরম | ৫ পৌষ |
| জন্মাষ্টমী | ১৯ ভাদ্র | | |
| দুর্গোৎসব | ১—১৫ই কার্ত্তিক | | |
| শ্যামাপূজা | ২১ কার্ত্তিক | | |
| ভ্রাতৃদ্বিতীয়া | ২৫ কার্ত্তিক | | |
| কার্ত্তিকপূজা | ৩০ কার্ত্তিক | | |
| জগদ্ধাত্রীপূজা | ৩ অগ্রহায়ণ | | |
| সরস্বতীপূজা | ২৯ মাঘ | | |
| দোলযাত্রা | ৯ চৈত্র | | |
| মহাবিষুব-সংক্রান্তি | ৩১ চৈত্র | | |

# সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

## বৈশাখ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| সোম | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| মঙ্গল | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| বুধ | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| বৃহস্পতি | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শুক্র | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| শনি | ৭ | ১৪ | ২১ | ২৮ | |

## জ্যৈষ্ঠ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| সোম | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| মঙ্গল | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| বুধ | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| বৃহস্পতি | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| শুক্র | ৪ | ১১ | ১৮ | ২৫ | ৩২ |
| শনি | ৫ | ১২ | ১৯ | ২৬ | |

## আষাঢ়

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| সোম | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| মঙ্গল | ৪ | ১১ | ১৮ | ২৫ | ৩২ |
| বুধ | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| বৃহস্পতি | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| শুক্র | ৭ | ১৪ | ২১ | ২৮ | |
| শনি ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ | |

## শ্রাবণ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| সোম | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| মঙ্গল | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| বুধ | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| বৃহস্পতি | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| শুক্র | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| শনি | ৪ | ১১ | ১৮ | ২৫ | |

## ভাদ্র

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| সোম | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| মঙ্গল | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| বুধ | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| বৃহস্পতি | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| শুক্র | ৭ | ১৪ | ২১ | ২৮ | |
| শনি ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ | |

## আশ্বিন

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| সোম | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| মঙ্গল | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| বুধ | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| বৃহস্পতি | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| শুক্র | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| শনি | ৫ | ১২ | ১৯ | ২৬ | |

---

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু, ১লা বৈশাখ ১২৯৪
বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠা, ১৭ই বৈশাখ ১৩০১
বিহারীলাল চক্রবর্ত্তীর জন্ম, ৮ই জ্যৈষ্ঠ ১২৪২
বিহারীলাল চক্রবর্ত্তীর মৃত্যু, ১১ই জ্যৈষ্ঠ ১৩০১
রজনীকান্ত গুপ্তের মৃত্যু, ৩০শে জ্যৈষ্ঠ ১৩০৭
অক্ষয়কুমার দত্তের জন্ম, ১লা শ্রাবণ ১২২১
রাজেন্দ্রলাল মিত্রের মৃত্যু, ১১ই শ্রাবণ ১২৯৮
কালীপ্রসন্ন ঘোষের মৃত্যু, ১৩ই শ্রাবণ ১৩১৪

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জন্ম, ৬ই বৈশাখ ১২৪৫
ভূদেব মুখোপাধ্যায়ের মৃত্যু, ১লা জ্যৈষ্ঠ ১৩০১
হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু, ১০ই জ্যৈষ্ঠ ১৩১০
অক্ষয়কুমার দত্তের মৃত্যু, ১৪ই জ্যৈষ্ঠ ১২৯৩
মধুসূদন দত্তের মৃত্যু, ১৬ই আষাঢ় ১২৮০
Bengal Academy of Literature প্রতিষ্ঠা, ৮ই শ্রাবণ ১৩০০
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৃত্যু, ১৩ই শ্রাবণ ১২৯৮

# সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

## কার্ত্তিক

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৪ | ১১ | ১৮ | ২৫ |
| সোম | | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| মঙ্গল | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| বুধ | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| বৃহস্পতি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| শুক্র | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| শনি | ৩ | ১০ | ১৭ | ২৪ | |

## অগ্রহায়ণ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ২ | ৯ | ১৬ | ২৩ |
| সোম | | ৩ | ১০ | ১৭ | ২৪ |
| মঙ্গল | | ৪ | ১১ | ১৮ | ২৫ |
| বুধ | | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| বৃহস্পতি | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| শুক্র | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| শনি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |

## পৌষ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| সোম | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| মঙ্গল | ২ | ৯ | ১৬ | ২৩ | |
| বুধ | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| বৃহস্পতি | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| শুক্র | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শনি | ৬ | ১৩ | ২০ | ২৭ | |

## মাঘ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| সোম | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| মঙ্গল | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| বুধ | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| বৃহস্পতি | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| শুক্র | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| শনি | ৫ | ১২ | ১৯ | ২৬ | |

## ফাল্গুন

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৪ | ১১ | ১৮ | ২৫ |
| সোম | | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| মঙ্গল | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| বুধ | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| বৃহস্পতি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| শুক্র | ২ | ৯ | ১৬ | ২৩ | |
| শনি | ৩ | ১০ | ১৭ | ২৪ | |

## চৈত্র

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রবি | | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| সোম | | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| মঙ্গল | | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| বুধ | | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| বৃহস্পতি | | ৭ | ১৪ | ২১ | ২৮ | |
| শুক্র | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ | |
| শনি | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ | |

---

দ্বারকানাথ বিদ্যাভূষণের মৃত্যু, ৮ই ভাদ্র ১২৯৩
দীনবন্ধু মিত্রের মৃত্যু, ১৬ই কার্ত্তিক ১২৮০
কেশবচন্দ্র সেনের মৃত্যু, ২৫শে পৌষ ১২৯০
ঈশ্বরচন্দ্র গুপ্তের মৃত্যু, ১০ই মাঘ ১২৬৫
মধুসূদন দত্তের জন্ম, ১২ই মাঘ ১২৩০
নবীনচন্দ্র সেনের জন্ম, ২৯শে মাঘ ১২৫৩
রাজেন্দ্রলাল মিত্রের জন্ম, ৫ই ফাল্গুন ১২২৮
জাতীয় শিক্ষা-পরিষৎ প্রতিষ্ঠা, ২৭শে ফাল্গুন ১৩১২
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মৃত্যু, ২৬শে চৈত্র ১৩০০

রজনীকান্ত গুপ্তের জন্ম, ২৯শে ভাদ্র ১২৫৬
প্যারীচাঁদ মিত্রের মৃত্যু, ২১শে অগ্রহায়ণ ১২৮৭
দেবেন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু, ৬ই মাঘ ১৩১১
নবীনচন্দ্র সেনের মৃত্যু, ১০ই মাঘ ১৩১৫
গৌরীশঙ্কর ভট্টাচার্য্যের মৃত্যু, ২৫শে মাঘ ১২৬৫
ভূদেব মুখোপাধ্যায়ের জন্ম, ২রা ফাল্গুন ১২৩২
ঈশ্বরচন্দ্র গুপ্তের জন্ম, ২৫শে ফাল্গুন ১২১৮
রামনিধি গুপ্তের মৃত্যু, ২১শে চৈত্র ১২৪৫

# In the matter of Act XXI of 1860 of the Acts of the Viceroy and Governor General of India in Council being an Act for the Registration of Literary Scientific and Charitable Societies.

AND

# In the matter of the Bangiya Sahitya Parishad.

## MEMORANDUM OF ASSOCIATION.

1. The name of the Association is Bangiya Sahitya Parishad.
2. The objects for which the Association is established are:—

(*a*) The cultivation encouragement and improvement of the Bengali language and literature by the following and if and when necessary by other means namely

(1) The compilation and publication of a Grammar and a Dictionary of the Bengali language (2) the compilation coinage and publication of scientific philosophical and other technical terms in Bengali (3) the collection acquisition and publication of old Bengali manuscripts (4) the translation into Bengali of standard books and publications in other languages and the publication of such translations (5) the study and cultivation of philosophy, history, science, poetry and all other forms of literature and the publication of useful books and pamphlets thereon and (6) the publication of a periodical Journal in Bengali to be entitled "The Sahitya Parishad Patrika."

(*b*) The holding and management of all funds or funds raised for the objects aforesaid.

(*c*) The purchase or acquisition on lease or in exchange or on hire or otherwise of any real or personal property and any rights or privileges necessary or convenient for the purposes of the Association.

(*d*) The sale improvement management and development of all or any part of the property of the Association.

(*e*) The doing of all such things as are incidental or conducive to the attainment of the objects aforesaid or any of them.

3. The names addresses and occupations of the persons who are members of and form the Executive Committee or Governing body of the said Association are as follows :—

1. **Babu Dwijendra Nath Tagore**
*President,*
*Zemindar of No. 6, Dwarkanath Tagore's Lane, Calcutta.*

2. **Rai Kali Prosanna Ghose Bahadur**
*Land-holder of Armanitolla, Dacca.*

3. **Babu Akhoy Chunder Sircar**
*Land-holder of Kadamtolla Chinsura, District Hooghly.*

4. **Mohamahopadhya Hara Prosad Shashtri**
*Professor Presidency College of 48/1, Harrison Road, Calcutta.*

*Vice-Presidents.*

5. **Babu Nagendranauth Vasu**
*Land-holder and Author of No. 14, Telipara Lane, Calcutta,*

6. ,, **Chandranath Basu**
*Bengali Translator Government of Bengal of no. 5, Raghunath Chatterjees Lane.*

7. ,, **Rajendra Chandra Shastri**
*Bengal Librarian of no. 30, Tarruck Chatterjees Lane.*

8. ,, **Rajani Kanto Gupta**
*Land-holder and Author of No 28/16, Akhil Mistry's Lane.*

9. ,, **Surrut Chunder Sircar**
*Land-holder of no. 77/1, Muktaram Babu's Street.*

10. **Roy Jotindra nath Chowdhury**
*Zeminder of Barraha Nagore.*

11. **Babu Monamohun Basu**
*Land-holder and Author of no. 204/2, Cornwallis Street.*

12. ,, **Gopaul Chunder Mukhapadhya**
*Land-holder and Author of No. 40, Sankur Haldar's Lane.*

13. ,, **Shiba Prosunna Bhuttacharjee**
*Vakil High Court of No. 13, Punchanuntolla Lane.*

14. ,, **Suresh Chunder Somajputty**
*Editor Sahitya Magazine of No. 50, Hurry Ghose's Street.*

15. ,, **Jogendra Nath Bidyabhusan**
*Deputy Magistrate Faridpore.*

16. ,, **Gobindo Lal Dutt**
*Land-holder of No. 18, Akroor Dutt's Lane.*

17. **Babu Jogneswar Bundopadhya**
*Author and Editor of No. 1, Sreenath Dass' Barrack.*

18. **Babu Herendra Nath Dutt**

*Secretary,*

*Solicitor High Court of no. 139, Cornwallis Street.*

19. „ **Pratul Chunder Basu**

*Assistant Secretary,*

*Land-holder of No. 12, Nababdi Ostagar's Lane.*

20. „ **Chundy Churun Bandopadhya**

*Assistant Secretary,*

*Author of No. 18, Ram Shaha's Lane.*

21. „ **Charu Chundra Ghose**

*Treasurer.*

*Land-holder of No. 7, Nobin Sircar's Lane.*

4. The income and property of the association whence soever derived shall be applied solely towards the promotion of the objects of the association and set forth in this memorandum of Association and no portion thereof shall be paid or transferred directly or indirectly by way of dividend bonus or otherwise howsoever by way of profits to the persons who at any time are or have been members of the association or to any of them or to any person claiming through any of them. Provided that nothing herein contained shall prevent the payment in good faith of remuneration to any officers or servants of the association or to any member thereof or other person in return for any services rendered to the association.

5. If upon the dissolution of the association there shall remain after the satisfaction of all its debts and liabilities any property whatsoever the same shall not be paid to or distributed among the members of the association or any of them but shall be given or transferred to some other association or associations Institution or Institutions having objects similar to the objects of this association to be determind by the votes of not less than three-fifth of the members present personally or by proxy at the time of the dissolution or in default thereof by such Judge of the High Court of Judicature at Fort William in Bengal as may have acquired Jurisdiction in the matter.

A copy of the Rules and Regulations of the said Bangiya Sahitya Parishad is filed with this memorandum of Association and the undersigned being three of the members of the Governing body of the said association do hereby certify that such copy of such rules and regulations is a correct copy of the rules and regulations of the said Bangiya Sahitya Parishad.

As witness our several and respective hands and signature this 10th day of April one thousand eight hundred and ninetynine.

Amrita Krishna Mullick,
*Pleader, Shampukur Calcutta.*
Siba Prasanna Bhattacharjee,
*Pleader, 33, Punchanantola Calcutta.*
N. K. Basu,
*Magistrate, Rajshye.*
Chuni laul Bose,
*Chemical Examiner, Mahendra Bose's Lane Calcutta.*
Hari dev Shastri,
*Professor, Bishop's College, Ballygunj Calcutta.*
Roy Yatindra Nath Chodhury,
*Zemindar, Baranuggur, 24 Pergunnas.*
Hara prosad Shastri,
*Professor, Naihati, 24 Pergunnas.*
Dijendra nath Tagore,
*Zemindar, 6, Dwarkanath Tagore's Street, Calcutta.*
Rajani Kanta Gupta,
*Author, 28/16, Akhil Mistrie's Lane, Calcutta.*
Suresh Chandra Samajpati,
*Editor, 30, Hari Ghose's Street.*
Nagendra nath Vasu,
*Editor, 14, Telipara Lane Shampukur.*

Witness to the signatures.
Herendra nath Datta
Solr. *Calcutta.*

No. I.

Bangiya Sahitya Parisad
In the Matter of Act XXI
of 1860
and
In the Matter of the Bangiya
Sahitya Parishad.
Memorandum
of
Association
Filed and Registered by me
as no. 1 of 1899—1900.
This 14th April 1899
(Registrar of Companies under)
Act VI of 1832.
Sd. Pratapa Chandra Ghosha
*Registrar of Companies.*
15-4-99.

# বঙ্গীয়-সাহিত্য-পরিষদের
# নিয়মাবলী

উদ্দেশ্য ও নাম

১। বিবিধ উপায়ে বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা-সাহিত্যের অনুশীলন এবং উন্নতি-সাধনই পরিষদের উদ্দেশ্য।

সভার নাম **বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ**

উদ্দেশ্য-সাধনের উপায়

২। এই সভার উদ্দেশ্য-সাধনার্থ নিম্ন-লিখিত ও আবশ্যক হইলে তদতিরিক্ত উপায়-সমূহ অবলম্বিত হইবে, যথা;—

(ক) বাঙ্গালা ভাষার ব্যাকরণ ও অভিধান সঙ্কলন

(খ) বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা সঙ্কলন

(গ) প্রাচীন বাঙ্গালা-কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ

(ঘ) ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ ও প্রকাশ

(ঙ) দর্শন, বিজ্ঞান, ইতিহাস, কাব্য প্রভৃতি সকলপ্রকার সাহিত্যের আলোচনা ও সেই সেই বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থাদির প্রকাশ

(চ) "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" নামে বাঙ্গালা ভাষায় একখানি সাময়িক পত্রিকা প্রচার।

সভার মুখপত্র

৩। সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী প্রবন্ধ সাহিত্য পরিষৎ পত্রিকায় প্রকাশিত হইবে। কোন প্রবন্ধে কোনরূপ মৌলিক অনুসন্ধানের বা আলোচনার পরিচয় না থাকিলে, সে প্রবন্ধ এই পত্রিকায় প্রকাশিত হইবে না।

(ক) কার্য্য-নির্ব্বাহক-সমিতির সম্মতি ভিন্ন ইহাতে কোন জীবিত গ্রন্থকারের গ্রন্থাদির আলোচনা হইবে না।

ভাষা

৪। পরিষদের পঠিতব্য-প্রবন্ধ বাঙ্গালা-ভাষাব্যতীত অন্য ভাষায় লিখিত হইবে না। সভাপতি মহাশয়ের বিশেষ অনুমতি ব্যতীত পরিষদের কোন অধিবেশনে অন্য ভাষাতে কোনরূপ আলোচনা হইতে পারিবে না।

পরিষদের গঠন

৫। নিম্নোক্ত কয়েক শ্রেণীর সদস্য লইয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গঠিত হইবে। যথা:—

১। বিশিষ্ট-সদস্য

২। আজীবন-সদস্য

৩। অধ্যাপক-সদস্য

৪। সাধারণ-সদস্য

৫। সহায়ক-সদস্য

### বিশিষ্ট-সদস্য

৬। দেশ-বিদেশে সাহিত্য-ক্ষেত্রে বিশেষ-ভাবে লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তিগণ পরিষদের বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—অন্যূন পাঁচজন সদস্য পত্রদ্বারা ঐরূপ কোন একজনের নাম বিশিষ্ট সদস্যরূপে প্রস্তাব করিয়া সম্পাদককে জানাইলে, সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশ লইয়া প্রস্তাবিত ব্যক্তির নাম পরিষদের সকল সদস্যের নিকট নির্ব্বাচনার্থ পাঠাইয়া দিবেন এবং মতামত পাঠাইবার সময় নির্দ্দেশ করিয়া দিবেন। নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পরিষদের সমস্ত সদস্যের অন্যূন এক চতুর্থাংশের মতামত না আসিলে নির্ব্বাচন স্থগিত থাকিবে। নতুবা যতগুলি মতামত পাওয়া যাইবে, তন্মধ্যে যদি অন্যূন ত্রিচতুর্থাংশের সম্মতি থাকে, তাহা হইলে, প্রস্তাবিত ব্যক্তি বিশিষ্ট-সদস্যরূপে গৃহীত হইবেন এবং সম্পাদক তাঁহার নির্ব্বাচন-সংবাদ পরবর্ত্তী বার্ষিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

(খ) বার্ষিক অধিবেশন ভিন্ন অন্য সময়ে কোন বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইবেন না।

(গ) বিশিষ্ট-সদস্য নির্ব্বাচনের প্রস্তাব ১লা ফাল্গুনের পূর্ব্বে সম্পাদকের নিকট পাঠাইতে হইবে।

(ঘ) এক পত্রে একাধিক ব্যক্তির নাম প্রস্তাবিত হইতে পারিবে না।

৭। বিশিষ্ট-সদস্যের সংখ্যা ১৫ জনের অধিক হইবে না।

### আজীবন-সদস্য

৮। যাঁহারা পরিষদের স্থায়ী ধনভাণ্ডারের জন্য এককালে অন্যূন ৫০০৲ টাকা কার্য্য-নির্ব্বাহক-সমিতির হস্তে দান করিবেন, তাঁহারা পরিষদের আজীবন-সদস্য গণ্য হইবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কার্য্য-নির্ব্বাহক-সমিতি কাহারও নিকট ঐরূপ দান গ্রহণ করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশক্রমে সম্পাদক পরবর্ত্তী মাসিক অধিবেশনে সেই দান ঘোষণা করিয়া দাতাকে আজীবন-সদস্য-শ্রেণীভুক্ত করিয়া লইবেন।

(খ) এই নিয়ম প্রণয়নের পূর্ব্বে যাঁহারা পরিষদের স্থায়ী-ধনভাণ্ডারে এককালে অন্যূন ৫০০৲ পাঁচশত টাকা দান করিয়াছেন, তাঁহারাও অতঃপর আজীবন-সদস্য শ্রেণীভুক্ত হইবেন।

### অধ্যাপক-সদস্য

৯। চতুষ্পাঠীর লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপকগণ পরিষদের অধ্যাপক-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোন অধ্যাপকের নাম সমস্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির অর্দ্ধাধিক সভ্যের অনুমোদন ক্রমে পরিষদের কোন মাসিক অধিবেশনে সম্পাদক কর্ত্তৃক প্রস্তাবিত এবং যথারীতি সমর্থিত ও অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি অধ্যাপক-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

১০। অধ্যাপক-সদস্যের সংখ্যা ২৫ জনের অধিক হইবে না।

### সাধারণ-সদস্য

১১। বাঙ্গালা-সাহিত্যানুরাগী ব্যক্তিমাত্রই পরিষদের সাধারণ-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোনও মাসিক অধিবেশনে যে কোন সদস্য পূর্ব্বোক্তরূপ কোন ব্যক্তির নাম সদস্যরূপে নির্ব্বাচনার্থ প্রস্তাব করিবেন; অন্য কোন উপস্থিত সদস্য তাহার সমর্থন ও সভা তাহা অনুমোদন করিলে, প্রস্তাবিত ব্যক্তি এই পরিষদের সাধারণ সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

(খ) ব্যক্তি-বিশেষের নির্ব্বাচনে সভায় উপস্থিত কোন সদস্য আপত্তি করিলে, সে সভায় তাঁহার নির্ব্বাচন বন্ধ থাকিবে। পরে কার্য্য-নির্ব্বাহক-সমিতি সে সম্বন্ধে বিবেচনা করিয়া পরবর্ত্তী কোন মাসিক অধিবেশনে তাঁহার নির্ব্বাচনের প্রস্তাব পুনরায় উপস্থিত করিবেন ও সভাপতি আবশ্যক বোধ করিলে ব্যালটদ্বারা নির্ব্বাচনের ব্যবস্থা করিবেন।

১২। প্রত্যেক সাধারণ-সদস্যকে প্রবেশিকা ১৲ টাকা এবং অন্যূন ৷৷০ হিসাবে মাসিক চাঁদা দিতে হইবে।

১৩। নির্ব্বাচন-সংবাদ-প্রাপ্তির পর দুইমাস মধ্যে নির্ব্বাচিত ব্যক্তিকে প্রবেশিকা ১৲ এক টাকা পাঠাইয়া দিতে হইবে। উহা প্রাপ্তির পর, তিনি সাধারণ-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন এবং সদস্যের সকল অধিকার প্রাপ্ত হইবেন।

১৪। কোন ব্যক্তি সাধারণ-সদস্যপদ পরিত্যাগের পর যদি পুনরায় সাধারণ-সদস্য নির্ব্বাচিত হন, তাহা হইলে, তাঁহাকে প্রবেশিকা দিতে হইবে না; কিন্তু পূর্ব্বের চাঁদা বাকি থাকিলে, তাহা সমস্ত শোধ করিতে হইবে। কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থলবিশেষে বাকি চাঁদা সম্পূর্ণ বা আংশিক ভাবে ত্যাগ করিতে পারিবেন।

### সহায়ক-সদস্য

১৫। যাঁহারা এই পরিষদের উদ্দেশ্যের অনুকূল কার্য্য করিয়া এই পরিষদের উপকার করিয়া থাকেন, তাঁহারা সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদন-ক্রমে ঐরূপ ব্যক্তির নাম সহায়ক-সদস্যরূপে বার্ষিক অধিবেশনে প্রস্তাব করিবেন এবং তাহা যথারীতি সমর্থিত এবং অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি সহায়ক-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন।

১৬। সহায়ক-সদস্যের সংখ্যা ২৫ জনের অধিক হইবে না।

১৭। সহায়ক-সদস্যগণ পাঁচ বৎসরের জন্য নির্ব্বাচিত হইবেন। তৎপরে তাঁহারা পুনর্নির্ব্বাচিত হইতে পারিবেন।

### সদস্যগণের অধিকার

১৮। সাধারণ সদস্য ব্যতীত অপর কোন শ্রেণীর সদস্য মাসিক চাঁদা দিতে বাধ্য থাকিবেন না।

১৯। সাহিত্য-পরিষৎ-পত্রিকা সকল সদস্যই বিনামূল্যে প্রাপ্ত হইবেন।

২০। নূতন সদস্যগণ স্ব স্ব সদস্যপদগ্রহণের পর হইতে পরিষৎ-পত্রিকার প্রকাশিত সংখ্যা পাইবেন এবং সদস্যশ্রেণীভুক্ত হইবার পূর্ব্ববর্ত্তী কালের পত্রিকা অর্দ্ধমূল্যে পাইবেন।

২১। পরিষৎ-প্রকাশিত অন্যান্য গ্রন্থ সদস্যগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত মূল্যে পাইবেন।

২২। সম্পাদকের নিকট পত্র লিখিয়া বা কার্য্যালয়ে উপস্থিত হইয়া পরিষদের অবস্থা, বিধিব্যবস্থা এবং অন্যান্য সংবাদ জ্ঞাত হইবার এবং কার্য্যালয়ে স্বয়ং আসিয়া সম্পাদকের সম্মতিক্রমে হিসাব ও অন্যান্য খাতাপত্র দেখিবার অধিকার সকল সদস্যেরই থাকিবে।

২৩। যে সকল সদস্যের কার্ত্তিক মাসের পূর্ব্ব হইতে চাঁদা বাকি পড়িবে, চাঁদা শোধ না হওয়া পর্য্যন্ত তাঁহারা কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যপদ প্রার্থী হইতে পারিবেন না।

### বান্ধব

২৪। যাঁহারা পরিষদের উপকারার্থ এককালে অন্যূন পাঁচ হাজার টাকা বা তত্তুল্য কোন দান করিবেন, তাঁহারা এই পরিষদের বান্ধব বলিয়া গণ্য হইবেন ও তাঁহারা সদস্যগণের যাবতীয় অধিকার প্রাপ্ত হইবেন।

(ক) কাহারও নিকট হইতে ঐরূপ কোন দান এককালে প্রাপ্ত হইলে, সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশক্রমে দাতার নাম পরিষদের কোন মাসিক অধিবেশনে ঘোষণা করিয়া দাতাকে বান্ধবশ্রেণীভুক্ত করিয়া লইবেন।

(খ) এই নিয়ম প্রণয়নের পূর্ব্বে যে সমস্ত উপকারী ব্যক্তির নিকট এইরূপ দান এককালে পাওয়া গিয়াছে, তাঁহারাও পরিষদের বান্ধব বলিয়া গণ্য হইবেন।

### কার্য্য-নির্ব্বাহক-সমিতি

২৫। পরিষদের সমস্ত কার্য্য নির্ব্বাহার্থ একটি কার্য্য-নির্ব্বাহক-সমিতি থাকিবে।

২৬। কতিপয় কর্ম্মাধ্যক্ষ ও কতিপয় নির্ব্বাচিত সদস্য লইয়া এই কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইবে। প্রতি বৎসর বার্ষিক অধিবেশনে এই কার্য্য নির্ব্বাহক-সমিতির গঠন হইবে।

২৭। পরিষদের বিভিন্ন কার্য্য-নির্ব্বাহের জন্য নিম্নলিখিত ১৬ জন কর্ম্মাধ্যক্ষ সদস্যগণ মধ্য হইতে নির্ব্বাচিত হইবেন। ইঁহারা সকলেই কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য বলিয়া গণ্য হইবেন।

যথা—

| | |
|---|---|
| সভাপতি ... ... ... ... | ১ জন |
| সহকারী সভাপতি ... ... ... | ৪ জন |
| সম্পাদক ... ... ... ... | ১ জন |
| সহকারী সম্পাদক ... ... ... | ৫ জন |
| কোষাধ্যক্ষ ... ... ... ... | ১ জন |
| গ্রন্থাধ্যক্ষ ... ... ... ... | ১ জন |
| চিত্রশালাধ্যক্ষ ... ... ... ... | ১ জন |
| ছাত্রাধ্যক্ষ ... ... ... ... | ১ জন |
| পত্রিকাধ্যক্ষ ... ... ... ... | ১ জন |
| | ১৬ জন |

২৮। কর্ম্মাধ্যক্ষগণের নির্ব্বাচন-প্রণালী—কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রতি বৎসর আগামী বৎসরের জন্য ১৬ জন কর্ম্মাধ্যক্ষের নাম বার্ষিক অধিবেশনে উপস্থিত করিবেন এবং যথারীতি সমর্থনের এবং উপস্থিত সদস্যগণ কর্ত্তৃক অনুমোদনের পর তাঁহারা নির্ব্বাচিত হইবেন।

(ক) যদি কোন সদস্য কোন কর্ম্মাধ্যক্ষের পদে কোন নাম প্রস্তাবের ইচ্ছা করেন, তবে তাঁহার নাম এবং যে পদে তাঁহাকে নিযুক্ত করিতে চাহেন, তাহা পত্রদ্বারা ১লা চৈত্রের পূর্ব্বে সম্পাদককে জানাইবেন। কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রস্তাবিত নামগ্রহণে অসমর্থ হইলে, প্রস্তাবককে সেই সংবাদ দেওয়া হইবে। তথাপি যদি তিনি বার্ষিক অধিবেশনে তাঁহার প্রস্তাবিত নাম উপস্থাপিত করিতে ইচ্ছা করেন, তাহা হইলে, ১লা বৈশাখের পূর্ব্বে, পত্রদ্বারা সম্পাদককে জানাইবেন। সম্পাদক বার্ষিক অধিবেশনের বিজ্ঞাপন-পত্রে তৎকর্ত্তৃক এই প্রস্তাবের উল্লেখ করিবেন। বার্ষিক অধিবেশনে প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্ব্বাচিত কর্ম্মাধ্যক্ষগণের নাম যথারীতি প্রস্তাবিত ও সমর্থিত হইলে পর, অন্য নামের প্রস্তাবকর্ত্তা স্বয়ং উপস্থিত হইয়া বা প্রতিনিধি দ্বারা তাঁহার প্রস্তাবিত নাম উপস্থিত করিতে পারিবেন এবং তাহা উপস্থিত কোন সদস্য কর্ত্তৃক সমর্থিত হইলে, ব্যালটদ্বারা নির্ব্বাচনের ব্যবস্থা হইবে। এইরূপে প্রত্যেকের নির্ব্বাচনকালে ব্যালট্‌ দ্বারা যতগুলি মত পাওয়া যাইবে, তাহার অর্দ্ধাধিক মত যিনি পাইবেন, তিনি নির্ব্বাচিত হইবেন এবং কাহারও পক্ষে অর্দ্ধাধিক মত না পাওয়া পর্য্যন্ত যিনি ব্যালটে সর্ব্বাপেক্ষা অল্পসংখ্যক মত পাইয়াছেন, তাঁহার নাম বর্জ্জন করিয়া পুনরায় ব্যালট্‌ লওয়া হইবে।

২৯। এই নিয়মাবলী প্রণয়নের পর সম্পাদক ব্যতীত অপর কোন কর্ম্মাধ্যক্ষের পদে কোন ব্যক্তি উপর্য্যুপরি পাঁচ বৎসরের অধিক কালের জন্য নির্ব্বাচিত হইতে পারিবেন না।

৩০। বৎসরের মধ্যে কোন কারণে কোন কর্ম্মাধ্যক্ষের পদ শূন্য হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহার পদে নূতন ব্যক্তিকে নির্ব্বাচন করিয়া পরবর্ত্তী মাসিক অধিবেশনে তাহা বিজ্ঞাপিত করিবেন।

৩১। পরিষদের ২০ জন সদস্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির 'সভ্য'-রূপে নির্ব্বাচিত হইবেন। তন্মধ্যে ১৬ জন সমুদয় সদস্যের মতানুসারে নির্ব্বাচিত হইবেন এবং অপর ৪ জন পরিষৎ-শাখা-সমূহের প্রতিনিধিস্বরূপ শাখাসমূহের কার্য্য-নির্ব্বাহক-সমিতি দ্বারা নির্ব্বাচিত হইবেন।

(ক) পূর্ব্বোক্ত ১৬ জন সদস্যের নির্ব্বাচন নিম্নোক্ত প্রণালীতে হইবে:—ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে সম্পাদক পরিষদের প্রত্যেক সদস্যকে পত্র দ্বারা জিজ্ঞাসা করিবেন যে, তিনি কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য হইতে সম্মত আছেন কি না। যাঁহারা সম্পাদকের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পত্র দ্বারা সম্মতি জ্ঞাপন করিবেন, সম্পাদক ২৩ নিয়মের প্রতি দৃষ্টি রাখিয়া তাঁহাদের নামের তালিকা প্রস্তুত করিবেন এবং চৈত্রের প্রথম সপ্তাহের মধ্যে প্রতি সদস্যের নিকট উক্ত তালিকা এই প্রার্থনাসহ প্রেরণ করিবেন যে, প্রত্যেক সদস্য ঐ তালিকার মধ্যে অনধিক ১৬ জনের নির্ব্বাচন করিয়া তাঁহাদের নামের পার্শ্বে নিজ নাম স্বাক্ষর করিয়া সম্পাদকের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদককে পাঠাইয়া দিবেন। ঐ সকল

পত্র হইতে প্রত্যেকের ভোটের সমষ্টি গণনা করিয়া ভোটের সংখ্যার ক্রম অনুসারে সম্পাদক ষোল জনের নাম বাছিয়া লইয়া বার্ষিক অধিবেশনে তাঁহাদিগকেই নির্ব্বাচিত বলিয়া বিজ্ঞাপিত করিবেন। যদি একাধিক ব্যক্তির সমান ভোট পাইয়া ষোড়শ স্থান গ্রহণের সম্ভাবনা ঘটে, তাহা হইলে, উপস্থিত সদস্যগণ সেই কয় ব্যক্তির মধ্যে পুনর্নির্ব্বাচন দ্বারা ষোড়শ স্থান পূরণ করিবেন।

(খ) পরিষৎ-শাখাসমূহের প্রতিনিধি-নির্ব্বাচন-প্রণালী:—ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে প্রত্যেক পরিষৎ-শাখার সম্পাদককে এই অনুরোধসহ সম্পাদক পত্র লিখিবেন, যেন ঐ শাখার কার্য্য-নির্ব্বাহক-সমিতি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে স্বকীয় প্রতিনিধি-স্বরূপ একজন সদস্যের নাম পাঠাইয়া দেন। এইরূপে যতগুলি নাম পাওয়া যাইবে, সম্পাদক সেই সকল নামের তালিকা প্রত্যেক পরিষৎ-শাখার সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। প্রত্যেক পরিষৎ-শাখার কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই তালিকাভুক্ত অনধিক চারিজনকে নির্ব্বাচিত করিবেন। শাখা-সম্পাদক উক্তরূপে নির্ব্বাচিত ব্যক্তিগণের নামের পার্শ্বে নাম স্বাক্ষর করিয়া, নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পরিষৎ-সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। পরিষৎ-সম্পাদক ভোটের সংখ্যাক্রম-অনুসারে চারিজনের নাম বার্ষিক অধিবেশনে বিজ্ঞাপিত করিলে, তাঁহারা শাখাসমূহের প্রতিনিধিস্বরূপে মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য বলিয়া গণ্য হইবেন। মূল-পরিষদের সদস্য না হইলে, অপর কেহ পরিষৎ-শাখার প্রতিনিধিরূপে নির্ব্বাচিত হইতে পারিবেন না।

(গ) বৎসরের মধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন সভ্যের পদ শূন্য হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথাসময়ে স্বয়ং তাহা পূর্ণ করিয়া লইবেন।

### কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিকার

৩২। পরিষদের সমস্ত কার্য্যই সাধারণতঃ কার্য্য-নির্ব্বাহক-সমিতির কর্তৃত্বে ও নির্দ্দেশে নির্ব্বাহিত হইবে।

৩৩। পরিষদের আয়-ব্যয়-সম্বন্ধে সমস্ত কর্তৃত্ব কার্য্য-নির্ব্বাহক-সমিতির উপর ন্যস্ত থাকিবে।

(ক) ভিন্ন ভিন্ন উদ্দেশ্য-সাধনের জন্য পরিষদের যে সকল বিভিন্ন তহবিল থাকিবে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি সেই সকল তহবিলের রক্ষা ও হিসাবাদি সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা করিবেন এবং আবশ্যক বোধ করিলে, বিভিন্ন তহবিলের নিমিত্ত বিভিন্ন কোষাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন।

(খ) বার্ষিক অধিবেশনের পূর্ব্বে আগামী বৎসরের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আয়-ব্যয়ের আনুমানিক তালিকা (বজেট) প্রস্তুত করিবেন এবং তাহা অনুমোদনার্থ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন।

(গ) প্রতি বৎসর আশ্বিন মাসের পর কার্য্য-নির্ব্বাহক-সমিতি উক্ত আনুমানিক তালিকার (বজেটের) সংস্কারসাধন করিবেন এবং এই সংস্কার পরবর্ত্তী মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

(ঘ) উক্ত আনুমানিক হিসাবের তালিকার অতিরিক্ত কোন ব্যয় আবশ্যক হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনক্রমে তাহা সম্পাদিত হইবে।

(ঙ) আবশ্যক হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি কোন বিশেষস্থলে কোন সদস্যের বাকি চাঁদা সম্পূর্ণ বা আংশিকভাবে ত্যাগ করিতে পারিবেন।

৩৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের সমস্ত সম্পত্তি ও দলিলাদি রক্ষার সমুচিত ব্যবস্থা করিবেন।

৩৫। কর্ম্মাধ্যক্ষদিগের কার্য্যপ্রণালী ও বিশেষ বিশেষ অধিকার কার্য্য-নির্ব্বাহক-সমিতি নির্দ্দেশ করিয়া দিবেন।

৩৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের বেতনভোগী কর্ম্মচারিগণের এবং কার্য্যালয়-সংক্রান্ত যাবতীয় নিয়ম নির্দ্দেশ করিয়া দিবেন।

(ক) পরিষদের কার্য্য সুচারুরূপে নির্ব্বাহ করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আবশ্যকমত উপযুক্ত বেতনে কর্ম্মচারী নিযুক্ত করিতে ও তাঁহাদিগকে কর্ম্মচ্যুত করিতে পারিবেন। এরূপস্থলে কার্য্য-নির্ব্বাহক-সমিতির মীমাংসাই চূড়ান্ত গণ্য হইবে।

৩৭। নিম্নলিখিত ব্যাপারে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিম্নলিখিতমত অধিকার থাকিবে,—

(ক) যে কেহ যে কোন প্রস্তাব পরিষদের বিবেচনার্থ প্রেরণ করিবেন, সাধারণতঃ সে প্রস্তাব সর্ব্বাগ্রে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে আলোচিত হইবে। কাহারও কোনও প্রস্তাব প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে আলোচিত না হইয়া, পরিষদের মাসিক অধিবেশনের আলোচ্য-বিষয়ের মধ্যে সন্নিবিষ্ট হইতে পারিবে না।

(খ) কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যের অথবা পরিষদের কোন সদস্যের কোন প্রস্তাবের আলোচনায় কার্য্য-নির্ব্বাহক-সমিতি যে মীমাংসা করিবেন, তাহা যদি প্রস্তাবকের মনঃপূত না হয়, তাহা হইলে, তাঁহার অনুরোধক্রমে সেই প্রস্তাব কার্য্য-নির্ব্বাহক-সমিতি উপযুক্ত সময়ের মধ্যে মাসিক অধিবেশনের আলোচ্য-বিষয়ভুক্ত করিয়া দিবেন।

(গ) যে সকল সাধারণ-সদস্যের চাঁদা এক বৎসর বাকি পড়িবে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের পত্রিকা ও পুস্তকাদির প্রেরণ বন্ধ রাখিতে পারিবেন।

(ঘ) যে সকল সদস্যের চাঁদা দুই বৎসরকাল বাকি পড়িবে, সম্পাদক তাঁহাদের তালিকা উপস্থিত করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের নাম সদস্য তালিকা হইতে উঠাইয়া দিতে পারিবেন।

৩৮। দেশের ভিন্ন ভিন্ন স্থানে পরিষদের শাখা-স্থাপনের অধিকার কার্য্য-নির্ব্বাহক-সমিতির থাকিবে।

(ক) কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষৎ-শাখা-সংক্রান্ত আবশ্যকমত নিয়ম রচনা করিয়া পরিষদের কোন মাসিক অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন। অনুমোদিত নিয়মাবলী সমস্ত পরিষৎ-শাখায় প্রচার করিবেন।

(খ) কোন নূতন শাখা স্থাপিত হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা যথাসময়ে মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

৩৯। বিশেষ বিশেষ কার্য্যসাধনোদ্দেশে কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থায়ী বা অস্থায়ী সমিতি স্থাপন, তাহার কার্য্যসম্পাদনের ব্যবস্থা এবং তজ্জন্য কর্ম্মাধ্যক্ষ নিয়োগ করিতে পারিবেন।

(ক) এই সকল সমিতিতে আবশ্যকমত সদস্যেতর বিশেষজ্ঞ ব্যক্তিকেও কার্য্য-নির্ব্বাহক-সমিতি সদস্যরূপে গ্রহণ করিতে পারিবেন।

(খ) স্থায়িরূপে কোন সমিতি স্থাপন করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা কোন মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

৪০। প্রত্যেক বার্ষিক অধিবেশনের পূর্ব্বে কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই সকল স্থায়ী ও অস্থায়ী সমিতির সম্পাদকগণের নিকট এবং পরিষদের অন্যান্য কর্ম্মাধ্যক্ষগণের নিকট তাঁহাদের আপন আপন অধিকার-সংক্রান্ত কার্য্যের বিবরণ গ্রহণ করিবেন এবং আবশ্যকমত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণীতে সন্নিবিষ্ট করিয়া দিবেন। পরিষৎ-শাখাগুলির বার্ষিক কার্য্য-বিবরণও এইরূপে আনাইয়া উক্ত বার্ষিক কার্য্য-বিবরণভুক্ত করিবেন।

### কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন

৪১। প্রতিমাসে অন্ততঃ একবার কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইবে। তদ্ভিন্ন প্রয়োজন হইলে, কিংবা কার্য্য-নির্ব্বাহক-সমিতির চারিজন সভ্য হেতুনির্দ্দেশপূর্ব্বক পত্রদ্বারা প্রার্থনা করিলে, এই সমিতির অধিবেশন হইবে।

৪২। আলোচ্য বিষয়াদি নির্দ্দেশপূর্ব্বক অন্ততঃ চারিদিন পূর্ব্বে সভাধিবেশনের সময় বিজ্ঞাপন করিয়া সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন আহ্বান করিবেন।

(ক) বিশেষ প্রয়োজনে চারিদিন অপেক্ষা অল্প সময় পূর্ব্বেও বিজ্ঞাপন দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইতে পারিবে। অত্যাবশ্যক স্থলে এবং অধিবেশন-আহ্বানের সময় না থাকিলে বা বিশেষ কার্য্য দ্রুত সম্পাদন করিতে হইলে, অধিবেশন-আহ্বানের পরিবর্ত্তে কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণের নিকট পত্রদ্বারা কার্য্যবিজ্ঞাপনপূর্ব্বক সম্পাদক তৎসম্বন্ধে লিখিত মতামত সংগ্রহ করিয়া অধিকাংশের মতানুসারে কার্য্য করিতে পারিবেন। এরূপস্থলে মফস্বলবাসী সভ্যগণকে আহ্বান বা তাঁহাদের মতগ্রহণ আবশ্যক হইবে না, কিন্তু কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্ত্তী অধিবেশনে উক্ত কার্য্য অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

৪৩। কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে অন্যূন ৮ জন সভ্য উপস্থিত হইলে, উহার কার্য্য আরম্ভ হইবে।

(ক) যদি কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন অধিবেশনে ৮ জন অপেক্ষা অল্পসংখ্যক সভ্য উপস্থিত হন, তবে সেদিন সভার কার্য্য স্থগিত থাকিবে এবং পরবর্ত্তী অধিবেশনে যদি কোন নূতন আলোচ্য-বিষয় উপস্থাপিত না হয়, তবে অন্যূন ৫ জন সভ্য উপস্থিত হইলেই সভার কার্য্য হইতে পারিবে। পুনরধিবেশনের সময়াদি বিজ্ঞাপিত করিতে হইবে।

৪৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিখিত হইবে এবং সেই কার্য্য-বিবরণ তাহার পরবর্ত্তী অধিবেশনে অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

(ক) কোন কারণে কোনদিন কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন স্থগিত হইলে, সম্পাদক তাহার কারণ কার্য্য-বিবরণ-পুস্তকে লিপিবদ্ধ করিয়া রাখিবেন এবং তাহা পরবর্ত্তী অধিবেশনে উপস্থাপিত করিবেন।

৪৫। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ মুদ্রিত হইবে না।

৪৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের প্রত্যেক মাসিক অধিবেশনের বা বিশেষ-অধিবেশনের আলোচ্য বিষয়, পাঠার্থ প্রবন্ধ এবং প্রদর্শনাদির বিষয় ও অন্যান্য কার্য্য নির্দ্দিষ্ট করিয়া দিবেন।

### পরিষদের অধিবেশন

৪৭। সাহিত্য-পরিষৎ-মন্দিরে ( কলিকাতা, হালসীবাগান, অপার সার্কুলার রোড ২৪৩।১ সংখ্যক ভবনে ) প্রতি বাঙ্গালা মাসের শেষ রবিবারে অথবা প্রয়োজন হইলে, অন্যত্র বা অন্য-বারে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অধিবেশন হইবে।

(ক) কোনও বিশেষ উদ্দেশ্যসাধনের নিমিত্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশে বিশেষ দিনে পরিষদের বিশেষ অধিবেশন হইতে পারিবে।

(খ) কোনও বিশেষ প্রয়োজনে অন্যূন ১০ জন সদস্য হেতু-নির্দ্দেশ পূর্ব্বক পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করাইবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে অনুরোধ করিয়া পত্র লিখিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথোপযুক্ত দিনে পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করিবেন।

৪৮। সভাপতি অথবা সহকারীসভাপতি, সম্পাদক অথবা সহকারীসম্পাদকগণের মধ্যে কেহ অধিবেশনে উপস্থিত না থাকিলে, উপস্থিত সদস্যগণ উপযুক্ত ব্যক্তির নিয়োগদ্বারা সেই দিনকার কার্য্য পরিচালন করিবেন।

৪৯। সমস্ত অধিবেশনের বিজ্ঞাপন-পত্রে অধিবেশনের সকল প্রকার আলোচ্য বিষয় ও কার্য্য-তালিকা মুদ্রিত হইবে এবং সাত দিন পূর্ব্বে উক্ত বিজ্ঞাপন প্রকাশিত হইবে।

৫০। অন্যূন ১৫ জন সদস্য উপস্থিত হইলে, পরিষদের সাধারণ মাসিক অধিবেশন বা কোন বিশেষ অধিবেশনের কার্য্য চলিতে পারিবে। নির্দ্দিষ্ট সংখ্যক সদস্য উপস্থিত না হইলে বা অন্য কোন কারণে অধিবেশনের কার্য্য বন্ধ হইলে, তাহা লিপিবদ্ধ করা হইবে।

৫১। মাসিক ও বিশেষ-অধিবেশনের কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিপিবদ্ধ থাকিবে এবং সম্পাদক তাহা পরবর্ত্তী মাসিক অধিবেশনে অনুমোদনের জন্য উপস্থাপিত করিবেন।

৫২। এই সকল অধিবেশনের কার্য্য-বিবরণ পরিষৎ-পত্রিকার সহিত অথবা স্বতন্ত্র পুস্তিকাকারে ক্রমশঃ প্রকাশিত হইবে এবং ইহা প্রত্যেক সদস্য বিনামূল্যে পাইবেন।

৫৩। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময় কোন সদস্য সেই বিষয়সম্বন্ধে একবার প্রস্তাবক প্রস্তাবের সময় একবার ও অপরাপর সদস্যের সমালোচনার পরে উত্তরস্বরূপ আর একবারমাত্র স্বীয় বক্তব্য জ্ঞাপন করিতে পারিবেন। সভাপতির বিশেষ অনুমতি পাইলে, এই নিয়মের ব্যতিক্রম হইতে পারিবে।

### সভাপতি

৫৪। কোন অধিবেশনের কার্য্য-প্রণালী অথবা কোন নিয়মের তাৎপর্য্য সম্বন্ধে সভাস্থলে কোন বিষয়ের মীমাংসায় সভাপতির মত অথবা আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫৫। কোনও বিষয়ের মত গ্রহণকালে, দুই পক্ষের মতামতের সংখ্যা সমান হইলে, সভাপতির একটি অতিরিক্ত মত দিবার অধিকার থাকিবে।

৫৬। কোনও বিশেষ কার্য্য দ্রুত সম্পাদনের প্রয়োজন হইলে এবং কোন মাসিক সভার আলোচ্য বিষয় তালিকাভুক্ত করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আহ্বানের সময় না থাকিলে, সভাপতি তাহা কোনও মাসিক অধিবেশনে আলোচনার্থ অনুমতি দিতে পারিবেন।

### সহকারী সভাপতি

৫৭। চারি জন সহকারী সভাপতির মধ্যে অন্যূন দুই জন মফস্বলের অধিবাসী হইবেন।

৫৮। সভাপতির অনুপস্থিতিতে অন্যতম সহকারী সভাপতি সভাপতির কর্ত্তব্য সম্পাদন করিবেন ও তাঁহার যাবতীয় অধিকার প্রাপ্ত হইবেন।

### সম্পাদক

৫৯। পরিষৎ-সংক্রান্ত যাবতীয় কার্য্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশে সম্পাদকের তত্ত্বাবধানে সম্পন্ন হইবে।

৬০। কার্য্য-নির্ব্বাহক-সমিতির এবং পরিষদের সাধারণ ও বিশেষ অধিবেশনের নির্দ্দিষ্ট কার্য্য ও সঙ্কল্প প্রভৃতি সমাধান করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।

৬১। অধিবেশনের বিবরণাদি, আয়-ব্যয়ের বিবরণাদি ও আনুমানিক হিসাব প্রভৃতি প্রস্তুত করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।

৬২। সম্পাদক পরিষদের যাবতীয় অধিবেশন আহ্বান করিবেন।

৬৩। সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে প্রেরিত সদস্যগণের পত্রাদি আবশ্যক মত কার্য্য-নির্ব্বাহক-সমিতির সমীপে উপস্থাপিত করিবেন।

৬৪। সম্পাদক প্রতিমাসে আয় ব্যয় বিবরণ প্রস্তুত করাইয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে উপস্থাপিত করিবেন।

৬৫। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত ব্যয় ব্যতীত কোনও নূতন কার্য্যের জন্য কিছু ব্যয় করিতে হইলে, সম্পাদক তাহা কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতি লইয়া করিবেন।

(ক) বিশেষ প্রয়োজনীয় স্থলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতি লইবার পূর্ব্বে ৫০৲ টাকা পর্য্যন্ত সম্পাদক নিজে ব্যয় করিতে পারিবেন, কিন্তু উক্ত সভার পরবর্ত্তী অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থিত করিবেন।

৬৬। আয়-ব্যয়-সংক্রান্ত কার্য্যাদিব্যতীত যদি কোন অনিবার্য্য কারণে কোনও বিশেষ কার্য্য সম্পাদককে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতির অপেক্ষা না করিয়াই করিতে হয়, তবে কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্ত্তী অধিবেশনে কারণ প্রদর্শন করিয়া উক্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন।

৬৭। সম্পাদক ৩৭ (ঘ) নিয়মানুসারে তালিকা প্রস্তুত করিয়া আবশ্যকমত মধ্যে মধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির গোচর করিবেন।

৬৮। বার্ষিক অধিবেশনের পূর্ব্বে, পরিষদের আয়-ব্যয়-পরীক্ষক দ্বারা পরীক্ষিত বার্ষিক হিসাব, শাখাসভা ও অন্যান্য সমিতির প্রদত্ত কার্য্য-বিবরণ এবং অন্যান্য আনুষঙ্গিক জ্ঞাতব্য বিষয়-সংবলিত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণ প্রস্তুত করিয়া সম্পাদক প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন এবং কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক অনুমোদিত কার্য্য-বিবরণ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন এবং বার্ষিক অধিবেশনে তাহা পঠিত ও অনুমোদিত হইলে, উহা প্রকাশ করিবেন।

৬৯। সম্পাদক প্রয়োজনমত সহকারী সম্পাদকগণকে নিজ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

### সহকারী সম্পাদক

৭০। সম্পাদকের নির্দ্দেশমত সহকারী সম্পাদকগণ নিরূপিত কার্য্য পরিচালন করিবেন।

### কোষাধ্যক্ষ

৭১। পরিষদের সাধারণ তহবিল কোষাধ্যক্ষের নিকট থাকিবে।

৭২। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দিষ্ট ব্যবস্থানুসারে কোষাধ্যক্ষ সম্পাদকের সহিত সাধারণ তহবিলের টাকার আদানপ্রদান করিবেন।

৭৩। সাধারণ তহবিল ব্যতীত অন্যান্য তহবিলের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি যেরূপ ব্যবস্থা করিবেন, তদনুসারে তাহাদের কার্য্য চলিবে।

### গ্রন্থাধ্যক্ষ

৭৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়মানুসারে ও সম্পাদকের নির্দ্দেশানুযায়ী গ্রন্থাধ্যক্ষ গ্রন্থাগারের যাবতীয় ব্যবস্থা করিবেন।

### চিত্রশালাধ্যক্ষ

৭৫। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্দেশানুসারে চিত্রশালাধ্যক্ষ চিত্রশালার যাবতীয় কার্য্য সম্পাদন করিবেন।

### ছাত্রাধ্যক্ষ

৭৬। ছাত্রাধ্যক্ষ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্দেশ অনুসারে পরিষদের ছাত্র-সভ্যগণের শিক্ষা, উপদেশ, কার্য্য-ব্যবস্থা, পরীক্ষা ও পারিতোষিক প্রভৃতি সম্বন্ধে যাবতীয় কার্য্য পরিচালন করিবেন।

### পত্রিকাধ্যক্ষ

৭৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়মানুসারে পত্রিকাধ্যক্ষ পত্রিকা-সম্পাদনের ব্যবস্থা করিবেন।

### আয়-ব্যয়-পরীক্ষক

৭৮। পরিষদের যাবতীয় হিসাব পরিদর্শনের জন্য প্রতি বৎসর বার্ষিক অধিবেশনে সদস্যগণের মধ্য হইতে দুইজন আয়-ব্যয়-পরীক্ষক নির্ব্বাচিত হইবেন।

৭৯। বৎসরান্তে পরিষদের সাধারণ তহবিলের আয়-ব্যয়-বিবরণ সম্পাদক প্রস্তুত করিয়া দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশাদি মিলাইয়া আয়-ব্যয়-পরীক্ষকগণ সেই হিসাব পরীক্ষা করিবেন।

৮০। পরীক্ষান্তে আয়-ব্যয়-পরীক্ষকগণ হিসাব পরিশুদ্ধ বলিয়া অনুমোদন করিলে, সেই হিসাব কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে গ্রহণীয় হইবে।

৮১। সাধারণ-তহবিল ব্যতীত পরিষদের অন্যান্য তহবিলের আয়-ব্যয়-পরীক্ষার ভারও ইঁহাদের উপর ন্যস্ত থাকিবে।

৮২। হিসাব পরীক্ষায় কোনরূপ ভ্রমপ্রমাদ বা নিয়মভঙ্গের পরিচয় পাইলে, ইঁহারা কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে লিখিয়া জানাইবেন।

৮৩। আয়-ব্যয়-পরীক্ষকগণ আবশ্যক মত মাসিক বা ত্রৈমাসিক হিসাব পরীক্ষা করিবেন।

### পরিষৎ-শাখা

৮৪। দেশের ভিন্ন ভিন্ন স্থানে পরিষদের উদ্দেশ্যানুকূল কার্য্য-সম্পাদন জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ 'পরিষৎ-শাখা' প্রতিষ্ঠা করিতে পারিবেন।

৮৫। যে স্থানে পরিষৎ-শাখা স্থাপিত হইবে, "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ" এই নামের পর সেই স্থানের অর্থাৎ সেই নগরের বা প্রদেশের নামের সহিত শাখা শব্দযোগে পরিষৎ-শাখাগুলির নামকরণ হইবে। (দৃষ্টান্ত—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, রঙ্গপুর-শাখা।)

৮৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত এবং পরিষদের অনুমোদিত নিয়মাবলী অনুসারে শাখাসমূহ পরিচালিত হইবে।

৮৭। মূল-পরিষদের সদস্য ব্যতীত অপর ব্যক্তি কোন পরিষৎ-শাখার সম্পাদক হইতে পারিবেন না।

৮৮। কার্য্য-নির্ব্বাহক-সমিতির বিশেষ কোন নিয়ম ব্যতীত কোনও পরিষৎ-শাখার সহিত মূল-পরিষদের কোনরূপ অর্থ-সম্বন্ধ থাকিবে না।

### ছাত্র-সভা

৮৯। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী কার্য্যসাধনের জন্য সাহিত্য-পরিষদের অধীনে একটী ছাত্র-সভা গঠিত হইবে। বিদ্যালয়ের ছাত্রগণ এই সভার সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন এবং তাঁহারা ছাত্র-সভ্য নামে অভিহিত হইবেন।

৯০। ছাত্রাধ্যক্ষের প্রস্তাবক্রমে কার্য্য-নির্ব্বাহক-সমিতি বিদ্যালয়ের ছাত্রগণকে এই সভার সভ্যরূপে নির্ব্বাচন করিবেন।

৯১। ছাত্র-সভ্যগণের কর্ত্তব্য ও অধিকার নির্দ্দেশের জন্য ছাত্রাধ্যক্ষের পরামর্শ মত কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নিয়মাবলী প্রণীত হইবে।

### বিশেষ বিধি

৯২। পরিষদের বিশেষ বা সাধারণ মাসিক অধিবেশনে মীমাংসিত কোন নিয়ম ছয় মাস মধ্যে আলোচিত বা পরিবর্ত্তিত হইতে পারিবে না।

৯৩। কোন নূতন নিয়ম প্রণয়ন অথবা কোন পুরাতন নিয়মের সংস্কার-সম্বন্ধে প্রস্তাব উপস্থিত হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা বিচারপূর্ব্বক পরিষদের মাসিক বা বিশেষ অধিবেশনে মীমাংসার্থ উপস্থিত করিবেন।

৯৪। আবশ্যক হইলে, পরিষদের অধিবেশনে কার্য্য-নির্ব্বাহক-সমিতির প্রস্তাবমত এই নিয়মাবলীর অন্তর্গত কোন নিয়মের সংস্কার বা কোন নূতন নিয়মের সংযোজন হইতে পারিবে। আবশ্যক হইলে, তৎপূর্ব্বে পত্রদ্বারা সমুদয় সদস্যের মত গ্রহণ করা হইবে।

৯৫। পরিষদের উদ্দেশ্যানুকূল নির্দ্দিষ্ট ও প্রচলিত কার্য্যব্যতীত অন্য কোন নূতন কার্য্য করিতে হইলে, কার্য্য নির্ব্বাহক-সমিতিকে বিশেষ বা মাসিক অধিবেশনে সমবেত সদস্যগণের মত গ্রহণ করিতে হইবে।

# বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠাতৃগণ

রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুর
" হীরেন্দ্রনাথ দত্ত বেদান্ত রত্ন এম্ এ, বি এল
" এল্ লিওটার্ড
" নীলরতন মুখোপাধ্যায় বি এ
" গোপালচন্দ্র মুখোপাধ্যায়
রায় " মতিলাল হালদার বাহাদুর বি এল
" নরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ
" সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি এ
রায় " শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই
পণ্ডিত " তারাকুমার কবিরত্ন
" দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়
ডাক্তার " সুন্দরীমোহন দাস এম্ বি
" আশুতোষ ঘোষ এল্ এম্ এস্
" দেবকিশোর মুখোপাধ্যায় এম্ এ
" ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ
" আশুতোষ বন্দ্যোপাধ্যায়
" বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ

স্বর্গীয় ক্ষেত্রপাল চক্রবর্ত্তী যোগশাস্ত্রী
" ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী রায় বাহাদুর
" সারদাপ্রসাদ দে
" নগেন্দ্রনাথ ঘোষ এফ্ আর এস্ এল্
" মনোমোহন বসু
" সাতকড়ি হালদার বি এল্
" গোসাঁইদাস গুপ্ত
" নন্দকৃষ্ণ বসু এম্ এ, সি এস্
" উমেশচন্দ্র বটব্যাল এম্ এ, সি এস্
" চারুচন্দ্র ঘোষ
" রমেশচন্দ্র দত্ত সি আই ই
" মাধবচন্দ্র চট্টোপাধ্যায়

# পরিষদের কর্ম্মচারিগণের আত্মন্ত তালিকা

## সভাপতি

১৩০১-২ স্বর্গীয় রমেশচন্দ্র দত্ত
১৩০২-৩ ,, চন্দ্রনাথ বসু
১৩০৪-৬ শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
১৩০৭-৮ সত্যেন্দ্রনাথ ঠাকুর
১৩০৯ স্বর্গীয় রমেশচন্দ্র দত্ত
১৩১০-১১ শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর
১৩১২-১৮ ,, সারদাচরণ মিত্র

## সহকারী সভাপতি

১৩০১ স্বর্গীয় নবীনচন্দ্র সেন
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
১৩০২ স্বর্গীয় চন্দ্রনাথ বসু
,, নবীনচন্দ্র সেন
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
১৩০৩ স্বর্গীয় নবীনচন্দ্র সেন
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
স্বর্গীয় মনোমোহন বসু
১৩০৪ ,, কালীপ্রসন্ন ঘোষ
শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার
,, হরপ্রসাদ শাস্ত্রী
১৩০৫ স্বর্গীয় কালীপ্রসন্ন ঘোষ
শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার
,, হরপ্রসাদ শাস্ত্রী
১৩০৬ শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
স্বর্গীয় যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ
,, প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়
১৩০৭ স্বর্গীয় কালীপ্রসন্ন ঘোষ
শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
,, জগদীশচন্দ্র বসু
১৩০৮ শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
,, রবীন্দ্রনাথ ঠাকুর
,, প্রফুল্লচন্দ্র রায়
১৩০৯ ,, হরপ্রসাদ শাস্ত্রী
,, সারদাচরণ মিত্র
যুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
১৩১০ ,, সারদাচরণ মিত্র
শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়
,, শিবনাথ শাস্ত্রী
১৩১১ ,, সারদাচরণ মিত্র
,, আশুতোষ মুখোপাধ্যায়
স্বর্গীয় চন্দ্রকান্ত তর্কালঙ্কার
১৩১২ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
স্বর্গীয় চন্দ্রকান্ত তর্কালঙ্কার
শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়
১৩১৩ ,, রবীন্দ্রনাথ ঠাকুর
স্বর্গীয় ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়
১৩১৪-১৫ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
,, আশুতোষ মুখোপাধ্যায়
,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১৩১৬ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
,, প্রফুল্লচন্দ্র রায়
,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১৩১৭ মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী
শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী
,, প্রফুল্লচন্দ্র রায়
১৩১৮ মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী
শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী
,, হরপ্রসাদ শাস্ত্রী

### সম্পাদক

১৩০১ শ্রীযুক্ত এল্ লিওটার্ড ও
„ দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়
„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও
„ দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়
১৩০২ „ দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়

১৩০২-৩ শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
১৩০৪-৫ „ হীরেন্দ্রনাথ দত্ত
১৩০৬-১০ „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১৩১১-১৮ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

### সহকারী সম্পাদক

১৩০২ শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার
„ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
„ কুঞ্জবিহারী বসু
১৩০৩ „ মহেন্দ্রনাথ বিদ্যানিধি
১৩০৪ „ কুঞ্জবিহারী বসু
স্বর্গীয় চারুচন্দ্র ঘোষ
১৩০৫ শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
„ প্রতুলচন্দ্র বসু
১৩০৬ „ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
„ ব্যোমকেশ মুস্তফী
১৩০৭ „ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
„ ব্যোমকেশ মুস্তফী
১৩০৮ „ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
„ ব্যোমকেশ মুস্তফী
১৩০৯ „ মন্মথমোহন বসু
„ ব্যোমকেশ মুস্তফী
১৩১০ „ মন্মথমোহন বসু
„ ব্যোমকেশ মুস্তফী
১৩১১ মন্মথমোহন বসু
ব্যোমকেশ মুস্তফী
নিত্যগোপাল বসু (শ্রাবণ পর্য্যন্ত)

১৩১২ শ্রীযুক্ত মন্মথমোহন বসু
„ ব্যোমকেশ মুস্তফী
„ কিশোরীমোহন সিংহ
১৩১৩ „ মন্মথমোহন বসু
„ ব্যোমকেশ মুস্তফী
১৩১৪ „ মন্মথমোহন বসু
„ হেমচন্দ্র দাশ গুপ্ত
„ ব্যোমকেশ মুস্তফী
১৩১৫-১৬ „ হেমচন্দ্র দাশ গুপ্ত
„ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
„ ব্যোমকেশ মুস্তফী
„ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
১৩১৭ „ হেমচন্দ্র দাশ গুপ্ত
„ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
„ তারাপ্রসন্ন গুপ্ত
„ ব্যোমকেশ মুস্তফী
১৩১৮ „ হেমচন্দ্র দাশ গুপ্ত
„ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
„ তারাপ্রসন্ন গুপ্ত
„ বিনয়কুমার সরকার
„ ব্যোমকেশ মুস্তফী

### পত্রিকা-সম্পাদক

| | | | |
|---|---|---|---|
| ১৩০১-৩ | স্বর্গীয় রজনীকান্ত গুপ্ত | ১৩০৬-১০ | শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| ১৩০৩-৫ | শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু | ১৩১১-১৮ | „ নগেন্দ্রনাথ বসু |

### ধন-রক্ষক

মিঃ এল্ লিওটার্ড

| | | | |
|---|---|---|---|
| ১৩০১ | শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার | ১৩১১-১৩ | শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী |
| ১৩০২-৩ | „ চারুচন্দ্র সরকার | ১৩১৪-১৮ | „ হীরেন্দ্রনাথ দত্ত |
| ১৩০৪ | „ গোপালচন্দ্র মুখোপাধ্যায় | | |
| ১৩০৫ | স্বর্গীয় চারুচন্দ্র ঘোষ | | |
| ১৩০৬-১০ | শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত | | |

### গ্রন্থ-রক্ষক

| | | | |
|---|---|---|---|
| ১৩০১ | শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার | ১৩১৪ | শ্রীযুক্ত বাণীনাথ নন্দী |
| ১৩০২ | „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় | ১৩১৫ | „ সত্যভূষণ বন্দ্যোপাধ্যায় |
| ১৩০৩-৬ | „ প্রতুলচন্দ্র বসু | ১৩১৬-১৮ | „ অসিতকুমার মুখোপাধ্যায় |
| ১৩০৭-৮ | „ কিরণচন্দ্র দত্ত | | |
| ১৩০৯ | „ বাণীনাথ নন্দী | | |
| ১৩১০-১৩ | „ অমূল্যচরণ ঘোষ | | |

### ছাত্র-সভ্য-পরিদর্শক

| | | | |
|---|---|---|---|
| ১৩১২ | শ্রীযুক্ত মন্মথমোহন বসু | ১৩১৪-১৮ | শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র |
| ১৩১৩ | „ নরেশচন্দ্র সেন গুপ্ত | | |

**ন্যাসরক্ষক**—মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কর্তৃক প্রদত্ত ভূমিদানপত্রে নির্দ্দিষ্ট ১৩০৭ সালে নিযুক্ত ভূমি-সম্পত্তির ট্রাষ্টি বা ন্যাসরক্ষকগণ—

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় ( দীঘাপতিয়া )
„ রায় প্রমথনাথ চৌধুরী ( সন্তোষ )
„ „ যতীন্দ্রনাথ চৌধুরী ( টাকী )
„ রবীন্দ্রনাথ ঠাকুর ( কলিকাতা )
„ হীরেন্দ্রনাথ দত্ত ( কলিকাতা )

**দলিল-রক্ষক**—( এটর্ণি ) শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত

**পুথি-সংগ্রাহক**—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ

**চিত্র-পরিদর্শক**—শ্রীযুক্ত আনন্দমোহন সাহা

| | বর্ষশেষে সভ্যসংখ্যা | বার্ষিক আয় |
|---|---|---|
| ১৩০১ | ১০৩ | ৬৩২৸০ |
| ১৩০২ | ২৯১ | — |
| ১৩০৩ | ৩১৪ | ১৪০১।০ |
| ১৩০৪ | ৩৪১ | ১৩১২॥০ |
| ১৩০৫ | ৩৪৬ | ১৪৫৪৸৵১০ |
| ১৩০৬ | ৩৫১ | ১৫৮৫৸৶০ |
| ১৩০৭ | ৫২৩ | ২৩৭৮৸/০ |
| ১৩০৮ | ৫৯৮ | ২৯০৯/০ |
| ১৩০৯ | ৬৩৫ | ২৫৯৯৶০ |
| ১৩১০ | ৬৭০ | ৩০৪৭॥০ |
| ১৩১১ | ৭১০ | ৩৭০৫/০ |
| ১৩১২ | ৭৬৪ | ৩২৪৮।৵০ |
| ১৩১৩ | ৭৮২ | ৩৭১৩৸৵০ |
| ১৩১৪ | ৮০৭ | ৪৪৪১।০ |
| ১৩১৫ | ১০০২ | ৪৩৭৫৶০ |
| ১৩১৬ | ১২৪৮ | ৬০৯১।০ |
| ১৩১৭ | ১৫২২ | ৭১৮৫॥১০ |
| ১৩১৮ | ১৮১৬ | ৮২৯৪॥৶০ |

এই হিসাবে কেবল মাসিক চাঁদা, প্রবেশিকা ও পুস্তক বিক্রয়ের আয় ধরা হইয়াছে। বিশেষ কারণে প্রাপ্ত দানাদি বা অন্যবিধ আয় ধরা হয় নাই।

স্থায়ী ভাণ্ডারে দান

| | |
|---|---|
| কুচবিহারাধিপতি মহারাজ নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর,* ( আজীবন সভ্যপদ গ্রহণ-কালে দান ) | ৫০০. |
| রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর | ১২৫০০৲ |
| রাজা শ্রীযুক্ত সতীপ্রসাদ গর্গ বাহাদুর ( ক ) | ৫০০০৲ |
| „ „ নরেন্দ্রলাল খাঁ বাহাদুর | ৫০০০৲ |
| „ „ হীরেন্দ্রনাথ দত্ত ও বন্ধুবর্গ | ৫০০০৲ |
| মহারাজ „ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর | ২০০০৲ |
| ডাক্তার „ রাসবিহারী ঘোষ * | ২০০০৲ |
| কুমার „ শরৎকুমার রায় * | ১০০০৲ |
| মহারাজকুমার শ্রীযুক্ত গোপাললাল রায় | ১০০০৲ |
| ডাক্তার শ্রীযুক্ত চন্দ্রশেখর কালী | ৫০০৲ |
| | ৩৪৫০০৲ |

| | |
|---|---|
| জের-- | ৩৪৫০০৲ |
| মহামহোপাধ্যায় কবিরাজ ৺ বিজয়রত্ন সেন (খ) | ৫০০৲ |
| কুমার শ্রীযুক্ত মন্মথনাথ মিত্র * | ৫০০৲ |
| ৺ রায় বিপিনবিহারী মিত্র | ৫০০৲ |
| ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় (গ) | ২৫০৲ |
| রায় „ রাধাবল্লভ চৌধুরী বাহাদুর | ২০০৲ |
| মিঃ এন্ সি সরকার | ২০০৲ |
| সি, কে, সেন এণ্ড কোং * | ১৫০৲ |
| „ শশিপদ বন্দ্যোপাধ্যায় (ঘ) | ১০০৲ |
| „ মন্মথমোহন বসু | ১০০৲ |
| | ৩৭০০০৲ |

* চিহ্নিত ব্যক্তিগণের দান পাওয়া গিয়াছে।

(ক) ১০০০৲ পাওয়া গিয়াছে, (খ) ১২৫৲ পাওয়া গিয়াছে, (গ) ১০০৲ পাওয়া গিয়াছে এবং (ঘ) ৫০৲ পাওয়া গিয়াছে।

# সাহিত্য-পরিষদ্-গ্রন্থাবলী

১। **কৃত্তিবাসী রামায়ণ**—সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্ত-রত্ন এম্‌এ, বিএল্‌। বহুদিনের প্রাচীন হস্তলিখিত পুথি ব্যতীত মূল কৃত্তিবাসী রামায়ণের পাঠোদ্ধারের সম্ভাবনা নাই। তিন চারিশত বৎসরের পুথি এ পর্য্যন্ত সংগ্রহ করিতে না পারায়, অযোধ্যাকাণ্ড ও উত্তরকাণ্ড ব্যতীত অন্যান্য কাণ্ডের প্রকাশ এ পর্য্যন্ত ঘটিয়া উঠে নাই। লঙ্কাকাণ্ডের অনুলিপি প্রস্তুত হইয়াছে। আশা করা যায়, মফস্বলবাসী সদস্যগণ প্রাচীন গ্রন্থের অনুসন্ধান পাইলে অনুগ্রহপূর্ব্বক পরিষৎ-কার্য্যালয়ে তাহা প্রেরণ করিবেন।

(ক) অযোধ্যাকাণ্ড—ভূমিকা ও দুরূহ শব্দের অর্থসংবলিত, ৪৯ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য ।০ চারি আনা।

(খ) উত্তরকাণ্ড—ভূমিকা ও দুরূহ শব্দের অর্থসংবলিত, ২৯৮ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য ১৲ এক টাকা। পরিষদের সদস্যগণের পক্ষে উভয় খণ্ড একত্রে ১৲ এক টাকা।

২। **পীতাম্বর দাসের রসমঞ্জরী**—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যা-মহার্ণব। এই রসমঞ্জরীতে নায়ক-নায়িকার প্রীতিবর্ণনচ্ছলে রাগানুগা ভক্তির উপদেশ দেওয়া হইয়াছে এবং প্রাচীন গ্রন্থ হইতে প্রাচীন পদকর্ত্তাদের পদ উদ্ধৃত করিয়া বিবিধ রসের উদাহরণ দেওয়া হইয়াছে। পীতাম্বর দাস অতি প্রাচীন গ্রন্থকার। মূল্য ।৵০ আনা; পরিষদের সভ্য-গণের পক্ষে চারি আনা মাত্র।

৩। **বিজয় পণ্ডিতের মহাভারত**—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু। অল্প দিন পূর্ব্বে কাশীদাসী মহাভারতই বাঙ্গালায় পরিচিত ছিল। প্রধানতঃ সাহিত্য-পরিষদের যত্নে এ পর্য্যন্ত বহুসংখ্যক বাঙ্গালী মহাভারতকারের অস্তিত্ব আবিষ্কৃত হইয়াছে। তন্মধ্যে অনেকেই কাশীদাস অপেক্ষা প্রাচীন। বিজয় পণ্ডিতের রচিত মহাভারত তন্মধ্যে আবার সর্ব্বাপেক্ষা প্রাচীন। প্রাচীন-বাঙ্গালা সাহিত্যের অনুরাগীমাত্রেরই এই অতি প্রাচীন গ্রন্থ পাঠ করা উচিত। এই বৃহৎ গ্রন্থ দুই খণ্ডে ৮৭৫ পৃষ্ঠায় সম্পূর্ণ। সম্পাদক বিশেষ পরিশ্রম করিয়া প্রাচীন মহাভারতগুলির পরিচয়সহ অতি মূল্যবান্ দীর্ঘ ভূমিকা লিখিয়াছেন। ঐ ভূমিকা পাঠ করিলে বঙ্গদেশে মহাভারতের কিরূপ আদর ছিল বুঝা যাইবে। মূল্য ১৷৷০ দেড় টাকা; সদস্যগণের পক্ষে ১।০ পাঁচ সিকা।

৪। **ছুটিখানের মহাভারত**—এই বিখ্যাত মহাভারত চট্টগ্রামের প্রাচীন মুসলমান শাসনকর্ত্তা পরাগল খানের পুত্র ছুটিখানের আদেশে কবি শ্রীকরনন্দী কর্ত্তৃক বিরচিত হইয়াছিল। সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারি বিদ্যাবিনোদ কাব্যতীর্থ এবং শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ। পত্রাঙ্ক ১৪০; মূল্য ১৲ এক টাকা।

৫। **বনমালী দাসের জয়দেব-চরিত্র**—বাঙ্গালা পদ্যে জয়দেবের জীবন-চরিত, প্রাচীন গ্রন্থ। পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী সম্পাদিত ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী-লিখিত ভূমিকা সমেত। পত্রাঙ্ক ৩৪, মূল্য ।০ চারি আনা।

৬। **বাসুদেব ঘোষের পদাবলী**—সম্পাদক শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ—প্রায় সম্পূর্ণ। পত্রাঙ্ক ২৪, মূল্য ৵০ তিন আনা।

৭। **জয়ানন্দের চৈতন্যমঙ্গল**—চৈতন্যদেবের এই জীবনচরিতে অনেক নূতন ঐতিহাসিক তথ্য পাওয়া যায়। চৈতন্যদেবের তিরোভাবের বিশেষ বিবরণ অন্য কোথাও পাওয়া যায় না। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও ৺কালিদাস নাথ। পত্রসংখ্যা ১৫৫; মূল্য ৸০ বার আনা।

৮। **মাণিক গাঙ্গুলির ধর্ম্মমঙ্গল**—ধর্ম্মপূজা সম্বন্ধে অতি প্রাচীন গ্রন্থ। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী বঙ্গদেশে ধর্ম্মপূজার ইতিহাস সঙ্কলন করিয়া ও তাহার সহিত বৌদ্ধধর্ম্মের সম্পর্ক আবিষ্কার করিয়া যশস্বী হইয়াছেন। তিনি স্বয়ং এই গ্রন্থের সম্পাদকতার ভার গ্রহণ করিয়াছিলেন। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন "ভারতী" পত্রিকায় পরিষৎ-প্রকাশিত এই গ্রন্থের পরিচয় প্রদান করিয়াছেন। পত্রাঙ্ক ২১৭, রয়াল ফর্ম্মা; মূল্য ১৷০ দেড় টাকা মাত্র।

৯। **ভাগবতাচার্য্যের কৃষ্ণপ্রেমতরঙ্গিণী**—ভাগবত অবলম্বনে কৃষ্ণলীলাবিষয়ক বৃহৎ কাব্য—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু। পত্রসংখ্যা ৪১৯; মূল্য ২৲ দুই টাকা।

১০। **গৌরপদতরঙ্গিণী**—সম্পাদক শ্রীযুক্ত জগদ্বন্ধু ভদ্র।—এই প্রকাণ্ড গ্রন্থে শ্রীচৈতন্যসম্বন্ধে প্রায় দেড় হাজার প্রাচীন পদ সঙ্কলিত হইয়াছে। এ সকল পদ বঙ্গের বিখ্যাত পদকর্ত্তাদের রচিত। অনেক পদ নূতন প্রকাশিত। পুস্তকের ১৯০ পৃষ্ঠাব্যাপী বৃহৎ ভূমিকায় ঐ সকল পদকর্ত্তাদের পরিচয় প্রদত্ত হইয়াছে। ঐ ভূমিকায় বৈষ্ণব-সাহিত্যের ধারাবাহিক ইতিহাস পাওয়া যাইবে। পরিশিষ্টে অপ্রচলিত শব্দের অর্থসহ নির্ঘণ্ট আছে। পত্রাঙ্ক ৫৬৮, মূল্য ২৲ দুই টাকা মাত্র।

১১। **কাশী-পরিক্রমা**—(সচিত্র)। ভূকৈলাসের বিখ্যাত মহারাজ জয়নারায়ণ ঘোষাল প্রণীত। এই গ্রন্থে কাশীর অন্তর্গত সমুদয় তীর্থের ও দেবস্থানের পরিচয় আছে। তদ্ব্যতীত অষ্টাদশ শতাব্দীতে কাশীধামের ভৌগোলিক ও সামাজিক অবস্থার অতি উৎকৃষ্ট চিত্র এই গ্রন্থে পাওয়া যাইবে। বাঙ্গালা ভাষায় এইরূপ গ্রন্থ আর নাই। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু বিস্ময়জনক পরিশ্রম ও অধ্যবসায় সহকারে এই গ্রন্থের টীকা প্রস্তুত করিয়াছেন। লালগোলার বিদ্যোৎসাহী রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের সম্পূর্ণ ব্যয়ে এই গ্রন্থ প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ৩১২; মূল্য ৸০ বার আনা।

১০৩৫ " হরিপদ পাঁড়ে, এম্ এ, কৃষ্ণনাথ কলেজের অধ্যাপক, বহরমপুর।
" হরিপ্রসন্ন দাস গুপ্ত, নায়েব, রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রকিশোর রায় চৌধুরীর ষ্টেট, ভেদারগঞ্জ, ফরিদপুর।
" হরিপ্রসাদ দাস বি এ, সাব ডেঃ কলেক্টার, বড়পেটা, কামরূপ।
" হরিপ্রসাদ মিত্র বি এস্‌সি এ, খাগড়া, বহরমপুর।
" হরিপ্রসাদ বসু এম্ এ, বি এল্, উকিল, বোলপুর, বীরভূম।
১০৪০ " হরিমোহন সিংহ বি এ, দিনাজপুর-রাজবাড়ী, দিনাজপুর।
" সুমনস্ হরিলাল ধ্রুব, ডাঃ ধ্রুব হাউস, খাড়িয়া, আমেদাবাদ।
" হরিহর শেঠ, চন্দননগর।
" হরেন্দ্রকুমার ঘোষ বি এ, (ক) ডেপুটী কালেক্টার, রাজসাহী।
" হরেন্দ্রকুমার ঘোষ (খ) ডেঃ মাঃ ডেঃ কলেঃ, কুমিল্লা।
১০৪৫ " হরেন্দ্রকৃষ্ণ রায়, এম্ এ, বি এল্, নায়েব, বাহারবন্দ, উলিপুর, রঙ্গপুর।
" হরেন্দ্রচন্দ্র লাহিড়ী, জমিদার, নীলফামারী, রঙ্গপুর।
" হরেন্দ্রনাথ চৌধুরী বি এস্‌সি, এল্ এল্ বি, রঙ্গপুর।
" হরেন্দ্রনারায়ণ চৌধুরী, সদর নায়েব আহেলকার, কুচবিহার।
" হরেন্দ্রনারায়ণ রায় মহাশয়, জমিদার, লক্ষ্মণনাথ পোঃ, বালেশ্বর।
১০৫০ " হিমাংশুমোহন মিত্র বি এস্‌সি, ইঞ্জিনিয়ার, ২৪ গান্ ফাউণ্ড্রী রোড, কাশীপুর কলিকাতা বি, এন্ রেলওয়ে।
" হীরেন্দ্রনাথ দত্ত, কামারপাড়া রোড, চুঁচুড়া।
" হৃদয়বন্ধু মজুমদার, সুপাঃ, কাকিনারাজ, কাকিনা, রঙ্গপুর।

শ্রীযুক্ত হৃদয়রঞ্জন সেন এম্ এ, বি এল্, ডেঃ মাঃ, ব্রাহ্মণবাড়িয়া, ত্রিপুরা।
„ হৃষীকেশ রায়, জমিদার, উদয়গ্রাম, কুমারগঞ্জ, দিনাজপুর।
১০৫৫ „ হৃষীকেশ রায় চট্টোপাধ্যায়, এডওয়ার্ড করোনেশন ইন্‌ষ্টিটিউশনের ২য় শিক্ষক, জিয়াগঞ্জ, মুরশিদাবাদ।
„ ডাক্তার হৃষীকেশ লাহিড়ী এম্ বি, নবাবগঞ্জ, রঙ্গপুর।
„ হৃষীকেশ সেন, ইন্‌স্পেক্টর অব পুলিশ, চাতরা, হাজারীবাগ।
„ হেমচন্দ্র বসু এম এ, বি এল্, উকিল, মুঙ্গের।
„ হেমচন্দ্র মুখোপাধ্যায় বি এল্, উকিল, ফরিদপুর।
১০৬০ „ হেমচন্দ্র সরকার এম্ এ, অধ্যাপক, রাভেন্সা কলেজ, কটক।
„ হেমচন্দ্র সান্যাল এম্ এ, অধ্যাপক জগন্নাথ কলেজ, ঢাকা।
„ হেমচন্দ্র সেন (ক) শ্রীযুক্ত সতীশচন্দ্র দাস গুপ্ত মহাশয়ের বাসা, সেনপাড়া, রঙ্গপুর।
„ হেমচন্দ্র সেন, (প: আসিষ্টাণ্ট, চীফ্ সেক্রেটারীর ডিপার্টমেণ্ট, বিহার এবং উড়িষ্যা সেক্রেটেরিয়াট, রাঁচী
„ হেমপ্রসন্ন রায় গুপ্ত, কালীতলা, দিনাজপুর।
১০৬৫ „ হেমন্তকুমার ভট্টাচার্য্য বি এ, সাঁতরাগাছী, ব্যাতোড়, হাওড়া।
„ হেমন্তকুমার মজুমদার কাব্যনিধি বি এ, প্রধান শিক্ষক সিঙ্গুর উচ্চ ইংরাজী বিদ্যালয়, পোঃ সিঙ্গুর, হুগলী।
„ হেমন্তকুমার হালদার এম্ এ, বি এল্, মুন্সেফ, সিউরী, বীরভূম।
„ কুমার হেমেন্দ্রকুমার রায়, রাজসাহী।
„ হেমেন্দ্রকিশোর আচার্য্য চৌধুরী, 'দেবনিবাস', ময়মনসিংহ।
১০৭০ „ হেমেন্দ্রমোহন বসু বি এ, সহকারী প্রধান শিক্ষক বর্দ্ধমান মিউনিসিপাল স্কুল, বর্দ্ধমান।
„ হেমেন্দ্রমোহন রায় বি এ, সুপাঃ একাউন্টেণ্ট জেনারেল আফিস, রেঙ্গুন।
„ হেমেন্দ্রলাল কানুগির এম্ এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, মতিহারী, চম্পারণ।
„ হেরম্বচন্দ্র চৌধুরী, জমিদার, হেমনগর, ময়মনসিংহ।
„ মুন্সী হেলালউদ্দীন খান, পোঃ পূর্ণনগর, রঙ্গপুর।
১০৭৫ „ কুঞ্জবিহারী বর্ম্মণ, তাজহাট রাজবাটী, মাহিগঞ্জ, রঙ্গপুর।

## ছাত্রসভ্য

কবিরাজ শ্রীযুক্ত রাখালদাস সেন গুপ্ত কাব্যতীর্থ সঞ্জীবন ঔষধালয় ১০৪ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
শ্রীযুক্ত কুলদাপ্রসাদ মল্লিক ভাগবতরত্ন বি এ, সিউড়ি।
„ হৃষীকেশ মিত্র, ১২২।২ অপার সার্কুলার রোড, কলিকাতা।

শ্রীযুক্ত নিতাইহরি দে, ৫২ রাজবল্লভ ষ্ট্রীট, কলিকাতা।
৫ „ লালবিহারী দাস ঘোষ, ১৬ শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
„ ভূপেন্দ্রনাথ বসু, ৭১ পাথুরেঘাটা ষ্ট্রীট, কলিকাতা।
„ সুশীলচন্দ্র মুখোপাধ্যায়, ১৫ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা, কলিকাতা।
„ দেবেন্দ্রমোহন লাহিড়ী, ১০ কাশী ঘোষের লেন, কলিকাতা।
„ শচীন্দ্রলাল ভাদুড়ী ঐ ঐ
১০ „ সীতেশচন্দ্র সেন বি এ, কালিয়া।
„ তারাপ্রসন্ন বাকৃচী, মেড়তলা, বর্দ্ধমান।
„ ইন্দুভূষণ নাথ, আড়বালিয়া, ২৪ পরগণা।
„ বিনোদেশ্বর দাস গুপ্ত বি এ, কলমা, ঢাকা।
„ নিকুঞ্জবিহারী পাল, শালিমপুর, দৌলতপুর, শ্রীযুক্ত ইমানালী পণ্ডিতের বাটী।
১৫ „ সুরেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়, সাটুই, শক্তিপুর, মুরশিদাবাদ।
„ শ্যামাচরণ আচার্য্য, ৭১।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
„ শচীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, ঐ ঐ
„ সুরেশচন্দ্র ঘোষ, ঐ ঐ
„ অক্ষয়কুমার বসু, ২৪ মহেন্দ্র বসুর লেন, কলিকাতা।
২০ „ রবীন্দ্রকুমার মিত্র, ৫০ গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
„ হরিদাস মজুমদার, ১৪৪ অপার সার্কুলার রোড, কলিকাতা।
„ ধীরেন্দ্রলাল সেন, শ্রীযুক্ত কামিনীকমল সেন উকীলের বাসা, ময়মনসিংহ।
„ মাধবচন্দ্র দাস গুপ্ত, ৩০ সভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।
„ প্রফুল্লকুমার বন্দ্যোপাধ্যায় বি এ, প্রেসিডেন্সী কলেজ, কলিকাতা।
২৫ „ শশিকান্ত সেন গুপ্ত, ন্যাসনাল কলেজ, কলিকাতা।
„ যশোদাকুমার মালাকার, ৫ ভীম ঘোষের লেন, কলিকাতা।
„ হরলাল দাস গুপ্ত, ৫৬।১।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
„ কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ, ৬০ নিমতলা ঘাট ষ্ট্রীট, কলিকাতা।
„ জ্যোতিশ্চন্দ্র বিশ্বাস, ৩ শম্ভুচন্দ্র চট্টোপাধ্যায়ের ষ্ট্রীট, কলিকাতা।
৩০ „ সতীশচন্দ্র গুপ্ত, ৬২ শ্যামপুকুর ষ্ট্রীট, কলিকাতা।
„ সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য এম্ এ, ঢাকা।
„ অঘোরনাথ ঘোষ, ২৮ বৃন্দাবন মল্লিকের লেন, কলিকাতা।
„ সীতানাথ কর্ম্মকার বি এ, ২৯ রমাকান্ত মিস্ত্রীর লেন, কলিকাতা।
„ ভববিভূতি ভট্টচার্য্য, ভাটপাড়া, ২৪ পরগণা।
৩৫ „ রাজেন্দ্রকিশোর ধর, গগন চৌধুরী লেন, ময়মনসিংহ।
„ ফণিভূষণ বসু, ৯।১ রামচন্দ্র মৈত্রের লেন, কলিকাতা।
„ প্রফুল্লকুমার চট্টোপাধ্যায়, ৪১ গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা।

শ্রীযুক্ত প্রশান্তচন্দ্র মহলানবিশ, ২১০ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

„ কেদারনাথ চট্টোপাধ্যায়, ২১০।৩ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

৪০ „ রেবতীমোহন চক্রবর্ত্তী, ৫ সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা।

„ ইন্দ্রনারায়ণ দে বি এ, ৪ রামতনু বসুর লেন, কলিকাতা।

„ মহেন্দ্রচন্দ্র দাস, সুজাতপুর, শ্রীহট্ট।

„ প্রশান্তভূষণ গুপ্ত আউটসাহী, ঢাকা।

„ জিতেন্দ্রনাথ সেন, কবিরাজ-বাড়ী, ৩১ প্রসন্নকুমার ঠাকুর ষ্ট্রীট, কলিকাতা।

৪৫ „ সতীন্দ্রকৃষ্ণ নিয়োগী, রিপন কলেজ, ১৪ রতন নিয়োগীর লেন, গৌরীবেড় কলিকাতা।

„ ব্রজেন্দ্রকিশোর রায় বি এ আউটসাহী, ঢাকা।

„ নরেন্দ্রচন্দ্র পাল বি এ, যশোদল পোঃ, ময়মনসিংহ,

„ সুশীলচন্দ্র দে বি এ, প্রেসিডেন্সী কলেজ, ৫ম বার্ষিক শ্রেণী, দমদম রোড, কাশীপুর পোঃ।

„ গিরিজাশঙ্কর রায় চৌধুরী বি এ, পঞ্চম বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ।

৫০ „ জিতেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৭ ঠাকুর-কাসল রোড, কলিকাতা।

„ সুরেশচন্দ্র চক্রবর্ত্তী বি এ, ৩ রমানাথ মজুমদারের লেন, কলিকাতা।

„ রাখালমোহন সোম, প্রথম বার্ষিক শ্রেণী, রিপন কলেজ, ১ বলদেপাড়া রোড়, মাণিকতলা।

„ সমতুলচন্দ্র সেন গুপ্ত, ১২০ লোয়ার সাকুলার রোড, কলিকাতা।

„ সত্যেন্দ্রমোহন চৌধুরী, ২য় বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ, ৬৩ হ্যারিসন রোড, কলিকাতা।

৫৫ „ বিজয়চন্দ্র মুখোপাধ্যায়, ১৭৬ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

„ শরৎলাল বিশ্বাস, ৭৩।১ শ্রীগোপাল মল্লিকের লেন, কলিকাতা।

„ পুলিনচন্দ্র মুখোপাধ্যায়, ১৭ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা।

„ গোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ, পল্লীবাসী-কার্য্যালয়, কাল্‌না, বর্দ্ধমান।

„ অবনীকান্ত উপাধ্যায়, ৩০ শোভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৬০ „ নরেন্দ্রনাথ সেনগুপ্ত „ „ „ „

„ বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায় „ „ „

„ মুন্সী মোহাম্মদ মোজাম্মেল হক্, আণ্টনিবাগান লেন, কলিকাতা।

„ রাজেন্দ্রলাল রায় চৌধুরী, ৫৬।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

„ অতুলচন্দ্র দাসগুপ্ত, সংস্কৃত কলেজ, কলেজ স্কোয়ার, কলিকাতা।

৬৫ „ যোগেশচন্দ্র গুপ্ত, ৫৬।১।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

„ সুরেন্দ্রনাথ সেন গুপ্ত, „ „

„ নির্ম্মলচন্দ্র পাকড়াশী, ২৭ বাদলিয়াপাড়া রোড, কলিকাতা।

„ রমেশচন্দ্র দাস দাস, ৩।১ ওয়ার্ড ইন্‌ষ্টিটিউশন, মাণিকতলা, কলিকাতা।

শ্রীযুক্ত রাজেন্দ্রলাল নাথ ৬ গৌরীবেড়ে লেন, কলিকাতা।
„ নরেন্দ্রনাথ দালাল ১১ উল্টাডিঙ্গি মেন রোড, কলিকাতা।
„ দেবেন্দ্রচন্দ্র নাথ ৬ গৌরীবেড়ে লেন, কলিকাতা।
„ রাধিকাপ্রসাদ নাথ, ৬৮।৪ বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।
„ শচীন্দ্রভূষণ ঘোষ, রায়গ্রাম, যশোহর।
„ শশিভূষণ পাল, গিরিশচন্দ্র হাইস্কুল, শ্রীহট্ট।
৭৫ „ হরেন্দ্রকৃষ্ণ ভট্টাচার্য্য ঐ ঐ ঐ
„ গোপেশচন্দ্র ভট্টাচার্য্য ঐ ঐ ঐ
„ মথুরাচন্দ্র দে ঐ ঐ ঐ
„ সজলকান্ত দাস ঐ ঐ ঐ
„ গোপালচন্দ্র ভট্টাচার্য্য, ১২ কাশীঘোষের লেন, কলিকাতা।
৮০ „ অমরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ৩০ ঠাকুর মহাশয়ের লেন, উত্তরপাড়া।
„ সুধীরচন্দ্র সেন গুপ্ত, বাবুরবাড়ী, আউটসাহি, ঢাকা।
„ চন্দ্রশেখর রায়, বাঁকুড়া।
„ ধীরেন্দ্রনাথ চক্রবর্ত্তী, ৫০।১ ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।
„ কালীদয়াল ভট্টাচার্য্য, শ্রীযুক্ত অক্ষয়কুমার বন্দ্যোপাধ্যায়ের বাড়ী, সিরাজগঞ্জ, পাবনা।
৮৫ „ রাসবিহারী চট্টোপাধ্যায়, ৮৭।৮৮ মস্‌জিদ্‌বাড়ী ষ্ট্রীট, কলিকাতা।
„ মোহম্মদ শহীদুল্লাহ্ এম্ এ, ৮ সৈয়দসালী লেন, কলিকাতা।
„ যতীন্দ্রমোহন সিংহ।
„ হীরালাল দাস গুপ্ত, ১।২ এ শঙ্করঘোষের লেন, কলিকাতা।
„ অপ্রকাশচন্দ্র মাহাতা, ১৫ কারবালা ট্যাঙ্ক লেন, কলিকাতা।
„ কুমুদবন্ধু রায় গুপ্ত, ১৮ ছুতারপাড়া লেন, কলিকাতা। (আড়কান্দী, বেতাংশা, ফরিদপুর)।
„ দীননাথ মজুমদার, ১৯ বাদুড়বাগান লেন, কলিকাতা।
„ রমেশচন্দ্র বসু, জগন্নাথ কলেজ-হোষ্টেল, ঢাকা।
„ যোগেশচন্দ্র বসু, কাঁথি, মেদিনীপুর।
৯৫ „ শরচ্চন্দ্র দে, জগন্নাথ কলেজ বোর্ডিং, ঢাকা।
„ হরিদাস সরকার, পুরুলিয়া, মানভূম।
„ যামিনীমোহন রায়, বীরকুৎসা, মাবিনগর, রাজসাহী।
„ মণীন্দ্রলাল রায়, শ্রীযুক্ত সুরেন্দ্রলাল রায় নদীয়া মহারাজের ম্যানেজারের বাটী, কৃষ্ণনগর, নদীয়া।
১০০ „ অমরেন্দ্রনাথ সিংহ, পাঁচথুপী, মুরশিদাবাদ।
„ শিবেশচন্দ্র পাকড়াশী, স্থলবসন্তপুর।
„ অশ্বিনীকুমার রক্ষিত, এড্‌ওয়ার্ড হোষ্টেল, ভাগলপুর।

শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক, নওয়াবাজার রোড, শ্রীযুক্ত রামসুন্দর গুহ মহাশয়ের বাসা, ময়মনসিংহ।

১০৫ " যতীন্দ্রকুমার সেন, ২৮।১৬ অখিল মিস্ত্রীর লেন, কলিকাতা।
" সারদাচরণ ঘোষ, এবংগ্রাম, ফতেয়াবাদ, চট্টগ্রাম।
" শ্যামাচরণ ঘোষ " "
" রেবতীরমণ সেনগুপ্ত, শিকারপুর, চট্টগ্রাম।
" হরিপদ সেন গুপ্ত " "
১১০ " হেমেন্দ্রলাল চৌধুরী " "
" শরচ্চন্দ্র দেব বি এ, ৫ জোড়াপুকুর লেন, সিমলা, কলিকাতা।
" সুরেন্দ্রলাল দাস ৯, ইডেন হিন্দু হোষ্টেল, কলিকাতা।
" জ্যোতিরিন্দ্রনাথ দাস, ৩৬।৬ বেণিয়াটোলা লেন।
" যামিনীমোহন চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের বাসা, আন্দুল, আন্দুলমৌরী লেন, হাওড়া
১১৫ " রসিকলাল সেন, দামোদর, খুলনা।
" সতীশচন্দ্র দাস, সৈদেরবালী, মাদারীপুর ফরিদপুর।
" যতীন্দ্রনাথ সর্ব্বাধিকারী, ২ চোরগাগান লেন, গুণারবাড়ী, ময়মনসিংহ।
" নরেন্দ্রনাথ রক্ষিত, ৫।১ রামমোহন সাহার লেন, কলিকাতা খাটুরা, ২৪ পরগণা।
" মোহিনীকান্ত গুপ্ত, "রজনী কুটীর" ২৮।১৬ অখিল মিস্ত্রীর লেন।
১২০ " মোহিনীমোহন রায়, টানাদিঘী, গেলিয়া, বাঁকুড়া।
" সন্তোষকুমার মুখোপাধ্যায়, ৬।২ কাঁটাপুকুর লেন, বাগবাজার, কলিকাতা।
" নূরুর রহ্‌মান্ খান্ ইউসফজী বি এ, চারাস, বাল্যা, রতনগঞ্জ, ময়মনসিংহ।
" পরাণেন্দ্রনাথ ঘোষাল, ১৫ রতন নিয়োগীর লেন, কলিকাতা।
" মনোরঞ্জন চট্টোপাধ্যায়, গোঁসাইদুর্গাপুর, যশোহর।
১২৫ " সুখরঞ্জন সেন গুপ্ত, সাহসপুর, বরিশাল।
" সত্যেন্দ্রকুমার সরকার, ১৪ রামচাঁদ নন্দীর লেন, কলিকাতা।
" উপেন্দ্রনাথ দে, মালীপুর, শ্রীহট্ট।

# শাখা-সভার নিয়মাবলী।

১। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্য-সিদ্ধি ও বলবৃদ্ধির জন্য ভিন্ন ভিন্ন স্থানে শাখা-পরিষৎ স্থাপিত হইতে পারিবে। সাধারণতঃ বিশেষ কারণ ব্যতীত এক জেলার মধ্যে একাধিক শাখা স্থাপিত হইবে না।

২। স্থানের নামানুসারে ঐ শাখা "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ,—শাখা" এই নামে পরিচিত হইবে।

৩। শাখার উদ্দেশ্য ও কার্য্যপ্রণালী সর্ব্বাংশে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যাদির অনুকূল হইবে। রাজনীতি, সমাজ-সংস্কার বা ধর্ম্ম-সংস্কার বিষয়ে পরিষদের কোন শাখা কোনরূপে লিপ্ত হইবেন না।

৪। বিবিধ উপায়ে বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্যের অনুশীলন এবং উন্নতিসাধনই পরিষদের উদ্দেশ্য। এই উদ্দেশ্য সাধনের জন্য প্রধানতঃ সাহিত্য, দর্শন ও বিজ্ঞানাদি শাস্ত্রের আলোচনার সহিত শাখা-পরিষৎসমূহ বিশেষভাবে নিম্নলিখিত উপায়গুলিও অবলম্বন করিবেন :—

(ক) স্থানীয় প্রাচীন পুথির অনুসন্ধান, সংগ্রহ ও প্রকাশ এবং ইহার বিবরণ-প্রকাশ।

(২) স্থানীয় প্রাচীন গ্রন্থকারদিগের জীবনচরিত, প্রতিকৃতি, ও অন্যান্য স্মৃতি-নিদর্শন সংগ্রহ।

(খ) গ্রাম্য-সাহিত্য, ছড়া, প্রবাদ, ব্রতকথা, উপকথা, গীত, কবিতা ইত্যাদি সংগ্রহ।

(গ) স্থানীয় ভাষায় চলিত প্রাদেশিক শব্দ-সংগ্রহ এবং তৎসহ কৃষি, শিল্প, ব্যবসায়, গৃহসজ্জা, উদ্ভিদ, জীব প্রভৃতি সংক্রান্ত পারিভাষিক শব্দের সংগ্রহ।

(ঙ) সর্ব্বনাম, ক্রিয়াপদ প্রভৃতির উত্তর বিভক্তি-যোগে প্রাদেশিক রূপভেদ সঙ্কলন।

(চ) স্থানীয় ভৌগোলিক বিবরণ সংগ্রহ।

(ছ) স্থানীয় ইতিহাস ও প্রত্নতত্ত্ব সংগ্রহ এবং তৎসহিত তীর্থস্থান, মন্দির, দুর্গ প্রভৃতির ছায়াচিত্রাদি সহ বিবরণ সংগ্রহ এবং দেবমূর্ত্তি, খোদিত-লিপি, তাম্রশাসন, মুদ্রা প্রভৃতির সংগ্রহ।

(জ) স্থানীয় ধর্ম্মসম্প্রদায়ের ও ভিন্ন ভিন্ন জাতির বা সম্প্রদায়ের সামাজিক আচার-ব্যবহার ও উৎসবাদির বিবরণ সংগ্রহ।

(ঝ) প্রাচীন ও আধুনিক শিল্প ও বিবিধ কলাবিদ্যার বিবরণ ও নিদর্শন সংগ্রহ।

(ঞ) স্থানীয় জীব ও উদ্ভিদাদির বিবরণ সংগ্রহ।

৫। শাখার সমুদয় কার্য্য, বিশেষ আবশ্যক না হইলে, বাঙ্গালাভাষার সাহায্যে নির্ব্বাহিত হইবে।

৬। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভ্য না হইলে কোনও ব্যক্তি শাখা-সভার সম্পাদক হইতে পারিবেন না।

৭। শাখা-পরিষদের কর্ম্মচারী ও কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়োগ বিষয়ে মূল পরিষদের নিয়ম যথাসম্ভব অনুসৃত হইবে।

৮। শাখা-সভার নিয়মাবলী মূল পরিষদের অনুমোদিত হওয়া আবশ্যক। এইরূপ অনুমোদিত নিয়মাবলীতে যখন কোন সংশোধন বা পরিবর্ত্তন আবশ্যক হইবে, তখন তাহা মূল পরিষদের অনুমোদিত করাইয়া লইতে হইবে। পরিষদের উদ্দেশ্যের প্রতিকূল না হইলে অথবা বিশেষ কারণ না থাকিলে, শাখার কার্য্য প্রণালীর স্বাধীনতায় মূল পরিষৎ কোন ব্যাঘাত দিবেন না।

৯। প্রত্যেক শাখা-পরিষৎ মূল পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে একজন প্রতিনিধি নির্ব্বাচন করিবেন। এই প্রতিনিধি শাখা-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির অন্যতম সভ্য হওয়া আবশ্যক।

১০। প্রতি বৎসর বৈশাখের প্রথমার্দ্ধ মধ্যে শাখা-পরিষদের সম্পাদক গত বৎসরের কৃত কর্ম্মের সংক্ষিপ্ত পরিচয়, সভ্যগণের ও কর্ম্মচারিগণের নাম এবং আয়-ব্যয়ের হিসাব সহ সংক্ষিপ্ত কার্য্য-বিবরণ মূল পরিষদের সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। মূল পরিষদের সম্পাদক ঐ কার্য্য-বিবরণী বা তাহার আবশ্যক অংশ সাহিত্য-পরিষদের কার্য্য-বিবরণীর পরিশিষ্ট-রূপে পরিষৎ-পঞ্জিকায় প্রকাশ করিবেন।

১১। মূল পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুসারে সাহিত্য-পরিষৎ-পত্রিকা, সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা ও পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত গ্রন্থাবলীর কতিপয় খণ্ড মূল পরিষদের প্রত্যেক শাখা-সভা বিনামূল্যে প্রাপ্ত হইবেন, এবং শাখা-সভার প্রকাশিত গ্রন্থাদিও মূল পরিষৎ এই নিয়মে পাইবেন।

১২। মূল পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত বিশেষ ব্যবস্থা না থাকিলে মূল ও শাখা পরিষদের মধ্যে কোনও আর্থিক সম্বন্ধ থাকিবে না।

১৩। শাখা-সভার কার্য্য নির্ব্বাহক-সভা কোন প্রবন্ধ সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশার্থ পাঠাইলে, ঐ প্রবন্ধ মূল পরিষদের পত্রিকা-প্রকাশ-সমিতি সভার উদ্দেশ্যের অনুকূল বিবেচনা করিলে পত্রিকায় প্রকাশিত হইবে।

১৪। মূল পরিষদের কার্য্য নির্ব্বাহক-সমিতি কার্য্যকারিতা দেখিয়া অন্য সভাকে শাখারূপে গণ্য করিবেন এবং এই কার্য্যকারিতার অভাব সম্যক্‌রূপে প্রতিপন্ন হইলে, ইহাকে শাখার অধিকারে বঞ্চিত করিতে পারিবেন।

১৫। কার্য্য-নির্ব্বাহক সমিতি আবশ্যক হইলে শাখা-সভাগুলির সহিত পরামর্শ করিয়া এই নিয়মাবলী সংশোধন করিতে পারিবেন।

# ১৩১৯ বঙ্গাব্দের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ

কর্ম্মাধ্যক্ষগণ

সভাপতি- ——শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্

সহকারী সভাপতি—মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি, আই, ই,

মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী এম্ এ, এল্ এল্ বি

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ

সম্পাদক—————শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী

শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ, এফ্ জি, এস্

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ

শ্রীযুক্ত কবিরাজ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী

পত্রিকাধ্যক্ষ———মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পিএচ্ ডি.

ধনাধ্যক্ষ————শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্

ছাত্রাধ্যক্ষ————শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ

গ্রন্থাধ্যক্ষ————শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় বি এ

চিত্রশালাধ্যক্ষ ——শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব

আয়-ব্যয় পরীক্ষক—শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম্ এ, বি এল্

শ্রীযুক্ত চিত্তসুখ সান্যাল বি ই

নির্ব্বাচিত সভ্যগণ

শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ

,, অম্বিকাচরণ মজুমদার এম্ এ, বি এল্

অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ

চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ

উপেন্দ্রনাথ ঘোষাল এম্ এ

বনওয়ারিলাল চৌধুরী বি এ বি এস্‌সি (লণ্ডন)

,, হেমচন্দ্র সেনগুপ্ত এম্ এ

সারদাপ্রসাদ সেন বি এ

,, জীবেন্দ্রকুমার দত্ত

,, বোধিসত্ত্ব সেন এম্ এ, বি এল্

শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় বিদ্যারত্ন এম্ এ

,, প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, এম্ এস্ সি আই (লণ্ডন)

শৈলেশচন্দ্র মজুমদার

উমাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ,

হেমেন্দ্রনাথ সিংহ বি এ

চারুচন্দ্র বসু এম্ আর এ এস্

খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ

সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী

বনমালী চক্রবর্ত্তী বেদান্ততীর্থ বেদান্তরত্ন, এম্ এ

চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় বি,এ

## ৺মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার-স্মৃতি-সমিতির সদস্যগণ

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ (সভাপতি)

মহারাজ শ্রীযুক্ত কুমুদচন্দ্র সিংহ বাহাদুর বি এ
মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর
মহারাজকুমার শ্রীযুক্ত শশিকান্ত আচার্য্য চৌধুরী
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত পণ্ডিত সতীশচন্দ্র বিদ্যাভূষণ
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত গুরুচরণ তর্কদর্শনতীর্থ
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত পণ্ডিতরাজ যাদবেশ্বর তর্করত্ন
শ্রীযুক্ত চণ্ডীচরণ স্মৃতিভূষণ
" শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য
" দ্বারকানাথ চক্রবর্ত্তী
" হীরেন্দ্রনাথ দত্ত
" ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর
" খগেন্দ্রনাথ মিত্র
" রায় মৃত্যুঞ্জয় রায় চৌধুরী বাহাদুর
" রায় প্রিয়লাল গঙ্গোপাধ্যায় বাহাদুর
" নগেন্দ্রনাথ বসু
" মতিলাল ঘোষ
" বরদাপ্রসাদ বসু
" সুরেশচন্দ্র সমাজপতি
" সখারাম গণেশ দেউস্কর
" ব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরী (ধনরক্ষক)
" রায় চারুচন্দ্র চৌধুরী বাহাদুর

মহারাজ শ্রীযুক্ত ক্ষৌণীশচন্দ্র রায় বাহাদুর
রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রকিশোর রায় চৌধুরী
রাজা শ্রীযুক্ত জগৎকিশোর আচার্য্য চৌধুরী
শ্রীযুক্ত গোপালদাস চৌধুরী
শ্রীযুক্ত পণ্ডিত পঞ্চানন তর্করত্ন
শ্রীযুক্ত পণ্ডিত প্রসন্নকুমার তর্করত্ন
শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী
শ্রীযুক্ত পণ্ডিত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ
কবিরাজ শ্রীযুক্ত যামিনীভূষণ রায়
কবিরাজ শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ
কবিরাজ শ্রীযুক্ত হেমচন্দ্র সেন
কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী
শ্রীযুক্ত হরগোবিন্দ লস্কর চৌধুরী
শ্রীযুক্ত রুড়মল গোয়েনকা
শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী
শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
শ্রীযুক্ত ভূপেন্দ্রশ্রী ঘোষ
শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী (সম্পাদক)
শ্রীযুক্ত বিহারীলাল সরকার
শ্রীযুক্ত রায় রাধাবল্লভ চৌধুরী বাহাদুর
শ্রীযুক্ত রায় সতীশচন্দ্র চৌধুরী বাহাদুর

আবশ্যক হইলে এই সমিতি আরও সদস্য লইতে পারিবেন।

## পত্রিকা-পরিচালন-সমিতির সদস্যগণ

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ,
" বনওয়ারিলাল চৌধুরী বি এ, বি এস্‌সি (লণ্ডন)
" হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্
" নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব

শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পিএচ্‌ডি (পত্রিকাধ্যক্ষ)
শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্, (সম্পাদক)
শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ, (সহকারী-সম্পাদক)

দ্বিতীয় খণ্ড

# অষ্টাদশ সাংবৎসরিক কার্য্য-বিবরণী

**বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ** অষ্টাদশ বর্ষ অতিক্রম করিয়া ঊনবিংশ বর্ষে পদার্পণ করিলেন। এই অষ্টাদশ বর্ষে স্বীয় কর্ত্তব্য-সাধনে সাহিত্য-পরিষৎ কতদূর অগ্রসর হইতে পারিয়াছেন, তাহা পরিষদের হিতকামিগণের ও সর্ব্ব-সাধারণের নিকট প্রকাশের জন্য পরিষদের অষ্টাদশ বার্ষিক কার্য্য-বিবরণী লিপিবদ্ধ হইল।

### সম্রাটের শুভাগমন

আলোচ্য বর্ষে মহামান্য ভারত-সম্রাট্ ও ভারত-সম্রাজ্ঞী ভারতবর্ষে শুভাগমন করিলে পর, তারযোগে দিল্লীতে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের রাজভক্তি জ্ঞাপন করা হইয়াছিল। তদুত্তরে মহামান্য ভারত সম্রাটের মাননীয় প্রাইভেট সেক্রেটারী পরিষদের সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয়ের নিকট নিম্নলিখিত তারবার্ত্তা প্রেরণ করেন :—

Coronation Durbar 14-13. State 24.

Sarada Charan Mitra

President, angiya Sahitya Parishad, Calcutta.

*I am commanded to thank you for your kind message.*

*Private Secy.*

### সভ্য-সংখ্যা

গত বৎসরের আরম্ভে শ্রেণিভেদে পরিষদের সভ্যসংখ্যা এইরূপ ছিলঃ—

| | |
|---|---|
| আজীবন | ১ |
| বিশিষ্ট— | ৭ |
| বিশেষ | ১৩ |
| সাধারণ— | ১৫২২ |
| কলিকাতা ৬৫১ } | |
| মফস্বল ৮৭১ } | |
| | ১৫৪৩ |

১৩১৮ সালের শেষ পর্য্যন্ত পরিষৎ কোন নূতন আজীবন সভ্যলাভে সমর্থ হন নাই। এবং পরিষদের একমাত্র আজীবন সভ্য কুচবিহারাধিপতি মহারাজ সার্—নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর জি, সি, আই, ই, সি, বি মহোদয়ের পরলোকগমনে বর্ষশেষে পরিষদের আজীবন সভ্যশ্রেণি শূন্য ছিল। গত বর্ষে শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য, রায় বাহাদুর শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি, আই, ই, শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার ও শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়

এই চারিজন নূতন বিশিষ্ট সভ্য নির্ব্বাচিত হইয়াছেন এবং সেইহেতু বর্ষশেষে বিশিষ্ট সভ্যসংখ্যা ১১ ছিল। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ও শ্রীযুক্ত যোগেশ-চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়গণ বিশেষ-সভ্য নির্ব্বাচিত হওয়ায় বর্ষশেষে বিশেষ-সভ্যসংখ্যা ১৫ হইয়াছে। শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় পরিষদের জন্য প্রায় ৭০০ প্রাচীন পুথি সংগ্রহ করিয়াছেন এবং শ্রীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় অনেক মৃত সাহি-ত্যিকের স্বহস্ত-লিখিত পত্রাদি পরিষদের চিত্রশালাতে উপহার প্রদান করিয়াছেন। আলোচ্যবর্ষে কলিকাতাবাসী ৬৫১ জন সভ্যমধ্যে ৯ জনের মৃত্যু হইয়াছে, ১৯ জন সভ্যপদ ত্যাগ করিয়াছেন, চাঁদা অনাদায়হেতু ১১ জনের নাম সভ্য-তালিকা হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে; এবং ১২৮ জন কলিকাতাবাসী পরিষদের নূতন সভ্য-পদ গ্রহণ করিয়াছেন। এই হিসাবে দেখা যাইতেছে যে, আলোচ্য বর্ষের শেষে কলিকাতা-বাসী সভ্যের সংখ্যা ৭৪০ জন ছিল। আলোচ্য বর্ষের প্রারম্ভে মফস্বলের সভ্য-সংখ্যা ৮৭১ জন, তন্মধ্যে ৮ জনের মৃত্যু হইয়াছে, ৫ জন সভ্যপদ ত্যাগ করিয়াছেন, ৪৬ জনের নাম চাঁদা অনাদায়হেতু সভ্য-তালিকা হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে ও ১ জন বিশেষ-সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। আলোচ্য বর্ষে ২৬৬ জন মফস্বলবাসী পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছেন, তন্মধ্যে ১ জন সভ্যপদ ত্যাগ করিয়াছেন। এই হিসাবে দেখা যায় যে, আলোচ্য বর্ষে মফস্বলবাসী সভ্যসংখ্যা ১০৭৬ ছিল। কিন্তু কলিকাতাবাসী ৭৪০ জন সভ্যমধ্যে ১৭ জন মফস্বলে চলিয়া গিয়াছেন এবং মফস্বলবাসী ১৮ জন কলিকাতায় আসিয়াছেন; সুতরাং বর্ষশেষে কলিকাতার সাধারণ সভ্যসংখ্যা ৭৪১ ছিল। মফস্বল-বাসী ১০৭৬ জন মধ্যে ১৮ জন কলিকাতায় আসিয়াছেন এবং ১৭ জন কলিকাতাবাসী মফস্বলে গিয়াছেন; সুতরাং বর্ষশেষে মফস্বলবাসী সভ্যের সংখ্যা ১০৭৫ ছিল এবং কলিকাতা ও মফস্বলবাসী সাধারণ সভ্যের সংখ্যা বর্ষশেষে ১৮১৬ হইয়াছিল। এই হিসাবে দেখা যাইতেছে যে, বর্ষশেষে পরিষদের সভ্য সংখ্যা এইরূপ ছিল :—

| | |
|---|---|
| আজীবন— | ০ |
| বিশিষ্ট— | ১১ |
| বিশেষ— | ১৫ |
| সাধারণ— | ১৮১৬ |
| কলিকাতা ৭৪১ } | |
| মফস্বল ১০৭৫ } | |

১৮৪২

গত বৎসরের কার্য্য-বিবরণীতে দেখা যায় যে, পরিষৎ স্বীয় মন্দিরে প্রবেশ করার পর তিন বৎসরের মধ্যে পরিষদের সভ্যসংখ্যা প্রায় দেড়গুণ হইয়াছিল; কিন্তু ১৩১৫ সালের সভ্য-সংখ্যার (১০০২) সহিত গত বৎসরের সভ্যসংখ্যা (১৮১৬) তুলনা করিলে দেখা যায়

যে, তিন বৎসর পরে পরিষদের সভ্যসংখ্যা প্রায় দ্বিগুণ হইয়াছে। এই সংখ্যাবৃদ্ধি যে পরিষদের পক্ষে অত্যন্ত শ্লাঘার বিষয়, তাহার কোনও সন্দেহ নাই। সাহিত্য-পরিষৎ যে উদ্দেশ্য লইয়া জন্মগ্রহণ করিয়াছেন, তদনুরূপ উদ্দেশ্য লইয়া বঙ্গদেশে এ পর্য্যন্ত আর কোনও সভাসমিতি স্থাপিত হয় নাই এবং বঙ্গদেশের সমগ্র প্রতিভা একপ্রাণ হইয়া এই সমিতিতে যোগদান না করিলে, পরিষদের উদ্দেশ্য সফল হওয়া সুকঠিন। সুখের বিষয় যে, বঙ্গদেশের কৃতবিদ্য ব্যক্তিগণ ক্রমশঃ পরিষদের কার্য্যাবলীতে আকৃষ্ট হইয়া পরিষদের সভ্যপদ গ্রহণ করিতেছেন। বঙ্গদেশে কৃতবিদ্য লোকের সংখ্যার তুলনায় ১৮০০ সভ্য অত্যন্ত অল্প। সুতরাং আশা করা যায় যে, ভবিষ্যতে পরিষদের সভ্য-সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি হইবে। সভ্যই পরিষদের প্রাণ এবং সভ্যসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে যে পরিষদের কার্য্যক্ষেত্রও বিস্তৃতি লাভ করিবে, তাহাতে কোন সন্দেহ নাই। গতবৎসর তদীয় অভিভাষণে পরিষদের শ্রদ্ধেয় সভাপতি মহাশয় বলিয়াছিলেন ;—"আজ পরিষদের সদস্যসংখ্যা দেশের সকল সভাসমিতির সদস্যসংখ্যা হইতে অধিক হইলেও, ইহার উদ্দেশ্য বিবেচনা করিলে, বলিতে হয়, এখনও ইহার উপযুক্ত বল বৃদ্ধি হয় নাই। দেশের বিদ্বৎসমাজের, শিক্ষিত সমাজের অনেকেই ইহার সদস্য হইয়াছেন, তথাপি বহু প্রাচীন সাহিত্য-সেবক, বহু খ্যাতিমান্ গ্রন্থকার, বহু সংবাদ-পত্রের সম্পাদক, বহু সুলেখক এখনও ইহার বাহিরে রহিয়াছেন। নবীন সাহিত্যসেবী এবং প্রতিষ্ঠাবান্ লেখকগণেরও অনেকে ইহার অন্তর্ভুক্ত নহেন। ইহা পরিষদের পক্ষে ক্ষোভের কথা সন্দেহ নাই। বাঙ্গালা-সাহিত্যের সামান্য সম্পর্কেও যাঁহারা আসিয়াছেন, বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সদস্য শ্রেণিতে তাঁহাদের প্রত্যেককেই যাহাতে সন্নিবিষ্ট করিতে পারা যায়, তৎপ্রতি পরিষদের হিতকাম ব্যক্তিবর্গের এবং পরিচালকবর্গের লক্ষ্য থাকা প্রার্থনীয়। পরিষদের উদ্দেশ্য এবং সঙ্কল্প সম্বন্ধে কাহারও কিছু বলিবার নাই, কিন্তু পরিচালকবর্গের সহিত মতভেদের হেতুতে যাহারা সম্মিলিত হইতে ইতস্ততঃ করেন, তাঁহাদিগের প্রতি আমার নিবেদন,—দূরে থাকাতেই মতভেদ বজায় রহিয়া যাইতেছে ; একত্র হউন, সম্মিলিত হউন, দেখিবেন মতভেদ হ্রাস হইবে, উহার তীব্রতা কমিয়া গিয়া উভয় পক্ষের সামঞ্জস্য সাধিত হইবে। আজ বার্ষিক অধিবেশনের এই শুভাবসরে পরিষদের সভাপতিরূপে আমি দেশের সকল সাহিত্যিককে ইহার সদস্য পদ গ্রহণ করিবার জন্য সাদরে আহ্বান করিতেছি। আসুন, সকলে একক্রিয় হইয়া সাহিত্য-যজ্ঞে ব্রতী হই। আমাদের মুসলমান ভ্রাতৃগণের মাতৃভাষানুরাগের কথা পূর্ব্বেই বলিয়াছি। পরিষদে মুসলমান সদস্যের অভাব নাই ; কিন্তু তাঁহাদিগের মধ্যেও যাঁহারা গ্রন্থকার, যাঁহারা সুলেখক, তাঁহাদেরও অনেকে এখনও পরিষদের বাহিরে রহিয়াছেন। আজ আমি তাঁহাদিগকেও ইহাতে সম্মিলিত হইবার জন্য সাদরে আহ্বান করিতেছি। আসুন, আজ হিন্দু মুসলমান সকলে একত্র হইয়া মাতৃভাষার চরণে ভক্তি উপহার উৎসর্গ করি।" এই অবসরে সভাপতি মহাশয়ের কথাগুলির পুনরাবৃত্তি করিয়া দেশীয় শিক্ষিত সমাজকে পরিষদে যোগদান করিবার জন্য সাদরে আহ্বান করিতেছি

মৃত সভ্যগণ ও সাহিত্যসেবিগণ

গত বৎসর বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ১৮ জন সভ্য পরলোকগমন করিয়াছেন। এই ১৮ জনমধ্যে এরূপ অনেক সভ্য ছিলেন, যাঁহাদের যশোরাশি সমস্ত ভারতে এবং কোন কোন স্থলে ভারতবর্ষের বাহিরেও পরিব্যাপ্ত হইয়াছিল। এই সমস্ত সভ্যের মৃত্যুবার্ত্তা ঘোষণা করিয়া পরিষৎ নিতান্ত পরিতাপ বোধ করিতেছেন।

(১) মহারাজ নৃপেন্দ্রনারায়ণ ভূপ—কুচবিহারাধিপতির অকাল-মৃত্যুতে সমস্ত দেশের যে ক্ষতি হইয়াছে, তাহা সহজে পূরণ হইবার নহে। সাহিত্য-পরিষদের সহিত মহারাজের অত্যন্ত ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। ১৩০৮ সালের ১১শ মাসিক অধিবেশনে আজীবন-সভ্য সম্বন্ধে পরিষদের নিয়মাবলী প্রণীত হয় এবং এই নিয়ম প্রণয়নের কিছুদিন পরেই মহারাজ বাহাদুর পরিষদের আজীবন-সভ্যপদ গ্রহণ করিয়া সাহিত্য-পরিষদকে গৌরবান্বিত করেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ সম্প্রতি আজীবন সভ্যশূন্য হইয়াছেন এবং পরিষৎ অদ্য অত্যন্ত দুঃখের সহিত সাধারণের সমক্ষে তাঁহার একমাত্র আজীবন সভ্যের মৃত্যুসংবাদ ঘোষণা করিতেছেন। বিশ্ববিদ্যালয়ের নূতন বিধি প্রবর্ত্তিত হওয়ার পূর্ব্ব পর্য্যন্ত কুচবিহার ভিক্টোরিয়া কলেজে প্রত্যেক ছাত্রই বিনা বেতনে পাঠ করিতে পারিত এবং এই একমাত্র দৃষ্টান্তেই পরলোকগত মহারাজ বাহাদুরের দেশমধ্যে শিক্ষাবিস্তার জন্য কিরূপ আন্তরিক অনুরাগ ছিল, তাহা স্পষ্টই বুঝিতে পারা যাইতেছে। ১৩১২ সালের শিল্প-প্রদর্শনীতে পরিষৎ যে সাহিত্যিক প্রদর্শনী খুলিয়াছিলেন, তাহাতে মহারাজ বাহাদুর বিবিধ দ্রব্য প্রদর্শনীর জন্য পরিষৎকে ধার দিয়াছিলেন। এতাদৃশ শিক্ষানুরাগী মহারাজ বাহাদুরের অকালমৃত্যুতে সমগ্র দেশের ও সাহিত্য-পরিষদের যে অতি বিষম ক্ষতি হইয়াছে, তাহা বলা বাহুল্য।

(২) গিরিশচন্দ্র ঘোষ—গত বৎসর বঙ্গীয় নাট্যাকাশ হইতে সর্ব্বাপেক্ষা উজ্জ্বল নাট্যজ্যোতিষ্ক খসিয়া পড়িয়াছে। নাট্যাচার্য্য গিরিশচন্দ্র ঘোষ বঙ্গসাহিত্যানুরাগী প্রত্যেকেরই নিকট সুপরিচিত। যতদিন বঙ্গভাষা, বঙ্গসাহিত্য ও বঙ্গনাট্যমন্দির থাকিবে, ততদিন পর্য্যন্ত গিরিশচন্দ্রের নাম সমুজ্জ্বল ভাবে বর্ত্তমান থাকিবে। গিরিশচন্দ্র জননী বঙ্গভাষাকে যেরূপ নানাবিধ অলঙ্কারে ভূষিতা করিবার সামর্থ্য ও শক্তি প্রাপ্ত হইয়াছিলেন, তদনুরূপ সামর্থ্য ও শক্তিলাভ ও তাহার উপযুক্ত ব্যবহার অতি অল্প লোকের অদৃষ্টেই ঘটিয়া থাকে। গত ১৩০৮ সালে গিরিশবাবু পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন। গিরিশচন্দ্রের স্মৃতির প্রতি যথোচিত সম্মান প্রদর্শনার্থ কলিকাতা টাউনহলে এক বিশেষ সভার অধিবেশন হইবে বলিয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন, কিন্তু নানা প্রকার বাধাবিঘ্ন হেতু সেই সভা এতদিন পর্য্যন্ত আহূত হইতে পারে নাই। অনতিবিলম্বে এই বিশেষ সভা আহূত হইবে।

(৩) দুর্গাদাস শীল—পরলোকগত শীল মহাশয় পরিষদের একজন বিশেষ হিতৈষী সভ্য ছিলেন ও গত ১৩১৭ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন।

(৪) পূর্ণচন্দ্র গোস্বামী—গোস্বামী মহাশয়ের অকালমৃত্যুতে সাহিত্য পরিষৎ একজন বিশেষ হিতৈষী বন্ধু হারাইয়াছেন। পূর্ণ বাবু বাল্যকাল হইতেই কাব্যামোদী ছিলেন। তিনি ১৩০৯ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করেন এবং সর্ব্বদাই আবশ্যকমত পরিষদের জন্য কার্য্য করিতে প্রস্তুত থাকিতেন। তাঁহার অকাল মৃত্যুতে পরিষৎ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত।

(৫) মহামহোপাধ্যায় কবিরাজ বিজয়রত্ন সেন কবিরঞ্জন—গত বৎসর কলিকাতা আয়ুর্ব্বেদীয় সমাজের একটি অত্যুজ্জ্বল নক্ষত্র খসিয়া পড়িয়াছে। মহামহোপাধ্যায় কবিরাজ বিজয়রত্ন সেনের চিকিৎসা-নিপুণতা সমগ্র ভারতে ব্যাপ্ত ছিল। কবিরাজ মহাশয় পরিষদের প্রতি অত্যন্ত স্নেহ-পরবশ ছিলেন। চিকিৎসাকার্য্যে ব্যাপৃত থাকিলেও, সাহিত্যালোচনাতে তাঁহার প্রগাঢ় অনুরাগ ছিল এবং সময় ও সুবিধা হইলে তিনি পরিষদের সভাধিবেশনে যোগদান করিতেন। তিনি পরিষদের ষষ্ঠ বর্ষে ইহার সভ্যপদ গ্রহণ করেন। তিনি পরিষদের স্থায়ী-ভাণ্ডারে ৫০০৲ টাকা দান করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন এবং এতন্মধ্যে পরিষৎ এপর্য্যন্ত ১৫০৲ টাকা প্রাপ্ত হইয়াছেন। আমরা তাঁহার উপযুক্ত পুত্র ও উত্তরাধিকারিগণের নিকট হইতে অবশিষ্ট টাকা যথাসময়ে পাইব বলিয়া আশা করি। এইরূপ হিতৈষী সভ্যের মৃত্যুতে পরিষৎ বিশেষভাবে দুঃখিত ও ক্ষতিগ্রস্ত।

(৬) বীরেশ্বর পাঁড়ে—বঙ্গসাহিত্যসেবীদের মধ্যে মৃত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের স্থান অতি উচ্চে। তিনি গভীর চিন্তাশীল লেখক ছিলেন ও আজীবন সাহিত্য-সেবাব্রতী ছিলেন। তৎপ্রণীত 'মানবতত্ত্ব' গ্রন্থখানি অতিশয় প্রসিদ্ধ। সাহিত্য পরিষদের প্রতি তাঁহার বিশেষ অনুরাগ ছিল এবং বৃদ্ধ বয়সেও তিনি সুযোগ ও সুবিধামত পরিষদের অধিবেশনে যোগদান করিতেন। পরিষৎ-স্থাপনের প্রথম হইতেই তিনি ইহার সভ্যশ্রেণিভুক্ত ছিলেন। তিনি তিনখানি মাসিকপত্র—সহচরী, বিজ্ঞানদর্পণ ও জাহ্নবী এক সঙ্গে চালাইতেন। তিনি বাঙ্গালা ভাষার বিশুদ্ধি রক্ষার জন্য পরিষদে অনেক চেষ্টা করিয়াছিলেন। তিনি 'মানবতত্ত্ব' ভিন্ন শিশুপাঠ্য অনেক গ্রন্থ রচনা করিয়াছেন এবং নানাবিধ চিন্তাশীল সমালোচনা ও প্রবন্ধ লিখিয়াছেন। তাঁহার সুযোগ্য পুত্র শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয় তাঁহার জীবদ্দশাতেই তাঁহার নাম-সংসৃষ্ট একটি পুরস্কার সাহিত্য-পরিষদের হস্তে অর্পণ করেন। যাহাতে এই পুরস্কার চিরস্থায়ী হইয়া পরলোকগত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের নাম পরিষদের সহিত অচ্ছেদ্য বন্ধনে বদ্ধ হইতে পারে, মনোমোহন বাবু অচিরে তদনুযায়ী ব্যবস্থা করিবেন বলিয়া আশা করা যায়।

(৭) বেণীমাধব গঙ্গোপাধ্যায় এম্ এ—ইনি অনেকদিন শিক্ষকতা কার্য্যে ব্যাপৃত ছিলেন এবং ইংরাজি ভাষা-শিক্ষা, ব্যাকরণ ও অভিধান সম্বন্ধে ছাত্রগণের পাঠোপযোগী অনেক পুস্তক লিখিয়া গিয়াছেন। তিনি ১৩১৬ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করেন।

(৮) রামনাথ চক্রবর্ত্তী—ইনি ১৩১৬ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন। বাঙ্গালা-ভাষা ও বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার বিশেষ অনুরাগ ছিল।

(৯) কবিরাজ হরলাল গুপ্ত—গত ১৩০৮ সালে ইনি পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন

ও চিকিৎসা-শাস্ত্র সম্বন্ধে বাঙ্গালা ভাষায় কয়েকখানি পুস্তক প্রণয়ন করিয়াছিলেন, তাঁহার মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত।

(১০) হরিনাথ দে—হরিনাথের অকালমৃত্যুতে দেশের যে ক্ষতি হইয়াছে, তাহা কোন দিন পূরণ হইবে কি না বলা যায় না। নানা ভাষায় পারদর্শী হরিনাথের যশোরাশি ভারতবর্ষ, এসিয়ার অন্যান্য অনেক স্থানে ও সুদূর ইউরোপের নানা স্থানে পরিব্যাপ্ত ছিল। ৩৫ বৎসর বয়সে মৃত্যু না হইলে যে তিনি উত্তরকালে সমকালীন ভাষাবিদ্‌গণের মধ্যে অতি উচ্চ স্থান অধিকার করিতেন, তাহাতে কোন সন্দেহ নাই। তিনি ১৩১১ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন এবং মৃত্যু পর্য্যন্ত পরিষদের সভ্য ছিলেন। তিনি পরিষদের বিশেষ হিতৈষী বন্ধু ছিলেন এবং তাঁহার অকালমৃত্যুতে পরিষৎ অতিশয় ক্ষুব্ধ ও দুঃখিত।

(১১) কুলদাপ্রসাদ মুখোপাধ্যায়—বাঁকুড়ানিবাসী কুলদাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয় পরিষদের স্থাপনাবধি ইঁহার সভ্য ছিলেন। বাঁকুড়াতে পরিষদের একটি শাখা স্থাপনের জন্য ইঁহার বিশেষ যত্ন ও আগ্রহ ছিল। এইরূপ অতি প্রাচীন হিতৈষী বন্ধুর মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত।

(১২) জগৎশেঠ গোলাপচাঁদ বাহাদুর—মুরশিদাবাদের প্রসিদ্ধ জগৎশেঠ বংশের জগৎশেঠ গোলাপচাঁদ বাহাদুরের মৃত্যুতে সাহিত্য-পরিষদের বিশেষ ক্ষতি হইয়াছে। তিনি ১৩১৭ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন এবং সভ্যপদ গ্রহণের সঙ্গে সঙ্গে স্বতঃপ্রবৃত্ত হইয়া পরিষৎকে তিনি কতকগুলি মূর্ত্তি, দলিল প্রভৃতি উপহার দিতে চাহিয়াছিলেন; কিন্তু তাঁহার অকালমৃত্যুতে সেই সমস্ত দ্রব্য পরিষদের হস্তগত হয় নাই।

(১৩) বসন্তকুমার সরকার—ইনি একজন নবীন সাহিত্যিক ছিলেন এবং পরিষদের কার্য্য-কলাপে ইঁহার প্রগাঢ় ভক্তি ছিল। ইনি গত ১৩১৫ সালে পরিষদের সভ্যপদ গ্রহণ করেন।

(১৪) বেনোয়ারীলাল গোস্বামী—ইঁহার মৃত্যুতে পরিষদের বিশেষ ক্ষতি হইয়াছে। প্রত্নতত্ত্বালোচনাতে ইঁহার বিশেষ যত্ন ছিল এবং গতপূর্ব্ব বৎসর কাটোয়ার সন্নিকটে বল্লাল সেনের যে তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছিল সর্ব্বপ্রথমে তিনিই তাহার পাঠ 'প্রবাসী' পত্রিকায় উদ্ধার করেন। গত ১৩১৭ সাল হইতে তিনি পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন।

(১৫) মুন্সী এম্ এ, ডব্লিউ জে, হক—ইনি গত ১৩১৩ সালে পরিষদের সভ্য হইয়াছিলেন। ইনি বঙ্গভাষানুরাগী ছিলেন। পরিষদের এই বন্ধুর মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

(১৬) রায় যাদবচন্দ্র চক্রবর্ত্তী বাহাদুর—ইনি কুচবিহার রাজসরকারের বিচারাসন অনেকদিন সসম্মানে অলঙ্কৃত করিয়াছিলেন এবং বাঙ্গলা-ভাষায় কয়েকখানি পুস্তক প্রণয়ন করিয়াছিলেন। ইনি গত ১৩১৩ সাল হইতে পরিষদের সভ্যপদ গ্রহণ করিয়াছিলেন। পরলোকগত রায়বাহাদুর সর্ব্বদাই পরিষদের খোঁজখবর লইতেন এবং বার্দ্ধক্য সত্বেও সম্পাদকের সহিত সাক্ষাৎ করিয়া নানারূপ উপদেশাদি দিতেন।

(১৭) রাধেশচন্দ্র শেঠ—রাধেশচন্দ্রের অকালমৃত্যুতে পরিষৎ একজন বিশেষ অন্তরঙ্গ বন্ধু হারাইয়াছেন। রাধেশচন্দ্র একজন কর্ম্মী পুরুষ ছিলেন। তিনি গৌড়, পাণ্ডুয়া প্রভৃতি স্থানের

প্রত্নতত্ত্বের আলোচনাতে সবিশেষ কৃতিত্ব লাভ করিয়াছিলেন এবং এই সমস্ত স্থানের ভগ্নস্তূপের মধ্য হইতে অনেক নূতন ঐতিহাসিক তথ্য উদ্ধার করিয়াছিলেন। গত ১৩১৭ সালের পৌষমাসে মালদহে উত্তর-বঙ্গ সাহিত্য-সম্মিলনের যে অধিবেশন হইয়াছিল, রাধেশচন্দ্র সেই অধিবেশনের সম্পাদক ও প্রাণস্বরূপ ছিলেন। রাধেশচন্দ্রের কার্য্যক্ষেত্র সাহিত্য ও ঐতিহাসিক গণ্ডির মধ্যে আবদ্ধ না থাকিয়া আরও বহুদিকে বিস্তৃত হইয়াছিল। তাঁহার মৃত্যুতে দেশ হইতে একজন প্রকৃত কর্ম্মী পুরুষের বিয়োগ হইয়াছে। তাঁহার মৃত্যুতে শোক-প্রকাশার্থ পরিষদের একটি বিশেষ অধিবেশন হইয়াছিল এবং তাঁহার স্মৃতিরক্ষার্থ শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় "রাধেশচন্দ্র-জাতীয়-শিক্ষাবৃত্তি" নামক একটি বৃত্তি স্থাপনের জন্য পরিষদের হস্তে ৬০০৲ টাকা দিবার প্রস্তাব করিয়াছেন। রাধেশবাবু ১৩০৫ সালে পরিষদের সভাপদ গ্রহণ করিয়াছিলেন।

(১৮) হেমাঙ্গচন্দ্র বসু—ইনি পরিষদের একজন হিতৈষী বন্ধু ছিলেন এবং পরিষদের স্থাপনাবধি ইহার সভ্য ছিলেন। মেদিনীপুরে পরিষদের একটি শাখা স্থাপনের জন্য ইঁহার বিশেষ উদ্যোগ ছিল।

অত্যন্ত দুঃখের বিষয় যে, পূর্ব্বোক্ত সভ্যগণ ব্যতীত আলোচ্য বর্ষে আরও অনেক প্রথিতনামা সাহিত্যসেবীর মৃত্যু হইয়াছে। পরিষদের দুরদৃষ্ট বশতঃ ইঁহারা মৃত্যু-সময়ে পরিষদের সভ্য-শ্রেণিভুক্ত ছিলেন না। এই সমস্ত মৃত সাহিত্যসেবীদিগের জন্য পরিষৎ বিশেষ দুঃখিত।

(১) কালীবর বেদান্তবাগীশ—কালীবর বেদান্তবাগীশের নাম বাঙ্গালা-সাহিত্যে সুপ্রসিদ্ধ ছিল। ডাঃ রামদাস সেনের সম্পর্কে আসিয়া বাঙ্গালা-সাহিত্যের তিনি যে উপকার করিয়াছিলেন তাহা সর্ব্বজনবিদিত। বাঙ্গালা ভাষায় সংস্কৃত দার্শনিক সাহিত্যের অনুবাদ ও প্রচার দ্বারা যে সকল পণ্ডিত বঙ্গ-সাহিত্যকে সমৃদ্ধ করিয়া গিয়াছেন, বেদান্তবাগীশ মহাশয় তন্মধ্যে অগ্রগণ্য বলিলেও অত্যুক্তি হয় না। দুরূহ দার্শনিক গ্রন্থের প্রাঞ্জল অনুবাদে তিনি যে অসাধারণ শক্তি দেখাইয়া গিয়াছেন, তাহা সকলের অনুকরণীয়। তাঁহার বেদান্তদর্শন ও অন্যান্য দার্শনিক গ্রন্থের অনুবাদ চিরকাল পণ্ডিতজনের নিকট আদর পাইবে। সদস্য না হইয়াও তিনি পরিষদের বহু অধিবেশনে উপস্থিত থাকিতেন এবং "শঙ্কর ও শাক্যমুনি" নামক একটী প্রবন্ধ পরিষদের বিশেষ অধিবেশনে পাঠ করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছিলেন। ঐ গ্রন্থ পরিষদের গ্রন্থাবলীভুক্ত হইয়াছে। তাঁহার পরলোকগমনে পরিষৎ যার পর নাই সন্তপ্ত।

(২) মহামহোপাধ্যায় কৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন—সংস্কৃত শাস্ত্রসমূহে পারদর্শী মহামহোপাধ্যায়ের মৃত্যুতে সমস্ত দেশ ও পণ্ডিত সমাজ ক্ষতিগ্রস্ত হইয়াছে, ইহা বলাই বাহুল্য।

(৩) রায় বাহাদুর নরেন্দ্রনাথ সেন—পরলোকগত রায়বাহাদুর সাক্ষাৎভাবে পরিষদের সহিত সংসৃষ্ট ছিলেন না তথাপি তিনি মৃত্যুকাল পর্য্যন্ত বঙ্গ-সাহিত্যের উন্নতি করিয়াছিলেন। রায় বাহাদুর নরেন্দ্রনাথের কার্য্যকলাপ সমগ্র ভারত-প্রসিদ্ধ। ইঁহার মৃত্যুতে শোকপ্রকাশার্থ পরিষৎ একটি বিশেষ অধিবেশন আহ্বান করিয়াছিলেন।

(৪) মহারাজ শ্রীরামচন্দ্র ভঞ্জদেও বাহাদুর—ময়ূরভঞ্জাধিপতি মহারাজ শ্রীরামচন্দ্র ভঞ্জদেও

বাহাদুরের অকাল ও শোচনীয় মৃত্যুতে সমগ্র দেশ বিশেষভাবে ব্যথিত। ঐতিহাসিক অনুসন্ধানাদি বিষয়ে পরলোকগত মহারাজের সবিশেষ আগ্রহ এবং উৎসাহ ছিল। ময়ূরভঞ্জের প্রত্নতত্ত্বাদি সম্বন্ধীয় বিবরণ সংগ্রহ করার জন্য তিনি পরিষদের পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়কে নিযুক্ত করিয়াছিলেন। সাহিত্য-পরিষদের কার্য্যে তাঁহার বিশেষ সহানুভূতি ছিল এবং তিনি একদিন অনুগ্রহপূর্ব্বক সাহিত্য-পরিষদের গৃহ ও চিত্রশালা দেখিতে আসিয়াছিলেন। পরিষদের কার্য্যকলাপ দেখিয়া তিনি অত্যন্ত সন্তোষলাভ করিয়াছিলেন এবং পরিষদের সভাপদ গ্রহণের জন্য ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন; কিন্তু অকস্মাৎ তাঁহার মৃত্যু হওয়াতে পরিষৎ তাঁহাকে সভ্যরূপে গ্রহণ করিয়া গৌরবান্বিত হইতে পারেন নাই। তিনি পরিষদের সভ্য না হইলেও পরিষদের গৃহনির্ম্মাণ-তহবিলে ৫০০৲ টাকা সাহায্য করিয়াছিলেন।

(৫) মনোমোহন বসু—মনোমোহন বসুর মৃত্যুতে সাহিত্যাকাশ হইতে একটি উজ্জ্বল নক্ষত্র খসিয়া পড়িয়াছে। মৃত্যুকালে পরিষদের সভ্য না থাকিলেও, তিনি সাহিত্য-পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা ছিলেন। তিনি চিরকাল পরিষদের হিতকামনা করিতেন ও ১৩০৩ সালে সাহিত্য পরিষদের অন্যতম সহকারী সভাপতি নির্ব্বাচিত হইয়াছিলেন। মনোমোহন বাবু বর্ত্তমান সাহিত্যসেবীদিগের মধ্যে সর্ব্বাপেক্ষা বয়োজ্যেষ্ঠ ছিলেন। এক সময়ে তিনি বঙ্গদেশের শ্রেষ্ঠ নাটককার বলিয়া গণ্য ছিলেন বলিলে অত্যুক্তি হয় না। তাঁহার রচিত নাটকগুলি বঙ্গ-সাহিত্যে স্থায়ী সমাদর লাভ করিয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের স্থাপন-কালে তাঁহার সহিত ইহার বিশেষ ঘনিষ্ট সম্বন্ধ ছিল। ৺রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এবং বর্ত্তমান সম্পাদক এই তিন জনের সহিত মিলিত হইয়া তিনি বিবিধ উপায়ে ও বহু পরিশ্রমে পরিষদের গঠন কার্য্যে অনেক সাহায্য করিয়াছিলেন। যদি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ইতিবৃত্ত ভবিষ্যতে রচনাযোগ্য হয় তবে তাহাতে মনোমোহন বাবুর এ বিষয়ে উৎসাহ, অধ্যবসায় ও পরিশ্রমের উল্লেখ না থাকিলে, সেই ইতিহাস অসম্পূর্ণ হইবে। নানা সাময়িক পত্রের প্রতিষ্ঠাতা ও সম্পাদক এবং নানাপ্রকার সদগ্রন্থ, সঙ্গীত ও নাটকের রচয়িতারূপে তিনি সাহিত্যক্ষেত্রে অক্ষয় কীর্ত্তি রাখিয়া গিয়াছেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ বিশেষরূপে দুঃখিত এবং তাঁহার প্রতি সম্মান প্রদর্শনার্থ পরিষদের একটি বিশেষ সভা আহূত হইয়াছিল।

(৬) মীর মসারফ হোসেন—এই সুপ্রসিদ্ধ মুসলমান সাহিত্যিকের মৃত্যুতে পরিষৎ বিশেষ-ভাবে ক্ষতিগ্রস্ত। মৃত্যুর কিছুদিন পূর্ব্ব পর্য্যন্ত তিনি পরিষদের সভ্য ছিলেন। ইঁহার প্রণীত "বিষাদ সিন্ধু" নামক গ্রন্থখানি সর্ব্বজন প্রশংসিত এবং বাঙ্গালা-সাহিত্যে তাঁহার অকৃত্রিম অনুরাগ ও রচনাশক্তির পরিচায়ক।

(৭) মহামহোপাধ্যায় রাজকৃষ্ণ তর্কপঞ্চানন—মহামহোপাধ্যায় মহাশয়ের মৃত্যুতে পণ্ডিত-সমাজ হইতে আর একটি উজ্জ্বলতম নক্ষত্র খসিয়া পড়িয়াছে।

(৮) বলাইচাঁদ গোস্বামী—প্রাচীন বৈষ্ণব-সাহিত্যে ইঁহার বিশেষ দখল ছিল এবং ইঁহার মৃত্যুতে বৈষ্ণব-সমাজের বিশেষ ক্ষতি হইয়াছে।

(৯) আচার্য্য সত্যব্রত সামশ্রমী—সামশ্রমী মহাশয়ের পরলোকগমনে একজন মহাপণ্ডিতের তিরোধান হইয়াছে। সামশ্রমী মহাশয়ের বিদ্যা ও খ্যাতি ইউরোপ পর্য্যন্ত বিস্তৃত ছিল এবং মোক্ষমূলর প্রভৃতি আচার্য্যগণ বেদসম্বন্ধে তাঁহার গভীর পাণ্ডিত্য একবাক্যে স্বীকার করিয়া গিয়াছেন। বৈদিক সাহিত্যে অসামান্য অভিজ্ঞতার জন্য তিনি দেশবিদেশে পূজা পাইয়াছিলেন। বৈদিক সাহিত্যসম্বন্ধে বঙ্গভাষা তাঁহার নিকট বিশেষ ঋণী। বৈদিক সাহিত্য বাঙ্গালাভাষায় প্রচার কার্য্যে তিনি অগ্রণী এবং অগ্রগণ্য ছিলেন। এই বিষয়ে তিনি বঙ্গ-সাহিত্যকে যেরূপ সমৃদ্ধ করিয়া গিয়াছেন, তাহাতে তাঁহার সমকক্ষ কেহ ছিল না। তিনি এসিয়াটিক সোসাইটির একজন সম্মানিত (Honorary) সভ্য ছিলেন। সাহিত্য-পরিষদেও তাঁহাকে অন্যতম বিশিষ্ট সভ্যরূপে গ্রহণ করার প্রস্তাব হইয়াছিল। কিন্তু তাঁহার মৃত্যুতে সেই প্রস্তাব কার্য্যে পরিণত করা সম্ভবপর হয় নাই। তাঁহার স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনার্থ পরিষদে একটি বিশেষ সভার অধিবেশন হইয়াছিল। তাঁহার পুত্র পণ্ডিত শ্রীযুক্ত শিবব্রত সামরত্ন মহাশয় তাঁহার একখানি তৈলচিত্র পরিষৎকে উপহার দিয়াছেন। অদ্যকার বার্ষিক অধিবেশনে তাঁহার চিত্র উন্মোচিত হইবে। পরিষৎ সেই চিত্র বক্ষে ধারণ করিয়া গৌরবান্বিত হইবেন।

(১০) প্রিয়নাথ চক্রবর্ত্তী—ইনি অতি সাধুচরিত্র ও ঋষিকল্প ব্যক্তি ছিলেন। সাহিত্য আলোচনাতে ইঁহার যথেষ্ট অনুরাগ ছিল এবং বঙ্গভাষায় তিনি আধ্যাত্মিক বিষয় সম্বন্ধে কয়েকখানি পুস্তক লিখিয়াছিলেন। তাঁহার স্মৃতি-রক্ষার্থ তাঁহার কতিপয় শিষ্য পরিষদের হস্তে কিঞ্চিৎ অর্থ প্রদান করিয়াছেন এবং তাঁহার একখানি প্রতিকৃতি পরিষদে রক্ষার জন্য দিয়াছেন।

(১১) পণ্ডিত ক্ষেত্রমোহন ভট্টাচার্য্য বিদ্যারত্ন—ইনি সংবাদ-ভাস্কর ও সংবাদ-রসরাজ প্রভৃতি অনেক সংবাদপত্রের সম্পাদক ও স্বত্বাধিকারী ছিলেন। এই অতি প্রাচীন সাহিত্যিকের মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত।

(১২) মহামহোপাধ্যায় যদুনাথ সার্ব্বভৌম—সার্ব্বভৌম মহাশয়ের মৃত্যুসংবাদ পাইয়া পরিষৎ অতিমাত্র সন্তপ্ত হইলেন। বঙ্গের অধ্যাপকসমাজ হইতে এক বৎসরের মধ্যে অনেকগুলি উজ্জ্বল নক্ষত্রের অন্তর্ধান নিতান্তই শোকাবহ।

### ১৭শ বার্ষিক অধিবেশন

গতবর্ষে ৩১শে বৈশাখ পরিষদের সপ্তদশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। উক্ত অধিবেশনে সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় তাঁহার অভিভাষণ পাঠ করেন এবং শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয় পূর্ব্ববৎসরের বাঙ্গালাসাহিত্যের বিবরণ প্রদান করেন। ঐ অধিবেশনে পূর্ব্ব বৎসরের কার্য্য-বিবরণ পঠিত ও যথারীতি গৃহীত হয় এবং নূতন বৎসরের জন্য কর্ম্মচারী নির্ব্বাচিত এবং কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হয়।

### মাসিক অধিবেশন

গত বৎসরের মাসিক অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি যথাক্রমে পঠিত হইয়াছিল ;—

| অধিবেশন | | | পঠিত প্রবন্ধ |
|---|---|---|---|
| প্রথম | „ | ১৭ই আষাঢ়, রবিবার | (১) দুঃখ—শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ। |
| | | | (২) চণ্ডীদাসের কৃষ্ণ কীর্ত্তন—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ। |
| দ্বিতীয় | „ | ১৪ই শ্রাবণ রবিবার | (৩) বেদই জগতের আদি গ্রন্থ—পণ্ডিত শ্রীযুক্ত উমেশচন্দ্র গুপ্ত বিদ্যারত্ন। |
| তৃতীয় | „ | ১০ই ভাদ্র রবিবার | (৪) মৌর্য্য নরপতি অশোক—শ্রীযুক্ত চারুচন্দ্র বসু। |
| চতুর্থ | „ | ৩১শে ভাদ্র „ | (৫) দেউলপোতায় প্রাপ্ত সূর্য্যমূর্ত্তি—শ্রীযুক্ত চিত্তসুখ সান্যাল বি ই |
| | | | (৬) ৺ রাধেশচন্দ্র শেঠ মহাশয়ের জীবনী—শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় এম্ এ। |
| | | | (৭) শিবের গাজন—শ্রীযুক্ত হরিদাস পালিত। |
| | | | (৮) আদিশূরের রাজধানী—পণ্ডিত শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন। |
| | | | (৯) পালরাজগণ (ভূমিকা)—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ। |
| পঞ্চম | „ | ৩রা অগ্রহায়ণ | (১০) দক্ষিণ ভারতে মনাজিৎ ( Monazite )—শ্রীযুক্ত সুবোধকৃষ্ণ বিশ্বাস এম এ। |
| | | | (১১) পালরাজগণ (আলোকচিত্র সহ)—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ। |
| ষষ্ঠ | „ | ১লা পৌষ | (১২) নৈমিষারণ্য—পণ্ডিত শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী |
| | | | (১৩) রাজা দত্তখাস কে ?—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব। |
| | | | (১৪) জীবগণের রোম ও কেশের একটী নূতন ব্যবহার—শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য এম্ এ, বি এস্-সি। |
| | | | (১৫) ভারতবর্ষের বর্ণমালা—শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার বি এল্। |
| | | | (১৬) বঙ্গভাষার বিশেষণ—শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায়। |

| মাসিক অধিবেশন | প্রবন্ধ |
|---|---|
| সপ্তম অধিবেশন, ২১শে মাঘ | (১৭) ইন্দ্রাণী ও উজানী—শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন। |
| | (১৮) বেদান্তদর্শনের প্রণেতা কে?—শ্রীযুক্ত কৃষ্ণানন্দ ব্রহ্মচারী। |
| | (১৯) মহাভারতের বঙ্গানুবাদ—শ্রীযুক্ত বনমালী চক্রবর্ত্তী বেদান্ততীর্থ বেদান্তরত্ন এম্ এ। |
| | (২০) সদাশিব—শ্রীযুক্ত দ্বারকানাথ চৌধুরী বি এ। |
| | (২১) চণ্ডীদাসের পাট নান্নুর—শ্রীযুক্ত মহেন্দ্রমোহন ঠাকুর। |
| | (২২) উৎকলদেশীয় স্বয়ম্ভূ শিবলিঙ্গের বর্ণনা—রায় বাহাদুর শ্রীযুক্ত বরদাপ্রসন্ন সোম এম্ এ, বি এল্। |
| অষ্টম „ ১৩ই ফাল্গুন | (২৩) ঋদ্ধি ও বৃদ্ধি (জীবনীয় গণান্তর্গত কন্দদ্বয়ের বিবরণ)—অধ্যাপক শ্রীযুক্ত ভীমচন্দ্র চট্টোপাধ্যায় বিদ্যাভূষণ বি এ, বি এস্‌সি। |
| নবম „ ৪ঠা চৈত্র | (২৪) কালিদাসের মনসামঙ্গল—শ্রীযুক্ত ভোলানাথ ব্রহ্মচারী। |
| | (২৫) সত্যপীরের পাঁচালী—শ্রীযুক্ত পণ্ডিত অম্বিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন। |
| | (২৬) ছিল্‌মাবাদের মেলা—শ্রীযুক্ত সুরেন্দ্রমোহন ঘোষ চৌধুরী। |
| দশম „ ১৫ই বৈশাখ (১৩১৯) | (২৭) ছোট চান্দর নামক উদ্ভিদের ক্ষারস্বত্ব আবিষ্কারের বিজ্ঞাপন—শ্রীযুক্ত সূর্য্যনারায়ণ সেন এম্ এ। |
| | (২৮) পারদ ও পারদ শোধন-প্রণালী—শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম্ এ। |
| একাদশ „ ৫ই জ্যৈষ্ঠ | (২৯) যুগবিচারে কলাব্দ—শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ। |

### মাসিক অধিবেশনে প্রদর্শন

**এই সমস্ত মাসিক অধিবেশনে নিম্নলিখিত দ্রব্যগুলি প্রদর্শিত হইয়াছিল।**

| মাসিক অধিবেশন | প্রদর্শিত দ্রব্য |
|---|---|
| প্রথম | (১) চণ্ডীদাসের লুপ্ত গ্রন্থ "কৃষ্ণকীর্ত্তন" |

| মাসিক অধিবেশন | প্রদর্শিত দ্রব্য |
|---|---|
| প্রথম „ | (২) বিদ্যাবাগীশ ব্রহ্মচারী কৃত "সারঙ্গরঙ্গদা" পুথি —শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়।<br>(৩) গৌড় পাণ্ডুয়ার চিত্রিত ইষ্টক—৺ রাধেশচন্দ্র শেঠ।<br>(৪) টামনা বা তর্পণ-দীঘিতে প্রাপ্ত মিনা করা ইষ্টক—শ্রীযুক্ত হরিদাস পালিত। |
| দ্বিতীয় | (১) প্রাচীন মুদ্রা, মালদহ জাতীয় শিক্ষা সমিতি ২১টি, শ্রীযুক্ত পশুপতিনাথ শর্ম্মা কবীন্দ্র ৫টি, শ্রীযুক্ত সতীশচন্দ্র চক্রবর্ত্তী ২টি ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় প্রদত্ত ৪টি (মুদ্রা-তালিকা পরিশিষ্টে দ্রষ্টব্য)।<br>(২) ফটো—বৃন্দাবনের নানাস্থানের ২৫ খানি ফটো—শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত।<br>(৩) ইষ্টক ঐ ঐ ঐ ঐ |
| তৃতীয় „ | (১) প্রাচীন ৬টি স্বর্ণ মুদ্রা—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত (তালিকা পরিশিষ্টে)।<br>(২) বিষ্ণুমূর্ত্তি (ধাতুময়ী) } শ্রীযুক্ত আনন্দনাথ রায়<br>(৩) ইষ্টক } প্রদত্ত। |
| চতুর্থ „ | (১) প্রাচীন প্রস্তরময় মূর্ত্তি—নবগ্রহ-মূর্ত্তি, দশাবতার-মূর্ত্তি,—ধর্ম্মচক্রমুদ্রা-মূর্ত্তি, বিশিষ্ট বুদ্ধমূর্ত্তি —শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় প্রদত্ত।<br>(২) সূর্য্যমূর্ত্তি, শ্রীযুক্ত চিত্তসুখ সান্যাল প্রদত্ত।<br>(৩) প্রাচীন মুদ্রা (৬টি তাম্র)—শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী প্রদত্ত। |
| পঞ্চম „ | (১) প্রাচীন মুদ্রা—শ্রীযুক্ত কৃষ্ণলাল চৌধুরী প্রদত্ত ৩টি।<br>(২) শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় প্রদত্ত ১টি রৌপ্যনির্ম্মিত মুদ্রা। |
| ষষ্ঠ | (১) কবি ভারতচন্দ্র ও মহারাজাধিরাজ কৃষ্ণচন্দ্রের হস্তাক্ষর—শ্রীযুক্ত সুকুমার হালদার বি এ ডেপুটী ম্যাজিষ্ট্রেট প্রদত্ত।<br>(২) প্রাচীন মুদ্রা—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় ৩০টি রৌপ্য ও মিশ্রধাতুনির্ম্মিত (তালিকা পরিশিষ্টে)। |

| মাসিক অধিবেশন | প্রদর্শিত দ্রব্য |
|---|---|
| সপ্তম " | (১) প্রাচীন মুদ্রা—১৩টি তাম্র ও রৌপ্যনির্ম্মিত শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত প্রদত্ত। ১টি তাম্র মুদ্রা শ্রীযুক্ত ভূপেন্দ্রকৃষ্ণ নিয়োগী প্রদত্ত ও ২টি রৌপ্য মুদ্রা শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রদত্ত। ( তালিকা পরিশিষ্টে )। |
| | (২) প্রস্তর মূর্ত্তি—১টি বিষ্ণুমূর্ত্তি শ্রীযুক্ত মণীন্দ্র নাথ গঙ্গোপাধ্যায় বি এল্ প্রদত্ত। ১টি কমলামূর্ত্তি ছাত্র সভা শ্রীযুক্ত হৃষীকেশ মিত্র প্রদত্ত ও ১টি কৃষ্ণের জন্মসূচক ক্ষুদ্রমূর্ত্তি—শ্রীযুক্ত কৃষ্ণনাথ সেন প্রদত্ত। |
| | (৩) প্রবাল—শ্রীযুক্ত ডাঃ ললিতমোহন কর প্রদত্ত। |
| অষ্টম " | (১) পোকানির্ম্মিত রেশমী বস্ত্রখণ্ড—বাঁকুড়া সিমলাপালের রাজা শ্রীযুক্ত জগদ্বন্ধু সিংহ চৌধুরী বাহাদুর প্রদত্ত। |
| | (২) ফটো—চন্দননগর ও চুঁচুড়ার কতকগুলি প্রাচীন ঐতিহাসিক স্থানের চিত্র—শ্রীযুক্ত হরিহর শেঠ কর্ত্তৃক প্রদর্শিত। |
| নবম | (১) ইষ্টক—সীতারাম রায়ের মূর্ত্তিযুক্ত ও কারু-কার্য্য-যুক্ত ইষ্টকখণ্ড—শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ, এম্ আর এ এস্ প্রদত্ত। |
| | (২) ফটো—৺শিশিরকুমার ঘোষের জন্মস্থানের চিত্র ২—খানি প্রদাতা ঐ। |
| | (৩) প্রাচীন মুদ্রা—তাম্র ও রৌপ্য—শ্রীযুক্ত নন্দলাল দে প্রদত্ত। |
| | (৪) প্রাচীন চিত্র—বাদশাহ ফররুক শিয়ারের মূর্ত্তি—শ্রীযুক্ত কৃষ্ণবিহারী দে প্রদত্ত। |
| | (৫) প্রস্তরমূর্ত্তি—সূর্য্যমূর্ত্তির ঊর্দ্ধদেশ—শ্রীযুক্ত শ্রীশচন্দ্র ঘোষ প্রদত্ত। |
| দশম " | (১) খনিজ—করতজ (Quartz)—শ্রীযুক্ত মন্মথ-নাথ নিয়োগী বি এস্‌সি প্রদর্শিত। |

### বিশেষ অধিবেশন

গত বৎসর পরিষদের ৫টি বিশেষ অধিবেশন হইয়াছিল। নিম্নে তাহার সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল।

**প্রথম বিশেষ অধিবেশন, ১৩ই শ্রাবণ** — ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের শোকসভা (সদস্যগণের অল্পতাহেতু সভাধিবেশন স্থগিত রাখা হয়)।

**দ্বিতীয় বিশেষ অধিবেশন, ২০শে শ্রাবণ** — পণ্ডিত সত্যব্রত সামশ্রমী, রায় নরেন্দ্রনাথ সেন বাহাদুর ও রাধেশচন্দ্র শেঠ মহাশয়গণের পরলোকগমনে শোক প্রকাশার্থ এই বিশেষ অধিবেশন আহূত হয়। মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভাপতি মহাশয়, মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত মন্মথমোহন বসু, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত চারুচন্দ্র বসু ও সম্পাদক প্রভৃতি উক্ত মহাত্মাগণের জীবন-চরিত আলোচনা করেন। তৎপরে সম্পাদক মহাশয় স্বর্গীয় রাধেশচন্দ্রের স্মৃতি-রক্ষা বিষয়ে শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের পত্র পাঠ করেন। বিনয় বাবু এতদুদ্দেশ্যে পরিষদের হস্তে ৬০০৲ টাকা দান করিতে প্রতিশ্রুত হইয়াছেন। এই টাকার বার্ষিক সুদ হইতে "রাধেশচন্দ্র জাতীয় শিক্ষাবৃত্তি" নামে একটি বার্ষিক বৃত্তি স্থাপিত হইবে।

**প্রথম স্থগিত অধিবেশন, ২রা ভাদ্র** — ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জন্য শোক প্রকাশার্থ এই বিশেষ অধিবেশন আহূত হয়। সভাপতি মহাশয়ের অনুপস্থিতি নিবন্ধন সহকারী সভাপতি শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভাপতি মহাশয়, পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, শ্রীযুক্ত ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রাখালদাস কাব্যতীর্থ, পণ্ডিত শ্রীযুক্ত রামচরণ বিদ্যাবিনোদ ও সম্পাদক মহাশয় ইন্দ্রবাবুর নানা গুণের আলোচনা করেন এবং শ্রীযুক্ত বিহারীলাল সরকার মহাশয়ের সহানুভূতিসূচক পত্র পঠিত হয়। তৎপরে রাজসাহী জোয়াড়ী নিবাসী

পরিষদের বন্ধু শ্রীযুক্ত মোহিনীনাথ বিশি মহাশয়ের পুত্র শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ বিশি মহাশয়ের অঙ্কিত ও পরিষদে উপহার প্রদত্ত ইন্দ্রবাবুর তৈলচিত্র প্রতিষ্ঠিত হয়।

তৃতীয় বিশেষ অধিবেশন, ৫ই ফাল্গুন

মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়ের পরলোকগমনে শোক প্রকাশ ও স্মৃতিরক্ষার্থ এই বিশেষ অধিবেশন আহূত হয়। এই অধিবেশনে ময়মনসিংহবাসী অনেক গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সুসঙ্গের মহারাজ শ্রীযুক্ত কুমুদচন্দ্র সিংহ, শ্রীযুক্ত মতিলাল ঘোষ, মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, পণ্ডিত শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন, পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী, মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত গুরুচরণ তর্কদর্শনতীর্থ, শ্রীযুক্ত ব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরী, শ্রীযুক্ত দ্বারকানাথ চক্রবর্ত্তী এম্ এ, বি এল্, শ্রীযুক্ত ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর তত্ত্বনিধি বি এ, শ্রীযুক্ত দক্ষিণাচরণ স্মৃতিতীর্থ, কবিরাজ শ্রীযুক্ত যামিনীভূষণ রায় এম্ এ, এম্, বি, শ্রীযুক্ত হরগোবিন্দ লস্কর চৌধুরী, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত রায় রাধাবল্লভ চৌধুরী বাহাদুর, শ্রীযুক্ত রুড়মল গোয়েনকা, রায় শ্রীযুক্ত চারুচন্দ্র চৌধুরী বাহাদুর, শ্রীযুক্ত সত্যেন্দ্রমোহন চৌধুরী, শ্রীযুক্ত শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য ও শ্রীযুক্ত রায় বাহাদুর প্রিয়লাল গঙ্গোপাধ্যায় ৺তর্কালঙ্কার মহাশয় সম্বন্ধে আলোচনা করেন ও শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ মহাশয় তর্কালঙ্কার মহাশয়ের জীবনী সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন। তর্কালঙ্কার মহাশয়ের স্মৃতি-রক্ষার জন্য একটি সমিতি গঠিত হইয়াছে।

চতুর্থ বিশেষ অধিবেশন, ২৭শে ফাল্গুন

গিরিশচন্দ্র ঘোষ ও মনোমোহন বসু মহাশয়ের পরলোকগমনে শোক প্রকাশার্থ এই বিশেষ অধিবেশন আহূত হয়। সভাপতি মহাশয়ের অনুপস্থিতি নিবন্ধন ডাঃ শ্রীযুক্ত চুনীলাল বসু রায় বাহাদুর মহাশয়

সভাপতির আসন গ্রহণ করেন। সর্ব্ববাদিসম্মতিক্রমে স্থির হয় যে, ৺গিরিশচন্দ্রের জন্য একটি পৃথক্ বৃহতী সভার অধিষ্ঠান হইবে। সভাপতি মহাশয়, শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত দীননাথ বসু, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, শ্রীযুক্ত বিষ্ণুচরণ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয় মনোমোহন বাবুর জীবনী সম্বন্ধে আলোচনা করেন ও শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয় মনোমোহন বাবুর জীবনী সম্বন্ধে একটী প্রবন্ধ পাঠ করেন ও এই প্রসঙ্গে মনোমোহন বাবুর পুত্রগণের প্রদত্ত তাঁহার ব্যবহৃত যষ্টিখানি প্রদর্শন করেন।

পঞ্চম বিশেষ অধিবেশন, ১৫ই বৈশাখ ১৩১৯ — এই অধিবেশনে শ্রীযুক্ত সুকুমার হালদার মহাশয়ের প্রদত্ত প্রায় ৮৫০ খানি পুস্তক প্রদর্শিত হয় এবং পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক গৃহীত পরিষদের নূতন নিয়মাবলী অনুমোদিত হয়।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি।

আলোচ্য বর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন ;—

| | |
|---|---|
| শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ | সভাপতি |
| মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই | সহকারী সভাপতি |
| মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর | ঐ |
| শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্ | ঐ |
| „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ | সম্পাদক |
| „ ব্যোমকেশ মুস্তফী | সহকারী সম্পাদক |
| „ হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ, এফ জি এস্ | ঐ |
| „ রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ, এম্ আর এ এস্ | ঐ |
| „ তারাপ্রসন্ন গুপ্ত বি এ | ঐ |
| „ বিনয়কুমার সরকার এম্ এ | ঐ |
| „ নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব | পত্রিকা-সম্পাদক |
| „ হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্ | ধন-রক্ষক |
| „ অসিতকুমার মুখোপাধ্যায় বি এ, | গ্রন্থ-রক্ষক |
| „ খগেন্দ্রনাথ মিত্র এম্ এ, | ছাত্র-সভ্য-পরিদর্শক |
| „ গৌরীশঙ্কর দে এম্ এ, বি এল্ | আয়-ব্যয়-পরীক্ষক * |

কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ

নির্ব্বাচিত সভ্য

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাক্তার সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম এ, পি এইচ ডি

„ সুরেশচন্দ্র সমাজপতি

কুমার „ শরৎকুমার রায় এম্ এ

„ ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ

„ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, এটর্ণি

„ অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ

„ বনওয়ারিলাল চৌধুরী বি এ, বি এসসি

কুমার „ অরুণচন্দ্র সিংহ

মনোনীত সভ্য

শ্রীযুক্ত দেবকুমার রায়চৌধুরী

„ শৈলেশচন্দ্র মজুমদার

„ চারুচন্দ্র বসু এম্ আর এ এস্

„ মন্মথমোহন বসু এম্ এ

এতদ্ব্যতীত শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে ও শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র মহাশয় আয়-ব্যয়-পরীক্ষক নিযুক্ত হইয়াছিলেন। আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক সমিতির ২০টি অধিবেশন হয়। কার্য্য-নির্ব্বাহক সমিতির অধিবেশনে উপস্থিত সভ্যগণের উপস্থিতির সংখ্যা গড়ে ৯ জন। প্রতি বৎসরের ন্যায় এ বৎসরও কার্য্য-নির্ব্বাহক সমিতিতে নানাবিধ কার্য্য বিবেচনার্থ উপস্থিত হইয়াছিল। এই সমস্ত কার্য্য মধ্যে পরিষদের নিয়মাবলী আলোচনা ও শেষ মীমাংসা বিশেষভাবে উল্লেখ-যোগ্য। যদিও সাহিত্য-সম্মিলনের নিয়মানুসারে পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতির সভ্যগণ ব্যতীত অপর কয়েক জন সভ্যকে লইয়া সম্মিলন-পরিচালন সমিতি গঠিত হইয়াছে, তথাপি সম্মিলনের সর্ব্ববিধ কার্য্য সম্পাদনের ভার বাহিরের সভ্যগণ উপস্থিত হইতে না পারায় মুখ্যতঃ পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতির সভ্যগণের উপরই পড়িয়াছিল।

কার্য্যালয়

গত বৎসর কার্য্য-বিবরণীতে জ্ঞাপন করা হইয়াছিল যে, পরিষদের কার্য্যক্ষেত্রের বিস্তৃতির সঙ্গে সঙ্গে একজন অতিরিক্ত সহকারী সম্পাদকের আবশ্যক হইবে। তদনুসারে গত বৎসর পাঁচজন সহকারী সম্পাদক নির্ব্বাচিত হন। সাহিত্য-পরিষৎ-পত্রিকা এবং পরিষদের গ্রন্থাবলী-ভুক্ত পুস্তকগুলি মুদ্রণকার্য্যের তত্ত্বাবধানের ভার এই নূতন সহকারী সম্পাদক শ্রীযুক্ত বিনয়-কুমার সরকার এম এ মহাশয়কে দেওয়া হইয়াছিল এবং তিনি নানা কার্য্যে ব্যাপৃত থাকিয়াও যেরূপভাবে পরিষদের কর্ত্তব্য সম্পাদনে সহায়তা করিয়াছেন তাহা বিশেষভাবে উল্লেখযোগ্য; এবং এই হেতু সাহিত্য-পরিষৎ তাঁহার নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। অন্যান্য সহকারী

সম্পাদকের মধ্যে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় চিত্রশালার অধ্যক্ষতা করিয়াছিলেন ও তাঁহার তত্ত্বাবধানে পরিষদের সংগৃহীত হস্তলিখিত পুথিগুলির (সংক্ষিপ্ত বিবরণসহ) একটি তালিকা প্রস্তুত হইতেছে। শ্রীযুক্ত তারাপ্রসন্ন গুপ্ত মহাশয়ের উপর পরিষদের আয়-ব্যয় ও হিসাবাদি পরিদর্শন-ভার প্রদত্ত হইয়াছিল। শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় গত বৎসরের ন্যায় এ বৎসরও মুখ্যতঃ সাহিত্য-সম্মিলনসংক্রান্ত কার্য্যে ব্যাপৃত ছিলেন। বর্ত্তমান বৎসরে সাহিত্য-পরিষৎ হইতে কবিবর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও কলিকাতা মুসলমান-শিক্ষা-সমিতি উপলক্ষে সমাগত মুসলমান সাহিত্যসেবিগণকে পরিষদের পক্ষ হইতে অভ্যর্থনা করা হয় এবং এই সমস্ত কার্য্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অন্যান্য সহকারী সম্পাদকগণের মধ্যে ব্যোমকেশ বাবুকে বিশেষভাবে পরিশ্রম করিতে হইয়াছিল। পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয়ের উপর চিঠিপত্রের আদানপ্রদান, সভাসমিতির আহ্বান ও কার্য্যালয় সংক্রান্ত অন্যান্য কার্য্যের ভার অর্পিত ছিল। বর্ষশেষে হেম বাবুকে সম্পাদকের সমস্ত কার্য্য করিতে হইয়াছিল; তজ্জন্য তিনি সম্পাদকের বিশেষ কৃতজ্ঞতাভাজন। সহকারী সম্পাদকগণ যেরূপ যত্ন ও পরিশ্রম সহকারে পরিষদের কার্য্যসম্পাদন করিয়াছেন, তজ্জন্য তাঁহারা সকলেই পরিষদের কৃতজ্ঞতাভাজন।

পরিষদের কার্য্যালয়ের প্রধান কর্ম্মচারী শ্রীযুক্ত রামকমল সিংহের ছুটী শেষ হওয়াতে তিনি আষাঢ় মাসের শেষভাগে স্বীয় কার্য্যে যোগদান করেন এবং তাঁহার স্থানে অস্থায়িভাবে নিযুক্ত কর্ম্মচারী শ্রীযুক্ত ক্ষেত্রগোপাল সেন গুপ্ত পরিষদের কার্য্য পরিত্যাগ করেন। পরিষদের অন্যতম লেখক শ্রীযুক্ত বিনোদবিহারী গুপ্তের শারীরিক অসুস্থতা-নিবন্ধন পৌষ মাসের শেষ হইতে বৎসরের শেষ পর্য্যন্ত ছুটী প্রার্থনা করায় বিনোদ বাবুকে তিন মাস পূর্ণবেতনে ও একমাস অর্দ্ধবেতনে ছুটী দেওয়া গিয়াছে। অন্যতম লেখক শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র ঘোষ পরিষদের অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের সহিত পরিষদের পুথির তালিকা প্রস্তুত করার জন্য ছুটি লইয়া দার্জ্জিলিং যাইতেছিলেন, কিন্তু দৈবঘটনাতে তিনি পথিমধ্যে বামপদে এরূপ আঘাত প্রাপ্ত হন যে, প্রথমতঃ ডাক্তারগণ ভয় করিয়াছিলেন যে তাঁহার পা কাটিয়া ফেলিতে হইবে। চিকিৎসার জন্য তাঁহাকে বহুদিন হাসপাতালে ও বাড়ীতে থাকিতে হইয়াছিল। তিনি ছুটীর আবেদন করায় তাঁহাকে তিন মাস পূর্ণবেতনে, ও ছয় মাস অর্দ্ধবেতনে ছুটী দেওয়া হইয়াছিল। শ্রীযুক্ত সূর্য্যকুমার পাল 'রমেশ-ভবনে'র কার্য্য ব্যতিরেকে পরিষদের কার্য্যালয়েও আবশ্যকমত কার্য্য করিয়াছেন। আলোচ্য-বর্ষের প্রথমভাগে গ্রন্থাগারের লেখক শ্রীযুক্ত নলিনীকান্ত চট্টোপাধ্যায় কার্য্য পরিত্যাগ করায় তাঁহার স্থানে অপর একজন লেখক অস্থায়িভাবে নিযুক্ত হইয়াছিলেন, কিন্তু তিনি কার্য্যে অপটু হওয়ায় তাঁহাকে বিদায় দেওয়া হয় এবং তাঁহার স্থানে অন্য একজনকে অস্থায়িভাবে নিযুক্ত করা গিয়াছে। পরিষদের লেখকগণ অসুস্থ হইয়া মাঝে মাঝে ছুটী লওয়ায় এবং সভ্য-সংখ্যা বৃদ্ধি ও পরিষদের কার্য্যক্ষেত্রের প্রসার হেতু কর্ম্মচারিগণের কার্য্যও সেই পরিমাণে বৃদ্ধি পাওয়াতে বৎসরের প্রারম্ভ হইতে অস্থায়িভাবে একজন লেখক নিযুক্ত হইয়াছেন। পরিষদের পত্রিকা ও গ্রন্থাবলী-মুদ্রণ বিভাগের কার্য্যে সাহায্য

করিবার জন্য গত পূর্ব্ব বৎসর হইতে শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় নিযুক্ত হইয়াছেন। নলিনী বাবু যথেষ্ট উৎসাহের সহিত কার্য্য করিতেছেন ; কিন্তু তিনি তাঁহার সমস্ত সময় এই কার্য্যে দিতে পারেন না। এই বিভাগের কার্য্যভার যে পরিমাণে বৃদ্ধি পাইতেছে, তাহাতে একজন অনন্যকর্ম্মী সাহায্যকারীর বিশেষ প্রয়োজন হইয়াছে এবং আগামী বৎসর হইতে অনুরূপ ব্যবস্থা না করিলে পরিষদের কার্য্যের বিশেষ ক্ষতি হইবে বলিয়া মনে হয়। স্থায়ী লোক নিযুক্ত করা কর্ত্তব্য কি না তাহা কার্য্য-নির্ব্বাহক-সমিতির আলোচ্য বিষয় হইবে। পুথির তালিকা প্রস্তুত কার্য্যে সাহায্য করিবার জন্য গতবৎসর শ্রাবণ মাস হইতে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় নিযুক্ত হইয়াছেন। পুথিসংগ্রহকার্য্যে এবং পুথির পাঠোদ্ধারে বসন্ত বাবু যেরূপ দক্ষ, তাহা পরিষদের অবিদিত নাই এবং পুথির তালিকা প্রস্তুতকার্য্যে বসন্ত বাবুর সাহায্যপ্রাপ্তি পরিষদের বিশেষ সৌভাগ্য বলিতে হইবে। অত্যন্ত সুখের বিষয় যে, অন্যান্য বৎসরের ন্যায় আলোচ্য বর্ষে কর্ম্মচারিগণ প্রচুর যত্ন ও পরিশ্রম করিয়া কর্ম্ম করিয়াছেন।

### পরিষৎ-মন্দির

পরিষদের বিশেষ হিতৈষী বন্ধু ও কার্য্য-নির্ব্বাহক-সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয়ের বদান্যতায় পরিষৎ-কার্য্যালয়ে একটি বৈদ্যুতিক পাখার ব্যবস্থা হইয়াছে। এই দানের জন্য খগেন্দ্র বাবু পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন। পুথিগুলি রক্ষার জন্য গতবৎসর যে র‍্যাক্ তৈয়ার হইয়াছিল বর্ত্তমান বৎসরে তাহা খাটান হইয়াছে এবং পুথিগুলি তাহাতে যথোপযুক্তভাবে সজ্জিত হইতেছে। অর্থাভাবে পরিষৎ-মন্দিরের অনেক অভাব দূর করিতে পারা যাইতেছে না, এবং সমস্ত অভাব দূর করিতে কিছু সময়ের আবশ্যক ; কিন্তু যাহাতে আগামী বৎসরে জলের কলের ও ড্রেনের এবং সভাগৃহে পাখার ও চেয়ারের ব্যবস্থা করা হয় তজ্জন্য সবিশেষ উদ্যোগ করা আবশ্যক। পরিষদের এই সমস্ত অত্যাবশ্যক অভাব-পূরণার্থ সভ্যগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

### দাতাদের নাম ও ধন্যবাদ

আলোচ্য-বর্ষে ৺ মাইকেল মধুসূদন দত্ত, ৺ শিশিরকুমার ঘোষ, ৺ যোগেন্দ্রনাথ বিদ্যা-ভূষণ, ৺ চন্দ্রনাথ বসু, ৺ ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও ৺ প্রিয়নাথ চক্রবর্ত্তীর তৈলচিত্র পরিষৎ-মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে।

এই সমস্ত চিত্রমধ্যে ৺চন্দ্রনাথ বসু মহাশয়ের তৈলচিত্র পরিষদের ব্যয়ে, ৺মাইকেল মধুসূদন দত্তের তৈলচিত্র শ্রীযুক্ত শিবনাথ শাস্ত্রী মহাশয়ের সংগৃহীত অর্থে, ও ৺শিশির-কুমার ঘোষ মহাশয়ের তৈলচিত্র তদীয় স্মৃতিরক্ষার জন্য সংগৃহীত অর্থে, ৺প্রিয়নাথ চক্রবর্ত্তী মহাশয়ের তৈলচিত্র তদীয় স্মৃতিরক্ষার জন্য সংগৃহীত অর্থে প্রস্তুত হইয়াছে এবং ৺ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের তৈলচিত্র পরিষদের সদস্য শ্রীযুক্ত মোহিনীনাথ বিশি মহাশয় কর্ত্তৃক ও ৺যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ মহাশয়ের তৈলচিত্র তদীয় পুত্রগণ কর্ত্তৃক পরিষদে প্রদত্ত হইয়াছে।

এ পর্য্যন্ত সর্ব্বসাধারণের অনুগ্রহে পরিষৎ অনেক তৈল-চিত্র সংগ্রহ করিতে সমর্থ হইয়াছেন। এই সমস্ত তৈলচিত্রের পরিচয়-জ্ঞাপক কোনরূপ নিদর্শন না থাকায় পরিষৎ-মন্দিরের দর্শকগণের পক্ষে বিশেষ কোনও সাহায্য হইতেছে না। যাহাতে আগামী বৎসরে এই অভাব বিদূরিত হয় তাহার জন্য চেষ্টা করা হইতেছে।

আলোচ্য-বর্ষে কো-অপারেটিব ক্রেডিট-সোসাইটি, আয়ুর্ব্বেদ বিদ্যালয় এবং গুরুকুল মহাবিদ্যালয়ের ছাত্র হরিশ্চন্দ্র ব্রহ্মচারীর বক্তৃতার জন্য পরিষৎ-মন্দির ব্যবহৃত হইয়াছিল।

বিজ্ঞানালোচনা

১৩১৭ সাল হইতে জনসাধারণমধ্যে বৈজ্ঞানিক তথ্যাদির প্রচারের যে চেষ্টা আরম্ভ হইয়াছে তদনুসারে শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয় আলোচ্য-বর্ষে 'অতীত যুগের মানব' সম্বন্ধে দুইটি প্রবন্ধ পাঠ করেন। সর্ব্বসমেত ১২টি প্রবন্ধে এই বিষয় শেষ হইবে এবং গত বৎসর পরিষদের অন্যান্য নানাপ্রকার কার্য্যে ব্যাপৃত থাকা হেতু হেমবাবু দুইটির বেশী বক্তৃতা দিতে পারেন নাই। পরিষদের সভ্যশ্রেণিমধ্যে বিজ্ঞানালোচনায় নিযুক্ত সভ্যের অসদ্ভাব নাই এবং সাহিত্য-পরিষৎ আশা করেন যে, বিজ্ঞানের নানাবিধ শাখায় পারদর্শী সভ্যগণ অনুগ্রহপূর্ব্বক জনসাধারণ মধ্যে বিজ্ঞান-প্রচারের চেষ্টায় পরিষৎকে যথোপযুক্ত সাহায্য দানে পরাঙ্মুখ হইবেন না। এতদ্ব্যতীত মাসিক অধিবেশনেও বিজ্ঞান আলোচনা হইয়াছে।

পুস্তকালয় ও পাঠাগার

গ্রন্থ-রক্ষক শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় মহাশয়ের তত্ত্বাবধানে আলোচ্য-বর্ষে পুস্তকালয়ের কার্য্যাদি সম্পাদিত হইয়াছিল। বৎসরের প্রারম্ভে অসিত বাবু ব্যোমকেশ বাবুর সাহায্যে অনেক গ্রন্থলেখক ও প্রকাশকদিগের নিকট যাইয়া পরিষদের জন্য কিঞ্চিদধিক চারিশত পুস্তক সংগ্রহ করিয়াছেন। তজ্জন্য পরিষৎ অসিত বাবুর নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। পুস্তকালয়ে সংগৃহীত পুস্তকের তালিকা (বিবরণযুক্ত) প্রায় শেষ হইয়া গিয়াছে। ইহা মুদ্রণের জন্য কিঞ্চিৎ সময়ের আবশ্যক; কিন্তু আশা করা যায় যে বর্ত্তমান বৎসর হইতে পরিষদের পুস্তকালয় হইতে পুস্তক পাঠে সভ্যগণের কোন অসুবিধা হইবে না। কলিকাতা মিউনিসিপালিটি ১৩১৭ সনের শেষভাগে পরিষদের পুস্তকালয়ে ৭৫৲ সাহায্য করিয়াছিলেন; অত্যন্ত সুখের বিষয় যে, পরিষদের পুস্তকালয় আলোচ্য-বর্ষের শেষভাগে কলিকাতা মিউনিসিপালিটির নিকট হইতে ১৫০৲ টাকা সাহায্য প্রাপ্ত হইয়াছে। সাহায্যের জন্য পরিষৎ মিউনিসিপালিটির নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। অর্থাভাবে পরিষৎ কেবলমাত্র ২১৪ খানি পুস্তক ব্যতীত আর কোন নূতন পুস্তক ক্রয় করিতে পারেন নাই; কিন্তু পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় সুযোগমত দুষ্প্রাপ্য গ্রন্থ ও পুরাতন সাময়িক পত্রের কোনও কোনও সংখ্যা ক্রয় করা হইয়াছে এবং আলোচ্য বর্ষে, ২৭২৸৶১০ টাকার পুরাতন এবং ২৯।১০ টাকার নূতন পুস্তক মোট ৩০২।০ টাকার পুস্তক ক্রয় করা হইয়াছে। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের অনেক হিতৈষী সভ্য ও

উপহার প্রদান দ্বারা পুস্তকালয়ের কলেবর বৃদ্ধির সাহায্য করিয়াছেন। ইঁহাদের মধ্যে শ্রীযুক্ত সুকুমার হালদার, শ্রীযুক্ত কবিবর রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ দাস ও শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। সুকুমার বাবু প্রায় এক সহস্র পুস্তক পরিষদে উপহার প্রদান করিয়াছেন। এই পুস্তকগুলির মধ্যে অনেক দুষ্প্রাপ্য ও মূল্যবান্ গ্রন্থ আছে। পরিষৎ স্থাপনাবধি এ পর্য্যন্ত কোন একজন ব্যক্তির নিকট হইতে পরিষৎ একসঙ্গে এতগুলি পুস্তক প্রাপ্ত হন নাই। এই সুযোগে পরিষদের পক্ষ হইতে রাঁচির সুযোগ্য ডিপুটী ম্যাজিষ্ট্রেট সুকুমার বাবুর নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। গত বৎসর মোট ২০৫২ খানি নূতন পুস্তক উপহার পাওয়া গিয়াছে।

সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের তত্ত্বাবধানে ও বসন্ত বাবুর সাহায্যে ও যত্নে পরিষদের পুথির তালিকা ( বিবরণযুক্ত ) দ্রুত ও সুচারুভাবে অগ্রসর হইতেছে। আলোচ্য-বর্ষে পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের হিতৈষী বন্ধুগণের নিকট, হইতে অনেকগুলি পুথি উপহার পাওয়া গিয়াছে। এই সমস্ত উপহারদাতার মধ্যে গত বর্ষের ন্যায় পরিষদের পরম হিতৈষী লালগোলার রাজা বাহাদুর, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় শ্রীযুক্ত নরেশচন্দ্র সিংহ, শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ, ও ছাত্র সভ্য শ্রীযুক্ত ফণীভূষণ বসু মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। আলোচ্য বর্ষে যে সমস্ত নূতন পুথি সংগৃহীত হইয়াছে তন্মধ্যে নিম্নলিখিত পুথিগুলি বিশেষভাবে উল্লেখযোগ্য।

(১) পদরত্নাকর—এই পুথিতে চণ্ডীদাসকৃত অপ্রকাশিত অনেকগুলি নূতন পদ সঙ্কলিত আছে।

(২) ধর্ম্মমঙ্গল—গোবিন্দরাম চক্রবর্ত্তী প্রণীত। ইতিপূর্ব্বে মাণিক গাঙ্গুলী, সহদেব চক্রবর্ত্তী, ফেলারাম, রূপরাম, ঘনরাম, রমাই পণ্ডিত, ময়ূরভট্ট প্রণীত ধর্ম্মমঙ্গল পাওয়া গিয়াছে। পরিষৎ কর্ত্তৃক মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল এবং রমাই পণ্ডিতের শূন্যপুরাণ প্রকাশিত হইয়াছে। গোবিন্দরাম চক্রবর্ত্তীর ধর্ম্মমঙ্গল এ পর্য্যন্ত আর কোথাও পাওয়া যায় নাই।

(৩) অভিষেকপর্ব্ব—এই অভিষেক পর্ব্ব কাশীরাম দাস কৃত। এ পর্য্যন্ত যত মহাভারত পাওয়া গিয়াছে তাহাদের মধ্যে কেবল বিজয় পণ্ডিতের মহাভারতে অভিষেকপর্ব্বের উল্লেখ আছে। কাশীরাম দাসের এই অভিষেকপর্ব্ব ইতিপূর্ব্বে আর পাওয়া যায় নাই এবং ইহা বিজয় পণ্ডিত প্রণীত অভিষেকপর্ব্বের আদর্শে রচিত।

(৪) স্বপ্নপর্ব্ব—এ পর্য্যন্ত বঙ্গভাষায় রচিত অনেকগুলি মহাভারত পাওয়া গিয়াছে; কিন্তু এতন্মধ্যে কাশীদাসের মহাভারত সর্ব্বাপেক্ষা বৃহৎ। সর্ব্বসাধারণে কাশীরামের অষ্টাদশ পর্ব্ব মহাভারতই সুপ্রসিদ্ধ। এই অষ্টাদশ পর্ব্ব ব্যতীত কাশীরাম দাস কৃত পাশাপর্ব্ব, দানপর্ব্ব ও মানপর্ব্বের সংবাদ ইতিপূর্ব্বে জানা গিয়াছে; কিন্তু স্বপ্নপর্ব্ব সম্পূর্ণ নূতন। ঐ পর্ব্বের প্রতিপাদ্য বিষয়—স্বপ্নদর্শনের ফলাফল, যাত্রার শুভাশুভ বিচার প্রভৃতি।

(৫) চৌর-চক্রবর্ত্তী—( বীর কাশীশ্বর কৃত ) ইহা চৌর, তস্কর প্রভৃতির প্রাচীন উপাখ্যান।

(৬) ভীষ্মপর্ব্ব—কৃষ্ণপ্রসাদ ঘোষ কৃত। এই মহাভারতকারের নাম সম্পূর্ণ নূতন।

(৭) নসিরত পুরাণ—এই পুরাণের কেবল একখানি পাতা পাওয়া গিয়াছে। এই পুরাণের ভাষা দেখিয়া ইহা জনৈক মুসলমানের রচিত বলিয়া বোধ হয়।

(৮) শ্রীকৃষ্ণ-কীর্ত্তন—এই পুথিখানির অক্ষর খৃষ্টীয় ১৩শ শতাব্দীতে উৎকীর্ণ বিশ্বরূপ সেনের তাম্রশাসনের অনুরূপ। সাহিত্য-পরিষৎ-পত্রিকার ১৮শ ভাগ ২য় সংখ্যায় এই পুথির আবিষ্কর্ত্তা শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ কর্ত্তৃক সংক্ষিপ্ত বিবরণ বাহির হইয়াছে। এই পুথিখানি বাঁকুড়া জেলাতে প্রাপ্ত হওয়া গিয়াছে এবং ইহা ১২শ খণ্ডে বিভক্ত। এই পুথি-পাঠে মনে হয় যে, ইহা চণ্ডীদাসের প্রথম বয়সের রচনা। কৃষ্ণকীর্ত্তনের ভাষাতে মৈথিল প্রভাব সমধিক দেখিতে পাওয়া যায়। এই পুথির পদসংখ্যা প্রায় ৪০০ ও ইহা একখানি অভিনব গীতিকাব্য এবং এই পুথি পাঠে জানা যায় যে, কবির অপর একটি নাম ছিল অনন্ত।

পাঠাগার পূর্ব্বের ন্যায় জনসাধারণ কর্ত্তৃক ব্যবহৃত হইতেছে। যে সমস্ত সাময়িক-পত্রিকা পরিষৎ-পাঠাগারে রক্ষিত হয় তাহার তালিকা পরিশিষ্টে দ্রষ্টব্য।

### বিদ্যাসাগর লাইব্রেরী

লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের নির্দ্দেশমত বিদ্যাসাগর লাইব্রেরী আলোচ্য-বৎসরেও পরিষৎ মন্দিরে রক্ষিত ছিল।

### চিত্রশালা

অন্যতম সহকারী-সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের তত্ত্বাবধানে আলোচ্য-বৎসরে পরিষদের চিত্রশালার কার্য্যাদি পরিচালিত হইয়াছে। গত বৎসর অনেক-গুলি মূর্ত্তি ইষ্টক ও মুদ্রা সংগৃহীত হইয়াছে এবং যে সমস্ত মূর্ত্তি সংগৃহীত হইয়াছে, তন্মধ্যে শ্রীযুক্ত মুরারিলাল লাহিড়ী ও কৃষ্ণচন্দ্র চৌধুরী কর্ত্তৃক সংগৃহীত সপ্তমাতৃকা, দশাবতার, একাদশা-দিত্যাবেষ্টিত সূর্য্য, রতি ও তৃষ্ণার সহিত কামদেব ও নবগ্রহ-মূর্ত্তি; শ্রীযুক্ত প্রফুল্ল-কুমার সরকারের সংগৃহীত সদাশিবের মূর্ত্তি; শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টশালী কর্ত্তৃক সংগৃহীত হরপার্ব্বতী মূর্ত্তি এবং কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় ও অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার সংগৃহীত ইষ্টক বিশেষভাবে উল্লেখযোগ্য। আলোচ্য-বর্ষে চিত্রশালাতে ১৫৪টি মুদ্রা উপহার পাওয়া গিয়াছে, তন্মধ্যে ৭টি সুবর্ণ, ৭৪টি রৌপ্য ও ৭৩টি তাম্রনির্ম্মিত। পরিষদের অনেক হিতৈষী পরিষদের চিত্রশালায় মুদ্রাসংগ্রহ কার্য্যে বিশেষ সাহায্য করিয়াছেন। এই সমস্ত সহৃদয় বন্ধুর মধ্যে শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত বিনয়-কুমার সরকার, শ্রীযুক্ত কৃষ্ণলাল চৌধুরী, শ্রীযুক্ত নন্দলাল দে এবং শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। পরিষদের চিত্রশালার বিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

### গ্রন্থ-প্রকাশ

আলোচ্যবর্ষে নিম্নলিখিত ছয়খানি গ্রন্থ পরিষৎ-গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইয়াছে।

(১) ঐতরেয় ব্রাহ্মণ—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় কর্তৃক সম্পাদিত। এই গ্রন্থখানি পরিষদের পরম-হিতৈষী লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর ও কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ কর্তৃক প্রবর্তিত ভারত-শাস্ত্র-পীটকের অন্তর্গত প্রথম গ্রন্থ। এই গ্রন্থ পরিশিষ্ট ব্যতীত ৬৭৫ পৃষ্ঠায় সম্পূর্ণ হইয়াছে এবং ইহাতে সমগ্র অষ্টম পঞ্চিকা ঐতরেয় ব্রাহ্মণের মূল, সায়ণের ব্যাখ্যা, বাঙ্গালা অনুবাদ এবং দুরূহ শব্দ প্রভৃতির অর্থাদি-বোধক পাদটীকা দেওয়া হইয়াছে। কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়ের ব্যয়ে এই অনুবাদ প্রকাশিত হইয়াছে এবং আনন্দাশ্রম হইতে প্রকাশিত মূল গ্রন্থের অবলম্বনে এই অনুবাদ করা হইয়াছে। এই গ্রন্থের ভূমিকা একখানি স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশিত হইবে। শ্রীযুক্ত পণ্ডিত জয়চন্দ্র সিদ্ধান্তভূষণ মহাশয় প্রথম দুই অধ্যায়ের অনুবাদ করেন এবং তৎপর তিনি কার্য্য হইতে বিদায় গ্রহণ করেন এবং বর্তমান সম্পাদকের উপর অনুবাদের ভার অর্পিত হয়।

(২) কবি হেমচন্দ্র—এই পুস্তিকাতে সুবিখ্যাত প্রবীণ লেখক ও সম্পাদক শ্রীযুক্ত অক্ষয়-চন্দ্র সরকার মহাশয় কবিবর হেমচন্দ্রের সংক্ষিপ্ত জীবনী প্রদান করিয়াছেন ও তাঁহার কাব্যের সংক্ষিপ্ত সমালোচনা করিয়াছেন। অক্ষয় বাবু হেমবাবুর সহিত বিশেষভাবে পরিচিত ছিলেন। সুতরাং তাঁহার লিখিত হেমবাবুর কাব্যের সমালোচনা যে কাব্যামোদী ব্যক্তির নিকট বিশেষ প্রীতিকর হইবে তাহাতে কোন সন্দেহ নাই। হেমচন্দ্র-স্মৃতিরক্ষা তহবিলের অর্থে এই পুস্তকের মুদ্রণ-কার্য্য হইয়াছে।

(৩) রামানুজাচার্য্যের শ্রীভাষ্য—এই গ্রন্থখানি ভারত-শাস্ত্র-পীটকান্তর্গত এবং লালগোলার রাজা বাহাদুরের সাহায্যে শ্রীযুক্ত পণ্ডিত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ কর্তৃক অনূদিত ও সম্পাদিত হইয়া প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে ব্রহ্মসূত্রের চতুঃসূত্রী মাত্র সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থে প্রথমতঃ সূত্রের নীচে সূত্রের পদগুলির বিশ্লেষণ ও সরল অর্থ দেওয়া হইয়াছে এবং সেই সঙ্গে একটি সংক্ষিপ্ত টীকায় ভাষ্যানুযায়ী সূত্রার্থ বিবৃত করা হইয়াছে। স্থানে স্থানে ভাষ্যের অর্থগুলি জটিল বোধ হওয়াতে শ্রুত-প্রকাশিকা নামক প্রাচীন গ্রন্থের সাহায্য গ্রহণ করা হইয়াছে। টীকা ও অনুবাদ সহ বঙ্গাক্ষরে ইতিপূর্ব্বে এ ভাষ্য বাহির হয় নাই।

(৪) বোধিসত্ত্বাবদান-কল্পলতা—রায় বাহাদুর শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাশ সি আই ই এই গ্রন্থ অনুবাদের ভার গ্রহণ করিয়াছেন। এই গ্রন্থে মোট ১০৮টি পল্লব আছে এবং তন্মধ্যে ২৫টি পল্লব আলোচ্য-বর্ষে প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থ রায় বাহাদুর তিব্বত হইতে তিব্বতের দলই লামার গৃহস্থিত কাঠের পাটায় খোদিত প্রতিলিপি হইতে একপ্রস্থ মুদ্রিত লিপি ভারতবর্ষে লইয়া আসেন। এই গ্রন্থে বুদ্ধদেবের অবদান ব্যতীত বৌদ্ধধর্ম্মের সার অতি সুললিত গল্পচ্ছলে বর্ণিত হইয়াছে।

(৫) শতপথব্রাহ্মণ (২য় খণ্ড)—এই গ্রন্থ শ্রীযুক্ত পণ্ডিত বিধুশেখর ভট্টাচার্য্য কর্ত্তৃক অনুবাদিত হইয়াছে এবং ইহাও ভারত-শাস্ত্র-পীটকের অন্তর্গত।

(৬) ব্যাকরণ—শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম্ এ প্রণীত। বাঙ্গালা ভাষার

একখানি ব্যাকরণের অভাব অনেক দিন হইতে অনুভূত হইতেছে। অধ্যাপক যোগেশ বাবুর এই পুস্তকে সেই অভাব কিয়ৎ পরিমাণে দূরীভূত হইতে পারে।

এই সমস্ত গ্রন্থ ব্যতীত আলোচ্য-বর্ষে নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য আরম্ভ হইয়াছে।

(১) শ্রীকৃষ্ণকীর্ত্তন (চণ্ডীদাসের)—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় সম্পাদিত।

(২) শ্রীভাষ্য (রামানুজাচার্য্যের)—শ্রীযুক্ত পণ্ডিত দুর্গাচরণ সাংখ্যতীর্থ।

(৩) অবদানকল্পলতা (২য় ভাগ)—রায় বাহাদুর শরচ্চন্দ্র দাস সি আই ই।

(৪) শব্দকোষ—শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় সঙ্কলিত।

(৫) ব্রত-কথা—শ্রীমতী কিরণবালা দাসী সঙ্কলিত।

(৬) রাসায়নিক পরিভাষা—শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় সঙ্কলিত।

(৭) চণ্ডীদাসের পদাবলী—শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায় বি এ সম্পাদিত।

পরিষৎ-গ্রন্থপ্রকাশ-বিভাগের এই কার্য্য-বিবরণীতে দেখা যাইতেছে যে, পূর্ব্ব পূর্ব্ব বৎসর অপেক্ষা আলোচ্য-বর্ষে এই বিভাগের কার্য্য সুন্দরভাবে পরিচালিত হইয়াছে এবং এই সুপরিচালনায় অন্যতম সহঃ সম্পাদক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের নিকট পরিষৎ বিশেষভাবে কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ বিষ্ণুমূর্ত্তি পরিচয় ও ঐতরেয়-ব্রাহ্মণের প্রথম সংস্করণের মুদ্রিত গ্রন্থগুলি পরিষদে দান করিয়াছেন। পরিষৎ এই জন্য তাঁহার নিকট কৃতজ্ঞ।

পঞ্জিকায় প্রকাশিত অপর গ্রন্থগুলি যাহাতে অগৌণে মুদ্রণোপযোগী হইতে পারে সে জন্য সমুচিত ব্যবস্থা করা যাইতেছে।

### সাহিত্য-পরিষৎ-পত্রিকা

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের সম্পাদকতায় অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের তত্ত্বাবধানে পত্রিকা-পরিচালন-সমিতি পত্রিকা প্রকাশে যথেষ্ট সাহায্য করিয়াছেন। সাহিত্য-পরিষৎ-পত্রিকা সময়ে প্রকাশিত হইয়াছে এবং প্রকাশিত প্রবন্ধাদির গৌরবে পত্রিকা নিজের পূর্ব্ব প্রতিষ্ঠা অক্ষুণ্ণ রাখিয়াছে। পত্রিকা-পরিচালনা সমিতি যখন প্রথম গঠিত হয়, তখন পরিষদের অনেক হিতৈষী বন্ধু এই সমিতির উপকারিতা সম্বন্ধে সন্দিহান ছিলেন। কিন্তু গত দুই বৎসরের অভিজ্ঞতায় দেখা গিয়াছে যে, আজকাল পরিষৎ-পত্রিকায় প্রকাশার্থ যে সমস্ত নানা শ্রেণীর প্রবন্ধ প্রেরিত হইয়া থাকে সেগুলি পত্রিকায় প্রকাশযোগ্য কি না তাহা স্থির করা কোন ব্যক্তিবিশেষের পক্ষে সম্ভবপর নহে। পত্রিকায় যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হয় তাহা সাধারণ পাঠকের মনোজ্ঞ হয় না, এই অভিযোগ পত্রিকার বিরুদ্ধে কিছুদিন হইতে চলিয়া আসিতেছে। সাধারণ সাময়িক পত্রিকা হইতে সাহিত্য-পরিষৎ-পত্রিকার পার্থক্য কোথায়, তাহা গতবৎসর কার্য্যবিবরণীতে উল্লেখ করা হইয়াছিল; কিন্তু বোধ হয় গত বৎসর এই বিষয়ে যে হেতু প্রদর্শন করা হইয়াছিল তাহা সর্ব্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করে নাই। সেই হেতু পুনরায় এ প্রসঙ্গের আলোচনা করা

যাইতেছে। অত্যন্ত সুখের বিষয় যে, বাঙ্গালা দেশে আজকাল কেহ কেহ কোন কোন বিষয়ে নূতন তথ্যানুসন্ধানে নিযুক্ত আছেন। স্বর্গীয় রাজা রাজেন্দ্রলাল মিত্র, মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী, বিজ্ঞানাচার্য্য প্রফুল্লচন্দ্র ও জগদীশচন্দ্র প্রভৃতি মনীষিগণ দেখাইয়াছেন যে, বাঙ্গালীর মস্তিষ্ক হইতেও নূতন সত্য বাহির হইতে পারে এবং অত্যন্ত সুখের বিষয় যে, আজকাল অনেকেই তাঁহাদের পথ অনুসরণ করিতেছেন। প্রেসিডেন্সি কলেজের রাসায়নিক যন্ত্রাগারে আচার্য্য প্রফুল্লচন্দ্রের অনেক শিষ্য নূতন রাসায়নিক তত্ত্ব আবিষ্কার করিয়াছেন এবং এই সমস্ত আবিষ্কারের জন্য তাঁহারা পাশ্চাত্য বৈজ্ঞানিকদিগের নিকট প্রশংসা পাইয়াছেন। রাজসাহীর কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় ও শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ প্রভৃতি মহাশয়গণের গঠিত অনুসন্ধান-সমিতি বরেন্দ্র প্রদেশ হইতে ঐতিহাসিক তথ্যানুসন্ধানে নিযুক্ত আছেন, তাহা পরিষদের সভ্যমাত্রই জানেন, এবং সমস্ত দেশ মধ্যে যে একটি স্বাবলম্বন ও স্বাধীন চিন্তার ভাব ক্রমশঃ অতি ধীরে ধীরে প্রকটিত হইতেছে এই অনুসন্ধান-সমিতি তাহারই একটি আভাস মাত্র।

আমাদের দেশীয় কৃতবিদ্যগণ যে সমস্ত নূতন তথ্যের আবিষ্কার বা আলোচনা করেন, নানা কারণে তাঁহাদের সেই সমস্ত আলোচনা বা আবিষ্কারের ফল বৈদেশিক ভাষার সাহায্যে সুধীসমাজে প্রকাশিত হইয়া থাকে। সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি আশা করেন যে, ক্রমশঃ বাঙ্গালীর মস্তিষ্ক দ্বারা আবিষ্কৃত নূতন তথ্য বাঙ্গালা ভাষাতে পরিচালিত পত্রিকার সাহায্যে প্রকাশিত হইয়া দেশ বিদেশে বাঙ্গালা ভাষা ও বাঙ্গালী জাতির গৌরব বিস্তার করিবে। যাহাতে পত্রিকার এই স্বাতন্ত্র্য বিশেষভাবে রক্ষিত হয়, পত্রিকা-পরিচালন-সমিতি সর্ব্বদাই সে বিষয়ে বিশেষ দৃষ্টি রাখিয়া কার্য্য করেন এবং বাস্তবিক পক্ষে বলিতে গেলে এই বিষয়ে বিশেষ তীক্ষ্ণদৃষ্টি রাখিবার জন্যই পত্রিকা-পরিচালন-সমিতি গঠিত হইয়াছে। অনেকে এই প্রশ্ন করিয়া থাকেন যে, সাহিত্য-পরিষৎ-পত্রিকাতে সাহিত্য ব্যতীত অন্য বিষয় সম্বন্ধীয় প্রবন্ধ কি হেতু প্রকাশিত ও আলোচিত হয়। এই সম্বন্ধেও দুই একটি কথা বলা বোধ হয় অপ্রাসঙ্গিক হইবে না। বঙ্গীয়-সাহিত্য-পরিষদে সাহিত্য-শব্দ অত্যন্ত ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। প্রাচীন ও আধুনিক সাহিত্য, প্রত্নতত্ত্ব, ইতিহাস, বিজ্ঞান প্রভৃতি জ্ঞানের নানাবিধ শাখা সম্বন্ধীয় মৌলিক আলোচনার ফল স্বতন্ত্র পত্রিকায় বাহির হইবে এরূপ অবস্থা আমাদের দেশে এখনও হয়। নাই আরও কিছু দিন কেবল সাহিত্য-পরিষৎ-পত্রিকা দ্বারাই সমস্ত অভাব পূরণ করিতে হইবে ও এই হেতুই আরও কিছুদিন সাহিত্য-পরিষৎ-পত্রিকায় বহুবিধ বিষয় সম্বন্ধীয় প্রবন্ধাদি প্রকাশিত হইবে। যখন ভিন্ন ভিন্ন আলোচনার ফল প্রকাশের জন্য ভিন্ন ভিন্ন সাময়িক পত্রিকার প্রচার আবশ্যক ও সম্ভবপর হইবে, তখন দেশের এক মহা সুদিন উপস্থিত হইবে, এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যে উচ্চ আদর্শ লইয়া জন্মগ্রহণ করিয়াছেন তাহা সফল হইবে।

"বিজ্ঞান দর্শন ইতিহাসাদি বিষয়ে বাঙ্গালা সাহিত্যের অবস্থা এখনও অপূর্ণ ও দরিদ্র" সাহিত্য-পরিষৎ এই কথার সত্যতা পূর্ব্বে উপলব্ধি করিতে পারিয়াছেন। পরিষৎ যে সমস্ত উদ্দেশ্য

লইয়া জন্মগ্রহণ করিয়াছেন, দর্শন বিজ্ঞান ইতিহাস প্রভৃতি সম্বন্ধে উৎকৃষ্ট গ্রন্থাদি প্রকাশ ও দেশের জনসাধারণের মধ্যে সেই সমস্ত বিষয়ের আলোচনা সমধিক পরিমাণে প্রচলিত করা সেই সকল উদ্দেশ্যের মধ্যে অন্যতম। পরিষৎ-পত্রিকায় যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হয় সেই সমস্ত প্রবন্ধ কেবল বিশেষজ্ঞদিগের উপযোগী হয়, কিন্তু সেই সমস্ত প্রবন্ধ দ্বারা জনসাধারণ-মধ্যে শিক্ষা-বিস্তারের কোনই সাহায্য হইতে পারে না। সাহিত্য-পরিষৎ স্বীয় কার্য্যের এই অভাব বুঝিতে পারিয়াই গত দুই বৎসর হইল পরিষৎ-মন্দিরে সাধারণের উপযোগী নানা বিষয়ক আলোচনার বন্দোবস্ত করিতেছেন। পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতির এই অভিপ্রায় যে, যদি কোন এক বিশেষ বিষয় সম্বন্ধে জনসাধারণের উপযোগী কতকগুলি প্রবন্ধ ধারাবাহিকরূপে লিখিত হয় তাহা হইলে সেই সমস্ত প্রবন্ধ একত্র পুস্তকাকারে প্রকাশিত হইলে জনসাধারণমধ্যে শিক্ষা-বিস্তারের সহায়তা করিবে ও সাধারণ বৈজ্ঞানিক, ঐতিহাসিক, দার্শনিক প্রভৃতি সাহিত্যের রচনা হইবে। কিন্তু এই কার্য্য যথোপযুক্ত ভাবে পরিচালনা করিতে হইলে বিদ্বৎসমাজের সাহায্য ও প্রচুর অর্থের প্রয়োজন। বিষয়ের গুরুত্ব উপলব্ধি করিয়া আমাদের দেশীয় লক্ষ্মী ও সরস্বতীর বরপুত্রগণ পরিষৎকে এই বিষয়ে সাহায্য করিতে অগ্রসর হইবেন বলিয়াই আশা করি।

আলোচ্য বৎসর ১৭শ ভাগ পত্রিকার চতুর্থ সংখ্যা ও অষ্টাদশ ভাগ পরিষৎ-পত্রিকা চারি সংখ্যায় বাহির হইয়াছে। ১৮শ ভাগ পত্রিকায় সভাপতি মহাশয়ের অভিভাষণ ব্যতীত ২৭টি প্রবন্ধ প্রকাশিত হইয়াছে এবং ইহাদের মধ্যে ৭টি ইতিহাস, ৫টি প্রত্নতত্ত্ব, ৬টি ভাষাতত্ত্ব, ৩টি প্রাচীন সাহিত্য, ২টি গ্রাম্যসাহিত্য, ২টি পুস্তক ও পুথির বিবরণ, ১টি বৈজ্ঞানিক পরিভাষা ও ১টি বিজ্ঞান সম্বন্ধীয়।

### বিশেষ-সভ্যগণের কার্য্য

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় মহাশয় ও শ্রীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় বিশেষ সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। পূর্ব্ব-নির্ব্বাচিত বিশেষ সভ্যগণের মধ্যে পণ্ডিত শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন মহাশয় পুথি ও প্রবন্ধ দ্বারা উল্লেখযোগ্য ভাবে পরিষৎকে সাহায্য করিয়াছেন। শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয় পরিষৎ-মন্দিরে অনুষ্ঠিত প্রদর্শনীতে পরিষৎকে বিশেষভাবে সাহায্য করিয়াছেন। কিন্তু দুঃখের বিষয় এতদ্ভিন্ন অন্যান্য বিশেষ সভ্যগণের নিকট হইতে আশানুরূপ কোন সাহায্য আলোচ্য বর্ষে পাওয়া যায় নাই। আলোচ্য বৎসরের শেষ ভাগে সাহিত্য-পরিষদের নূতন নিয়মাবলী পরিগৃহীত হইয়াছে। এই নিয়মানুসারে বিশেষ সভ্যের পদ লোপ পাইয়াছে।

### ছাত্র-সভ্য

অধ্যাপক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয়ের তত্ত্বাবধানে ছাত্র-সভ্যগণের কার্য্যকারিতা উত্তরোত্তর বৃদ্ধি হইতেছে। আলোচ্য বর্ষে ছাত্রগণ নিজ নিজ রুচি অনুসারে ইতিহাস, ভাষাতত্ত্ব, পল্লীকথা, চরিত্র-চিত্র প্রভৃতির আলোচনা করিয়াছেন এবং তাঁহাদের দ্বারা অনেক রূপকথা, গ্রাম্যশব্দ, ছড়া, হেঁয়ালি প্রভৃতি সংগৃহীত হইয়াছে। কতিপয় ছাত্র-সভ্য

পুরাতন ইষ্টক, দেবমূর্ত্তির আলোকচিত্র প্রভৃতি সংগ্রহ করিয়া পরিষদের চিত্রশালায় উপহার প্রদান করিয়াছেন। আলোচ্য বর্ষে ১২জন ছাত্র-সভ্যের নিকট হইতে ২৯টি প্রবন্ধ পাওয়া গিয়াছে। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের উপর এই সমস্ত প্রবন্ধ-পরীক্ষার ভার অর্পণ করা হইয়াছিল। তিনি নয় জন ছাত্রের প্রবন্ধ পুরস্কারযোগ্য বলিয়া বিবেচনা করিয়াছেন। পরিষৎ ছাত্রগণের পুরস্কারের জন্য ৮৫৲ মঞ্জুর করিয়াছেন। নগেন্দ্র-বাবুর ব্যবস্থানুসারে পুরস্কার ভাগ করিয়া দেওয়া হইয়াছে। কবিবর রবীন্দ্রনাথের সংবর্দ্ধনাতে ও পরিষদের প্রদর্শনীতে ছাত্রসভ্যদের নিকট হইতে যথেষ্ট সাহায্য পাওয়া গিয়াছিল।

### পুরস্কার

গত বৎসর পাঁচটি পুরস্কার বিজ্ঞাপিত হইয়াছিল। তন্মধ্যে বীরেশ্বর পাঁড়ে পুরস্কার, কৃষ্ণ-বিনোদিনী স্বর্ণপদক, রজনীকান্ত রৌপ্যপদক ও নবীনচন্দ্র সেন স্বর্ণপদক। এই কয়েক বিষয়ের প্রবন্ধ হস্তগত হইয়াছিল। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়ের উপর "কৃষ্ণবিনোদিনী পদকে"র জন্য প্রাপ্ত প্রবন্ধগুলি পরীক্ষার ভার দেওয়া হইয়াছিল। পরীক্ষকগণ কোন প্রবন্ধই পুরস্কারযোগ্য বিবেচনা করেন নাই। শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় "রজনীকান্ত রৌপ্যপদকে"র জন্য প্রাপ্ত প্রবন্ধগুলি বিচার করিয়াছিলেন; শ্রীযুক্ত কালিদাস রায় বি এ মহাশয়ের প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হইয়াছে। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহাশয়ের উপর "বীরেশ্বর পাঁড়ে" পুরস্কারের জন্য প্রাপ্ত প্রবন্ধগুলির পরীক্ষার ভার দেওয়া হইয়াছিল; শ্রীযুক্ত শীতলচন্দ্র চক্রবর্ত্তী বিদ্যানিধি এম্ এ মহাশয়ের প্রবন্ধ পুরস্কারযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে। স্বর্গীয় কবি নবীনচন্দ্র সেনের স্মৃতি-উদ্দেশে প্রদত্ত পদকদ্বয়ের জন্য প্রাপ্ত প্রবন্ধ পরীক্ষার ভার শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের উপর দেওয়া হইয়াছিল; শ্রীযুক্ত বগলামোহন দাশগুপ্ত মহাশয়ের প্রবন্ধ পুরস্কারের উপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে। দুঃখের বিষয় যে আলোচ্য বর্ষে পুরস্কার প্রভৃতির জন্য আশানুরূপ প্রবন্ধ হস্তগত হয় নাই। পুরস্কারের সংবাদ যথোপযুক্তভাবে বিজ্ঞাপিত না হওয়াই এইরূপ ঘটনার প্রধান কারণ বলিয়া মনে হয়। যে সমস্ত পুরস্কারের জন্য প্রাপ্ত কোনও প্রবন্ধই পুরস্কারযোগ্য বলিয়া বিবেচিত হয় নাই, সেই সমস্ত বিষয় সম্বন্ধীয় প্রবন্ধ-প্রেরণের জন্য সময় বাড়াইয়া দেওয়া হইয়াছে। গত কার্য্য-বিবরণীতে বিবৃত পুরস্কার ব্যতীত আলোচ্য বর্ষে পরিষদের হস্তে নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধীয় পুরস্কারের ভার প্রদত্ত হইয়াছে:—

(১) ৺রাধেশচন্দ্র জাতীয়-শিক্ষাবৃত্তি। বঙ্গভাষায় পাশ্চাত্য সাহিত্য সমালোচনার জন্য এই বৃত্তি প্রদত্ত হইবে।

(২) ৺প্রিয়নাথ চক্রবর্ত্তী বৃত্তি।

আশা করা যায় এই সমস্ত পুরস্কারের জন্য আগামী বৎসর আশানুরূপ প্রবন্ধ পাওয়া যাইবে। যে সমস্ত সহৃদয় ব্যক্তি এই সমস্ত পুরস্কারের জন্য অর্থ প্রদান করিয়াছেন

তাঁহাদিগকে এবং যে সকল বন্ধু পুরস্কারের জন্য প্রাপ্ত প্রবন্ধগুলি পরীক্ষা করিয়াছেন তাঁহাদের নিকট পরিষৎ বিশেষভাবে কৃতজ্ঞ।

শাখা-সমিতির কার্য্য

গত বৎসর গ্রন্থপ্রকাশ সমিতির তিনটি অধিবেশন হইয়াছিল এবং সমিতি পরিষৎ-প্রকাশ্য গ্রন্থ সম্বন্ধে যথাকর্ত্তব্য নির্দ্ধারণ করিয়াছেন।

পরিভাষা

আলোচ্য বর্ষে পরিভাষা-সমিতির কার্য্য অনেকদূর অগ্রসর হইয়াছে। অনেকগুলি বৈজ্ঞানিক পরিভাষা সংগৃহীত হইয়াছে এবং আচার্য্য প্রফুল্লচন্দ্র সম্পাদিত রাসায়নিক পরিভাষা শীঘ্রই স্বতন্ত্র পুস্তকাকারে বাহির হইবে। এ পর্য্যন্ত পরিষৎ অনেকগুলি বৈজ্ঞানিক পরিভাষা বাহির করিয়াছেন। ভারতবর্ষের ভিন্ন ভিন্ন স্থানে প্রাদেশিক ভাষার সাহায্যে বিজ্ঞানশিক্ষার সূত্রপাত হইতেছে, যাহাতে ভারতের সমস্ত প্রদেশে একটি সর্ব্বজনীন বৈজ্ঞানিক পরিভাষা গৃহীত হয়, সে বিষয়ে প্রত্যেকেরই চেষ্টা করা উচিত এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষদের এ বিষয়ে নেতৃত্ব গ্রহণ করা কর্ত্তব্য। বিজ্ঞানের যে সমস্ত বিষয় সম্বন্ধীয় পরিভাষা এখনও বাহির হয় নাই, সেগুলি যাহাতে অতি সত্বর বাহির হয় সে বিষয়ে চেষ্টা করা কর্ত্তব্য এবং এই সমস্ত পরিভাষা একত্র করিয়া একখানি স্বতন্ত্র পুস্তক ছাপাইয়া বিদ্বৎসমাজের অভিমতের জন্য সর্ব্বত্র বিতরণ করা কর্ত্তব্য। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের দৃষ্টান্তে ভারতের নানা স্থানে আরও অনেক সাহিত্য-পরিষৎ স্থাপিত হইয়াছে। বৈজ্ঞানিক পরিভাষা প্রণয়নে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহিত এই সকল সমিতির একযোগে কার্য্য করা উচিত।

নবীনচন্দ্র-স্মৃতি-সমিতি

নবীনচন্দ্র-স্মৃতি-সমিতির কার্য্য আলোচ্য বর্ষে অনেকদূর অগ্রসর হইয়াছে। জয়পুরের মর্ম্মরে কবিবরের যে মূর্ত্তি প্রস্তুত করিবার প্রস্তাব হইয়াছিল, অনেক চেষ্টার পর দেখা গেল যে তাহা সম্ভবপর নহে। ইটালিয়ান ভাস্কর মিঃ বইস্‌কে মূর্ত্তি-প্রস্তুতের ভার দেওয়া হইয়াছে।

কাশীরাম-স্মৃতি-সমিতি

কাশীরাম-স্মৃতিসমিতির কার্য্য বেশ অগ্রসর হইয়াছে। কাটোয়াতে শ্রীযুক্ত তারকচন্দ্র রায় ও শ্রীযুক্ত জ্যোতিঃপ্রসাদ সিংহ মহাশয়ের যত্নে অনেক অর্থ সংগৃহীত হইয়াছে; কলিকাতাতেও কিঞ্চিৎ অর্থ সংগৃহীত হইয়াছে।

শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় তাঁহার প্রতিশ্রুত ৫০০৲ মধ্যে ২০০৲ দিয়াছেন। কাটোয়াতে শতাধিক টাকা সংগৃহীত হইয়া ডাকঘরে জমা আছে।

চন্দ্রকান্ত-স্মৃতি-সমিতি

পরলোকগত মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়ের স্মৃতি-রক্ষার জন্য একটি সমিতি নূতন গঠিত হইয়াছে। মহারাজ শ্রীযুক্ত কুমুদচন্দ্র সিংহ বাহাদুর এই সমিতির সভাপতি ও শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী মহাশয় সম্পাদক নিযুক্ত হইয়াছেন।

আয়-ব্যয়

পরিষদের আয়-ব্যয়ের হিসাব পরিশিষ্টে প্রদত্ত হইল। গত ১৮শ বার্ষিক পঞ্জিকায় ১৩১৮ সালের যে আনুমানিক আয়-ব্যয়ের বিবরণ প্রকাশিত হইয়াছিল, তাহার সহিত উক্ত সনের আয়-ব্যয়ের তুলনা করিয়া দেখা যাইবে যে, চাঁদা বাবদ প্রায় ৮০০৲ কম আয় হইয়াছে। গত পৌষ মাসে পরিষদে যে প্রদর্শনী খোলা হইয়াছিল সেই প্রদর্শনীহেতু পরিষদের কর্ম্মচারীদের ও আদায়কারী পিয়নদের কার্য্য কিছু অধিক হওয়াতে চাঁদা আদায়ের ন্যূনতা ঘটিয়াছে। এতদ্ব্যতীত রঙ্গপুর-শাখা-সভা হইতেও শাখা-সভার সম্পাদক মহাশয়ের অসুস্থতা নিবন্ধন ঐ শাখার সভ্যগণের চাঁদা কম পাওয়া গিয়াছে। পরিষদের আয়-ব্যয়ের হিসাব একটু মনোযোগ সহকারে দেখিলে বুঝা যাইবে যে, পরিষদের সভ্যবৃদ্ধির সঙ্গেই ইহার ব্যয়ও বাড়িতেছে। যদি সভ্যগণ নিয়মিতরূপে স্বীয় চাঁদা প্রদান করেন, তাহা হইলে বৎসরের শেষে পরিষদের সমস্ত দেনা পরিশোধ হইতে পারে; কিন্তু দুঃখের বিষয় যে, সভ্যগণ এ বিষয়ে কিঞ্চিৎ উদাসীন। এই বিষয়ে সভ্যগণের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

সাধারণ বাজার-দেনা ব্যতীত গৃহ-নির্ম্মাণ তহবিলের এখনও প্রায় তিন হাজার টাকা ঋণ রহিয়াছে। অত্যন্ত দুঃখ ও পরিতাপের বিষয় যে, গত তিন বৎসর হইল পরিষৎ এই ঋণ বহন করিয়া আসিতেছেন। গত ১৫শ বার্ষিক অধিবেশনের অভিভাষণে সভাপতি মহাশয় যাহা বলিয়াছিলেন সেই কথার প্রতিধ্বনিস্বরূপ পরিষদের সদস্যদিগকে সানুনয়ে জ্ঞাপন করা যাইতেছে যে, পরিষদের প্রত্যেক সভ্য যদি অনুগ্রহপূর্ব্বক পরিষদের তহবিলে ৩৲ টাকা ভিক্ষা স্বরূপ প্রদান করেন, তাহা হইলে পরিষদের সমস্ত ধার শোধ হইবে ও মন্দিরের অনেক অভাব বিদূরিত হইতে পারে। তিন বৎসর পূর্ব্বে প্রত্যেক সভ্যের নিকট ৬৲ টাকা ভিক্ষা চাওয়া হইয়াছিল, কিন্তু সম্প্রতি সভ্যসংখ্যা দ্বিগুণ হওয়াতে, ভিক্ষার্থী সম্পাদকের ভিক্ষার পরিমাণ কমিয়া গিয়াছে বলা বাহুল্য যে ধার শোধ হইলে পরিষৎ আরও অনেক হিতকর কার্য্যে লিপ্ত হইতে পারেন।

শাখা-সভা

আলোচ্য বর্ষে গৌহাটী, বরিশাল ও চট্টগ্রাম এই তিন স্থানে সাহিত্য-পরিষদের শাখা স্থাপিত হইয়াছে। ঢাকাতেও এক শাখা স্থাপনের প্রস্তাব হইয়াছিল, কিন্তু প্রস্তাবকারিগণের সহিত কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন কোন বিষয়ে মতের মিল না হওয়াতে উক্ত নগরে শাখা স্থাপিত হইতে পারে নাই। মেদিনীপুরেও শাখা স্থাপনের প্রস্তাব হইয়াছে। শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী মহাশয় বরিশালে শাখা-সভার সম্পাদকতা গ্রহণ করিয়াছেন এবং গৌহাটীতে শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় চৌধুরী এম্ এ ও চট্টগ্রামে শ্রীযুক্ত বিপিনচন্দ্র গুহ মহাশয় প্রথম সম্পাদক নিযুক্ত হইয়াছিলেন। পুরাতন শাখাগুলির মধ্যে অনেক শাখাই গত বৎসর আশানুরূপ কাজ করিতে পারেন নাই। রঙ্গপুর-শাখার সুযোগ্য সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী মহাশয়ের দীর্ঘকালব্যাপী শারীরিক অসুস্থতায় রঙ্গপুর-শাখা ক্ষতিবোধ করিয়াছেন। ভাগলপুর-শাখার যত্নে বৌদ্ধযুগের অনেক প্রস্তর-মূর্ত্তি মূল পরিষদের জন্য সংগৃহীত হইয়াছে।

অনুসন্ধান-সমিতি

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়-প্রবর্ত্তিত বরেন্দ্র-ভ্রমণের সংবাদ ইতিপূর্ব্বে সভ্যদিগকে জানান হইয়াছে। কুমার বাহাদুর ও তাঁহার সহকারিগণ গত বৎসরেও বরেন্দ্র প্রদেশের নানা স্থানে ভ্রমণ করিয়া ঐতিহাসিক উপকরণাদি সংগ্রহ করিয়াছেন। কিছুদিন হইল বরেন্দ্র-ভ্রমণের ফল-স্বরূপ শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ মহাশয় কর্ত্তৃক লিখিত 'গৌড়রাজমালা' নামক পুস্তকের প্রথম খণ্ড বাহির হইয়াছে।

আলোচ্য বর্ষে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অনুমোদনক্রমে একটি ঐতিহাসিক অনুসন্ধান সমিতি গঠিত হইয়াছে। শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত হরিদাস পালিত, শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র রায়, শ্রীযুক্ত কৌশিকীচরণ সরকার ও শ্রীযুক্ত অবনীমোহন মুখোপাধ্যায় এই অনুসন্ধান-সমিতির প্রবর্ত্তক। আলোচ্যবর্ষে এই সমিতি উত্তর-রাঢ়ে ঐতিহাসিক উপকরণাদি সংগ্রহের জন্য উজানী ও মঙ্গলকোট গিয়াছিলেন এবং তাঁহাদের অনুসন্ধানের ফল সাহিত্য-পরিষদে বিজ্ঞাপিত হইবে। আমাদের দেশে অনেক অনুসন্ধানের বিষয় আছে তাহা কাহারও অবিদিত নাই। আজকাল অনেকে ব্যক্তিগতভাবে অন্যান্য বিষয়ের মধ্যে ঐতিহাসিক উপকরণাদি সংগ্রহ করিতেছেন। এই সমস্ত কার্য্যে ব্যক্তিগত ভাবে যত ফল পাওয়া যায় কয়েকজন একত্র হইয়া কাজ করিলে তদপেক্ষা অধিক ফললাভের সম্ভাবনা। কেবল ঐতিহাসিক ও প্রত্নতত্ত্বের আলোচনা করিলেই পরিষদের সভ্যগণের ও বাঙ্গালার সাহিত্যসেবিগণের কর্ত্তব্যের অবসান হয় না। ঐতিহাসিক ও প্রত্নতত্ত্বের উপকরণ সংগ্রহ ব্যতীত আমাদের দেশে আরও অনেক বিষয়ের সংগ্রহযোগ্য উপকরণ চারিদিকে বিক্ষিপ্ত রহিয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষদে ভগ্ন মূর্ত্তি ও ইষ্টকের আলোচনাই সমধিক পরিমাণে হয়, এইরূপ অভিযোগ মাঝে মাঝে শুনিতে পাওয়া যায়। ইতিহাস ও প্রত্নতত্ত্ব ব্যতীত পরিষদের অন্যান্য বিষয়ে অভিজ্ঞ সদস্যগণ যতদিন স্বীয় জ্ঞানভাণ্ডার পরিষদের জন্য উন্মুক্ত না করিবেন, ততদিন এইরূপ অভিযোগ অপনোদিত হইতে পারিবে না। পরিষদের সদস্যগণ মধ্যে উদ্ভিদ্‌বিদ্যা, প্রাণীতত্ত্ব, কৃষি-বিদ্যা, ভাষাতত্ত্ব প্রভৃতি বিষয়ে বিশেষভাবে অভিজ্ঞ যে না আছেন তাহা নহে। এই সমস্ত বিষয়ে অভিজ্ঞদের তত্ত্বাবধানে পরিষৎ হইতে নানাপ্রকার অনুসন্ধান-সমিতি গঠিত হওয়া কর্ত্তব্য এবং এইরূপ সমিতি গঠিত হইলে পরিষৎ ঐতিহাসিক ও প্রত্নতত্ত্ববিদের একচেটিয়া হইবে না।

রমেশ-ভবন

আলোচ্য বর্ষে রমেশ-ভবনের কার্য্য কিঞ্চিৎ অগ্রসর হইয়াছে। মাননীয় কাসিমবাজারের মহারাজ যে ভূমি দান করিবেন, সেই দানপত্রের খসড়া প্রস্তুত হইয়াছে। আশা করা যায় যে, আগামীবর্ষে এই ভবনের ভিত্তি প্রতিষ্ঠিত হইবে। অত্যন্ত পরিতাপের বিষয় যে, দেশীয় অনেকেই এই ভবনের সহিত এ পর্য্যন্ত সহানুভূতি প্রকাশ করেন নাই। প্রস্তাবিত রমেশ-ভবন স্থাপিত হইলে, বাঙ্গালা দেশের এক গুরুতর অভাব বিদূরিত হইবে এবং দেশমধ্যে শিক্ষা ও জ্ঞান-বিস্তারে অনেক সহায়তা করিবে। আমাদের দেশে এখন কোন সংগ্রহশালা নাই, যে

স্থানে বাঙ্গালাদেশের সমস্ত দর্শনযোগ্য দ্রব্য বা তাহার নমুনা একত্র দেখিতে পাওয়া যাইতে পারে। কলিকাতা যাদুঘর একটি প্রকাণ্ড ব্যাপার। এইস্থানে বাঙ্গালার সমস্ত দ্রব্য অন্যান্য প্রদেশীয় দ্রব্যের সহিত মিশিয়া রহিয়াছে। তাহাদের স্বাতন্ত্র্য মোটেই রক্ষিত হয় নাই, রক্ষিত হওয়া সম্ভবপর নহে ও বাঞ্ছনীয়ও নহে। রমেশ-ভবন দ্বারা কিঞ্চিৎ পরিমাণে এই স্বাতন্ত্র্য রক্ষার চেষ্টা করা হইতেছে এবং আশা করা যায় যে, প্রত্যেক স্বদেশহিতৈষী সাহিত্য-পরিষদের এই সঙ্কল্পিত কার্য্যে যোগদান করিয়া সহায়তা করিবেন।

প্রদর্শনী

আলোচ্য বর্ষে পৌষমাসে বড়দিনের ছুটীর সময় প্রস্তাবিত রমেশ-ভবনের জন্য সংগৃহীত দ্রব্যাদি সম্রাটের শুভাগমন এবং কংগ্রেস প্রভৃতির উপলক্ষে কলিকাতায় সমাগত ভদ্রমণ্ডলীকে দেখাইবার জন্য এক প্রদর্শনী খোলা হইয়াছিল। প্রথমে স্থির হইয়াছিল যে, এই প্রদর্শনী তিন সপ্তাহ খোলা থাকিবে, কিন্তু সর্ব্বসাধারণের আগ্রহাতিশয্যে প্রদর্শনী আরও তিন সপ্তাহ খুলিয়া রাখিতে হইয়াছিল। এই দেড়মাস মধ্যে ভদ্রমহিলাদের জন্য কয়েকটি দিন নির্দ্দিষ্ট ছিল এবং অন্যূন দশ সহস্র লোক এই প্রদর্শনী দেখিতে আসিয়াছিলেন। এই প্রদর্শনীতে প্রাচীন মুদ্রা, প্রস্তরমূর্ত্তি, মৃত-সাহিত্যিকদের হস্তাক্ষর, তাঁহাদের ব্যবহৃত দ্রব্যাদি, অনেক পুস্তকের পাণ্ডুলিপি, নানা-প্রকার কারুকার্য্যখচিত ও চিত্রসম্বলিত ইষ্টক, নানাস্থানের আলোকচিত্র, নানা দুষ্প্রাপ্য ও বহুমূল্য পুথি ও পুস্তক, তাম্রশাসন, ধাতুমূর্ত্তি, বঙ্গদেশের ভূ-তত্ত্ব জীব-তত্ত্ব ও উদ্ভিদ্-তত্ত্ব সম্বন্ধে দ্রব্যাদি প্রদর্শিত হইয়াছিল। সাহিত্য-পরিষদের সংগৃহীত দ্রব্যাদি ব্যতীত অপর যে সমস্ত স্থান হইতে প্রদর্শনের জন্য দ্রব্যাদি ধার পাওয়া গিয়াছিল, তন্মধ্যে শ্রীযুক্ত রায় মৃত্যুঞ্জয় রায় চৌধুরী বাহাদুর এম্ আর এ এস্ মহাশয়ের সংগৃহীত প্রাচীন মুদ্রা ও ভাগলপুরের শ্রীযুক্ত সৌরীন্দ্রমোহন সিংহ মহাশয় প্রদত্ত ধাতুমূর্ত্তি সবিশেষ উল্লেখযোগ্য। এই প্রদর্শনী দেখিবার জন্য মাননীয় বিচারপতি হোমউড সস্ত্রীক, মাননীয় বিচারপতি উড্রফ, সার চন্দ্রমাধব ঘোষ,সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, সার প্রতুলচন্দ্র চট্টোপাধ্যায়, মিঃ গোখলে, মাননীয় মদনমোহন মালব্য, বিজিনা গ্রামের মহারাজের প্রাইভেট সেক্রেটারী মিঃ আপ্পারাও, ইণ্ডিয়ান মিউজিয়মের মিঃ আনানডেল, মিঃ টিপার, রাজসাহীর কমিশনার মিঃ মনাহান, কৃষ্ণনগরের মহারাজ, দিনাজপুরের মহারাজ, সুসঙ্গের মহারাজ, বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী, বিচারপতি শ্রীযুক্ত দিগম্বর চট্টোপাধ্যায়, বিচারপতি শ্রীযুক্ত নলিনীরঞ্জন চট্টোপাধ্যায়, লালগোলার রাজা বাহাদুর, রাজা বিজয়সিংহ দুধোরিয়া, মিসেস্ জে সি বসু, শ্রীযুক্ত স্বর্ণকুমারী দেবী, শ্রীমতী সরলাদেবী চৌধুরাণী প্রভৃতি দেশীয় ও বিদেশীয় অনেক গণ্যমান্য ব্যক্তি পরিষৎ-মন্দিরে পদার্পণ করিয়াছিলেন এবং তাঁহারা প্রদর্শনী দেখিয়া অত্যন্ত প্রীতি প্রকাশ করিয়াছিলেন। দর্শকগণের মধ্যে প্রায় সকলেই এই প্রদর্শনী দেখিয়া প্রস্তাবিত রমেশ-ভবনের আবশ্যকতা বিশেষভাবে উপলব্ধি করিতে সমর্থ হইয়াছেন এবং রমেশ-ভবন সংস্থাপিত হইলে প্রত্যেকে নিজ নিজ ক্ষমতা অনুসারে দ্রব্যাদি সংগ্রহ করিয়া উক্ত ভবনে সংরক্ষার্থ পাঠাইয়া দিবেন এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। এই প্রদর্শনী সর্ব্বাঙ্গসুন্দর

করিবার জন্ত যে সমস্ত মহানুভব ব্যক্তি প্রদর্শন-যোগ্য দ্রব্যাদি পাঠাইয়া পরিষৎকে সাহায্য করিয়াছিলেন, তাঁহাদের নিকট পরিষৎ বিশেষভাবে ঋণী ও কৃতজ্ঞ। তদ্ভিন্ন যাঁহারা নিজ নিজ কার্য্যের ক্ষতি করিয়া নিয়মিতভাবে পরিষদের প্রদর্শনীতে উপস্থিত হইয়া দর্শকদিগকে দ্রব্যাদি দেখাইয়াছিলেন, তাঁহারাও পরিষদের ধন্যবাদভাজন।

পরিষদের ও রমেশ-ভবন-সমিতির সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র কর্ত্তৃক এই প্রদর্শনী উন্মুক্ত হইয়াছিল এবং পরিষদের অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের তত্ত্বাবধানে প্রদর্শনীর সমস্ত কার্য্য সুপরিচালিত হইয়াছিল। (প্রদর্শনীর বিস্তৃত বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য)

### বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে চুঁচুড়া সহরে গত ১৯শে ফাল্গুন হইতে ২১শে ফাল্গুন পর্য্যন্ত দিবসত্রয় বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের পঞ্চম অধিবেশন হইয়াছিল। দেশহিতৈষী, শিক্ষাবিষয়ক সর্ব্ববিধ কার্য্যে অগ্রণী ও বঙ্গসাহিত্যের অন্যতম প্রধান পরিপোষক মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর সভাপতির আসনে বৃত হইয়াছিলেন। অধিবেশনে ভিন্ন ভিন্ন স্থান হইতে অনেক প্রতিনিধি সমবেত হইয়াছিলেন। একটি বৃহৎ মণ্ডপে সম্মিলনের কার্য্যাদি সম্পন্ন হইয়াছিল। প্রাচীন ও শুভ্রকেশ সাহিত্যসেবী শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় অভ্যর্থনা-সমিতির সভাপতিত্ব গ্রহণ করিয়াছিলেন। সম্পাদক রায় বাহাদুর শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র মিত্র এম্ এ, বি এল্ ও অভ্যর্থনা-সমিতি ও অন্যান্য সভ্যের উদ্যোগে সম্মিলনের অধিবেশন তিনদিনব্যাপী হইয়াছিল। প্রথম দিন স্থির হয় যে, বিশেষজ্ঞদের উপযোগী যে সমস্ত বৈজ্ঞানিক প্রবন্ধ পাঠার্থ প্রেরিত হইয়াছে সেই সমস্ত প্রবন্ধ পাঠ ও আলোচনার জন্য একটি বৈজ্ঞানিক বৈঠকের অধিবেশন হইবে, তদনুসারে দ্বিতীয় দিন পূর্ব্বাহ্ণে বিজ্ঞানাচার্য্য ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় মহাশয়ের নেতৃত্বে একটি বৈজ্ঞানিক বৈঠক বসিয়াছিল। এই বৈঠকে যে সমস্ত বিষয় পঠিত ও আলোচিত হইয়াছিল, তাহাতে উপস্থিত সকলেই বিশেষ সন্তোষ-লাভ করিয়াছিলেন। British Association for the Cultivation of Scienceকে আদর্শ করিয়া সাহিত্য-সম্মিলনের সৃষ্টি হইয়াছে এবং সেই আদর্শে সফলতা লাভ করিবার প্রথম সূত্রপাত চুঁচুড়া অধিবেশনেই হইয়াছিল। এই হিসাবে চুঁচুড়া-সাহিত্য-সম্মিলন বিশেষভাবে স্মরণীয় থাকিবে। অভ্যর্থনা-সমিতির সভাপতির ও সম্মিলনের সভাপতির অভিভাষণ ব্যতীত সম্মিলনে অন্যান্য বৎসরের ন্যায় এবারেও নানা বিষয়ক অনেক প্রবন্ধ পঠিত হইয়াছে, এবং দ্বিতীয় দিন রাত্রিতে ছায়া-চিত্রের সাহায্যে বঙ্গদেশ ও বিহারের প্রত্নতত্ত্ব, বরেন্দ্রভূমের প্রাচীন ইতিহাস, কয়লার ইতিহাস ও সোয়ার চাষ সম্বন্ধে সর্ব্বসাধারণের বোধগম্যভাবে কয়েকটি বক্তৃতা হইয়াছিল। দ্বিতীয় দিন সন্ধ্যাকালে অভ্যর্থনা-সমিতির সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র মিত্র মহাশয়ের স্বরম্যগৃহে একটি সান্ধ্য-সম্মিলনের আয়োজন হইয়াছিল। মহেন্দ্র বাবুর অমায়িক ব্যবহারে সকলেই বিশেষ তৃপ্ত হইয়াছিলেন।

অন্যান্য বারের ন্যায় এই অধিবেশনে কতিপয় প্রস্তাব গৃহীত হয় ( সম্মিলনীর বিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য )।

পূর্ব্বোক্ত বৈজ্ঞানিক-বিভাগের কার্য্য কি ভাবে পরিচালিত হইবে, তদ্বিষয়ে পরামর্শ করিবার জন্য শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের গৃহে এক সভার অধিবেশন হয়। ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় প্রমুখ অনেকে এই সভায় উপস্থিত ছিলেন এবং উপস্থিত সকলেই কোন না কোন বিশেষ কার্য্যের ভার গ্রহণ করিয়াছেন।

### উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে কামাখ্যা পাহাড়ে উত্তর-বঙ্গ সাহিত্য-সম্মিলনের পঞ্চম অধিবেশন সম্পন্ন হইয়া গিয়াছে। সাহিত্যক্ষেত্রে সুপরিচিত শ্রীযুক্ত শশধর রায় এম্ এ, বি এল্ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। উত্তর-বঙ্গের নানা স্থান হইতে প্রতিনিধি সমবেত হইয়াছিলেন এবং অন্যান্য স্থান হইতে পরিষদের ১৩ জন প্রতিনিধি এই সম্মিলনে যোগদান করিয়াছিলেন। অধিবেশনের পর অনেক প্রতিনিধি উমানন্দ-পাহাড় ও বশিষ্ঠাশ্রম পরিদর্শনের জন্য গমন করিয়াছিলেন। শ্রীযুক্ত কালীচরণ সেন অভ্যর্থনা-সমিতির সভাপতি এবং শ্রীযুক্ত বীরেশ্বর পাণ্ডা ও শ্রীযুক্ত উত্তমচন্দ্র বড়ুয়া সম্পাদক নির্ব্বাচিত হইয়াছিলেন। কামাখ্যা পাহাড়ের পাণ্ডাগণের সাদর আতিথ্যে অভ্যর্থনার কোনই ত্রুটী হয় নাই। ( এই সম্মিলন সম্বন্ধে সবিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য )

### সংবর্দ্ধনা

গত পূজার অবকাশে কলিকাতা মুসলমান-শিক্ষা-সমিতির জন্য নানা স্থান হইতে সমাগত মুসলমান প্রতিনিধিগণের সংবর্দ্ধনার জন্য গত ২০শে আশ্বিন তারিখে সাহিত্য-পরিষদে একটি সান্ধ্য-সমিতির আয়োজন হইয়াছিল। নানা প্রকার আমোদ ও আবৃত্তি দ্বারা সংবর্দ্ধনা-কার্য্য সুচারুরূপে নির্ব্বাহ হইয়াছিল। এই সংবর্দ্ধনায় উপস্থিত মুসলমান-সাহিত্যিকগণের মধ্যে কয়েকজন সুবক্তা সুন্দর বক্তৃতা দ্বারা সকলকে আপ্যায়িত করেন।

১৩১৮ সালের ২৫শে বৈশাখ কবিবর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় পঞ্চাশ বৎসর সম্পূর্ণ করিয়া ৫১ বৎসরে পদার্পণ করিয়াছেন। তাঁহার একপঞ্চাশত্তম জন্মতিথি উপলক্ষে তাঁহাকে যথোচিত অভিনন্দন ও সংবর্দ্ধনা করিবার জন্য গত ১৩১৭ সালের শেষভাগে মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী, ডাঃ শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু, ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়, শ্রীযুক্ত ব্রজেন্দ্র কিশোর রায় চৌধুরী প্রভৃতিকে লইয়া একটি সমিতি গঠিত হয়। এই সমিতি বঙ্গ-সাহিত্যের প্রতিভূস্বরূপ বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে এই কার্য্যের ভার গ্রহণ করিতে অনুরোধ করেন। তদনুসারে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিকাংশ সভ্যের সম্মতিক্রমে পরিষৎ এই কার্য্যভার গ্রহণ করেন। গত ১৪ই মাঘ পরিষদের সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয়ের নেতৃত্বে টাউনহলে এই সংবর্দ্ধনা-কার্য্য সম্পন্ন হইয়াছে। এই উপলক্ষে সাহিত্য-পরিষদের পক্ষ হইতে কবিবরকে একটি অভিনন্দন দেওয়া হইয়াছে এবং পরিষদের সম্পাদক

মহাশয় এই অভিনন্দন-পত্র পাঠ করেন। এই অভ্যর্থনা-সভাতে অনেক শিক্ষিত গণ্যমান্য ব্যক্তি যোগদান করিয়াছিলেন এবং জনতাতে কলিকাতার সুবৃহৎ টাউনহল ভরিয়া গিয়াছিল। নবগৃহ-প্রবেশ উপলক্ষে পরিষদের যে উৎসব হইয়াছিল, সেই উৎসব ব্যতীত পরিষদের আর কোন অনুষ্ঠানে এত লোক একত্র হয় নাই। ছাত্র-সভ্য-পরিদর্শক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয়ের নেতৃত্বে ছাত্র-সভ্যগণ এই উৎসবের সমস্ত ব্যবস্থাদি অতি সুন্দরভাবে নিষ্পন্ন করেন। (এই সংবর্দ্ধনার সংক্ষিপ্ত বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য) এই উৎসব-সম্বন্ধে সভ্যদিগকে দুই একটি সংবাদ জানান কর্ত্তব্য বলিয়া মনে করি। এই উৎসবে যে ব্যয় হইয়াছে, সেই জন্য পরিষৎকে সাধারণ তহবিল হইতে কিছুই ব্যয় করিতে হয় নাই। অভ্যর্থনার জন্য অভ্যর্থনা-সমিতি অর্থ সংগ্রহ করিয়া পরিষদের হস্তে দিয়াছিলেন, সেই সংগৃহীত অর্থ হইতে সমস্ত ব্যয় নিষ্পন্ন হইয়াছিল। এই উৎসবের জন্য ৩১৩৭।৵০ টাকা সংগৃহীত হয়; তাহা হইতে ১২৯২৸৶১০ খরচ বাদে ১৮৪০।৶১০ উদ্বৃত্ত হইয়াছে এবং ৮১০৲ টাকা আদায় হইতে বাকী আছে। এই টাকা আদায় হইলে সমস্তই পরিষদের উদ্দেশ্যানুযায়ী কোন কার্য্যে ব্যয়িত হইবার জন্য পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির হস্তে অর্পিত হইবে। সম্প্রতি ১৮৪০।৶১০ টাকা পরিষৎ প্রাপ্ত হইয়াছেন। এতদ্ব্যতীত এই উৎসব ব্যাপার চির-স্মরণীয় করিবার জন্য শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় ৫০০০৲ পাঁচ সহস্র মুদ্রা পরিষদের হস্তে দিতে প্রতিশ্রুত হইয়া দুই সহস্র মুদ্রা পরিষদের হস্তে অর্পণ করিয়াছেন। কি ভাবে এই টাকা খরচ হইবে সেই সম্বন্ধে বিনয় বাবুর সহিত পত্র-ব্যবহার চলিতেছে এবং এ বিষয় স্থির হইলে বাকী তিন সহস্র টাকা পরিষদের হস্তগত হইবে।

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র প্রমুখ পরিষদের সভ্যগণের প্রস্তাবমত বিশ্বকোষ-সমাপ্তি উপলক্ষে গত ১০ই চৈত্র তারিখে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়কে সম্মানিত করিবার জন্য সাহিত্য-পরিষদের উদ্যোগে ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের নেতৃত্বে একটি সান্ধ্য-সম্মিলন হইয়াছিল। এই উপলক্ষে অনেক গণ্যমান্য ব্যক্তি পরিষদে উপস্থিত হইয়াছিলেন এবং অনেকে নগেন্দ্র বাবুর বিশ্বকোষ-সমাপ্তি উপলক্ষে আনন্দপ্রকাশ করিয়াছিলেন। এই অনুষ্ঠানে 'পুনর্জ্জন্মে'র অভিনয় ব্যতীত নানাপ্রকার আমোদের ব্যবস্থা হইয়াছিল। এই অনুষ্ঠানের ব্যয় বহনের জন্য স্বতন্ত্র চাঁদা সংগ্রহ করা হইয়াছিল এবং সেই চাঁদায় সমস্ত ব্যয় নির্ব্বাহিত হইয়াছিল।

নিয়মাবলী পরিবর্ত্তন

পরিষদের নিয়মাবলী সংশোধন ও পরিবর্ত্তন আলোচ্য বর্ষের এক উল্লেখযোগ্য ঘটনা। অনেক দিন হইতে পুরাতন নিয়মগুলি প্রচলিত ছিল। গত ২।৩ বৎসর হইল এই সমস্ত নিয়ম পরিবর্ত্তনের আবশ্যকতা অনেক সভ্যই উপলব্ধি করিতে পারিয়াছিলেন। পরিষৎ-সম্পাদক সহকারী-সম্পাদকগণের সাহায্যে একটি খসড়া নিয়মাবলী প্রস্তুত করিয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে উপস্থিত করেন। তৎপরে সেই সমস্ত খসড়া-নিয়ম মুদ্রিত করিয়া প্রত্যেক সভ্যের মতামতের জন্য প্রেরিত হয় এবং এই সমস্ত মতামত আলোচনা করিবার

জন্য সম্পাদক, সহকারী সম্পাদকগণ, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, শ্রীযুক্ত চারুচন্দ্র বসু, কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন ও শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র মহাশয়গণকে লইয়া একটি শাখা-সমিতি গঠিত হয়। শাখা-সমিতি যথাসময়ে তদীয় মন্তব্য কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে প্রেরণ করিলে পর,কার্য্য-নির্ব্বাহক-সমিতি সমস্ত নিয়মাবলী আলোচনা করিয়া যে সমস্ত নিয়ম গ্রহণ করা আবশ্যক বিবেচনা করিয়াছিলেন, সেইগুলি মুদ্রিত করিয়া সভ্যদের নিকট প্রেরণ করেন। তৎপরে এই সমস্ত নিয়ম আলোচনা করিবার জন্য গত ১৫ই বৈশাখ পরিষদের একটি বিশেষ অধিবেশন হয়। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। এই সভায় যে সকল নিয়ম গৃহীত হয়, তাহা সভ্যগণের মধ্যে বিতরিত হইয়াছে এবং পত্রিকার ৮ পৃষ্ঠা হইতে ১৮ পৃষ্ঠায় মুদ্রিত হইয়াছে।

উপসংহার

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের জীবনের আঠার বৎসর কাল অতীত হইল। উল্লিখিত কার্য্য-বিবরণ হইতে বুঝা যাইবে, পরিষদের কার্য্যক্ষেত্র কিরূপ দ্রুতবেগে প্রসার লাভ করিতেছে। বর্ত্তমান বঙ্গীয় শতাব্দীর আরম্ভে যে দিন সাহিত্য-পরিষদের জীবনের সূচনা হয়, সে দিন পরিষদের সভ্যসংখ্যা অঙ্গুলি-সংখ্যায় গণনীয় ছিল। অদ্য আঠার বৎসর পরে সদস্য-সংখ্যা প্রায় দুই সহস্র দাঁড়াইয়াছে। সেই সদস্য-তালিকার মধ্যে দেশের মান্যগণ্য সকল সম্প্রদায়ের ও সকল শ্রেণির শীর্ষস্থানীয় মহাজনদিগের নাম দেখা যাইবে। জনসাধারণ সাহিত্য-পরিষৎকে কিরূপ শ্রদ্ধা ও সম্মানের চক্ষে দেখেন, ইহাই তাহার প্রকৃষ্ট পরিচয়। বোধ হয় ভারতবর্ষের মধ্যে কোন সভারই সভ্যসংখ্যা এত অধিক নহে এবং কোন সভারই কার্য্য-প্রণালী এত সুষ্ঠুভাবে পরিচালিত হয় না। বাঙ্গালা দেশের ভিন্ন ভিন্ন জেলায় স্থানীয় লোকের উদ্যোগে পরিষদের শাখা স্থাপিত হওয়ায় পরিষদের আদর্শের প্রতি দেশের শ্রদ্ধা ও প্রীতির আর একটা পরিচয় পাওয়া যাইতেছে। ভারতবর্ষের অন্যান্য প্রদেশে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের আদর্শে বহু সাহিত্য-পরিষৎ স্থাপিত হওয়ায় বুঝা যাইতেছে, সমস্ত ভারতবর্ষেই আমাদের পরিষৎ সমাদর লাভ করিয়াছে এবং আমাদের পরিষদের আদর্শে সমগ্র ভারতবর্ষের সমুদয় জাতীয় সাহিত্য অনুপ্রাণিত হইতেছে। সাহিত্য-পরিষদের উদ্যোগে অনুষ্ঠিত বার্ষিক সাহিত্য-সম্মিলন দেশ মধ্যে বাঙ্গালা-সাহিত্যের প্রতি শ্রদ্ধা ও প্রীতি জাগাইয়া তুলিতেছে এবং সেই আদর্শের অনুসরণে ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও সাহিত্য-সম্মিলনের অনুষ্ঠান আরম্ভ হইয়াছে। ভারতবর্ষের ভিন্ন ভিন্ন প্রদেশের মনস্বী সুধীগণ প্রাদেশিক সাহিত্যের উন্নতি বিধানার্থ বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পরামর্শ ও বিবিধ সাহায্য গ্রহণ করিতেছেন। উচ্চপদস্থ রাজকর্ম্মচারিগণ, যাঁহাদের সহিত সাক্ষাৎ-সম্পর্কে পরিষদের কোন সম্বন্ধ নাই, তাঁহারাও সাহিত্য-পরিষদের কর্ম্মে শ্রদ্ধা প্রদর্শন করিতেছেন। নানারূপে তাঁহাদের এই শ্রদ্ধার পরিচয় পাওয়া গিয়াছে। সাহিত্য-পরিষদের শ্লাঘার বিষয় যে, দূরস্থিত ইংলণ্ড ও ফ্রান্সের পণ্ডিত-সমাজেও সাহিত্য-পরিষদের বন্ধুর একবারে অভাব :নাই। সেই দূরদেশে সাহিত্য-পরিষৎ-পত্রিকা আদর লাভ করিতেছে। এই সংবাদ পরিষদের সদস্যগণকে আনন্দ দান করিবে। বিদেশস্থিত এই বন্ধুগণের মধ্যে

ইংলণ্ডবাসী শ্রীযুক্ত জে ডি এণ্ডারসন সাহেবের নাম অগ্রগণ্য। তিনি সর্ব্বদা পত্রদ্বারা পরিষদের কর্ম্মে প্রীতিজ্ঞাপন ও উৎসাহ দান করিয়া থাকেন এবং স্বতঃপ্রবৃত্ত হইয়া গত বৎসর লণ্ডন রয়াল এসিয়াটিক সোসাইটির জর্ণালে (১৯১১ সালের ২য় সংখ্যায়) এক সুদীর্ঘ পত্রে বঙ্গীয় সাহিত্য-পরিষদের পরিচয় দিয়া পরিষদের প্রতি বিদেশীয় পণ্ডিত-সমাজের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। এই সুযোগে পরিষৎ তাঁহার এই অনুগ্রহের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

সাহিত্য-পরিষদের সদস্য, বন্ধু, অনুগ্রাহক ও কর্ম্মাধ্যক্ষগণের নিকট আন্তরিক কৃতজ্ঞতা জানাইয়া কার্য্য-বিবরণীর উপসংহার করিতেছি। মাননীয় সভাপতি মহাশয়ের স্নেহ, ও উৎসাহ এবং সহকারী সম্পাদক ও অন্যান্য কর্ম্মাধ্যক্ষগণের অকৃত্রিম শ্রদ্ধা ও সাহায্য ব্যতীত সাহিত্য-পরিষদের কর্ম্মভার বহন করা আমার পক্ষে সম্ভবপর হইত না। তাঁহাদের প্রতি সমুচিত কৃতজ্ঞতা প্রকাশ আমার সাধ্য নহে। সম্প্রতি আমার শরীর এরূপ অবসন্ন যে, অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয়ের সাহায্য না পাইলে এই বার্ষিক কার্য্য-বিবরণ উপস্থিত করারই সম্ভাবনা ঘটিত না। আট বৎসর ব্যাপিয়া আমার উপর শ্রদ্ধার্পিত সম্পাদকীয় ভার যথাশক্তি বহন করিয়া অদ্য আমি পরিষদের নিকট বিদায় গ্রহণ করিতেছি। আমার অক্ষমতা, অবিবেচনা বা অনবকাশ দরুণ যে সকল ত্রুটী ঘটিয়াছে, সানুনয়ে তজ্জন্য ক্ষমা প্রার্থনা করিতেছি। আহ্লাদের বিষয়, আমা অপেক্ষা সর্ব্বতোভাবে যোগ্যতর হস্তে পরিষদের সম্পাদকীয় ভার অর্পিত হইতে চলিয়াছে। আগামী বৎসর যিনি পরিষদের সম্পাদকত্ব গ্রহণে দয়া করিয়া সম্মত হইয়াছেন, তিনি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অন্যতম স্তম্ভস্বরূপ। পরিষদের জন্মাবধি পরিষদের সর্ব্বকার্য্যে তিনি লিপ্ত ও সংশ্লিষ্ট রহিয়াছেন এবং আপনার অসামান্য বিদ্যাবুদ্ধির সহিত অর্থ ও পরিশ্রম পরিষদের সেবায় অর্পণ করিয়া আনন্দ অনুভব করিয়া আসিতেছেন। এক সময়ে তাঁহারই সম্পাদকতা পরিষদের বাল্যকালে বলবর্দ্ধনে সাহায্য করিয়াছিল। সেই মহোদয় পুনরায় পরিষদের ধূর-বহন-কার্য্যে আপনাকে নিয়োগ করিয়া পরিষৎকে দিন দিন উন্নতির পথে প্রেরিত করিবেন, সে বিষয়ে সন্দেহমাত্র নাই। আমি বিশ্বাস করি যে, তাঁহার পরিচালনায় পরিষৎ নূতন জীবন ও নূতন শক্তি অর্জ্জন করিতে পারিবে। অতএব আমি নিশ্চিন্ত মনে পরিষদের ভবিষ্যতের জন্য শঙ্কাশূন্য হইয়া সদস্যগণের নিকট বিদায় প্রার্থনা করিতেছি। বিধাতার কৃপায় সদস্যগণের স্নেহ পরিষদের প্রতি অক্ষুণ্ণ থাকুক, ইহাই আমার প্রার্থনা।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-মন্দির
১৩১৯।১২ই শ্রাবণ।

শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী
সম্পাদক

# পরিশিষ্ট

## সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রাদি

দৈনিক—The Amrita Bazar Patrika, The Bengalee, The Hindu Patriot, The Indian Mirror, The Herald, নায়ক, দৈনিক-চন্দ্রিকা

সাপ্তাহিক—

১ The Indian Empire
২ The Indian Nation
৩ The Reis & Rayyet
৪ The Telegraph
৫ Unity and The Minister
৬ The Mussalman
৭ The World & New dispensation
৮ ত্রিশূল
৯ বঙ্গবাসী
১০ বসুমতী
১১ মোসলেম হিতৈষী
১২ মোহম্মদী
১৩ সময়
১৪ শিক্ষাসমাচার
১৫ বিশ্ববার্ত্তা
১৬ খুলনাবাসী
১৭ ঢাকাপ্রকাশ
১৮ যশোহর
১৯ রত্নাকর
২০ হিন্দুরঞ্জিকা
২১ পল্লীবাসী
২২ মেদিনীবান্ধব
২৩ বর্দ্ধমান-সঞ্জীবনী
২৪ পল্লীবার্ত্তা
২৫ মেদিনীপুর-হিতৈষী
২৬ জ্যোতিঃ
২৭ সুরমা
২৮ সুবর্ণ-বণিক
২৯ চুঁচুড়া-বার্ত্তাবহ
৩০ বার্ত্তাবহ
৩১ মালদহ-সমাচার
৩২ বরিশাল-হিতৈষী
৩৩ কল্যাণী
৩৪ হিতবার্ত্তা ( সংস্কৃত )
৩৫ সদ্ধর্ম্ম-প্রচারক
৩৬ প্রসূন
৩৭ পুরুলিয়া-দর্পণ
৩৮ নোয়াখালি সম্মিলনী
৩৯ ত্রিপুরা-হিতৈষী
৪০ চারুমিহির
৪১ নীহার
৪২ সঞ্জীবনী
৪৩ বীরভূম-বার্ত্তা
৪৪ ফরিদপুর-হিতৈষী
৪৫ কাশীপুর-নিবাসী
৪৬ আনন্দবাজার পত্রিকা
৪৭ মুর্শিদাবাদ-হিতৈষী
৪৮ জাগরণ
৪৯ পাবনা-হিতৈষী

৫০ বীরভূমবাসী
৫১ প্রচার
৫২ ২৪পরগণা-বার্ত্তাবহ
৫৩ গৌড়দূত
৫৪ রঙ্গপুর-দিক্‌প্রকাশ

পাক্ষিক—ধর্ম্মতত্ত্ব

মাসিক পত্রিকা—

১ অর্ঘ্য
২ অর্চ্চনা
৩ অবসর
৪ অলৌকিক-রহস্য
৫ আর্য্যকায়স্থ-প্রতিভা
৬ আর্য্যপ্রভা
৭ আর্য্যাবর্ত্ত
৮ আলোচনা
৯ উৎসব
১০ উদয়
১১ উদ্বোধন
১২ উপাসনা
১৩ কণিকা
১৪ কাজের লোক
১৫ কায়স্থ-পত্রিকা
১৬ কুশদহ
১৭ কৃষক
১৮ কৃষি-সম্পদ্
১৯ কোহিনুর
২০ গৃহস্থ
২১ চিকিৎসা-প্রকাশ
২২ চিকিৎসা-সম্মিলনী
২৩ ছাত্রসুহৃদ্
২৪ জগজ্জ্যোতি
২৫ জন্মভূমি
২৬ ঢাকারিভিউ ও সম্মিলন
২৭ তত্ত্ববোধিনী-পত্রিকা
২৮ তত্ত্বমঞ্জরী
২৯ তারা
৩০ তিলিবান্ধব
৩১ তোষিণী
৩২ দেবালয়
৩৩ ধর্ম্ম-প্রচারক
৩৪ নব্যভারত
৩৫ নাট্যমন্দির
৩৬ নির্ম্মাল্য
৩৭ পতাকা
৩৮ পল্লীচিত্র
৩৯ প্রতিবাসী
৪০ প্রবাসী
৪১ প্রজাপতি
৪২ প্রতিভা
৪৩ বসুধা
৪৪ বঙ্গদর্শন
৪৫ প্রীতি
৪৬ বামাবোধিনী-পত্রিকা
৪৭ বিজয়া
৪৮ বিদ্যোদয়
৪৯ বীরভূমি
৫০ ব্রহ্মবাদী
৫১ ভারতমহিলা
৫২ ভারতী
৫৩ ভিষক-দর্পণ
৫৪ মহাজন-বন্ধু
৫৫ মহিলা
৫৬ মানসী

৫৭ মাহিষ্য-সমাজ
৫৮ যোগিসখা
৫৯ যোগিসম্মিলনী পত্রিকা
৬০ লক্ষ্মী
৬১ শান্তিকণা
৬২ শিল্প ও সাহিত্য
৬৩ সমাজ
৬৪ সরস্বতী
৬৫ সাহিত্য
৬৬ সাহিত্য-সংবাদ
৬৭ সাহিত্য-সংহিতা
৬৮ সুপ্রভাত
৬৯ সুরভী
৭০ সেবক
৭১ সোপান
৭২ হিন্দুসখা
৭৩ হিন্দু-পত্রিকা

১৩১৮ বঙ্গাব্দের আয়-ব্যয় বিবরণ

| আয় | | ব্যয় | |
|---|---|---|---|
| চাঁদা আদায় | ৭৭৩৯৷৷০ | বেতন ও এলাউন্স | ৩০৩২৷৶০ |
| প্রবেশিকা „ | ৩৯০৲ | বেতন ২৬৩৫৷৶ | |
| পুস্তক ও পত্রিকা বিক্রয় | ১৬৫৶০ | এলাউন্স ৩৯৭৲ | |
| | | ৩০৩২৷৶০ | |
| বিবিধ আয় | ২১২৸৵১০ | বাড়ী ভাড়া ট্যাক্স ও আলোক | ৫৭০৷৷১০ |
| এককালীন দান | ১০২৪৲ | বাড়ীভাড়া ও ট্যাক্স ২৯৫৷৷৶১০ | |
| হাওলাত | ৫৯৭৶০ | আলোক ২৭৪৸৴০ | |
| আমানত ৩৫১৸৶০, দাদন ২৪৫৷০ | | ৫৭০৷৷১০ | |
| | | কমিশন | ১৭৷৴১০ |
| ৫৯৭৶০ | | ডাকমাশুল | ১১১৬৶০ |
| | | বিবিধ ব্যয় | ৬৭৪৸৴১২৷৷০ |
| মোট আয় | ১০১২৮৸১০ | দপ্তর সরঞ্জামী | ২১৮৶০ |

| আয় | | ব্যয় | | |
|---|---|---|---|---|
| জের— | ১০১২৮৮১০ | জের— | | ৫৬২৯॥১২॥০ |
| | | আসবাব | | ৩৬০॥৫ |
| | | পত্রিকা মুদ্রণ | | ১৭৫০/০ |
| | | মুদ্রণ | ১৪০০৲ | |
| | | ছবি | ২১২।০ | |
| | | দপ্তরী | ১৩৭৮/০ | |
| | | | ১৭৫০/০ | |
| কৈ- | | গ্রন্থাবলী মুদ্রণ | | ৯০৲ |
| | | বিবিধ মুদ্রণ | | ২৪৯৮৶০ |
| গত বর্ষের উদ্বৃত্ত | ৪৪০০৶১৭॥০ | অতিরিক্ত ব্যয় | | ১৪০০।৵১৫ |
| বর্ত্তমান বর্ষের আয় | ১০১২৮১০ | পুরস্কার (ছাত্র-সভ্যগণের) | | ৪৫৲ |
| | | পুস্তকালয় | | ৭০৫॥০ |
| | ১০৫৬৮৮৶৭॥০ | পুস্তক বাধাই | ৪০৩।০ | |
| বর্ত্তমান বর্ষের ব্যয় | ১০৪১৪৮৵১২।০ | „ খরিদ | ৩০২।০ | |
| | | | ৭০৫॥০ | |
| বর্ষশেষে উদ্বৃত্ত | ১৪৫৲১৫ | হাওলাত | | ১৮৩৮৶০ |
| | | শোধ | ১১৮॥৶০ | |
| | | দাদন | ৬৫।০ | |
| | | | ১৮৩৮৶০ | |
| | | মোট ব্যয় | | ১০৪১৪৮৵১২॥০ |

পরীক্ষায় দেখা গেল হিসাব নির্ভুল
শ্রীগৌরীশঙ্কর দে
আয়ব্যয় পরীক্ষক
৭-৪-১৯

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত
ধন-রক্ষক

শ্রীসারদাচরণ মিত্র
সভাপতি

শ্রীরামকমল সিংহ
হিসাব-রক্ষক।

১৩১৯ বঙ্গাব্দ অনুমানিক আয়-ব্যয় বিবরণ

| আয় | | ব্যয় | |
|---|---|---|---|
| চাঁদা | ৯৬০০৲ | বেতন ও এলাউন্স | ৩৭২০৲ |
২১। প্রাচীন দলিল ও ইতিহাসপ্রসিদ্ধ ব্যক্তিগণের হস্তাক্ষর
২২। ৺ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ৺ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ৺ দীনবন্ধু মিত্র-প্রমুখ লব্ধপ্রতিষ্ঠ সাহিত্যিকগণের নিত্য-ব্যবহার্য্য দ্রব্যাদি।

পরিষদের প্রধান কর্ম্মচারী শ্রীযুক্ত রামকমল সিংহ ও রমেশভবনের কর্ম্মচারী শ্রীযুক্ত

দুর্গাকুমার পাল দিবারাত্রি পরিশ্রম করিয়া প্রদর্শনীর দ্রব্যাদি অতি অল্প সময়ের মধ্যে সুসজ্জিত করিয়াছিলেন। পরিষদের চিরহিতৈষী বান্ধব শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয়ের অমানুষিক পরিশ্রমে ও চেষ্টায় প্রাচীন পুথিগুলি সুশোভিত হইয়াছিল। শ্রীযুক্ত কৃষ্ণ-বিহারী সেন-প্রমুখ কয়েকজন ছাত্রসভ্যের যত্নে ও চেষ্টায় প্রদর্শনীর কার্য্য সাঙ্গ হইয়াছিল। মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী, শ্রীযুক্ত ভীমচন্দ্র চট্টোপাধ্যায়, ডাক্তার শ্রীযুক্ত একেন্দ্র-নাথ ঘোষ, রায় শ্রীযুক্ত মৃত্যুঞ্জয় রায়চৌধুরী বাহাদুর, অধ্যাপক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত, অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার, কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, শ্রীযুক্ত হরিদাস পালিত, শ্রীযুক্ত নারায়ণচন্দ্র বিদ্যারত্ন, শ্রীযুক্ত ললিত-চন্দ্র মিত্র প্রমুখ ভদ্রমহোদয়গণ প্রদর্শনার্থ দ্রব্যাদি প্রেরণ করিয়াছিলেন। ১০ই পৌষ বড়দিনের দিন পরিষৎ-মন্দিরের নিম্নতলে প্রদর্শনীপ্রতিষ্ঠার নিমিত্ত এক মহতী সভার অধিবেশন হইয়াছিল ও পরিষদের সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় এই সভার সভাপতিরূপে প্রদর্শনীর দ্বার উন্মুক্ত করিয়াছিলেন। কলিকাতার যাবতীয় গণ্যমান্য ব্যক্তিগণ এই সভায় উপস্থিত ছিলেন। প্রদর্শনী ১০ পৌষ হইতে ১৪ মাঘ পর্য্যন্ত ২৭ দিন উন্মুক্ত ছিল। তন্মধ্যে তিন দিন ভদ্রমহিলাদিগের জন্য স্বতন্ত্র বন্দোবস্ত করা হইয়াছিল। এই প্রদর্শনী প্রতিদিন বেলা ২টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত উন্মুক্ত থাকিত।

## সাহিত্য-পরিষৎ-পুস্তকালয়

আলোচ্য বর্ষে পরিষৎ-পুস্তকালয়ে ১৪৬০ খানি মুদ্রিত পুস্তক সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে ১১১৪ খানি উপহারপ্রাপ্ত ও ৩৪৬ খানি ক্রীত। পরিষৎ-পত্রিকার বিনিময়ে ৭১ খানি মাসিক পত্রিকা, ৫ খানি দৈনিক, ৮৭ খানি সাপ্তাহিক ও ১ খানি পাক্ষিক পত্র পাওয়া গিয়াছে।

আলোচ্য বর্ষের প্রারম্ভে পুথির সংখ্যা ৮৩৯ ছিল; তৎপরে ২৮৮ খানি উপহার পাওয়া গিয়াছে এবং ১ খানি ক্রীত হইয়াছে। উপহার-প্রাপ্ত পুথির মধ্যে পরিষদের পরমহিতৈষী লালগোলার রাজাবাহাদুরের প্রদত্ত ১০৫ খানি পুথির কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। ইহার ৩৪ খানি মূল্যবান্ মুদ্রিত পুথি এবং ৭১ খানি বাঙ্গালা ও সংস্কৃত হস্তলিখিত প্রাচীন দুষ্প্রাপ্য পুথি। পরিষদের সমতাপ্রাপ্ত পুথি-সংগ্রাহক শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় ৮৩ খানি, শ্রীযুক্ত নরেশচন্দ্র সিংহ এম্ এ, বি এল্ মহাশয় ২২ খানি, শ্রীযুক্ত অমূল্য-চরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয় ১৭ খানি, শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী মহাশয় ১৭ খানি এবং ছাত্র-সভ্য শ্রীযুক্ত ফণিভূষণ বসু মহাশয় ১৯ খানি পুথি সংগ্রহ করিয়া দিয়াছেন। এতদ্ভিন্ন অন্যান্য বন্ধুগণও পুথি উপহার দিয়াছেন। তজ্জন্য পরিষৎ ইঁহাদের প্রত্যেকের নিকট

কৃতজ্ঞ। সংগৃহীত পুথির তালিকা হইতে নিম্নে মাত্র অল্প কয়েকখানি নবাবিষ্কৃত পুথির নাম প্রদত্ত হইল;—

## বাঙ্গালা

| | পুথি | রচয়িতা |
|---|---|---|
| ১। | শ্রীকৃষ্ণবিলাস | জয়নারায়ণ |
| ২। | ভক্তমাল | বিনোদদাস |
| ৩। | স্মৃতিকল্পদ্রুম শ্রাদ্ধমঞ্জরী | রাধাবল্লভ |
| ৪। | অভিষেকপর্ব্ব | কাশীরামদাস |
| ৫। | শ্রীকৃষ্ণকীর্ত্তন | চণ্ডীদাস |
| ৬। | ধর্ম্মমঙ্গল | গোবিন্দরাম চক্রবর্ত্তী |
| ৭। | জগন্নাথমাহাত্ম্য | সুবুদ্ধিদাস |
| ৮। | আত্মজিজ্ঞাসা | দ্বিজশ্যাম |
| ৯। | পদরত্নাকর | কমলাকান্ত শ্রীকরণ সঙ্কলিত |
| | ( ইহাতে চণ্ডীদাসকৃত অনেকগুলি নূতন পদ আছে ) | |
| ১০। | চৌরচক্রবর্ত্তী | বীরকাশীশ্বর |
| ১১। | রসকলিকা ( বৃন্দাবনলীলা গদ্যগ্রন্থ ) | |
| ১২। | ভীষ্মপর্ব্ব | কৃষ্ণপ্রসাদ ঘোষ |
| ১৩। | নসিয়তপুরাণ | মুসলমান কবি |
| ১৪। | স্বপ্নপর্ব্ব | কাশীরাম দাস |
| ১৫। | ডাকচরিত্র ( ডাকসেন ভণিতাযুক্ত ) | |
| ১৬। | অদ্বৈতমঙ্গল | হরিচরণ দাস |

এই প্রসঙ্গে আমি আনন্দের সহিত জানাইতেছি যে, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় বহু পরিশ্রমে সঞ্চিত পুথির স্তূপ হইতে বিচ্ছিন্ন পত্র মিলাইয়া ৫৬৮ খানি পুথি উদ্ধার করিয়াছেন। বর্ষশেষে সংগৃহীত পুথির সংখ্যা ১৬৯৬ হইয়াছে। তন্মধ্যে বাঙ্গালা পুথি ১১৬৫, সংস্কৃত ৫২০ এবং পার্শি ১১। প্রাচীন পুথির বিবরণ নাম দিয়া সংগৃহীত পুথির একখানি তালিকা (Descriptive Catalogue) প্রস্তুত হইতেছে। এক্ষণে পরিষদের বন্ধুবর্গের নিকট অনুরোধ, যেন তাঁহারা পরিষদের অন্যতম উদ্দেশ্য পুথি-সংগ্রহ বিষয়ে অধিকতর মনোযোগী হয়েন।

শ্রীঅসিতকুমার মুখোপাধ্যায়
গ্রন্থরক্ষক

# বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা

## (ক) রঙ্গপুর

১৩১৯ বঙ্গাব্দে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের রঙ্গপুর-শাখার বয়ঃক্রম অষ্টম বর্ষ হইয়াছে।

আলোচ্য বর্ষে শাখার বিশিষ্ট সভ্য ৪ জন, বিশেষ সভ্য ৭ জন, ছাত্র-সভ্য ৬ জন, প্রথম শ্রেণীর সভ্য ২০৬ জন, দ্বিতীয় শ্রেণীর সভ্য ২১৯ জন ছিল।

এই সভার আজীবন সভ্য কোচবিহারাধিপতি মহারাজ নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর জি সি আই ই, সি বি মহোদয়ের অকালমৃত্যুতে সভার একমাত্র পরিপোষক আজীবন সভ্যের অভাব হইয়াছে।

প্রথম শ্রেণীর উৎসাহী সভ্য রাধেশচন্দ্র শেঠ ও কবিরাজ শরচ্চন্দ্র লাহিড়ী আয়ুর্ব্বেদবিশারদ মহাশয়দ্বয় আলোচ্য বর্ষে পরলোক গমন করিয়াছেন। ইঁহাদের মৃত্যুতে সভার বিশেষ ক্ষতি হইয়াছে।

আলোচ্যবর্ষে সর্ব্বপ্রকারে সভার মোট আয় ২১৩৮৷৷৯, এবং বিগত বর্ষের উদ্বৃত্ত তহবিল ৯২৫৮/৩, মোট ৩০৬৪৷৵০, মোট ব্যয় ২১৯৪৮/১। অবশিষ্ট ৮৬৯৷৯ মাত্র।

শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় বিদ্যারত্ন এম্ এ মহাশয়ের সভাপতিত্বে এই সভার ষষ্ঠ সাংবৎসরিক অধিবেশন সুসম্পন্ন হইয়াছিল।

## ৭ম বর্ষের মাসিক সাধারণ অধিবেশন

| অধিবেশনের নাম ও তারিখ | পঠিত প্রবন্ধ ও তাহার | প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক | অন্যান্য আলোচনা |
| --- | --- | --- | --- |
| প্রথম অধিবেশন<br>৭ই শ্রাবণ, ১৩১৮ | পল্লীপরিষৎ<br>শ্রীসুরেন্দ্রচন্দ্র রায় ধুরী | কাশী চৈৎসিংহের বাসভবন<br>শ্রীসুরেন্দ্রপ্রসাদ লাহিড়ী<br>২৫০ ও ১২৫৩ সালের দুইখানি কর্জ্জখত<br>শ্রীমৃত্যুঞ্জয় রায় চৌধুরী | শে কপ্রকাশ<br>ধ াচন্দ্র শেঠ<br>রায় য াবচন্দ্র চক্রবর্ত্তী<br>সামশ্রমী এবং<br>রায় ন রেন্দ্রনাথ সেন<br>াহাদুরের মৃত্যুতে |
| দ্বিতীয় মাসিক অধিবেশন<br>২৮ শ্রাবণ, ১৩১৮ | সুহ্মদেশ<br>শ্রীবিনোদবিহারী রায়<br>শারীরবিজ্ঞান<br>শ্রীদেবেন্দ্রনাথ রায় কাব্যতীর্থ কবিরঞ্জন। | কামদিয়ায় প্রাপ্ত কষ্টিপ্রস্ত বিষ্ণুমূর্ত্তির মস্তকাংশ<br>এ, ল্যাঙ্গহর্ণ, ডিঃ ইঞ্জিনি | |
| তৃতীয় মাসিক অধিবেশন<br>১৭ ভাদ্র, ১৩১৮ | বঙ্গে ন্যায়চর্চ্চা<br>শ্রীযোগেন্দ্রচন্দ্র বিদ্যাভূষণ | | বহুভাষাবিৎ পণ্ডিত<br>হরিনাথ দের মৃত্যুতে<br>সভার বিশেষ অধিবেশন<br>আহ্বানের ব্যবস্থা। |

| অধিবেশনের নাম ও তারিখ | পঠিত প্রবন্ধ ও তাহার লেখক | প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক | অন্যান্য আলোচনা |
|---|---|---|---|
| চতুর্থ মাসিক অধিবেশন<br>৭ই আশ্বিন, ১৩১৮ | আলেকজান্দ্রিয়ার ভারতীয় চিন্তা<br>শ্রীঅতুলচন্দ্র গুপ্ত এম্ এ, বি এল্<br>আয়ুর্ব্বেদে জলশোধন প্রণালী<br>( ৩য় প্রবন্ধ )<br>শ্রীদেবেন্দ্রনাথ রায় কাব্যতীর্থ<br>কবিরঞ্জন। | প্রস্তরনির্ম্মিত বিষ্ণুমূর্ত্তির<br>পাদপীঠাংশ<br>শ্রীআশুতোষ লাহিড়ী বি, সি, ই | শোকপ্রকাশ—<br>মহারাজ নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর<br>কবিরাজ এম্পায়ার সম্পাদক<br>বিজয়রত্ন সেন<br>কেশবচন্দ্র বন্দ্যোপাধ্যায়<br>মহাশয়দিগের মৃত্যুতে। |
| পঞ্চম মাসিক অধিবেশন<br>১২ই কার্ত্তিক, ১৩১৮ | নারায়ণদেব ও পদ্মাপুরাণ<br>শ্রীসতীশচন্দ্র চক্রবর্ত্তী | | শোকপ্রকাশ—<br>অধ্যাপক কালীবর বেদান্তবাগীশ ও<br>কবিরাজ শরচ্চন্দ্র লাহিড়ী আয়ুস্তত্ত্ব বিশারদ<br>মহাশয়দ্বয়ের মৃত্যুতে। |
| ষষ্ঠ মাসিক অধিবেশন<br>১৭ই অগ্রহায়ণ, ১৩১৮ | প্রাচীন ভারতের চিকিৎসাপ্রচার<br>শ্রীযাদবচন্দ্র কাব্যতীর্থ সাংখ্যরত্ন<br>আয়ুর্ব্বেদ ( ৪র্থ ও ৫ম প্রবন্ধ )<br>মৃত্তিকা এবং শুক্রশোণিত।<br>শ্রীদেবেন্দ্রনাথ রায় কাব্যতীর্থ কবিরঞ্জন | চন্দ্রকান্ত সিংহ নরেন্দ্রস্য<br>নামাঙ্কিত অষ্টকোণাকৃতি<br>রৌপ্যমুদ্রা<br>শ্রীপূর্ণেন্দুমোহন সেহানবীশ<br>৩৩ খানি প্রাচীন দলিল<br>শ্রীজানমামুদ সাহা | আনন্দপ্রকাশ<br>শ্রীল শ্রীযুক্ত মহারাজা<br>রাজরাজেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুরের<br>রাজ্যভার গ্রহণে<br>সভার পরিপোষক হইবার জন্য<br>অনুরোধজ্ঞাপনের ব্যবস্থা। |

| অধিবেশনের নাম ও তারিখ | ঠত প্রবন্ধ ও তাহার লে' | প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক | অন্যান্য আলোচ |
|---|---|---|---|
| সপ্তম মাসিক অধিবেশন<br>২৯শে পৌষ, ১৩১৮ | গোখেলের শিক্ষাবিল<br>বাঙ্গালা সাহিত্য<br>শ্রীঅতুলচন্দ্র প্ত এম্ | ১৩ খানি প্রাচীন দলিল<br>সন্তকুমার লাহিড়ী ভা' | আনন্দপ্রকাশ<br>অসম্মানলাভে |
| অষ্টম অধিবেশন<br>২৮। ১৩১৮ | ন্যায় ও বৈ' ষিক দর্শনে<br>পরমাণুতত্ত্ব<br>শ্রীহৃ' য়নাথ তর্করত্ন | | |
| নবম মাসিক অধিবে<br>১১ই চৈত্র, ১৩১৮ | পঞ্চভূত ( প্রথমাংশ )<br>শ্রীকুঞ্জবিহারী রায় এম্ এ, বি এল | | ২৪।২৫ চৈত্র উত্তর-বঙ্গ-সাহিত্যসম্মিলনের দিনাবধারণ ও শ্রীযুক্ত শশধর রায় এম্ এ, বি এল মহাশয়কে সভাপতি ও প্রতিনিধি নির্ব্বাচন। |

| | পঠিত প্রবন্ধ ও তাহার লে | প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক | অন্য আ |
|---|---|---|---|
| দশম মাসিক অধিবেশন ২ই জ্যৈষ্ঠ, ১৩ | পেঞ্চভূত ( শেষাংশ শ্রীকুঞ্জবিহারী রায় এম্ এ, এল | ৪টি প্রাচীন রৌপ্যমুদ্রা শ্রীবসন্তকুমার লাহিড়ী<br>রাত ও কামদেবের আলোক ত্র শ্রীমৃত্যুঞ্জয় রায় চৌধুরী | |
| | প্রাচীন শিক্ষায় পুরাণের স্থা শ্রীনগেন্দ্রনাথ সেন বি এ | প্রস্তরনির্ম্মিত দ্বিভুজ বিষ্ণুমূর্ত্তি শ্রীভূপেন্দ্রনাথ মুখোপাধ্যায়। | |
| একাদশ মাসি ২৭শে জ্যৈষ্ঠ | তত্ত্বালোচনায় প্রমাদ মহামহোপাধ্যায় পণ্ডিতর শ্রীযাদবেশ্বর তর্করত্ন | | রঙ্গপুরের বিদ্যোৎসাহী ম্যাজিষ্ট্রেট্ শ্রীযুক্ত কে, সি, দে, আই সি এস্, এম্ এ মহোদয়ের অভ্যর্থনা। |

রঙ্গপুরের সাহিত্যোৎসাহী জনপ্রিয় প্রধান রাজপুরুষ শ্রীযুক্ত কিরণচন্দ্র দে আই সি এস্ মহোদয় সভার মাসিক অধিবেশনে যোগদান করায় সভার পক্ষ হইতে তাঁহাকে অভ্যর্থনা করা হয়।

ভারতীয় রাজকীয় গ্রন্থাগারের সুযোগ্য অধ্যক্ষ নানা ভাষাবিদ্ স্বর্গীয় হরিনাথ দে এম্ এ মহোদয়ের অকালমৃত্যুতে শোকপ্রকাশের নিমিত্ত ২০শে ভাদ্র (১৩১৮) এই সভার একটি বিশেষ অধিবেশন হয়।

আলোচ্য বর্ষে গ্রন্থ ও পত্রিকা-প্রকাশ-সমিতির নিম্নলিখিত কর্ম্মানুষ্ঠান উল্লেখ-যোগ্য—

(১) বগুড়ার সাধক কবি গোবিন্দচন্দ্রের রচিত 'সঙ্গীতপুষ্পাঞ্জলী' নামক গ্রন্থের মুদ্রণ সমাপ্ত করিয়া কবিবরের দুঃস্থ পরিবারবর্গের সাহায্যার্থ উহা সভ্যগণ ও অন্যান্য গ্রাহকদিগের নিকট মূল্য লইয়া বিতরিত হইয়াছে।

(২) বিগত বর্ষের নির্দ্দিষ্ট গ্রন্থমধ্যে কোচবিহার রাজমন্ত্রী শিবপ্রসাদ বক্সী-সঙ্কলিত 'আহ্নিকাচারতত্ত্বাবশিষ্ট' মূল গ্রন্থের মুদ্রণ শেষ হইয়াছে। উহার ভূমিকাংশের রচনা সম্পাদক শ্রীযুক্ত কোকিলেশ্বর ভট্টাচার্য্য বিদ্যারত্ন এম্ এ মহাশয় দ্বারা বর্ষশেষ পর্য্যন্ত সমাপ্ত না হওয়ায় গ্রন্থখানির মুদ্রণ শেষ করিতে পারা যায় নাই।

(৩) দীঘাপতিয়ার সাহিত্যসেবী কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ মহাশয়ের অর্থানুকূল্যে এবং মালদহের সুযোগ্য প্রবীণ পণ্ডিত শ্রীযুক্ত রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয়ের সম্পাদকতায় অদ্ভুতাচার্য্যের রামায়ণ গ্রন্থের মুদ্রণ আরম্ভ হইয়াছে।

(৪) শ্রীযুক্ত প্রভাসচন্দ্র সেন বি এল্ মহাশয়ের রচিত '[illegible]' (ভৌগোলিক অংশ) গ্রন্থকারের ব্যয়ে মুদ্রিত হইয়া সভার গ্রন্থাবলীভুক্ত হইয়াছে। গ্রন্থকার এই সভার সভ্যগণের জন্য এই গ্রন্থের অর্দ্ধ মূল্য ।৵০ মাত্র নির্দ্দিষ্ট করিয়া দিয়া সভার ধন্যবাদের পাত্র হইয়াছেন। উহার দ্বিতীয় ভাগ (ইতিহাস-অংশ) যন্ত্রস্থ।

৫। পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী মহাশয়-প্রণীত "প্রবেশকপালিপাঠাবলী" ও শব্দ-কোষসহ সুবৃহৎ "পালিপ্রকাশ" নামক ব্যাকরণ গ্রন্থকারের ব্যয়ে সভার গ্রন্থাবলীভুক্ত হইয়া মুদ্রিত হওয়ায় তাহার গৌরব বৃদ্ধি হইয়াছে।

নানা অপরিহার্য্য কারণে রঙ্গপুরের ইতিহাস ও নামকোষ গ্রন্থদ্বয়ের মুদ্রণকার্য্য স্থগিত রাখিতে হইয়াছে।

উত্তর-বঙ্গ-সাহিত্যসম্মিলনের গৌরীপুর অধিবেশনের সুচিত্রিত সুবৃহৎ কার্য্য-বিবরণ ২ খণ্ডে শ্রীযুক্ত অনারেবল রাজা শ্রীল প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুরের সম্পূর্ণ ব্যয়ে, এই সমিতির তত্ত্বা-বধানে মুদ্রিত হইয়াছে।

বিগত ১৯৷২০শে ফাল্গুন ১৩১৮, শনি ও রবিবারে হুগলী চুঁচুড়া নগরে মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের সভাপতিত্বে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের পঞ্চম অধিবেশন সুসম্পন্ন

হইয়াছে। এ সভার প্রতিনিধিরূপে শ্রীযুক্ত পণ্ডিত পদ্মনাথ ভট্টাচার্য্য এম্ এ এবং শ্রীযুক্ত জগদীশনাথ মুখোপাধ্যায় মহাশয়দ্বয় উহাতে যোগদান করিয়াছিলেন।

অনারেবল রাজা শ্রীযুক্ত মহেন্দ্ররঞ্জন রায় বাহাদুর মহিমারঞ্জন-সারস্বত-ভবন ও রঙ্গপুর-পরিষৎ গৃহ নির্ম্মাণার্থ কাকিনারাজের প্রজাবর্গের নিকট সংগৃহীত টাকা হইতে ৫০০০৲ টাকা প্রদানের ব্যবস্থা করিয়া সভার বিশেষ ধন্যবাদের পাত্র হইয়াছেন। এই তহবিলে বাহারবন্দের অধিপতি শ্রীযুক্ত মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর ৫০০৲ টাকা সাহায্য প্রদানের আদেশ করিয়াছেন। মহিমারঞ্জন-স্মৃতি-সমিতির ভূতপূর্ব্ব সভাপতি মিঃ জে ভাস, আই সি এস্ কালেক্টার বাহাদুরের সম্মুখে অন্যান্য স্বীকৃত সাহায্যের মধ্যে তাজহাটের রাজা শ্রীযুক্ত গোপাললাল রায় বাহাদুরের নিকট ১০০০৲ টাকা এবং মন্থনার দানশীলা ভূম্যধিকারিণী শ্রীযুক্ত জবসুন্দরী দেবী চৌধুরাণীর নিকট ১৫০০৲ টাকা উল্লেখযোগ্য।

১৬ই আষাঢ় রবিবার রাজসাহী বিভাগের সুযোগ্য কমিশনার শ্রীযুক্ত জে মোনাহান, রঙ্গ-পুরের কালেক্টার শ্রীযুক্ত কে, সি দে, আই সি এস্ বাহাদুর সহ এই সভার চিত্রশালা পরিদর্শনার্থ আগমন করেন। কার্য্য-নির্ব্বাহক-সমিতির সদস্যগণ সহ মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন সভাপতি মহাশয় সভার পক্ষ হইতে তাঁহাকে সাদরে অভ্যর্থনা করিয়া চিত্র-শালার বিবিধ ঐতিহাসিক নিদর্শনাদি প্রদর্শন করিলে, কমিশনার বাহাদুর ও কালেক্টার মহোদয় চিত্রশালার মূল্যবান্ নিদর্শনগুলি পরিদর্শন করিয়া পরম প্রীত হইয়া তাহাদিগের সুরক্ষার নিমিত্ত গৃহের আবশ্যকতা অনুভব করেন। এই পরিদর্শনের অব্যবহিত পরেই ভারতীয় প্রত্নতত্ত্ব-বিভাগের অধ্যক্ষ ও সুযোগ্য কালেক্টার মহোদয় চিত্রশালা পরিদর্শনার্থ পুনরায় আগমন করেন।

শ্রীসুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী
সম্পাদক।

## (খ) ভাগলপুর

আলোচ্য বর্ষে উল্লেখযোগ্য ঘটনার মধ্যে শাখা-পরিষদের স্থান-পরিবর্ত্তন প্রধান। ইন্‌ষ্টি-টিউট্ গৃহে নানা কারণে সাহিত্য-পরিষদের অবস্থিতি সুবিধাজনক না হওয়ায়, কিছুদিনের জন্য সহকারী সভাপতি শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ মজুমদার মহাশয়ের গৃহে স্থানান্তরিত করা হয়। অভাবের সময় পরিষদকে স্থান দেওয়ার জন্য শাখা-পরিষদ্ তাঁহার নিকট নিরতিশয় কৃতজ্ঞ। কিছুদিন সুরেন্দ্র বাবুর গৃহে অবস্থিতির পর, সাহিত্য-পরিষদ্‌কে উপস্থিত গৃহে স্থানান্তরিত করা হইয়াছে। এই গৃহ পরিষদের আপনার নহে। পরিষদের নিজস্ব গৃহনির্ম্মাণের ব্যবস্থা চলিতেছে।

আলোচ্য-বর্ষের শেষে শাখা-পরিষদের সভ্য-সংখ্যা মোট ৪৯ জন ছিল। তাহার মধ্যে ৩ জন বিশিষ্ট, ৫ জন বিশেষ ও বাকি সাধারণ সভ্য। এ বৎসরে ৭টি মাসিক অধিবেশন হইয়াছে।

মুখ্য মাসিক অধিবেশনগুলিতে নিম্নলিখিত প্রবন্ধগুলি, নিম্নলিখিত মহোদয়গণ কর্তৃক পঠিত হয়—

১। সাহিত্য-পরিষদ্ ও ছাত্রদিগের কর্ত্তব্য — শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়।
২। ভারতীয় প্রাচীন কলাবিধি ("সাহিত্যে" প্রকাশিত) — শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ মজুমদার বি এ
৩। রাজা রামমোহন রায় ("ভারতী"তে প্রকাশিত) — শ্রীযুক্ত গিরীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় এম্‌এ, বিএল্
৪। বিজ্ঞান ও প্রজ্ঞান — শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায় বি এল্
৫। মৃচ্ছকটিক — শ্রীযুক্ত প্রভাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্
৬। মৃচ্ছকটিক ও তৎকালিক সামাজিক অবস্থা ও বিচারপদ্ধতি — ঐ ঐ
৭। তীর্থ (ভাষাতত্ত্ব বিষয়ক) — শ্রীযুক্ত কালীপ্রসন্ন ভাদুড়ী।

এতদ্ব্যতীত এই শাখা-সভার আরও কয়েকটি বিশেষ অধিবেশন হইয়াছিল। মূল পরিষদ্ কর্ত্তৃক কবিবর রবীন্দ্রনাথকে অভিনন্দন প্রদানের জন্য একটি দিন নির্দ্ধারিত হয়, নানাকারণে মূল পরিষদ্ ঐ দিন অভিনন্দন দিয়া উঠিতে পারেন নাই; সে সংবাদ যথাসময়ে এখানে না আসায় উক্ত দিবসে রবীন্দ্রনাথের বঙ্গসাহিত্যে অপূর্ব্ব সাধনা ও কৃতিত্ব সম্বন্ধে আলোচনা হইয়াছিল। উক্ত আলোচনা-সভায় ভাগলপুরের বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

আলোচ্য-বর্ষে শাখা পরিষদের মোট আয় ৯৯৫৹; মোট ব্যয় ৯৬৲; বাকী উদ্বৃত্ত ৩৫৹। এই বর্ষের শেষে পুস্তকাগারে মোট ৪৭৩ খানি পুস্তক ছিল।

এই বৎসর চুঁচুড়া পঞ্চম সাহিত্য-সম্মিলনে ভাগলপুরের শাখা-সাহিত্য-পরিষদের প্রতিনিধি-স্বরূপ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় ও শ্রীযুক্ত হেমচন্দ্র বসু উপস্থিত ছিলেন।

প্লেগের প্রকোপের জন্য কিছুদিন সাহিত্য-পরিষদের কার্য্য স্থগিত রাখিতে হইয়াছিল।

আলোচ্য-বর্ষে পরিষদে কয়েকটি নূতন কার্য্যের সূচনা করা হইতেছে। শাখা-পরিষদের একটি ছাত্র-বিভাগ খোলা হইয়াছে এবং কলেজের ছাত্রগণ বিশ্ববিদ্যালয়ের পাঠ্য বাঙ্গালা সম্বন্ধে যাহাতে পরিষৎ কর্ত্তৃক সাহায্য পান, তাহারও ব্যবস্থা চলিতেছে।

মূলপরিষদের অনুষ্ঠিত প্রদর্শনীর জন্য শাখাপরিষদের সংগৃহীত প্রস্তরমূর্ত্তি, খোদিতলিপি ও আলোকচিত্র প্রভৃতি পরিষদের কর্ম্মচারী শ্রীযুক্ত রামকমল সিংহ কলিকাতায় লইয়া গিয়াছেন।

শ্রীমণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়
সম্পাদক।

## (গ) রাজশাহী

আলোচ্য বর্ষে রাজসাহী-শাখা-পরিষদের অস্তিত্বের ৬ষ্ঠ বর্ষ অতিবাহিত হইল। সভ্যসংখ্যা পূর্ব্ববৎ।

এ বৎসরে মোট ৫টি অধিবেশন হয়; আর ২টি অধিবেশনে উপযুক্ত সভ্য উপস্থিত না হওয়ায়, বিজ্ঞাপিত কার্য্যাদি হইতে পারে নাই।

এবার শাখা-পরিষদের তত্ত্বাধীনে অনুষ্ঠিত প্রধান আলোচ্য বিষয় এই যে, সভার অন্যতর সম্পাদক শ্রীযুক্ত শশধর রায় মহাশয়, লণ্ডন ইউনিভারসিটীর গ্যালটন লেবরেটারী হইতে অধ্যাপক পিয়ারসন্ সাহেব কর্ত্তৃক প্রেরিত, মানবতত্ত্ব অনুশীলনের ফরম অনুসারে উক্ত বিষয় আলোচনায় ব্যাপৃত ছিলেন এবং এখনও নিযুক্ত আছেন। তাঁহার গবেষণার ফল অদ্যাপিও সাধারণ্যে প্রকাশিত হয় নাই, তথ্যাদি সমস্তই অধ্যাপক মহোদয়ের নিকট প্রেরিত হইয়াছে। অল্পদিন মধ্যেই তৎসমুদয় প্রকাশিত হইবার সম্ভাবনা। তবে এতৎবিষয়ের ভূমিকাংশমাত্র সাহিত্য সম্মিলনের ভাগলপুরের অধিবেশনে পঠিত হইয়াছিল।

শাখা-সভার অন্যতর সম্পাদক শ্রীযুক্ত ব্রজসুন্দর সান্যাল পূর্ব্ববৎ বৈষ্ণবশাস্ত্র এবং ইতিহাসাদি আলোচনা করিয়াছেন। তিনি ইতিহাসকে "মানব-তত্ত্বের বিশেষতঃ মানব-বিবর্ত্তনের" ইতিহাসরূপে আলোচনার প্রয়াস পাইতেছেন। এ বৎসরে তিনি শ্রীশ্রীচৈতন্যদেবের সমসাময়িক রাজসাহী জেলাবাসী নূতন এক বৈষ্ণব সাধকপুঙ্গবের পরিচয় আবিষ্কার করিয়াছেন। এ পর্য্যন্ত এই সাধক-প্রবরের নাম সভ্যসমাজে অপরিজ্ঞাত ছিল। এই সাধকের নাম—মহাত্মা গঙ্গাহরি নাড়া গোস্বামী।

শাখা-সভার অন্যতর সম্পাদক শ্রীযুক্ত শশধর রায় মহাশয়, এ বৎসর উত্তর বঙ্গ-সাহিত্য-সম্মিলনের কামাখ্যা অধিবেশনের সভাপতি মনোনীত হইয়া তথায় গমনকরতঃ স্বীয় কর্ত্তব্য সম্পন্ন করিয়া আসিয়াছেন।

আলোচ্যবর্ষেও সভ্যগণের নিকট হইতে কোনরূপ চাঁদা সংগৃহীত হয় নাই। সাময়িক সভাধিবেশনের যে কিছু সামান্য ব্যয় প্রয়োজন হইয়াছিল, তাহা সমস্তই সম্পাদকদ্বয় বহন করিয়াছেন।

মাসিক অধিবেশন প্রভৃতি যথাপূর্ব্ব স্থানীয় সাধারণ পুস্তকালয় গৃহেই আহূত হইয়াছিল। পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত কালীপ্রসন্ন আচার্য্য মহাশয়ের এই অনুগ্রহের নিমিত্ত সভা তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ এবং সভার পক্ষ হইতে আমরা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ প্রদান করিতেছি। এতদ্ব্যতীত অন্য যে সকল মহোদয় যে কোন বিষয়ে সভাকে সাহায্য করিয়াছেন, সভা তাঁহাদিগকেও সাধুবাদ দিতেছেন।

শ্রীব্রজসুন্দর সান্যাল
সম্পাদক।

## (৬) গৌহাটী

বর্ত্তমান বর্ষের ১লা বৈশাখ তারিখে এই শাখা পরিষদের তৃতীয় বর্ষ শেষ হইয়াছে। আলোচ্য বর্ষে সভ্যসংখ্যা ১২৮ জন ছিল, তন্মধ্যে ২৪ জন আসামীয় এবং দুই জন ইংরাজ ছিলেন। সভা পরিচালনের জন্য প্রথম ও দ্বিতীয় বর্ষে কোন কার্য্য-নির্ব্বাহক-সমিতি ছিল না। কিন্তু একজন সভাধ্যক্ষ, চারিজন সহকারী সভাধ্যক্ষ এবং একজন সম্পাদক ও চারিজন সহকারী সম্পাদক দ্বারা সভার কার্য্য পরিচালিত হইয়াছিল।

আলোচ্য বর্ষে মোট ৯টি অধিবেশনে নিম্নলিখিত লেখকগণ কর্তৃক নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছিল—

| | | |
|---|---|---|
| ১। | বাঙ্গালা শব্দের 'ড়' | শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় এম্ এ |
| ২। | দেবজিৎ | কালীকান্ত স্মৃতি-বেদান্ত-ব্যাকরণতীর্থ |
| ৩। | হিন্দুসমাজে শকসংমিশ্রণ | সতীশচন্দ্র দাস |
| ৪। | বিপদ | সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ |
| ৫। | আসামের ভূমির বন্দোবস্ত | প্রভাতচন্দ্র চট্টোপাধ্যায় বি এ |
| ৬। | সারনাথ | আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ |
| ৭। | সৌন্দর্য্যতত্ত্ব | অভয়কুমার গুহ এম্ এ, বি এল্ |
| ৮। | আইনের প্রমাণ ও শাস্ত্রের প্রমাণ | প্রকাশচন্দ্র সিংহ বি এ ন্যায়বাগীশ |
| ৯। | আহোম রাজাদিগের অভিষেকোৎসব | গোপালকৃষ্ণ দে |
| ১০। | বাঙ্গালা মহাভারত | বনমালী বেদান্ততীর্থ এম্ এ |
| ১১। | তাপ | সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ |
| ১২। | আলোক | হেরম্বনাথ বন্দ্যোপাধ্যায় এম্ এ |
| ১৩। | প্রাচীন কামরূপ | সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| ১৪। | ভারতীয় দর্শনে নীতিবিজ্ঞান | সুরেশচন্দ্র দত্ত এম্ এ |
| ১৫। | আসামের হরিদাস | উমেশচন্দ্র দে |
| ১৬। | ঋতুর সহিত মানব শরীরের সম্বন্ধ | হরগোবিন্দ কর কবিভূষণ |
| ১৭। | আচার্য্য-বংশ | মহামহোপাধ্যায় ধীরেশ্বর আচার্য্য কবিরত্ন |
| ১৮। | রবীন্দ্রনাথের প্রকৃতিপ্রিয়তা | প্রফুল্লচন্দ্র রায় চৌধুরী এম্ এ |
| ১৯। | বাঙ্গালা-ব্যাকরণে বচন-রহস্য | নিশিকান্ত বিশ্বাস |

এই সভার গত বর্ষের সভাধ্যক্ষ শ্রীযুক্ত প্রকাশচন্দ্র সিংহ বি এ ন্যায়বাগীশ কর্তৃক লিখিত ও সভাকর্তৃক প্রকাশিত "তর্কবিজ্ঞান" নামক পুস্তক কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ইন্টারমিডিয়েট পরীক্ষার পাঠ্যরূপে নির্দ্দিষ্ট হওয়াতে এই সভা নিতান্ত গৌরবান্বিত হইয়াছে।

শ্রীনিশিকান্ত বিশ্বাস

সহঃ সম্পাদক।

## ( চ ) বরিশাল

গত ১৩১৮ সনের ১৩ই আষাঢ়, বরিশালে বঙ্গীয়-সাহিত্য- পরিষদের একটী শাখা সংস্থাপিত হইয়াছে। এই প্রতিষ্ঠা-সভায় বরিশালের যাবতীয় গণ্যমান্য ও শিক্ষিত মহাশয়েরা সাগ্রহে ও পরম উৎসাহের সহিত যোগদান করিয়াছিলেন। বরিশালের গৌরবমণি শ্রীযুক্ত অশ্বিনীকুমার দত্ত এম্ এ, বি এল্ মহাশয় এই সভার সভাপতির আসন অলঙ্কৃত করেন। তিনটি প্রস্তাব

যথারীতি প্রস্তাবিত, অনুমোদিত ও সমর্থিত হইয়া সর্ব্ব-সম্মতিক্রমে পরিগৃহীত হয়। তন্মধ্যে ২টি প্রস্তাব নিম্নে উক্ত হইল :—

(১) বরিশাল-জিলা-বাসিগণের এই সভা অদ্য বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একটি শাখা এই বরিশাল নগরে সংস্থাপিত করিতে কৃতসঙ্কল্প হইলেন।

(২) যথারীতি বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-শাখা-প্রতিষ্ঠা-কল্পে নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া একটি সংসদ্ গঠিত হউক। এই সংসদ্ সভ্য-সংখ্যা প্রয়োজনানুসারে বর্দ্ধিত করিতে পারিবেন।

গত ১৯শে শ্রাবণ উল্লিখিত শাখা-পরিষৎ-সংসদের সভ্যবৃন্দের এক সাধারণ সভার অধিবেশন হয়। এই সভায় পরিষৎ-শাখা-সংসদের সম্পাদক শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী ও মাননীয় চৌধুরী মহম্মদ এছমাইল খাঁ মহাশয় এই নব-প্রতিষ্ঠিত শাখা-পরিষদের সাহায্যার্থ যথাক্রমে বার্ষিক ৩০০৲ তিন শত টাকা ও ৫০৲ পঞ্চাশ টাকা দান করিতে প্রতিশ্রুত হইলেন।

অতঃপর শাখা-পরিষদের উপযোগী নিয়মাবলী আলোচিত ও সংশোধিত হইয়া গৃহীত হইলে, প্রথম বর্ষের জন্য একটি কার্য্য-নির্ব্বাহক-সমিতি সংগঠিত হয়। শ্রীযুক্ত নিবারণচন্দ্র দাসগুপ্ত সভাপতি ও শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী সম্পাদক নিযুক্ত হন।

গত ১৩১৮ সালের ৫ই আশ্বিন মাসে মূল বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির এক অধিবেশনে বরিশালে প্রতিষ্ঠিত এই সমিতি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখারূপে গণ্য হইবে, এই প্রস্তাব পরিগৃহীত হইল।

আলোচ্য বৎসরে অনিবার্য্য কারণবশতঃ শাখা-পরিষদের মাত্র আটটি মাসিক অধিবেশন হইতে পারিয়াছে। এই সকল অধিবেশনে যে সকল প্রবন্ধ পঠিত হইয়াছে, তাহা নিম্নে উক্ত হইতেছে।

| বিষয় | লেখক |
|---|---|
| (১) পরলোক | শ্রীযুক্ত নিবারণচন্দ্র দাসগুপ্ত এম্ এ, বি এল্ |
| (২) শ্রীকৃষ্ণের ভোজনলীলা | „ কুমুদকান্ত বসু বি এল্ |
| (৩) আত্ম-দর্শন | „ গণেশচন্দ্র দাসগুপ্ত এম্ এ, বি এল্ |
| (৪) অসমীয় ভাষা | „ পরেশনাথ সেন বি এ |
| (৫) মহাকর্ষণ | „ „ „ |
| (৬) আর্য্য সভ্যতার প্রাচীনতা | „ বিজয়চন্দ্র মজুমদার বি এল্ এম্ আর এ এস্ |
| (৭) চন্দ্রদ্বীপ-রাজ-বংশের ইতিহাস | „ বৃন্দাবনচন্দ্র পুততুণ্ড |
| (৮) দার্শনিক পরলোকবাদ বা আত্মার অবিনশ্বরত্ব | „ নিবারণচন্দ্র দাসগুপ্ত এম্ এ, বি এল্ |
| (৯) কাব্য-সাহিত্যে রবীন্দ্রনাথ | „ বিপিনবিহারী দাসগুপ্ত |

শাখা-পরিষদের সম্পাদক শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী গত কার্ত্তিকমাসে বরিশাল জেলার

বিভিন্ন স্থান পরিভ্রমণ করিয়া বহু ঐতিহাসিক কীর্ত্তির আলোকচিত্র তুলিয়া আনেন। তন্মধ্যে নিম্নে কয়েকখানির নামোল্লেখ করা গেল ;—

১। নলছিটির নিকটস্থ সুতনটির মস্‌জিদ।

২। মাহিলাড়ার মঠ।

৩। গৈলায় কবি ৺বিজয় গুপ্ত প্রতিষ্ঠিত মনসাদেবীর মন্দির।

৪। লক্ষ্মণকাঠির মহাবিষ্ণুমূর্ত্তি ( মৃত্তিকানিম্নে প্রাপ্ত )

৫। মাধবপাশার রাজবাটীর চণ্ডীমণ্ডপ।

মূল সাহিত্য-পরিষদের সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় গত চৈত্র মাসে বরিশালে আগমন করেন। তাঁহাকে সংবর্দ্ধনা করার জন্য স্থানীয় শাখা-পরিষৎ একটি সান্ধ্য-সম্মিলনের আয়োজন করেন।

বর্ত্তমান বর্ষে এই শিশু-শাখা-পরিষদের মোট সভ্যসংখ্যা ১৩০ জন, তন্মধ্যে তিনজন বিশেষ সভ্য আছেন। অদ্যাবধি ইহার তহবিলে প্রবেশিকা ও চাঁদা বাবদ মোট ৫৫০৲ টাকা আদায় হইয়াছে।

শ্রীদেবকুমার রায় চৌধুরী
সম্পাদক।

## ( ছ ) চট্টগ্রাম

এই নব অনুষ্ঠানের প্রথম বর্ষ উত্তীর্ণ হইল। ইহার অঙ্গসৌষ্ঠব পূর্ণতা প্রাপ্ত হয় নাই সত্য, কিন্তু তাহা বলিয়া ইহাকে বিকলাঙ্গ বলিবার কিম্বা ইহার ভাবী জীবন-সম্পর্কে সন্দিগ্ধ বা আশঙ্কিত হওয়ার কোন কারণ দৃষ্ট হয় না। পরম ভক্তিভাজন শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ মহাশয়ের শুভাগমন ও ক্ষণিক অবস্থানের সহিত এই শাখা-পরিষদের জীবনী বিশেষরূপে জড়িত রহিয়াছে।

কবিগুণাকর শ্রীযুক্ত নবীনচন্দ্র দাস এম্ এ, বি এল্ সভাপতি। ৮০ আশিজন সভ্য এই শাখার সভ্যতালিকাভুক্ত আছেন। প্রথম অধিবেশনে শ্রীযুক্ত শশাঙ্কমোহন সেন বি এল্ "বঙ্গসাহিত্যের জাগরণ" বিষয়ক প্রবন্ধ পাঠ করেন।

ভিন্ন ভিন্ন মাসিক অধিবেশনে শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত "আবাহন", "অম্বপালিথেরী গাথা", "বসন্ত-সম্ভাষণ" প্রভৃতি কবিতা পাঠ করেন। অধ্যাপক শ্রীযুক্ত মতিমারঞ্জন বড়ুয়া "থেরীগাথা" নামক প্রবন্ধ পাঠ করেন।

পরিষদের অর্থবল নিতান্ত আশাপ্রদ নহে। মাসিক কি ত্রৈমাসিক পত্রিকা প্রচার দ্বারা মূল পরিষদের অনুকরণে অর্থ-সংগ্রহের বিধিব্যবস্থা করা না হইলে, পরিষদের অর্থসচ্ছলতা চিরকালই সুদূর পরাহত থাকিবে।

শ্রীজীবেন্দ্রকুমার দত্ত
সম্পাদক।

## ( জ ) বারাণসী

আলোচ্য বর্ষের সহিত শাখা-পরিষদের তৃতীয় বৎসর শেষ হইল। ইহাতে ছয়টি মাত্র সাধারণ অধিবেশন হইয়াছে। অধিবেশনসমূহে নিম্নলিখিত বিষয়গুলি পার্শ্বে লিখিত মহাশয়গণ কর্ত্তৃক আলোচিত হয়।

| | বিষয় | আলোচক |
|---|---|---|
| ১। | কপিলাস বা উৎকলে কৈলাস | শ্রীযুক্ত শ্যামাচরণ ভট্টাচার্য্য |
| ২। | বঙ্গভাষা ও রবীন্দ্রনাথ | " সুরেন্দ্রনাথ সেন বি এ |
| ৩। | রঘুনন্দন ভট্টাচার্য্য ও নব্যস্মৃতি | " কমলকৃষ্ণ স্মৃতিতীর্থ (অধ্যাপক) |
| ৪। | প্রাচ্য ও উদীচ্য | " তারাণচন্দ্র শব্দাচার্য্য। |
| ৫। | উপনিষদের শিক্ষা ( আত্মাভিমান | " হরিদাস কাব্যসাংখ্যবেদান্ততীর্থ |
| ৬। | " ( 'তত্ত্বমসি' ) | |
| ৭। | চৈতন্যদেবের অবতারত্ব | " মোক্ষদাচরণ ভট্টাচার্য্য(ডাক্তার) |
| ৮। | রত্নাবলী ও বিষবৃক্ষ | " হরিহর ভট্টাচার্য্য। |

আলোচ্য বর্ষের চুঁচুড়ায় আহূত বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনীতে শ্রীযুক্ত হরিদাস কাব্যসাংখ্য-বেদান্ততীর্থ, নগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও দেবনারায়ণ মুখোপাধ্যায় শাখার প্রতিনিধিরূপে উপস্থিত হইয়াছিলেন।

শ্রীযুক্ত ললিতমোহন সেন ( অবসরপ্রাপ্ত সিভিল সার্জ্জন )—সভাপতি।

এ বৎসর অন্যান্য অর্থ সাহায্য মধ্যে আমবাড়িয়ার বিদ্যোৎসাহী সহৃদয় জমিদার শ্রীযুক্ত হেমচন্দ্র রায়চৌধুরী মহাশয় প্রদত্ত ৫০৲ ও রঙ্গপুর-নলডাঙ্গার জমিদার শ্রীযুক্ত যতীন্দ্রমোহন লাহিড়ী মহাশয় প্রদত্ত ২৫৲ বিশেষরূপে উল্লেখযোগ্য। আলোচ্যবর্ষে পুস্তকালয়ে ২২৪ পুস্তক সংগৃহীত হইয়াছে। পাঠাগারে প্রায় ৭০ খানি পত্র ও সাময়িক পত্রিকা সম্পাদক মহানুভবগণ বিনামূল্যেই নিয়মিতভাবে দিয়া আসিয়াছেন। এজন্য উক্ত সাহায্যদাতৃগণের প্রত্যেকেই বারাণসী-পরিষদের কৃতজ্ঞতাভাজন। রাজসাহী কাসিমপুরের জমিদার শ্রীযুক্ত কেদারপ্রসন্ন লাহিড়ী রায় বাহাদুর স্বীয় ভবনের একাংশ পুস্তকালয় ও পাঠাগারের জন্য ব্যবহার করিতে দেওয়ায় কাশীস্থ বঙ্গসাহিত্যসমাজের চির কৃতজ্ঞতাভাজন হইয়া রহিয়াছেন। পরিষদের সভ্যগণের নিকট হইতে কোন চাঁদা লইবার নিয়ম নাই।

শ্রীললিতমোহন মুখোপাধ্যায়
সম্পাদক।

# উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলন

## পঞ্চম অধিবেশন

স্থান—কামাখ্যাশৈল

সভাপতি—শ্রীযুক্ত শশধর রায় এম্ এ, বি এল্

প্রথম দিবস—২৪শে চৈত্র, ৬ এপ্রিল, পূর্ব্বাহ্ণ ৮ ঘটিকা।

১। বিগত ৪র্থ অধিবেশনের সভাপতি শ্রীযুক্ত যদুনাথ সরকার এম্ এ মহাশয়ের অনুপস্থিতিতে তৎপূর্ব্বাধিবেশনের সভাপতি শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ কর্ত্তৃক কার্য্যারম্ভের আদেশ প্রদান।

২। স্তোত্রপাঠ

(ক) কামাখ্যাষ্টকং—মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত ধীরেশ্বরাচার্য্য

(খ) সরস্বতী-স্তোত্র—অধ্যাপক শ্রীযুক্ত পণ্ডিত শিবনাথ স্মৃতিতীর্থ

(গ) ভগবতী-স্তোত্র—শ্রীযুক্ত বরদাকান্ত রায় বিদ্যারত্ন বি এল্

৩। প্রারম্ভিক সঙ্গীত

৪। অভ্যর্থনা-সমিতির সভাপতি শ্রীযুক্ত কালীচরণ সেন বি এল্ মহাশয় কর্ত্তৃক সমবেত সাহিত্যসেবিগণকে সম্ভাষণ-ব্যপদেশে একটি বক্তৃতা পাঠ।

৫। সভাপতি-বরণ—শ্রীযুক্ত যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ, বি এল্ মহাশয়ের প্রস্তাবে শ্রীযুক্ত উত্তমচন্দ্র বড়ুয়া মহাশয়ের সমর্থনে ও সর্ব্বসম্মতিক্রমে শ্রীযুক্ত শশধর রায় এম্ এ, বি এল্ মহাশয় সভাপতির আসন গ্রহণ করিলেন।

৬। সভাপতির অভিভাষণ।

৭। সম্মিলনের স্থায়ী সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী মহাশয় কঠিন পীড়া-নিবন্ধন উপস্থিত হইতে না পারায়, রঙ্গপুর-শাখা-পরিষদের গ্রন্থরক্ষক শ্রীযুক্ত জগদীশনাথ মুখোপাধ্যায় মহাশয় বিগত অধিবেশনের কার্য্য-বিবরণ পাঠ করেন এবং উহা শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয়ের প্রস্তাবে ও শ্রীযুক্ত মোহিনীমোহন মৈত্র মহাশয়ের সমর্থনে ও সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৮। শোকপ্রকাশ—সভাপতি কর্ত্তৃক নিম্নলিখিত সাহিত্যসেবী ও সাহিত্যবন্ধুগণের পরলোকগমনে শোকপ্রকাশের প্রস্তাব উপস্থিত ও সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়;—

মহারাজ সার নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর — ক্ষেত্রমোহন বিদ্যারত্ন
রাধেশচন্দ্র শেঠ — গিরিশচন্দ্র ঘোষ
রায় যাদবচন্দ্র চক্রবর্ত্তী বাহাদুর — হরিনাথ দে

কবিরাজ শরচ্চন্দ্র লাহিড়ী আয়ুস্তত্ত্ববিশারদ
বীরেশ্বর পাঁড়ে
গৌরগোবিন্দ উপাধ্যায়
আচার্য্য সত্যব্রত সামশ্রমী
মীর মশারফ্ হোসেন
মহামহোপাধ্যায় কৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন
মনোমোহন বসু
রায় নরেন্দ্রনাথ সেন বাহাদুর
পণ্ডিত কালীবর বেদান্তবাগীশ

৯। সভাপতি কর্ত্তৃক সম্মিলনের উদ্দেশ্যের সহিত সহানুভূতিজ্ঞাপক বিভিন্ন স্থান হইতে প্রাপ্ত টেলিগ্রাম ও পত্রাদি-প্রেরকগণের নাম পাঠ।

১০। সভাপতি কর্ত্তৃক সমাগত সাহিত্যসেবিগণের পরিচয় প্রদান।

## প্রথমদিন অপরাহ্ণ ৩ ঘটিকা

১। নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইল :—

| | প্রবন্ধ | লেখক |
|---|---|---|
| *(ক) | অসমীয়া সাহিত্যের জাগরণ ও জাতীয়ভাব (অসমীয়া ভাষায়) | পণ্ডিত শ্রীযুক্ত তারানাথ কাব্যবিনোদ |
| (খ) | কবি রজনীকান্তের কাব্যপরিচয় | নলিনীরঞ্জন পণ্ডিত |
| (গ) | কৃত্তিবাস ও মাধব কন্দলীর রামায়ণ | নিশিকান্ত বিশ্বাস |
| (ঘ) | হিন্দুসাহিত্য প্রচারক | বিনয়কুমার সরকার এম্ এ |
| (ঙ) | সংস্কৃত শাস্ত্রানুশীলনের আবশ্যকতা | শিবনাথ স্মৃতিতীর্থ |
| (চ) | কবি নবীনচন্দ্রের ভ্রমণসা | কুমুদনাথ লাহিড়ী |
| (ছ) | শ্রীহট্ট ও কাছাড়ের কতিপয় প্রাচীন পুথির বিবরণ | জগন্নাথ দে বি এ |
| (জ) | সাহিত্যের পুষ্টিবিষয়ে অনুবাদের স্থান | ব্যোমকেশ মুস্তফী |
| (ঝ) | প্রাচীন কামরূপ | ধর্ম্মকান্ত কাব্য-ব্যাকরণতীর্থ |
| (ঞ) | আর্য্য | রমাপ্রসাদ চন্দ বি এ |

অতঃপর প্রথম দিনের কার্য্য শেষ হয়।

এই রজনীতে অভ্যর্থনা-সমিতির অন্যতর সম্পাদক শ্রীযুক্ত জীবেশ্বর শর্ম্মা পাণ্ডা মহাশয়ের উদ্যোগে কৌতূহলোদ্দীপক বাদ্যযন্ত্র সহযোগে কামরূপীয় পদ্ধতিতে ভগবান্নামানুকীর্ত্তন ও কামাখ্যার সঙ্গীতজ্ঞ ব্যক্তিগণ কর্ত্তৃক 'মালসী' প্রভৃতির গান হয়।

## দ্বিতীয় দিন, ২৫শে চৈত্র, ৭ই এপ্রিল, রবিবার, পূর্ব্বাহ্ণ ৭॥ ঘটিকা

১। পূর্ব্ব দিনের নির্দ্দিষ্ট প্রবন্ধগুলির পাঠ শেষ না হওয়ায় অদ্য সেইগুলি পঠিত হয়। পূর্ব্ব দিবসের ন্যায় অদ্যও সভাপতি মহাশয় প্রবন্ধপাঠকগণের পরিচয় প্রদান করেন ;—

| | | |
|---|---|---|
| (ক) | গৌড়ীয় পীঠস্থান | শ্রীযুক্ত হরিদাস পালিত |
| (খ) | বঙ্গের ইতিহাসে ত্রি-বল্লাল | „ কালীকান্ত বিশ্বাস |
| (গ) | আসামের বৈষ্ণব-সম্প্রদায় | „ উমেশচন্দ্র দে |
| (ঘ) | আসামের কলিতা জাতি | „ প্রতাপচন্দ্র গোস্বামী |
| (ঙ) | আসামের সম্পদ | „ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| (চ) | কামরূপের সামাজিক প্রথা | „ গোপালকৃষ্ণ দে |
| (ছ) | আর্য্যজ্ঞান-বিজ্ঞান | „ যদুনাথ রায় বি এ |

প্রবন্ধ পাঠান্তে শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ মহাশয় কর্ত্তৃক সম্মিলনক্ষেত্রে রচিত "অর্ঘ্য" নামক স্বরচিত কবিতা পাঠ।

তৎপরে শ্রীযুক্ত শরচ্চন্দ্র চৌধুরী বি এ মহাশয় "সাহিত্যের জাগরণ" বিষয়ে ও শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী মহাশয় "শিক্ষা" বিষয়ে বক্তৃতা করেন।

এই সম্মিলনীতে নিম্নলিখিত প্রস্তাবগুলি গৃহীত হইয়াছে।

প্রথম প্রস্তাব—উত্তরবঙ্গসম্মিলনের স্থায়ী সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয় কঠিন পীড়ায় শয্যাগত, এই জন্য সম্মিলন দুঃখিত এবং সম্মিলন ভগবানের নিকট তাঁহার আরোগ্যকামনা করিতেছেন। সম্মিলনের আন্তরিক সমবেদনা জানাইয়া সুরেন্দ্রবাবুর জ্যেষ্ঠ সহোদর শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয়কে পত্র লেখা হউক—এই মর্ম্মে প্রথম প্রস্তাব সভাপতি কর্ত্তৃক উপস্থাপিত ও সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

দ্বিতীয় প্রস্তাব—এই সম্মিলন অভ্যর্থনা-সমিতির সভাপতি শ্রীযুক্ত কালীচরণ সেন মহাশয়কে অনুরোধ করিতেছেন যে, তিনি নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া কামরূপ-অনুসন্ধান-সমিতি নামে একটি সমিতি গঠন করিবেন এবং তদ্দ্বারা এতদঞ্চলের প্রাচীন পুথি ও প্রত্নতত্ত্ব সংগ্রহ এবং বিবিধ জাতির ইতিহাস প্রভৃতির সন্ধান এবং ঐ সকল বিষয়ের বিবরণ বাঙ্গালা ও অসমীয়া ভাষায় লিখিবার ব্যবস্থা করিবেন। কার্য্য কতদূর অগ্রসর হইল, তাহা এক বৎসরের পর সম্মিলনের আগামী অধিবেশনে উপস্থাপিত করিবেন। তিনি এই সমিতির উদ্দেশ্য সাধনার্থ সংগৃহীত অর্থের ন্যাসরক্ষক নিযুক্ত হইবেন।

সমিতির সদস্যগণ

মহামহোপাধ্যায়

| | |
|---|---|
| শ্রীযুক্ত ধীরেশ্বর কবিরত্ন | শ্রীযুক্ত তারানাথ কাব্যবিনোদ |
| „ আনন্দচন্দ্র বেদান্তবাগীশ | „ প্রতাপচন্দ্র গোস্বামী |
| „ পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ | „ রজনীকুমার দাস |
| „ শিবনাথ স্মৃতিতীর্থ | „ গোপালকৃষ্ণ দে |
| „ উত্তমচন্দ্র বড়ুয়া | „ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| „ গোবিন্দচন্দ্র শর্ম্মা | উমেশচন্দ্র দে |

আবশ্যক হইলে সমিতি অন্যান্য সভ্য লইতে পারিবেন

প্রস্তাবক—শ্রীযুক্ত চৌধুরী আমানতুল্লা আহম্মদ

সমর্থক—রায় শ্রীযুক্ত মৃত্যুঞ্জয় রায় চৌধুরী বাহাদুর

এই প্রস্তাব সাধারণের নিকট পরিগ্রহণার্থ উপস্থাপিত করিয়া সভাপতি মহাশয় কামরূপে মানবতত্ত্বের আলোচনার জন্য সমিতিকে ২৫৲ সাহায্য প্রদান করিলেন।

তৎপরে কতকগুলি পুথি, মুদ্রা ও আলোক-চিত্র প্রভৃতি প্রদর্শিত হয়। এই প্রদর্শিত দ্রব্যগুলি কামরূপ ও রঙ্গপুর-শাখা-পরিষদের সংগ্রহ।

প্রদর্শনীর শেষে প্রতিনিধিগণের পক্ষ হইতে শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ ও শ্রীযুক্ত শৈলেশচন্দ্র মজুমদার মহাশয় সম্মিলনের অভ্যর্থনা-সমিতির সদস্য, স্বেচ্ছাসেবক ও অসমীয়া সাহিত্যসেবিগণকে ধন্যবাদ প্রদান করেন এবং অভ্যর্থনাকারিগণের পক্ষ হইতে কামাখ্যার প্রধান পাণ্ডা শ্রীযুত বিষ্ণুপ্রসাদ শর্ম্মা মহাশয় এবং শ্রীযুত পদ্মনাথ ভট্টাচার্য্য মহাশয় যথাক্রমে অভ্যাগতগণকে ও সভাপতি মহাশয়কে ধন্যবাদ প্রদান করেন।

## দ্বিতীয় দিন অপরাহ্ণ ৩ ঘটিকা

এই সময়ে সমবেত সাহিত্যসেবিগণ পরস্পর আলাপ পরিচয় করেন। কবি শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মহিন্তা মহাশয় "কামাখ্যাপীঠের আবিষ্কার" শীর্ষক কবিতা পাঠ করেন। সকলে দলবদ্ধ হইয়া কামাখ্যা পাহাড়ের নানা স্থানে ভ্রমণ করেন এবং স্বামী অভয়ানন্দের নির্ম্মিত নীলাচলে ধর্ম্মশালা ও ভুবনেশ্বরী দর্শন করেন।

এই সম্মিলনের যাত্রিগণের এক ভাড়ায় যাতায়াতের জন্য পূর্ব্ববঙ্গ ও আসামবঙ্গ এবং ডিব্রু-সাদিয়া রেলওয়ের কর্ত্তৃপক্ষগণ বন্দোবস্ত করিয়া সম্মিলনের অশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

অতঃপর সম্মিলন সমাপ্ত হয়। আগামী বৎসর কোথায় সম্মিলন হইবে, তাহা যথাসময়ে বিজ্ঞাপিত হইবে।

# বিবিধ

## মুসলমান সাহিত্যিকগণকে সম্বর্দ্ধনা

গত বৎসর আশ্বিন মাসে কলিকাতায় মুসলমান-শিক্ষা-সমিতির অধিবেশন হয়। তদুপলক্ষে পরিষদের অনেকগুলি মুসলমান সদস্য এবং অনেক প্রথিত নামা মুসলমান-সাহিত্যিক কলিকাতায় সমবেত হন। সাহিত্য-পরিষদে মুসলমান সদস্যগণের সমবেত হওয়ার সুযোগ কখনও ঘটে নাই। এই সুযোগে সাহিত্য-পরিষৎ মুসলমান সাহিত্যিক এবং সদস্যগণকে সাহিত্য-পরিষদে একটি সান্ধ্যসম্মিলনে আহ্বান করিবার আয়োজন করেন। তদনুসারে ২০শে আশ্বিন শনিবারে সান্ধ্যসম্মিলন সংঘটিত হয়। পরিষদের সভাগৃহ পতাকা-পুষ্পমালা দ্বারা সুশোভিত করা হয়। বঙ্গদেশের বিভিন্ন জেলা হইতে প্রায় দুই শত মুসলমান সাহিত্যিক

সমবেত হইয়াছিলেন। সকলকে আতর পান গোলাপ ইত্যাদি দ্বারা সম্বর্দ্ধনা করা হয় ও জলযোগের ব্যবস্থা করা হইয়াছিল। নিমন্ত্রিতগণের প্রীতি-বর্দ্ধনার্থ একতান বাদন, নানারূপ কণ্ঠ ও যন্ত্র সঙ্গীত, আবৃত্তি ও রহস্যাভিনয় ইত্যাদির আয়োজন করা হইয়াছিল। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব ওজস্বিনী ও প্রাণস্পর্শিনী ভাষায় বক্তৃতা করিয়া নিমন্ত্রিত মহোদয়গণকে অভ্যর্থনা করেন। মুসলমান-শিক্ষা-সমিতির সভাপতি দিনাজপুরের প্রসিদ্ধ উকীল মৌলবি একিন উদ্দীন মহাম্মদ বি এল, মুন্সী ইয়াজুদ্দিন মহম্মদ চৌধুরী ( ইস্লাম প্রচারক-সম্পাদক ), কে, এম্ জলালুদ্দীন ( ঢাকা ), মৌলবি মহম্মদ আলী ( চুয়াডাঙ্গা, নদীয়া ), মৌলবি আবুল কাসেম, মৌলবি মহম্মদ আক্রাম খাঁ ( মোহাম্মদী সম্পাদক ), মুন্সী সেখ জমীর উদ্দীন ( 'মেহের চরিত' প্রণেতা ), মৌলবী সৈয়দ আবদুল কুদ্দুস্ ও মৌলবি সেখ আবদুল জব্বর এবং মুসলমান-শিক্ষা-সমিতির সম্পাদক মৌলবি মোহাম্মদ শহীদুল্লাহ এম্ এ প্রভৃতি সুবক্তা ও সুপ্রসিদ্ধ সাহিত্যিকগণ সাহিত্য-পরিষদের এই অনুষ্ঠানের উপযোগিতা, প্রয়োজনীয়তা এবং ইহার সুফলোপধায়কতা ব্যাখ্যা করিয়া অতি সুন্দর সুন্দর বক্তৃতা করেন এবং পরিষদের আদর যত্ন আপ্যায়ন ও সম্বর্দ্ধনায় পরিতৃপ্ত হইয়া আপনাদের প্রীতি ও সন্তোষ জ্ঞাপন করেন। রাত্রি ১১টার সময় সম্মিলন শেষ হয়।

# বঙ্গীয় সাহিত্য-সম্মিলন

## পঞ্চম অধিবেশন—চুঁচুড়া।

সভাপতি—মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর

প্রথম দিবস—১৯শে ফাল্গুন ১৩১৮

১। শ্রীযুক্ত জ্যোতিশ্চন্দ্র চট্টোপাধ্যায়-রচিত ও স্থানীয় যুবকগণ কর্ত্তৃক গীত "বাণীবন্দনা"।

২। গত ময়মনসিংহ অধিবেশনের সভাপতি ডাঃ শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয় উপস্থিত হইতে না পারায় তাঁহার অভিভাষণ তৃতীয় সম্মিলনের সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় পাঠ করেন।

৩। অভ্যর্থনাসঙ্গীত—শ্রীযুক্ত ব্রজবল্লভ কাব্যকণ্ঠ কর্ত্তৃক রচিত ও হিন্দু বালিকা-বিদ্যালয়ের কুমারীগণ কর্ত্তৃক গীত।

৪। অভ্যর্থনা-সমিতির সভাপতি শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় স্বীয় অভিভাষণ পাঠ করেন।

৫। সভাপতি-বরণ—প্রস্তাবক রায় শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র মিত্র বাহাদুর এম এ, বি এল অভ্যর্থনা-সমিতির সম্পাদক।

সমর্থক—শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ।

৬। মঙ্গলাচরণ শ্লোকমালা—পণ্ডিত শ্রীযুক্ত তারাকুমার কবিরত্ন মহাশয়ের লিখিত ও পণ্ডিত শ্রীযুক্ত আশুতোষ শাস্ত্রী এম্ এ মহাশয় কর্ত্তৃক পঠিত।

৭। চট্টগ্রামনিবাসী কবি শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত কর্ত্তৃক লিখিত "আরতি" নামক কবিতা পাঠ—পাঠক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী।

৮। সঙ্গীত—শ্রীযুক্ত সিদ্ধেশ্বর গঙ্গোপাধ্যায় এম্ এ কর্ত্তৃক রচিত ও বালকবৃন্দ কর্ত্তৃক গীত।

৯। কবি শ্রীযুক্ত অক্ষয়কুমার বড়াল মহাশয়ের রচিত "মানব-বন্দনা" পাঠ—পাঠক শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি।

১০। সভাপতির অভিভাষণ।

১১। অনুপস্থিত ব্যক্তিবর্গের পত্র ও টেলিগ্রাম পাঠ।

১২। শোকপ্রকাশ—( ক ) কালীবর বেদান্তবাগীশ, ( খ ) মহামহোপাধ্যায় পণ্ডিত কৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন, ( গ ) আচার্য্য সত্যব্রত সামশ্রমী ( ঘ ) মীর মশারফ হোসেন ( ঙ ) পণ্ডিত ক্ষেত্রনাথ কাব্যরত্ন, ( চ ) মনোমোহন বসু, ( ছ ) নাট্যাচার্য্য গিরিশচন্দ্র ঘোষ, ( জ ) মহারাজ শ্রীরামচন্দ্র ভঞ্জ দেও, ( ঝ ) রায় বাহাদুর নরেন্দ্রনাথ সেন, ( ঞ ) রায় বাহাদুর যাদবচন্দ্র চক্রবর্ত্তী, ( ট ) রাধেশচন্দ্র শেঠ, ( ঠ ) কবিরাজ হরলাল গুপ্ত, ( ড ) হরিনাথ দে, ( ঢ ) রামনাথ চক্রবর্ত্তী ( ণ ) মহারাজ নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর, ( ত ) বলাইচাঁদ গোস্বামী, ( থ ) বেণীমাধব গঙ্গোপাধ্যায় ( দ ) পূর্ণচন্দ্র গঙ্গোপাধ্যায় ( ধ ) বেনোয়ারীলাল গোস্বামী ও ( ন ) মহামহোপাধ্যায় কবিরাজ বিজয়রত্ন সেন।

১৩। মাননীয় পণ্ডিত শ্রীযুক্ত মদনমোহন মালব্য মহাশয়ের বিশুদ্ধ হিন্দী ভাষায় বক্তৃতা।

১৪। ময়মনসিংহ সাহিত্য-সম্মিলনের কার্য্যবিবরণ পাঠ ও গ্রহণের প্রস্তাব।

প্রস্তাবক—শ্রীযুক্ত কেদারনাথ মজুমদার

সমর্থক— " ব্যোমকেশ মুস্তফী

১৫। পূর্ব্ব পূর্ব্ব অধিবেশনের কার্য্যবিবরণ—

( ক ) বহরমপুর শাখা-পরিষদের উপর অর্পিত কার্য্যভার-বিবরণ—পাঠক, সম্পাদক শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন।

( খ ) রাজসাহী শাখা-পরিষদের উপর অর্পিত কার্য্যভার-বিবরণ—পাঠক, সম্পাদক শ্রীযুক্ত শশধর রায়।

( গ ) ভাগলপুর শাখা-পরিষদের উপর অর্পিত কার্য্যভার বিবরণ—পাঠক, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়।

( ঘ ) ময়মনসিংহ-শাখা-পরিষদের উপর অর্পিত কার্য্যভার বিবরণ—পাঠক, সম্পাদক শ্রীযুক্ত কেদারনাথ মজুমদার।

(ঙ) সম্মিলন-পরিচালন-সমিতির উপর অর্পিত কার্য্যভার-বিবরণ—পাঠক, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী।

১৬। রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই মহোদয় "তিব্বতে চীনে ও মঙ্গোলিয়ায় বাঙ্গালীর প্রভাব" সম্বন্ধে বক্তৃতা করেন। এই উপলক্ষে তিনি তিব্বতীয় বর্ণমালার আকৃতি প্রদর্শন করেন।

১৭। শ্রীযুক্ত শচীশচন্দ্র চট্টোপাধ্যায় বি এ মহাশয় স্বর্গীয় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের স্বরচিত "ভিক্ষা" নামক অপ্রকাশিত রচনা পাঠ করেন।

১৮। শ্রীযুক্ত চারুচন্দ্র বসু মহাশয় "মৌর্য্য সাম্রাজ্য বিলোপের কারণ" শীর্ষক প্রবন্ধ পাঠ করেন।

১৮। বিষয়-নির্ব্বাচন-সমিতি গঠন—প্রস্তাবক, সভাপতি মহাশয়।

বিষয়-নির্ব্বাচন-সমিতির নির্দ্ধারণ

শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয়ের প্রস্তাব অর্থাৎ সম্মিলনের নিয়মানুসারে প্রবন্ধ পাঠের যে তিনটি শাখা নির্দ্দিষ্ট আছে, সেই শাখাভেদে একই সময়ে বিভিন্নস্থানে তিনটি স্বতন্ত্র বৈঠকের ব্যবস্থা করা সম্বন্ধে শ্রীযুক্ত শশধর রায় ও শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়দ্বয়ের ব্যাখ্যা অনুসারে স্থির হয় যে, এবৎসর এখানে একই সময়ে তিনটি শাখার অধিবেশন হওয়া সম্ভবপর নহে; তবে পরীক্ষাস্থলে এবৎসর এখানে বিজ্ঞান বিষয়ে যে সকল বিশেষ বিশেষ প্রবন্ধ কেবল বিশেষজ্ঞের দ্বারা আলোচিত হইবার উপযুক্ত বলিয়া স্থির হইবে, সেইগুলি ডাক্তার প্রফুল্লচন্দ্র রায় মহাশয়ের সভাপতিত্বে পরদিন প্রাতে ৮টা হইতে ১০টা পর্য্যন্ত কেবল বিশেষজ্ঞের সমক্ষে পঠিত হইতে পারিবে। অভ্যাগত অন্যান্য ব্যক্তিবর্গ ইচ্ছাকরিলে এই সভায় উপস্থিত থাকিতে পারিবেন। রামেন্দ্রবাবু ও শশধর বাবুর এই সংশোধিত প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

## বিজ্ঞান-সভা

সভাপতি—ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় পি এচ্ ডি, ডি এস্ সি,

প্রস্তাবক—মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর

সমর্থক—শ্রীযুক্ত শশধর রায়

প্রবন্ধ পাঠ—

(ক) যশোহরে প্রাপ্ত তিনটি গোলা — শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত

(খ) দাহজল বা গন্ধকাম্ল — " প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়

(গ) আর্গন আদি কতিপয় বায়বীয় পদার্থের নিশ্চেষ্টতার নিদর্শন — " মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

(ঘ) পুষ্পসার তৈল — " হেমেন্দ্রনাথ সেন

(ঙ) জড়জগতের অন্তিম উপাদান — প্রিয়দারঞ্জন রায়

(চ) হিন্দুসমাজতত্ত্ব — সতীশচন্দ্র মুখোপাধ্যায়

(ছ) গঙ্গা ব্রহ্মপুত্র পলিভূমির মধ্যগত সীসাটিন যুক্ত কর্দ্দম — " শ্রীযুক্ত সুরেশচন্দ্র দত্ত লিখিত
পাঠক—শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত

(জ) রাসায়নিক পরিভাষা — ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়

নিম্নলিখিত প্রবন্ধ দুইটি পঠিত বলিয়া গৃহীত হইল

(ক) বঙ্গদেশে ম্যালেরিয়ার প্রতিকার সম্বন্ধে কয়েকটি কথা — শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য

(খ) আহার — শ্রীযুক্ত প্রিয়নাথ নন্দী

## অপরাহ্ণ—১টা

১। অভ্যর্থনাসঙ্গীত

২। কবিতা পাঠ

(ক) অভিনন্দন — শ্রীযুক্ত গোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ

(খ) সম্মিলন — " ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ

(গ) বঙ্গভাষা — " হেমদাকান্ত চৌধুরী এম্ এ

৩। প্রবন্ধ পাঠ—

(ক) দৈবশক্তি — শ্রীমতী সরলাবালা দাসী লিখিত
পাঠক শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত

(খ) বিদ্যালয়ে ধর্ম্মশিক্ষা — " বিনয়কুমার সরকার এম্ এ

(গ) ভারতীয় লোক-শিক্ষা-প্রণালী — " রাধাকমল মুখোপাধ্যায় এম্ এ

(ঘ) সাহিত্যের শক্তি ও সম্পদ্ — " অন্নদাপ্রসাদ চক্রবর্ত্তী

(ঙ) ৺ আনন্দচন্দ্র শিরোমণি — পণ্ডিত হৃষীকেশ শাস্ত্রী

(চ) শ্রীমদ্রঘুনাথদাস গোস্বামী ও তাঁহার শ্রীপাট — নলিনীরঞ্জন পণ্ডিত

(ছ) বঙ্গসাহিত্যে প্যারীচাঁদ মিত্রের স্থান — বিজয়লাল দত্ত

(জ) বাঙ্গালী-জীবনে কোচ ও মুসলমান-প্রভাব — " মোহম্মদ শহীদুল্লাহ এম্ এ

(ঝ) বিয়োগান্ত নাটক — " রামসহায় কাব্যতীর্থ

(ঞ) পুরুষ ও রমণীর কর্ত্তব্য কর্ম্ম বিভাগ — শ্রীমতী কাদম্বিনী ঘোষ

(ট) খাদ্য ও খাদ্যের ব্যভিচার — শ্রীযুক্ত বিষ্ণুপদ চট্টোপাধ্যায় এম্ এ, বি এল

(ঠ) কৃষ্ণকথার প্রাচীনতা

৪। শ্রীযুক্ত কালীপ্রসন্ন চক্রবর্ত্তী মহাশয় "পঞ্জাবী সাহিত্যে বঙ্গভাষার প্রভাব" সম্বন্ধে এক বক্তৃতা করেন।

৫। শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয় ব্রাহ্মণ্য ধর্ম্ম সম্বন্ধে বক্তৃতা করেন।

## তৃতীয় দিবস

২১শে ফাল্গুন-সোমবার

১। ডাক্তার শ্রীযুক্ত চুনিলাল বসু রায় বাহাদুর "দুগ্ধ ও তাহার পরীক্ষা" সম্বন্ধে বক্তৃতা করেন।

২। প্রবন্ধ পাঠ

| | |
|---|---|
| (ক) ভূদেব প্রসঙ্গ | শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় |
| (খ) হুগলীজেলার সাহিত্যিক | অম্বিকাচরণ গুপ্ত |
| (গ) মোগল-সভ্যতা সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা | মহম্মদ কে চাঁদ |
| (ঘ) মহাভারতের ঐতিহাসিকতা ও কালনির্ণয় | হরিচরণ গঙ্গোপাধ্যায় শাস্ত্রী |
| (ঙ) প্রাচীন যুগের মানব বা দীর্ঘায়ুস্তত্ত্ব | দুর্গানারায়ণ সেন শাস্ত্রী |
| (চ) ভারতের বৈষয়িক-তথ্য-সংগ্রহ | রাধাকুমুদ মুখোপাধ্যায় |
| (ছ) ঈশা খাঁ | কেদারনাথ মজুমদার |
| (জ) আর্য্যগণ পশুসম্ভূত নহেন | গুরুগঙ্গা আইচ চৌধুরী |
| (ঝ) সাহিত্যের সহিত ধর্ম্মের সম্বন্ধ | পঞ্চানন তর্করত্ন |
| (ঞ) শিক্ষা ও আত্ম-প্রতিষ্ঠা | খগেন্দ্রনাথ মিত্র |
| (ট) সোমলতা | সত্যেন্দ্রনাথ সেন |
| (ঠ) ভারতে আর্য্য | সুদর্শন বিশ্বাস |
| (ড) ভারতবর্ষীয় জ্যোতিষ | নগেন্দ্রনাথ ধর |
| (ঢ) অকৃষর বিভীষিকা | „ পরমেশপ্রসন্ন রায় |
| | „ কেদারনাথ মজুমদার কর্ত্তৃক পঠিত |
| (ণ) বাঙ্গালা ভা র প্রসার বৃদ্ধি | „ নকুলেশ্বর বিদ্যাভূষণ |

৩। শ্রীযুক্ত সত্যচরণ স্ত্রী মহাশয় "যবদ্বীপে বাঙ্গালীর প্রভাব" সম্বন্ধে বক্তৃতা করেন।

৪। সাধারণ সঙ্কল্প—প্রস্তাবক—সভাপতি মহাশয়ের পক্ষে শ্রীযুক্ত সারদাচরণ মিত্র।

(ক) বাঙ্গালার মানব-তত্ত্বালোচনার উদ্দেশ্যে আপাততঃ হুগলী জেলার বিভিন্ন ধর্ম্ম, বর্ণ, জাতি ব্যবসায়ভুক্ত জনগণের বংশহীনতা ও বংশবৃদ্ধির গতি এবং পুরুষানুক্রমে ব্যক্তিগত চরিত্রের বিকাশ পর্য্যবেক্ষণের ব্যবস্থা করিবার জন্য হুগলীবাসীকে অনুরোধ করা যাইতেছে। এই কার্য্যের ভার হুগলী কলেজের বিজ্ঞানাধ্যাপক মহাশয়কে গ্রহণ করিতে অনুরোধ করা হউক।

(খ) বাঙ্গালী জাতির উৎপত্তি সম্বন্ধে হুগলী হইতে উপকরণ সংগ্রহপূর্ব্বক গ্রন্থ-প্রকাশ করিবার ভারগ্রহণ জন্য হুগলীবাসীদিগকে অনুরোধ করা হইতেছে এবং সংগৃহীত তথ্য আগামী বৎসর সম্মিলনে উপস্থিত করার জন্য অনুরোধ করা হইতেছে। এই কার্য্যের ভারও হুগলী কলেজের বিজ্ঞানাধ্যাপক মহাশয়কে গ্রহণ করিতে অনুরোধ করা হউক।

(গ) বাঙ্গলাভাষার শব্দতত্ত্ব সংগ্রহের জন্য হুগলী জেলার প্রচলিত প্রাদেশিক ভাষার সর্ব্বনাম ও ক্রিয়াপদের বিভক্তিযোগে রূপভেদ এবং নিকটবর্ত্তী বন্যজাতির ভাষার যে সকল শব্দ এদেশের ভাষায় প্রবেশ করিয়াছে, সেগুলির সংগ্রহের ভার গ্রহণ করিতে হুগলীজেলাবাসী-দিগকে অনুরোধ করা হইতেছে। এই তত্ত্বসংগ্রহের ভার লইবার জন্য শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার এবং শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় মহাশয়কে অনুরোধ করা যাইতেছে।

(ঘ) হুগলী জেলার প্রত্ন-তত্ত্ব, ভৌগোলিক-তত্ত্ব, প্রাচীন শিল্পাদির বিবরণ ও উপকরণ এবং প্রাচীন বাঙ্গালা পুথি সংগ্রহ করিবার জন্য হুগলীবাসীকে অনুরোধ করা যাইতেছে।

(ঙ) বঙ্গের সুপ্রসিদ্ধ নাট্যকার ও শ্রেষ্ঠ অভিনেতা ৺ গিরিশচন্দ্র ঘোষ মহাশয়ের পর-লোকগমনে এই সম্মিলন যথারীতি শোক প্রকাশ করিয়াছেন, এক্ষণে তাঁহার উপযুক্তরূপে স্মৃতি-রক্ষার প্রস্তাব করিতেছেন এবং তাহার উপযুক্ত ব্যবস্থা করিবার ভার বঙ্গীয়-সাহিত্য-পরিষদের হস্তে অর্পিত হইল।

প্রস্তাবক—শ্রীযুক্ত রায় মহেন্দ্রচন্দ্র মিত্র বাহাদুর
সমর্থক— „ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি এ

(চ) এই সম্মিলন আয়ুর্ব্বেদসভাগুলিকে অনুরোধ করিতেছেন যে, অতঃপর বাঙ্গালা ভাষায় আয়ুর্ব্বেদের শিক্ষাদানের এবং বৈজ্ঞানিক প্রণালীতে শিক্ষার গ্রন্থ প্রচারের ব্যবস্থা করুন।

প্রস্তাবক—কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী
সমর্থক— „ জগদীশনাথ মুখোপাধ্যায়

(ছ) ভাগলপুরসম্মিলনের নিযুক্ত শিক্ষা-সমিতির সম্পাদক শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয় অনবসর বশতঃ পদত্যাগ করায় তাঁহার স্থানে শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ মহাশয়কে উক্ত সমিতির সম্পাদক নিযুক্ত করা হইল।

প্রস্তাবক—শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন এম এ বি এল
সমর্থক— „ সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

(জ) পরিচালন-সমিতিতে কার্য্যের বাহুল্য বশতঃ প্রয়োজন হওয়ায় শ্রীযুক্ত মহম্মদ রাওশান আলী চৌধুরী এবং কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয়কে উক্ত সমিতির সহকারী সম্পাদকরূপে নিযুক্ত করা হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী
সমর্থক— „ অবিনাশচন্দ্র মজুমদার এম এ

(৯) বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের পরিচালনার্থ আগামী বর্ষের সম্মিলনের সাধারণ সমিতি গঠন।

প্রস্তাবক—শ্রীযুক্ত কিশোরীমোহন চৌধুরী এম এ, বি এল্
সমর্থক— „ কুমুদনাথ মল্লিক ভাগবতরত্ন

( সমিতির সদস্যগণের নাম পরে দেওয়া হইল )

(১০) সম্মিলনের নিয়ম সম্বন্ধে কয়েক জন সামান্য পরিবর্ত্তন প্রস্তাব করিয়া পাঠাইয়াছেন, তাহার সম্বন্ধে যুক্তি ও তর্ক অনেক আছে, সেগুলি বিচার ও মীমাংসার ভার এই সম্মিলন ইহার পরিচালন-সমিতির হস্তে অর্পণ করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত বাণীনাথ নন্দী
সমর্থক— „ নিখিলনাথ রায় বি এল্

(১১) এই সম্মিলন নির্দ্ধারণ করিতেছেন যে, বঙ্গীয় হিন্দু মুসলমানের মিলনের পরিপন্থি কোনরূপ রচনা আর যাহাতে বঙ্গ-সাহিত্যে প্রবেশ লাভ না করিতে পারে, তদ্বিষয়ে হিন্দু-মুসলমান সাহিত্যিকগণ বিশেষভাবে চেষ্টা করিবেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত মোহাম্মদ রওশান আলী চৌধুরী
সমর্থক—শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ
„ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি এ
„ কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় বি এ

(১২) বঙ্গ-সাহিত্যে মুসলমান লেখকগণের অগ্রণী 'বিষাদ-সিন্ধু' প্রণেতা মীর মশারফ হোসেন সাহেবের মৃত্যুতে এই সম্মিলন শোক প্রকাশ করিয়াছেন এবং এক্ষণে তাঁহার স্মৃতি রক্ষার জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে ভার দেওয়া হইল।

প্রস্তাবক—শ্রীযুক্ত মোহম্মদ রওশান আলী চৌধুরী
সমর্থক— „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়

(১৩) এই সম্মিলন কৃত্তিবাস কবিকঙ্কণ প্রভৃতি গ্রন্থকারগণের গ্রন্থ সুচারুরূপে প্রকাশ করিবার জন্য সাহিত্য-পরিষৎকে অধিকতর মনোযোগী হইতে অনুরোধ করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার
সমর্থক—„ বিষ্ণুপদ চট্টোপাধ্যায়

(১৪) বঙ্গ-সাহিত্যের উন্নতিকল্পে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন প্রস্তাব করিতেছেন যে, এ দেশের জনগণের আর্থিক অবস্থা অবধারণ ও তৎবিষয়ক জ্ঞান প্রচার করিবার নিমিত্ত সর্ব্ববিধ তথ্য ( Statistics ) সঙ্কলন ও বিবরণী প্রস্তুত করিবার জন্য নিম্নলিখিত ব্যক্তিবর্গকে লইয়া একটি সমিতি গঠিত হউক। সমিতি ইচ্ছা করিলে সভ্যসংখ্যা বাড়াইতে পারিবেন।

সমিতির সভ্যগণ

মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর (সভাপতি)

,, লোকেন্দ্রনাথ পালিত

,, রাধাকুমুদ মুখোপাধ্যায় এম এ (সম্পাদক)

,, রাধাকমল মুখোপাধ্যায় এম এ

,, কর্ণেল উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম ডি

,, গিরীন্দ্রকুমার সেন এম্ এ

,, বিনয়কুমার সরকার এম্ এ

,, মন্মথমোহন বসু এম্ এ

প্রস্তাবক—শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ

সমর্থক—শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় এম্ এ

(১৫) সম্মিলনের প্রথম দিবসে শ্রীযুক্ত শচীশচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় স্বর্গীয় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের অপ্রকাশিত রচনা বলিয়া যাহা পাঠ করিয়াছিলেন, তাহার প্রতিবাদ করিয়া স্বর্গীয় চট্টোপাধ্যায় মহাশয়ের সহধর্ম্মিণী শ্রীমতী রাজলক্ষ্মী দেবী মহোদয়ার পত্র সভাপতি মহাশয় কর্ত্তৃক পঠিত হইল।

১৬।—চট্টগ্রাম হইতে চট্টগ্রামবাসিগণের পক্ষ হইতে শ্রীযুক্ত মহেন্দ্রলাল দাস মহাশয় আগামী বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনকে চট্টগামে অধিবেশন করিবার জন্য আহ্বান করিয়া যে তারযোগে সংবাদ পাঠাইয়াছেন তাহা পঠিত হইল ও তজ্জন্য সকলে একবাক্যে নিমন্ত্রণ গ্রহণ করিয়া নিমন্ত্রণকারীদিগকে আন্তরিক ধন্যবাদ জানাইলেন।

১৭। শ্রীরামপুরের মিশনারী কলেজের অধ্যক্ষ তদীয় লাইব্রেরী পরিদর্শনার্থ সম্মিলনের উপস্থিত সাহিত্যিকগণকে আমন্ত্রিত করিয়াছেন। এজন্য তাঁহাকে ধন্যবাদ দিয়া সাহিত্য-সম্মিলনের পক্ষ হইতে পরিষদের কতিপয় সভ্যকে নিযুক্ত করা হউক, যেন তাঁহারা ঐ লাইব্রেরীর প্রাচীন গ্রন্থাবলী পরিদর্শনক্রমে এক তালিকা প্রস্তুত করিয়া অপ্রাপ্ত ও অদৃষ্টপূর্ব্ব পুস্তকগুলির সংক্ষিপ্ত বিবরণী সংকলন করেন।

প্রস্তাবক শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ

সমর্থক „ লক্ষ্মীনারায়ণ চট্টোপাধ্যায় এম্ এ

„ য়চন্দ্র সরকার

১৮। ধন্যবাদ—চুঁচুড়া বাসীর পক্ষ হইতে

শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র মিত্র রায় বাহাদুর

„ অক্ষয়চন্দ্র সরকার

„ বিষ্ণুপদ চট্টোপাধ্যায়

অভ্যাগত পক্ষে শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য

শ্রীযুক্ত জগচ্চন্দ্র সেন
" পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়

নিম্নলিখিত প্রবন্ধগুলি সময়াভাবে পঠিত বলিয়া গৃহীত হইল—

| | | |
|---|---|---|
| (ক) | ভারতে আস্তিক্যভাব | শ্রীযুক্ত চণ্ডীচরণ স্মৃতিভূষণ |
| (খ) | বাঙ্গালা সাহিত্যের প্রসার ও উন্নতি | " বাণীনাথ নন্দী |
| (গ) | সাহিত্য ও সম্মিলন | " যামিনীকান্ত গঙ্গোপাধ্যায় |
| (ঘ) | ষড়োর্ম্মী | " পরমেশচন্দ্র ভট্টাচার্য্য |
| (ঙ) | বৃদ্ধ সুশ্রুতের পরিচয় | " ব্রজবল্লভ রায় কাব্যকণ্ঠবিশারদ |
| (চ) | বঙ্গীয় সাহিত্যে প্রাণহীনতা | " বিনয়কৃষ্ণ বন্দ্যোপাধ্যায় |
| (ছ) | প্রাচীন ভারতের শিল্প | " হেমেন্দ্রপ্রসাদ ঘোষ |
| (জ) | বৈষ্ণবদাস ও তাঁহার বৃন্দাবন পরিক্রমা | " মহেন্দ্রমোহন ঠাকুর |
| (ঝ) | কবি রাধামোহন | " |
| (ঞ) | দেশীয় শিল্প | " এককড়ি দে |
| (ট) | বুদ্ধ ও জিনমণ্ডলী | " ললিতমোহন মুখোপাধ্যায় |
| (ঠ) | সামঞ্জস্য | শ্রীমতী আমোদিনী ঘোষ |
| (ড) | সাহিত্যের উন্নতির বাধা | শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার |
| (ঢ) | ভাব ও ভাষা | " বিজয়াকান্ত লাহিড়ী চৌধুরী |
| (ণ) | হুগলীর পুরাতত্ত্ব সম্বন্ধে বক্তব্য | " নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব |
| (ত) | ধর্ম্মহীন সাহিত্য | " তারকচন্দ্র রায় |
| (থ) | প্রাচীন কবিওয়ালা | " কুমার অনাথকৃষ্ণ দেব |
| (দ) | পণ্ডিতরাজ জগন্নাথ | " শরচ্চন্দ্র শাস্ত্রী |
| (ধ) | ভারতবর্ষের নারীগণের মধ্যে উচ্চশিক্ষা বিস্তারের আবশ্যকতা | শ্রীমতী অম্বুজাসুন্দরী দাসগুপ্তা |
| (ন) | বঙ্গরমণীর সন্তান পালনের অসুবিধা | " ইন্দুবালা দে |
| (প) | অঞ্জলী | শ্রীযুক্ত জগদ্বন্ধু চৌধুরী |
| (ফ) | আমার ভাষা | " বসন্তকুমার চট্টোপাধ্যায় |

দ্বিতীয় দিবস সন্ধ্যার সময় সম্মিলনের সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র মিত্র রায় বাহাদুরের ভবনে একটি আনন্দ-সম্মিলনের আয়োজন হইয়াছিল, প্রতিনিধিগণ ও অন্যান্য সাহিত্যিকগণ সকলেই এই সম্মিলনে যোগদান করেন। মহেন্দ্র বাবুর আপ্যায়নে সকলেই তৃপ্তি লাভ করেন। পরিশেষে জলযোগের পর সকলেই সম্মিলনমণ্ডপে উপস্থিত হন। তথায় ছায়াচিত্রের দ্বারা কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়ের সাহায্যে বরেন্দ্র অনুসন্ধানসমিতির সংগৃহীত নানাবিধ মূর্ত্তির চিত্র প্রদর্শিত হয় ও শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ মহাশয় মূর্ত্তি ব্যাখ্যা করিয়া দেন। তৎপরে শ্রীযুক্ত

রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় বিহার হইতে সংগৃহীত মূর্ত্তির ছায়া-চিত্র প্রদর্শন করেন, অতঃপর শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সোরার চাষের কতকগুলি চিত্র প্রদর্শন করেন এবং ডাঃ প্রফুল্লচন্দ্র রায় মহাশয়ের ছাত্রগণ বৈজ্ঞানিক পরীক্ষার চিত্র প্রদর্শন করেন।

## সম্মিলন সাধারণ-সমিতির-সদস্যগণ

১। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর—কলিকাতা
২। „ ডাঃ প্রফুল্লচন্দ্র রায় „
৩। „ সারদাচরণ মিত্র „
৪। „ ডাঃ জগদীশচন্দ্র বসু „
৫। „ মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী—মুর্শিদাবাদ
৬। „ „ কুমুদচন্দ্র সিংহ—ময়মনসিংহ
৭। „ „ গিরিজানাথ রায়—দিনাজপুর
৮। „ রাজা জগৎকিশোর আচার্য্য চৌধুরী
৯। „ „ প্রভাতচন্দ্র বড়ুয়া—গৌরীপুর
১০। „ „ জগবন্ধুসিংহ রায়—বাঁকুড়া
১১। „ „ যোগেন্দ্রকিশোর রায় চৌধুরী—ময়মনসিংহ
১২। „ কুমার শরৎকুমার রায়—রাজসাহী
১৩। „ „ মাখনলাল মুখোপাধ্যায়—হুগলী
১৪। „ „ মহিমানিরঞ্জন চক্রবর্ত্তী—বীরভূম
১৫। „ মহাশয় তারকনাথ ঘোষ—ভাগলপুর
১৬। „ কর্ণেল মহিমচন্দ্র বর্ম্মা ঠাকুর—ত্রিপুরা
১৭। „ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়—মুর্শিদাবাদ
১৮। „ বীরেশ্বর সেন—নদীয়া
১৯। „ কেদারনাথ মজুমদার—ময়মনসিংহ
২০। „ অক্ষয়চন্দ্র সরকার—হুগলী
২১। „ পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ—গৌহাটী
২২। „ বিপিনচন্দ্র গুহ—চট্টগ্রাম
২৩। „ নিবারণচন্দ্র দাস গুপ্ত এম্ এ বি এল্—বরিশাল
২৪। শ্রীযুক্ত রেভারেণ্ড গোপালচন্দ্র দত্ত—২৪ পরগণা
২৫। „ রাজেন্দ্রলাল আচার্য্য বি এ—বগুড়া
২৬। „ মোহম্মদ শহীদুল্লাহ্ এম্ এ—কলিকাতা
২৭। „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় „
২৮। „ খগেন্দ্রনাথ মিত্র—যশোহর
২৯। „ জগচ্চন্দ্র সেন—ত্রিপুরা
৩০। „ কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়—হুগলী
৩১। „ অবিনাশচন্দ্র মজুমদার এম্ এ—ঢাকা
৩২। „ আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ—গৌহাটী
৩৩। „ ব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরী—কলিকাতা
৩৪। „ দেবকুমার রায় চৌধুরী—বরিশাল
৩৫। „ যদুনাথ সরকার এম্ এ—বাঁকীপুর
৩৬। „ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী—রঙ্গপুর
৩৭। „ মধুসূদন জানা—মেদিনীপুর
৩৮। „ যোগেশচন্দ্র রায় এম্ এ—কটক
৩৯। „ নগেন্দ্রনাথ সেন বি এল্—খুলনা
৪০। „ শিবরতন মিত্র—বীরভূম
৪১। „ যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ—বাঁকীপুর
৪২। „ অক্ষয়কুমার মজুমদার এম্ এ বি এল—ময়মনসিংহ

৪৩। শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি এল্‌—রাজসাহী
৪৪। „ নকুলেশ্বর বিদ্যাভূষণ—কলিকাতা
৪৫। „ যদুনাথ মজুমদার রায় বাহাদুর এম্‌ এ, বি এল্‌—যশোহর
৪৬। „ শশধর রায় এম্‌ এ, বি এল্‌—রাজসাহী
৪৭। „ ভূপালকুমার দত্ত এম্‌ এ—ঢাকা
৪৮। „ বিষ্ণুপদ চট্টোপাধ্যায় এম্‌ এ বি এল—হুগলী
৪৯। „ সুরেশচন্দ্র সমাজপতি—কলিকাতা
৫০। „ বোধিসত্ত্ব সেন এম্‌ এ, বি এল্‌ „
৫১। „ দেবেশচন্দ্র পাকড়াশী—পাবনা
৫২। „ জ্যোতিঃপ্রসাদ সিংহ—বৰ্দ্ধমান
৫৩। „ মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বি এল্‌—ভাগলপুর
৫৪। শ্রীযুক্ত সুধীরচন্দ্র সেন—ঢাকা
৫৫। „ মুন্সী আবদুল করিম—চট্টগ্রাম
৫৬। „ মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ যাদবেশ্বর তর্করত্ন—রঙ্গপুর
৫৭। „ অনুকূলচন্দ্র গুপ্তশাস্ত্রী—ঢাকা
৫৮। „ শিবনাথ শাস্ত্রী এম্‌ এ—কলিকাতা
৫৯। „ রায় মহেন্দ্রচন্দ্র মিত্র বাহাদুর এম্‌ এ বি এল—হুগলী
৬০। „ কামিনীকুমার সেন এম এ বি এল—ঢাকা
৬১। শ্রীযুক্ত অম্বিকাচরণ মজুমদার এম এ বি এল—ফরিদপুর
৬২। „ দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার—ঢাকা
৬৩। „ দুর্গাদাস লাহিড়ী—হাওড়া
৬৪। „ প্যারিশঙ্কর দাসগুপ্ত এল্‌ এম্‌ এস্‌—বগুড়া
৬৫। „ মৌলবি আবদুল হালিম্‌—কুচবিহার
৬৬। „ মনীরুজ্জমান—চট্টগ্রাম
৬৭। „ রেবারেণ্ড রামচরণ ঘোষ—ঢাকা
৬৮। „ কৃষ্ণচন্দ্র প্রহরাজ—মেদিনীপুর
৬৯। „ অমরচন্দ্র দত্ত—ময়মনসিংহ
৭০। „ গোবিন্দচন্দ্র দাস—ময়মনসিংহ
৭১। „ মহেন্দ্রলাল বসু—হুগলী
৭২। „ মহামহোপাধ্যায় পণ্ডিত প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন—ঢাকা
৭৩। „ রায়বাহাদুর প্রসন্নচন্দ্র বসু এম্‌ এ বি এল্‌—নদীয়া
৭৪। „ রাধাকান্ত আইচ—নোয়াখালী
৭৫। „ মৌলবি হামিদ আলী—বগুড়া
৭৬। „ শরচ্চন্দ্র চৌধুরী বি এ—শ্রীহট্ট
৭৭। „ গোষ্ঠবিহারী মাকড়—হুগলী
৭৮। „ মৌলবি মোজাম্মেল হক্‌—নদীয়া
৭৯। „ রওশান আলী চৌধুরী—সহঃসম্পাদক
৮০। „ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী „
৮১। „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী—সম্পাদক

# কবিবর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সম্বর্দ্ধনা

শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের পঞ্চাশত্তম বর্ষ বয়ঃক্রম পূর্ণ হওয়া উপলক্ষে বঙ্গ সাহিত্যের কতিপয় সেবক এবং হিতৈষিগণ তাঁহাকে অভিনন্দন দিবার সঙ্কল্প করিয়া একটি সম্বর্দ্ধনা-সমিতি গঠন করেন। নিম্নলিখিত ব্যক্তিবর্গকে লইয়া উক্ত সমিতি গঠিত হয়।

সমিতির সদস্য

মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী

ডাক্তার " জগদীশচন্দ্র বসু এম্ এ, ডি এস্ সি, সি এস্ আই

" " প্রফুল্লচন্দ্র রায় ডি এস্ সি, সি আই ই

" " ব্রজেন্দ্রনাথ শীল এম্ এ, পি এচ ডি

" সারদাচরণ মিত্র এম এ, বি এল্

" রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ

" রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্

" রামানন্দ চট্টোপাধ্যায় এম্ এ

" হীরেন্দ্র নাথ দত্ত এম্ এ, বি এল্ ( সমিতির সম্পাদক )

" ব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরী ( সমিতির ধনরক্ষক )

কলিকাতা সঙ্গীতসমাজ-গৃহে এই সম্বর্দ্ধনা-সমিতির প্রথম অধিবেশন হয় এবং স্থির হয় যে, সর্ব্বসাধারণের নিকট প্রার্থনা দ্বারা কবিবরের সম্বর্দ্ধনার্থ যে অর্থ সংগৃহীত হইবে ও সম্বর্দ্ধনার পর যে অর্থ উদ্বৃত্ত থাকিবে তাহা কবিবরের সম্মানার্থ সাহিত্যের হিতকল্পে নিয়োজিত হইবে, আরও স্থির হয় যে, বঙ্গসাহিত্যের মুখপাত্রস্বরূপ বঙ্গীয় সাহিত্য-পরিষৎকে এই সমুদয় কার্য্যের ভার গ্রহণের জন্য সম্বর্দ্ধনাসমিতি অনুরোধ করিবেন এবং তদুপলক্ষে সংগৃহীত অর্থও সাহিত্য-পরিষদের হস্তে অর্পণ করিবেন। সম্বর্দ্ধনা-সমিতির এই অনুরোধ উক্ত সমিতির সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় কর্তৃক বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সম্পাদকের নিকট প্রেরিত হইলে, পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি সাদরে এই অনুরোধ গ্রহণ করেন। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুসারে ১৩১৮ সালের ১৪ই মাঘ তারিখে এতদুপলক্ষে কলিকাতার টাউনহলে এক বৃহৎ সভা আহূত হয়। পরিষদের শাখা সভাসমূহ এই সম্বর্দ্ধনাকার্য্যে যোগ দিবার জন্য আহূত হইয়াছিলেন এবং কেহ বা সহানুভূতিজ্ঞাপন এবং কেহ বা প্রতিনিধি প্রেরণ দ্বারা সম্বর্দ্ধনাকার্য্যে উৎসাহ প্রদান করিয়াছিলেন। দেশের গণ্যমান্য পদস্থ সাহিত্য-সেবক ও সাহিত্যবন্ধুগণ পরিষদের নিমন্ত্রণ গ্রহণ করিয়া সভাস্থলে উপস্থিত হইয়াছিলেন এবং সকল শ্রেণির ও সকল সম্প্রদায়ের অভ্যাগত জনসঙ্ঘে টাউনহল পরিপূর্ণ হইয়াছিল। বহু সম্ভ্রান্ত ও বিদুষী মহিলাও সভাস্থল অলঙ্কৃত করিয়াছিলেন। মাননীয় শ্রীযুক্ত গোখলে এবং

বিজয়নগররাজের অমাত্য শ্রীযুক্ত আপ্পারাও এবং কতিপয় ইংরাজমহিলা ও ভদ্রমহোদয় সম্বর্দ্ধনায় যোগদান করিয়াছিলেন। পরিষদের সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি, এল্ মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন এবং পরিষদের নির্দ্ধারিত প্রণালীমতে সভার কার্য্য নির্দ্দিষ্ট হয়। দেশীয় তন্ত্রীযন্ত্রের সঙ্গীতের সঙ্গে সভার কার্য্য আরব্ধ হয়। সভাপতি মহাশয় সভার উদ্বোধন কালে বলিলেন, "বঙ্গ-সাহিত্যের পক্ষে আজ একটি গৌরবের দিন, আমাদের সাহিত্য-জীবনে যে শুভ আন্দোলন উপস্থিত হইয়াছে, অদ্যকার এই কবিসম্বর্দ্ধনা তাহারই ফলস্বরূপ। কবিবরের পঞ্চাশত্তম জন্মতিথি উপলক্ষে বঙ্গীয় সাহিত্য-পরিষৎ অদ্য যে অনুষ্ঠান করিয়াছেন, তাহা বঙ্গসাহিত্যের পক্ষে একটি চিরস্মরণীয় ঘটনা হইয়া থাকিবে। জীবদ্দশায় অতি অল্প কবিই তাঁহাদের প্রাপ্য সম্মান লাভ করিয়াছেন, আমাদের দেশেও মাইকেল মধুসূদন দত্ত এবং কবিবর হেমচন্দ্র তাঁহাদের জীবনের শেষ অবস্থায় যেরূপ ভাবে কাটাইয়াছিলেন, তাহা বস্তুতঃই বঙ্গবাসীর পক্ষে অগৌরবের কথা, কলঙ্কের কথা। রবীন্দ্র বাবুর সম্বর্দ্ধনায় সেই কলঙ্ক-স্খালন করিবার জন্য যে আমরা যৎকিঞ্চিৎ আয়োজন করিতে পারিয়াছি, তাহাতে আমরা আনন্দ অনুভব করিতেছি।"

অতঃপর সংস্কৃত কলেজের অধ্যাপক শ্রীযুক্ত পণ্ডিত ঠাকুরপ্রসাদ আচার্য্য মহাশয় একটি উপনিষদ্গাথা পাঠ করিয়া মঙ্গলাচরণ করিলেন। তৎপরে শ্রীযুক্ত যতীন্দ্রমোহন বাগচী বি এ রচিত একটি গান শ্রীযুক্ত সুরেন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়প্রমুখ গায়কগণ কর্ত্তৃক গীত হইয়াছিল। অতঃপর নাটোরের মান্যবর মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায় বাহাদুর ধান্য দূর্ব্বা, অক্ষত, সিদ্ধার্থ, চন্দন, অগুরু, কস্তুরী, কুঙ্কুম, দধি, মধু, ঘৃত, পুষ্প, গোরোচনা সজ্জিত রৌপ্য-ময় অর্ঘ্য পাত্র কবিবরকে অর্পণ করেন। এতদুপলক্ষে মহারাজ বাহাদুর অতি সুললিত ভাষায় একটি হৃদয়গ্রাহী বক্তৃতা পাঠ করিয়াছিলেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত পণ্ডিতরাজ যাদবেশ্বর তর্করত্ন মহাশয় তাঁহার স্বরচিত ভাষায় আশীর্ব্বচন পাঠ করিয়া সভাস্থ সকলকে তৃপ্ত করিয়া-ছিলেন। অতঃপর সভাপতি মহাশয় কবিবরের কণ্ঠে মাল্য প্রদান করিলেন এবং একটি স্বর্ণ-পদ্ম উপহার প্রদান করিলেন, স্বর্ণপদ্মটি পুরাতন বৌদ্ধ কলাপদ্ধতির নিদর্শন বলিয়া খ্যাত, ইহা তৎকালে ভারতীয় কলা প্রদর্শনীতে প্রদর্শিত হইয়াছিল এবং কলানৈপুণ্যের জন্য বহুকলাবিদের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। সম্বর্দ্ধনাসমিতি এই স্বর্ণপদ্মটি ৫০০৲ পাঁচশত টাকা মূল্যে ক্রয় করিয়া কবিবরের উপহারার্থ কার্য্য-নির্ব্বাহক-সমিতির হস্তে দিয়াছিলেন।

তৎপরে সাহিত্য-পরিষদের সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ মহাশয় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পক্ষ হইতে হস্তিদন্তফলকে উৎকীর্ণ নিম্নলিখিত অভিনন্দনপত্র পাঠ করিয়া কবিবরকে অর্পণ করিলেন। হস্তিদন্তের শুভ্রপত্রগুলি প্রাচীন পুঁথির আকারে সুবর্ণখচিত কিংখাপে মণ্ডিত ছিল।

# অভিনন্দন

## কবিবর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় করকমলেষু

বাঙ্গালীর জাতীয় জীবনের নবাভ্যুদয়ে নূতন প্রভাতের অরুণ-কিরণ-পাতে যখন নবশতদল বিকশিত হইল, ভারতের সনাতনী বাগ্দেবতা তদুপরি চরণ অর্পণ করিয়া দিগন্তে দৃষ্টিপাত করিলেন। অমনি দিগ্বধূগণ প্রসন্ন হইলেন, মরুদ্গণ সুখে প্রবাহিত হইলেন, বিশ্বদেবগণ অন্তরীক্ষে প্রসাদপুষ্প বর্ষণ করিলেন, ঊর্দ্ধব্যোমে রুদ্রদেবের অভয়ধ্বনি ঘোষিত হইল, নবপ্রবুদ্ধ সপ্তকোটি নরনারীর হৃদয়মধ্যে ভাবধারা চঞ্চল হইল। বঙ্গের কবিগণ অপূর্ব্ব স্বরলহরীর যোজনা করিয়া দেবীর বন্দনাগানে প্রবৃত্ত হইলেন; মনীষিগণ স্বহস্ত-রচিত কুসুমোপহার তাঁহার শ্রীচরণে অর্পণ করিয়া কৃতার্থ হইলেন।

কবিবর, পঞ্চাশৎবর্ষ পূর্ব্বে এক শুভদিনে তুমি যখন বঙ্গজননীর অঙ্কশোভা বর্দ্ধন করিয়া বাঙ্গলার মাটি ও বাঙ্গলার জলের সহিত নূতন পরিচয় স্থাপন করিলে, বঙ্গের নবজীবনের হিল্লোল আসিয়া তখন তোমার অর্দ্ধস্ফুট চেতনাকে তরঙ্গায়িত করিয়াছিল; সেই তরঙ্গাভিঘাতে তোমার তরুণ জীবন স্পন্দিত হইল; সেই স্পন্দন-প্রেরণায় তোমার কিশোর হস্ত নব নব কুসুমসম্ভার চয়ন করিয়া বাণীর অর্চ্চনায় প্রবৃত্ত হইল। তোমার পূর্ব্বগামিগণের স্নিগ্ধনেত্র তোমাকে বর্দ্ধিত করিল; অনুগামিগণের মুগ্ধনেত্র তোমাকে পুরস্কৃত করিল; বাগ্দেবতার স্মেরাননের শুভ্রজ্যোতি তোমার ললাটদেশে প্রতিফলিত হইল। তদবধি বাণীমন্দিরের মণিমণ্ডিত নানাপ্রকোষ্ঠে তুমি বিচরণ করিয়াছ; রত্নবেদির পুরোভাগ হইতে নৈবেদ্যকণা আহরণ করিয়া তোমার দেশবাসী ভ্রাতাভগিনীকে মুক্তহস্তে বিতরণ করিয়াছ; তোমার ভ্রাতাভগিনী দেবপ্রসাদের আনন্দসুধা পান করিয়া ধন্য হইয়াছে। বীণাপাণির অঙ্গুলিপ্রেরণে বিশ্বযন্ত্রের তন্ত্রীসমূহে অনুক্ষণ যে ঝঙ্কার উঠিতেছে, ভারতের পুণ্যক্ষেত্রে তোমার অগ্রজাত কবিগণের পশ্চাতে আসিয়াও তুমি তাহা কর্ণগত করিয়াছ; সুপর্ণরূপিণী গায়ত্রীকর্ত্তৃক গন্ধর্ব্বরক্ষিত অমৃতরসের দেবলোকে নয়নকালে মর্ত্ত্যোপরি যে ধারাবর্ষণ হইয়াছিল, পৃথিবীর ধূলিরাশি হইতে নিষ্কাশিত করিয়া নরলোকে সেই অমৃত কণিকার বিতরণে তোমার সহকারিতা গ্রহণ দ্বারা তাঁহারা তোমায় কৃতার্থ করিয়াছেন। পঞ্চাশৎ সংবৎসর তোমাকে অঙ্কে রাখিয়া তোমার শ্যামা জন্মদা তোমাকে স্নেহপীযূষে বর্দ্ধন করিয়াছেন; সেই ভুবনমনোমোহিনীর উপসনাপরায়ণ সন্তানগণের মুখস্বরূপ বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ বিশ্বপিতার নিকট তোমার শতায়ুঃ কামনা করিতেছেন।

কবিবর, শঙ্কর তোমায় জয়যুক্ত করুন।

শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী
সম্পাদক

অতঃপর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় তাঁহার স্বাভাবিক মধুর এবং ওজস্বী ভাষায় বিনয়নম্রভাবে অভিনন্দনের প্রত্যুত্তর প্রদান করিলেন—"আজ আমার দেশজননীর আশীর্ব্বাদ শিরোধার্য্য করিয়া লইয়া যদি আমি নীরবে প্রণাম করিয়া বসিতে পারিতাম, তবেই আমার পক্ষে ভাল হইত। আজ আমার কিছু বলিবার শক্তি নাই, আমার কণ্ঠ অবরুদ্ধ, আমার ভাষা প্রতিহত। এত বড় সম্মানের সম্মুখে নিজের ক্ষুদ্রতা অত্যন্ত পীড়াদায়করূপে আমাকে সঙ্কুচিত করিতেছে। এতদিন যে তপস্যা করিয়াছি, তাহার সিদ্ধি যখন আজ রূপ ধারণ করিয়া উপস্থিত হইল, তখন তাহাকে অকুণ্ঠিতভাবে গ্রহণ করিতে পারি এমন শক্তি নিজের মধ্যে অনুভব করিতেছি না। এই সঙ্কোচ অনেক দিন হইতেই আমাকে বেদনা দিতেছে। কেবল একটি কথা চিন্তা করিয়া আমি মনের মধ্যে বল পাইয়াছি, আমি নিশ্চয় জানি, আজ আপনারা যে সম্মান দান করিলেন, সে সম্মান আপনারা বঙ্গসাহিত্যকেই দিলেন, আমি তাহার উপলক্ষ মাত্র। এমন একদিন ছিল, সাহিত্য যখন কোন ধনিবংশকে, কোন রাজসভাকে অবলম্বন করিয়া পালিত হইত, আজ সেই তাহার সঙ্কীর্ণ ও কৃত্রিম আশ্রয় ত্যাগ করিয়া সাহিত্য সমস্ত জাতির চিত্তে আপনার সত্য প্রতিষ্ঠা লাভ করিয়াছে। আজ তাই বাঙ্গালী বাঙ্গালা সাহিত্যকে আপনার চিরদিনের হৃদয়ের ধন জানিয়া তাহাকে আদর জানাইবার আয়োজন করিয়াছে। এই শুভ মুহূর্ত্তে সেই সমাদরের বাহনরূপে আপনারা আমাকে আহ্বান করিয়াছেন, ইহার চেয়ে গৌরবের কথা আমার পক্ষে আর কিছুই নাই। আপনাদের এই মাল্যচন্দন এই অর্ঘ্যপাত্র আমি নতশিরে বহন করিয়া বঙ্গবাসীর মন্দিরে তাহা নিবেদন করিয়া দিব। আপনারা আমার প্রণাম গ্রহণ করিবেন।"

অতঃপর বঙ্গের অনেকগুলি নবীন কবি, লেখক ও লেখিকা স্বহস্তে ভক্তিঅর্ঘ্যস্বরূপ পুষ্পগুচ্ছ কবির করে অর্পণ করিলেন। শ্রীযুক্ত সার গুরুদাস বন্দ্যোপাধ্যায় নাইট্ মহোদয় এতদুপলক্ষে একটি গান রচনা করিয়াছিলেন—

উঠ বঙ্গভূমি মাতঃ ঘুমায়ে থেকো না আর।
অজ্ঞান তিমিরে তব সুপ্রভাত হলো হের।
উঠেছে নবীন রবি, নব জগতের ছবি,
নব 'বাল্মীকি প্রতিভা', দেখাইতে পুনর্ব্বার।
হের তাহে প্রাণভরে, সুখতৃষ্ণা যাবে দূরে,
ঘুচিবে মনের ভ্রান্তি, পাবে শান্তি অনিবার।
'মণিময় ধূলিরাশি', খোঁজ যাহা দিবানিশি,
ওভাবে মজিলে মন, খুঁজিতে চাবে না আর॥

এবং শ্রীযুক্ত আপ্পারাও বঙ্গদেশের বহিস্থ সাহিত্যসেবিগণের পক্ষ হইতে বঙ্গের কবিবরের প্রতি শ্রদ্ধা প্রকাশ করেন।

অতঃপর সঙ্গীত ও একতান বাদনান্তর সভা ভঙ্গ হইল।

এতদুপলক্ষে টাউনহলের মহতী সভার শৃঙ্খলা স্থাপন ও শান্তিরক্ষার কার্য্য পরিষদের ছাত্রাধ্যক্ষ শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয়ের নেতৃত্বাধীনে পরিষদের ছাত্রসভ্যগণ কর্ত্তৃক সুচারুরূপে সম্পাদিত হইয়াছিল। তজ্জন্য ছাত্রসভ্যগণ এবং অন্যান্য যুবকবৃন্দ যাঁহারা তাঁহাদের সহায়তা করিয়াছিলেন, তাঁহারা সকলেই পরিষদের ধন্যবাদের পাত্র।

সাহিত্য-পরিষদের ছাত্রসভার প্রতিষ্ঠাতা শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহোদয়কে অভ্যর্থনা করিবার জন্য ছাত্রসভ্যগণ একটি সান্ধ্য সম্মিলনের ব্যবস্থা করিয়াছিলেন, এই সান্ধ্যসম্মিলনে সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, ডাঃ প্রফুল্লচন্দ্র রায়প্রমুখ মহোদয়গণ উপস্থিত হইয়া ছাত্রসভ্যগণের উৎসাহ বর্দ্ধন করেন। কবিবর আগমন করিলে তাঁহার কণ্ঠে মাল্য প্রদান করা হয় এবং ছাত্রসভ্যগণ কর্ত্তৃক রচিত কবিতা কবিবরকে অর্ঘ্যস্বরূপ প্রদত্ত হয়। রবীন্দ্র বাবু এই উপলক্ষে একটি অতি উপাদেয় সারগর্ভ বক্তৃতা দ্বারা উপস্থিত ছাত্রসভ্যগণকে মুগ্ধ করিয়াছিলেন। অতঃপর ছাত্রসভ্যগণের অনুরোধে রবীন্দ্রবাবু একটি গান করিয়া সকলকে পরিতৃপ্ত করিলেন। জলযোগের পর সম্মিলনের কার্য্য শেষ হয়। ছাত্রসভ্যগণের এই সান্ধ্য-সম্মিলনের ব্যয় সম্বর্দ্ধনাসমিতির সংগৃহীত অর্থে নির্ব্বাহিত হইয়াছিল। কবিবরের অভ্যর্থনার জন্য সাহিত্য-পরিষৎ-মন্দিরে সম্বর্দ্ধনাসমিতি একটি সান্ধ্য সম্মিলন আহ্বান করেন। এতদুপলক্ষে পরিষৎ-মন্দির সুসজ্জিত হইয়াছিল এবং সম্বর্দ্ধনাসমিতি যন্ত্র ও কণ্ঠ সঙ্গীতের এবং পরিশেষে জলযোগের ব্যবস্থা করিয়াছিলেন, কলিকাতা ইউনিভার্সিটি ইনষ্টিটিউটের কতিপয় ছাত্রসভ্য কবিবরের রচিত "বৈকুণ্ঠের খাতা" অভিনয় করেন। শ্রীযুক্ত রাধানাথ বন্দ্যোপাধ্যায় বি এল্ মহাশয় তাঁহার রচিত হাস্যরসাত্মক কবিতা আবৃত্তি করেন। এই সান্ধ্যসম্মিলনে অনেক মহিলা ও গণ্যমান্য ব্যক্তি উপস্থিত হইয়াছিলেন। পরিষদের অনুষ্ঠিত সম্বর্দ্ধনাকার্য্যের ব্যয় সম্বর্দ্ধনাসমিতির সংগৃহীত অর্থে নির্ব্বাহিত হইয়াছিল। পরিষৎকে এজন্য এক কপর্দ্দকও নিজ তহবিল হইতে ব্যয় করিতে হয় নাই। এজন্য সম্বর্দ্ধনাসমিতি পরিষদের কৃতজ্ঞতাভাজন। সম্বর্দ্ধনাসমিতি ৩১৩৩।/৹ পরিষদের হস্তে প্রদান করিয়াছেন ও আবশ্যকমত ব্যয়ের পর তন্মধ্যে ১৮৪০।৶১০ উদ্বৃত্ত আছে। কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই উদ্বৃত্ত অর্থ সাহিত্যের হিতার্থে ব্যয় করিবেন। এই তহবিলের হিসাব পরিশিষ্টে দেওয়া হইল।

## শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণবের সম্বর্দ্ধনা

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর প্রমুখ পরিষদের কতিপয় সদস্য 'বিশ্বকোষ' সমাপ্তি-উপলক্ষে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়কে সংবর্দ্ধিত করার জন্য প্রস্তাব করেন এবং তদনুসারে সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারণক্রমে ১৩১৮ সনের ১৭ই চৈত্র পরিষদ্-মন্দিরে নগেন্দ্রবাবুর সম্মানার্থ একটী সান্ধ্য সম্মিলন অনুষ্ঠিত হইয়াছিল। পরিষদের অন্যতম সহকারী সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত

হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই মহোদয় এই সান্ধ্য-সম্মিলনে সভাপতির আসন অলঙ্কৃত করেন এবং পরিষদের অনেক হিতৈষী ও প্রধান প্রধান সাহিত্যিক মাত্রেই এই সম্মিলনে যোগদান করিয়াছিলেন। এতদুপলক্ষে বঙ্গবাসী-সম্পাদক শ্রীযুক্ত বিহারীলাল সরকার মহাশয় কর্তৃক রচিত একটি অভ্যর্থনা-সঙ্গীত গীত হইলে সভাপতিমহাশয় সম্মিলনের উদ্বোধন করিলেন। পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত তারাকুমার কবিরত্ন মহাশয় স্বরচিত সুললিত সংস্কৃত শ্লোকমালায় গ্রথিত একটি মঙ্গলাচরণ পাঠ করেন। এই মঙ্গলাচরণ সুবর্ণাক্ষরে মুদ্রিত পটে নগেন্দ্র বাবুকে উপহার প্রদত্ত হইয়াছিল। তৎপরে মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন, বঙ্গসাহিত্যের সুপ্রসিদ্ধ ঐতিহাসিক শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন, সুকবি শ্রীযুক্ত করুণানিধান বন্দ্যোপাধ্যায় ঐতিহাসিক শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত প্রভৃতি অনেকে কবিতা রচনা করিয়া নগেন্দ্রবাবুকে অভিনন্দন করিয়াছিলেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এবং মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহাশয় নগেন্দ্রবাবুর অকৃত্রিম সাহিত্যসেবা এবং জীবনব্যাপিনী সাধনার বিষয় উল্লেখ করিয়া সুললিত বক্তৃতা করেন। বঙ্গসাহিত্যের অক্ষয়কীর্ত্তিস্বরূপ বিশ্বকোষ সমাপ্ত করিয়া নগেন্দ্র বাবু বাঙ্গালীর ও বঙ্গভাষার মুখোজ্জ্বল করিয়াছেন, ইহা স্মরণ করিয়া সংস্কৃত কলেজের পণ্ডিতমণ্ডলী নগেন্দ্রবাবুকে "সিদ্ধান্তবারিধি" উপাধিতে মণ্ডিত করেন।

অবশেষে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় অতি বিনীতভাবে কৃতজ্ঞতা প্রকাশ করিয়া একটী বক্তৃতা করেন। এই উপলক্ষে তিনি বলিয়াছিলেন "আপনারা আজ যে সম্বর্দ্ধনা করিতেছেন বাস্তবিক ইহা আমার সম্বর্দ্ধনা নহে, ইহা বঙ্গজননী মাতৃভাষার সম্বর্দ্ধনা। আমি আকৌমার মাতৃভাষার সেবক। যতদিন বাঁচিব মাতৃভাষার সেবাই আমার জীবনের মূল ব্রত জানিবেন।"

এই সান্ধ্যসম্মিলন উপলক্ষে যন্ত্র ও কণ্ঠ সঙ্গীতের ব্যবস্থা হইয়াছিল। কলিকাতা ইউনিভারসিটি ইনষ্টিটিউটের কতিপয় ছাত্রসভ্য কবিবর শ্রীযুক্ত দ্বিজেন্দ্রলাল রায় রচিত "পুনর্জ্জন্ম" নামক প্রহসনের অভিনয় করেন। এজন্য তাঁহারা সাহিত্য-পরিষদের ধন্যবাদার্হ। অতঃপর সঙ্গীত ও জলযোগান্তে সম্মিলনের কার্য্য শেষ হয়।

## বঙ্গীয় সাহিত্য-পরিষদের চিত্রশালা সম্বন্ধে কতিপয় অভিমত

(১)

I have just seen 3 bronzes in this small museum which it would be impossible to match, I think, anywhere in the world. I cannot conceive anything more noble and beautiful to exist than these 3 figures, and I think the day will come when full justice will be done to the genius of the people which has produced them and so many other admirable things.

*February 21-1911* (Sd.) William Rothenstein
PRESIDENT, SOCIETY OF INDIA,
*Great Britain and Ireland*

( ২ )

I was much interested in the collection of antiquities in the possession of the Vangiya Sahitya Parishad. Some of the bronze figures are quite unique and do immense credit to Mr. R. S. Trivedi, the Honorary Secretary of the Association, who discovered them and presented them to the Society. The Coin collection includes a large number of rare gold coins ranging in date from the Kushana to the late Muhammadan period * * I hope that the collection will increase. I wish it success. I am very grateful to Mr. R. D. Banerji for showing me this interesting collection of antiquities.

(Sd) Dayaram Sahni (M.A.)
27-11 Asst. Supdt, Archæological Survey.

( ৩ )

I was much interested to see the valuable collection which the Sahitya Parishad possesses, of ancient coins and statues etc. The Parishad now possesses also a fine building and a library, thanks to the munificence of some noblemen of Bengal and I trust the Parishad will continue its career of useful researches in the domain of Indian antiquities. I wish the institution all the success and prosperity which it richly deserves.

(Sd) Sri R. C. Bhanj Deo
23-7-11 (Maharaja Mayurbhanj)

( ৪ )

I put my signature here only to place on record my admiration for the good work done by the Parishad in its different departments and specially in that in charge of my worthy young friend, Mr. R. D. Banerji.

23 7-11 (Sd) Gooroo Dass Banerji

( ৫ )

I heartily wish the institution every success.

13- Sptr, 1911 (Sd) Madan Mohan Malaviya

( ৬ )

My wife and I visited the museum on Saturday the 27th January at the kind invitation of Mr. Satyendra Nath Tagore and were much pleased and interested with all we saw. The collection of architectural remains, ancient Mss. and bronzes especially interested us. The three bronzes referred to by Mr. Rothenstein in his note are perfect gems and I think photogravures of them with a description might be published. The Indian Society of Oriental Art, of which I am President, would be very grateful for such a monograph

*March 13th, 1912* (Sd) H. Holmwood
( Judge, Calcutta High Court )

( ৭ )

Art begins where language ends as the large image upstairs and the two bronzes have proven to me and will prove to any one who has the eyes to see,

*March 20th, 1912*

(Sd) Maurice N. Sterne
(of the Indian Society of Oriental Art)

( ৮ )

I visited the Bangiya Sahitya Parishad to-day. Mr. Trivedi showed me the manuscripts, old statues, old books and I am of opinion that the institution is doing much useful work for the improvement of Bengali.

(Sd) P. Mukherji
Indian Educational Service

( )

*3 Middleton Row, 18 Feb. 1912*

Dear Babu Satyendra Nath Tagore,

* * * I was certainly very interested in the Exhibition held by the Bangiya Sahitya Parishad. The society has already a remarkable collection of ancient sculptures, copper figures, Mss. and other objects of ancient literature and art which are, I was told, being added to, day by day. In particular some copper gilt figures I saw appeared to me to be unique both as regards rarety and beauty I hope the society may be in a position to erect a building suitable for the reception of its valuable collections, I trust, however, that if this be done opportunity will be availed of to secure a suitable architectural design and the aid of Indian artists for the interior decoration of a permanent character of the hall in which the exhibits are shown. For instance, as regards the latter point the hall might show copies of ancient Indian frescoes and secure other suitable colouring and decoration of an Indian character. * * * *I see the notice speaks of the possibility of a National Museum. If by this is meant Bengali— I think the aim is an admirable one. It is the same as that which had been so well carried out in the museum at Arles founded by the great Provencal Poet, Mistrace. His aim has been to collect all that was illustrative of the past life of Provence which is his country and whose language his own poems have preserved. I wish you all success ; for the project, if carried out on lines indicated, will force to conquer the apathy which exists on these matters.

I remain, with kind regards,
Yours sincerely
(Sd) John E. Woodroff
(Judge, Calcutta High Court)

মিঃ জে ডি এণ্ডারসন এম্‌, এ, আই সি এস্‌ (অবসর-প্রাপ্ত)
মহোদয়ের পত্র হইতে উদ্ধৃত।

*(From the Journal of the Royal Asiatic Society of Great Brttain and Ireland)*

The Origin of Bengali.

May I venture to call the attention of the members of the Society to the work that is being done by Bengalis in the investigation of the origin and history of their native speech? It seems to me that their enquiries might often be aided and directed to practical ends if they had the advice of Europeans acquainted with similar studies in the West. Dr. Grierson in his work on the Languages of India has told us that Bengali is a Secondary Prakrit, into which, in comparatively recent times, was imported an enormous number of pure Sanskrit words. * * * The result is that the dictionaries of Bengali are practically Sanskrit dictionaries, from which all but a few popular and domestic words are banished.

But indigenous students, chiefly no doubt as an indirect result of Dr. Grierson's great survey, have become aware of the extraordinary interest and importance of the spoken dialects. The 'Vangiya-Sahitya-Parishad has been working for some years now in collecting ancient Mss. of the literature of Pre-English days, with a view to the preparation of an historical account of the language and the last issue of the 'Sahitya-Parishad-Patrika' has an excellent extra number from the pen of Mr. Yoges Chandra Ray, which contains a special study of the phonetics and dialectical peculiarities of the *bhasa* of the Radh country, of the part of Bengal, that is lying to the west of the Ganges. He has found many remarkable survivals in the ancient speech as it is recorded in old poetry of many interesting coincidences with the pronunciation or idiom of Uriya, Marhatta, and Hindi. This kind of study is likely to be even more interesting and remunerative in Bengal and Assam than in other regions of the outer dispersion of the Indo-Aryan languages.

* * * * * *

The great mass of the people must once have been, many of them still are bi-lingual, and thus afford a probably unique opportunity of studying the translation from a monosyllabic to an Indo-Aryan language. Now that the Bengalis have themselves seriously taken up the systematic study of the origins and history of their language and literature, any hints, however trifling, may lead to fruitful fields of inquiry.

(Sd) J. D. A.

# সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

ও

## বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

## ঊনবিংশ সাংবৎসরিক কার্য্য-বিবরণী

---*---

২৪৩।১ অপার সার্কুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-মন্দির হইতে

শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক প্রকাশিত

কলিকাতা

১৩২০

তুমি বিদ্যা তুমি ধর্ম্ম
তুমি হৃদি তুমি মর্ম্ম
ত্বংহি প্রাণাঃ শরীরে।
বাহুতে তুমি মা শক্তি
হৃদয়ে তুমি মা ভক্তি
তোমারই প্রতিমা গড়ি মন্দিরে মন্দিরে॥

PRINTED AT THE COTTON PRESS 57, HARRISON ROAD, CALCUTTA
BY JYOTISH CHANDRA GHOSH FOR
BANGYA-SAHITYA-PARISHAD.

# সূচী

# সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

## বিংশ বর্ষ

১৩২০ বঙ্গাব্দ, ১৮৩৫ শকাব্দ, ১৯১৩-১৯১৪ খৃষ্টাব্দ

## দিন-পঞ্জিকা

### পর্ব্বদিন

প্রতি সপ্তাহে বৃহস্পতিবার এবং নিম্নোক্ত পর্ব্বদিন ব্যতীত প্রত্যহ সম্পাদক কর্তৃক নির্দ্ধারিত সময়ে ( বেলা ২টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত ) সাহিত্য-পরিষদের কার্য্যালয় খোলা থাকিবে।

| | | | |
|---|---|---|---|
| নববর্ষ | ১ বৈশাখ | ইদলফিৎর্ | ১৮ ভাদ্র |
| সম্রাটের জন্মদিন | ২০ জ্যৈষ্ঠ | মহরম | ২৩ অগ্রহায়ণ |
| রথযাত্রা | ২২ আষাঢ় | বড়দিন | ১০ পৌষ |
| জন্মাষ্টমী | ৯ ভাদ্র | | |
| দুর্গোৎসব | ১৯ আশ্বিন—২ কার্ত্তিক | | |
| শ্যামাপূজা | ১১ কার্ত্তিক | | |
| ভ্রাতৃদ্বিতীয়া | ১৪ কার্ত্তিক | | |
| জগদ্ধাত্রীপূজা | ২১ কার্ত্তিক | | |
| কার্ত্তিকপূজা | ৩০ কার্ত্তিক | | |
| সরস্বতীপূজা | ১৮ মাঘ | | |
| দোলযাত্রা | ২৮ ফাল্গুন | | |
| মহাবিষুব-সংক্রান্তি | ৩০ চৈত্র | | |

# সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

## বৈশাখ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সোম | | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| মঙ্গল | | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| বুধ | | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| বৃহস্পতি | | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| শুক্র | | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শনি | | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| রবি | | ৭ | ১৪ | ২১ | ২৮ | |

## জ্যৈষ্ঠ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| মঙ্গল | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| বুধ | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| বৃহস্পতি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| শুক্র | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| শনি | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| রবি | ৪ | ১১ | ১৮ | ২৫ | |

## আষাঢ়

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সোম | | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| মঙ্গল | | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| বুধ | | ৪ | ১১ | ১৮ | ২৫ | ৩২ |
| বৃহস্পতি | | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শুক্র | | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| শনি | | ৭ | ১৪ | ২১ | ২৮ | |
| রবি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ | |

## শ্রাবণ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| মঙ্গল | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| বুধ | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| বৃহস্পতি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| শুক্র | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| শনি | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| রবি | ৪ | ১১ | ১৮ | ২৫ | |

## ভাদ্র

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সোম | | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| মঙ্গল | | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| বুধ | | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| বৃহস্পতি | | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শুক্র | | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| শনি | | ৭ | ১৪ | ২১ | ২৮ | |
| রবি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ | |

## আশ্বিন

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| মঙ্গল | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| বুধ | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| বৃহস্পতি | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| শুক্র | ৩ | ১০ | ১৭ | ২৪ | ৩১ |
| শনি | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| রবি | ৫ | ১২ | ১৯ | ২৬ | |

---

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু, ১লা বৈশাখ ১২৯৪

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জন্ম, ৬ই বৈশাখ ১২৪৫

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠা, ১৭ই বৈশাখ ১৩০১

ভূদেব মুখোপাধ্যায়ের মৃত্যু, ১লা জ্যৈষ্ঠ ১৩০১

বিহারীলাল চক্রবর্তীর জন্ম, ৮ই জ্যৈষ্ঠ ১২৪২

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু, ১০ই জ্যৈষ্ঠ ১৩১০

বিহারীলাল চক্রবর্তীর মৃত্যু, ১১ই জ্যৈষ্ঠ ১৩০১

অক্ষয়কুমার দত্তের মৃত্যু, ১৪ই জ্যৈষ্ঠ ১২৯৩

রজনীকান্ত গুপ্তের মৃত্যু, ৩০শে জ্যৈষ্ঠ ১৩০৭

মধুসূদন দত্তের মৃত্যু, ১৭ই আষাঢ় ১২৮০

অক্ষয়কুমার দত্তের জন্ম, ১লা শ্রাবণ ১২২১

Bengal Academy of Literature প্রতিষ্ঠা, ৮ই শ্রাবণ ১৩০০

রাজেন্দ্রলাল মিত্রের মৃত্যু, ১২ই শ্রাবণ ১২৯৮

কালীপ্রসন্ন ঘোষের মৃত্যু, ১৩ই শ্রাবণ ১৩১৪

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৃত্যু, ১৩ই শ্রাবণ ১২৯৮

গিরিশচন্দ্র ঘোষের জন্ম, ১৫ই ফাল্গুন ১২৫০

" " মৃত্যু, ২৫শে মাঘ ১৩১৮

মনোমোহন বসুর মৃত্যু, ২১শে মাঘ ১৩১৮

## কার্ত্তিক

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | | ৩ | ১০ | ১৭ | ২৪ |
| মঙ্গল | | ৪ | ১১ | ১৮ | ২৫ |
| বুধ | | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| বৃহস্পতি | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| শুক্র | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| শনি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| রবি | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |

## অগ্রহায়ণ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| মঙ্গল | ২ | ৯ | ১৬ | ২৩ | |
| বুধ | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| বৃহস্পতি | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| শুক্র | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শনি | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| রবি | ৭ | ১৪ | ২১ | ২৮ | |

## পৌষ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| মঙ্গল | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| বুধ | ২ | ৯ | ১৬ | ২৩ | |
| বৃহস্পতি | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| শুক্র | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| শনি | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| রবি | ৬ | ১৩ | ২০ | ২৭ | |

## মাঘ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| মঙ্গল | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| বুধ | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| বৃহস্পতি | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| শুক্র | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| শনি | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| রবি | ৫ | ১২ | ১৯ | ২৬ | |

## ফাল্গুন

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | | ৪ | ১১ | ১৮ | ২৫ |
| মঙ্গল | | ৫ | ১২ | ১৯ | ২৬ |
| বুধ | | ৬ | ১৩ | ২০ | ২৭ |
| বৃহস্পতি | | ৭ | ১৪ | ২১ | ২৮ |
| শুক্র | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ |
| শনি | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| রবি | ৩ | ১০ | ১৭ | ২৪ | |

## চৈত্র

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সোম | | ২ | ৯ | ১৬ | ২৩ | ৩০ |
| মঙ্গল | | ৩ | ১০ | ১৭ | ২৪ | |
| বুধ | | ৪ | ১১ | ১৮ | ২৫ | |
| বৃহস্পতি | | ৫ | ১২ | ১৯ | ২৬ | |
| শুক্র | | ৬ | ১৩ | ২০ | ২৭ | |
| শনি | | ৭ | ১৪ | ২১ | ২৮ | |
| রবি | ১ | ৮ | ১৫ | ২২ | ২৯ | |

---

দ্বারকানাথ বিদ্যাভূষণের মৃত্যু, ৮ই ভাদ্র ১২৯৩
রজনীকান্ত গুপ্তের জন্ম, ২৯শে ভাদ্র ১২৫৬
দীনবন্ধু মিত্রের মৃত্যু, ১৬ই কার্ত্তিক ১২৮০
রাজা বিনয়কৃষ্ণ দেবের মৃত্যু, ১৬ই অগ্রহায়ণ ১৩১৯
প্যারীচাঁদ মিত্রের মৃত্যু, ২১শে অগ্রহায়ণ ১২৮৭
কেশবচন্দ্র সেনের মৃত্যু, ২৫শে পৌষ ১২৯০
দেবেন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু, ৬ই মাঘ ১৩১১
ঈশ্বরচন্দ্র গুপ্তের মৃত্যু, ১০ই মাঘ ১২৬৫
নবীনচন্দ্র সেনের মৃত্যু, ১০ই মাঘ ১৩১৫
মধুসূদন দত্তের জন্ম, ১২ই মাঘ ১২৩০
গৌরীশঙ্কর ভট্টাচার্য্যের মৃত্যু, ২৫শে মাঘ ১২৬৫
নবীনচন্দ্র সেনের জন্ম, ২৯শে মাঘ ১২৫৩
ভূদেব মুখোপাধ্যায়ের জন্ম, ২রা ফাল্গুন ১২৩২
রাজেন্দ্রলাল মিত্রের জন্ম, ৫ই ফাল্গুন ১২২৮
ঈশ্বরচন্দ্র গুপ্তের জন্ম, ২৫শে ফাল্গুন ১২১৮

জাতীয়-শিক্ষা-পরিষৎ প্রতিষ্ঠা, ২৭শে ফাল্গুন ১৩১২
রামনিধি গুপ্তের মৃত্যু, ২১শে চৈত্র ১২৪৫
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মৃত্যু, ২৬শে চৈত্র ১৩০০
উমেশচন্দ্র বটব্যালের জন্ম, ১৬ই ভাদ্র ১২৫৯
" " মৃত্যু, ১লা শ্রাবণ ১৩০৫
যোগেন্দ্রচন্দ্র বসুর জন্ম, ১৬ই পৌষ ১২৬১
" " মৃত্যু, ২রা ভাদ্র ১৩১২
দাশরথি রায়ের জন্ম, মাঘ ১২১২
" " মৃত্যু, কার্ত্তিক ১২৬৪
কালীবর বেদান্তবাগীশের জন্ম, (?) ১২৪৯
" " মৃত্যু, ১০ই আশ্বিন ১৩১৮
চন্দ্রনাথ বসুর জন্ম, ১৭ই ভাদ্র ১২৫১
" " মৃত্যু, ৬ই আষাঢ় ১৩১৭
রামদাস সেনের জন্ম, ২৬শে অগ্রহায়ণ ১২৫২
" " মৃত্যু, ৩রা ভাদ্র ১২৯৪

# In the matter of Act XXI of 1860 of the Acts of the Viceroy and Governor General of India in Council being an Act for the Registration of Literary Scientific and Charitable Societies and

# In the matter of

# THE BANGIYA SAHITYA PARISHAD.

## MEMORANDUM OF ASSOCIATION.

1. The name of the Association is "BANGIYA-SAHITYA-PARISHAD."
2. The objects of which the Association is established are :—

(a) The cultivation, encouragement and improvement of the Bengali language and literature by the following and if when necessary by other means, namely ;—

(1) The compilation and publication of a Grammar and a Dictionary of the Bengali language (2) the compilation, coinage and publication of scientific, philosophical and other technical terms in Bengali (3) the collection, acquisition and publication of old Bengali manuscripts (4) the translation into Bengali of standard books and publications in other languages and the publication of such translations (5) the study and cultivation of philosophy, history, science, poetry and all other forms of literature and the publication of useful books and pamphlets thereon and (6) the publication of a periodical Journal in Bengali to be entitled "The Sahitya-Parishad-Patrika."

(b) The holding and management of all funds or funds raised for the objects aforesaid.

(c) The purchase or acquisition on lease or in exchange or on hire or otherwise of any real or personal property and any rights or privileges necessary or convenient for the purposes of the Association.

(d) The sale, improvement management and development of all or any part of the property of the Association.

(e) The doing of all such things as are incidental or conducive to the attainment of the objects aforesaid or any of them.

3. The names, addresses and occupations of the persons who are members of and form the Executive Committee or Governing body of the said Association are as follows :—

1. **Babu Dwijendra Nath Tagore**, ***President,***
*Zemindar, of No. 6, Dwarkanath Tagore's Lane, Calcutta.*

2. **Rai Kali Prosanna Ghose Bahadur,**
*Land-holder, of Armanitolla, Dacca.*

3. **Babu Akhoy Chundra Sircar,**
*Land-holder, of Kadamtolla, Chinsura, District Hooghly.*

*Vice-Presidents.* (2–3)

4. **Mohamahopadhya Hara Prosad Shashtri,**
*Professor, Presidency College, of 48-1, Harrison Road, Calcutta.*

5. **Babu Nagendranath Vasu,**
*Land-holder and Author, of No. 14, Telipara Lane, Calcutta.*

6. „ **Chandranath Basu,**
*Bengali Translator, Government of Bengal, of No. 5, Rughunath Chatterjee's Lane.*

7. „ **Rajendra Chandra Shastri,**
*Bengal Librarian, of No. 30, Tarruck Chatterjee's Lane.*

8. „ **Rajani Kanto Gupta,**
*Land-holder and Author, of No. 28/16, Akhil Mistry's Lane.*

9. „ **Surrut Chunder Sircar,**
*Land-holder, of No. 77/1, Muktaram Babu's Street.*

10. **Roy Jotindra nath Chowdhury,**
*Zeminder, of Burraha Nagore.*

11. **Babu Monamohun Basu,**
*Land-holder and Author, of No. 203/2, Cornwallis Street.*

12. „ **Gopal Chunder Mukhopadhya,**
*Land-holder and Author, of No. 40, Sunkur Haldar's Lane.*

13. „ **Shiba Prosunna Bhuttacharjee,**
*Vakil, High Court, of No. 13, Punchanuntolla Lane.*

14. „ **Suresh Chunder Somajputty,**
*Editor, Sahitya Magazine, of No. 50, Hurry Ghose's Street.*

15. „ **Jogendra Nath Bidyabhusan,**
*Deputy Magistrate, Faridpore.*

16. „ **Gobindo Lal Dutt,**
*Land-holder, of No, 18, Akroor Dutt's Lane.*

17. **Babu Jogneswar Bundopadhya,**
*Author and Editor, of No. 1, Sreenath Dass' Barrack.*

18. **Babu Herendra Nath Dutt**, *Secretary,*
*Solicitor, High Court, of No. 139, Cornwallis Street.*

19 „ **Pratul Chunder Basu**. *Assistant Secretary,*
*Land-holder, of No. 12, Nababdi Ostagar's Lane.*

20. „ **Chundy Churun Bandopadhya**, *Assistant Secretary,*
*Author, of No. 18, Ram Shaha's Lane.*

21 , **Charu Chundra Ghose**. *Treasurer.*
*Land-holder, of No. 7, Nobin Sircar's Lane.*

4. The income and property of the association whencesoever derived shall be applied solely towards the promotion of the objects of the association and set forth in this memorandum of Association and no portion thereof shall be paid or transferred directly or indirectly by way of dividend, bonus or otherwise howsoever by way of profits to the persons who at any time are or have been members of the association or to any of them or to any person claiming through any of them. Provided that nothing herein contained shall prevent the payment in good faith of remuneration to any officers or servants of the association or to any member thereof or other person in return for services rendered to the association.

5. If upon the dissolution of the association there shall remain after the satisfaction of all its debts and liabilities any property whatsoever the same shall not be paid to or distributed among the members of the association or any of them but shall be given or transferred to some other association or associations, Institution or Institutions having objects similar to the objects of this association to be determind by the votes of not less than three-fifth of the members present personally or by proxy at the time of the dissolution or in default thereof by such Judge of the High Court of Judicature at Fort William in Bengal as may have acquired Jurisdiction in the matter.

A copy of the Rules and Regulations of the said Bangiya Sahitya Parishad is filed with this memorandum of Association and the undersigned being three of the members of the Governing body of the said association do hereby certify that such copy of such rules and regulations is a correct copy of the rules and regulations of the said Bangiya Sahitya Parishad.

As witness our several and respective hands and signature this 10th day of April one thousand eight hundred and ninetynine.

Witness to the signatures.
Herendra nath Datta
Solcr. *Calcutta.*

Amrita Krishna Mullick,
*Pleader, Shampukur, Calcutta.*
Siba Prasanna Bhattacharjee,
*Pleader, 33, Punchanantola, Calcutta.*
N. K. Basu,
*Magistrate, Rajshye.*
Chuni laul Bose,
*Chemical Examiner, Mahendra Bose's Lane Calcutta.*
Haridev Shastri,
*Professor, Bishop's College, Ballygunj, Calcutta.*
Roy Yatindra Nath Chowdhury,
*Zemindar, Baranuggur, 24 Pergunnas.*
Haraprosad Shastri,
*Professor, Naihati, 24 Pergunnas.*
Dwijendra nath Tagore,
*Zemindar, 6, Dwarkanath Tagore's Street, Calcutta.*
Rajani Kanta Gupta,
*Author, 28/16, Akhil Mistrie's Lane, Calcutta.*
Suresh Chandra Samajpati.
*Editor, 50, Hari Ghose's Street.*
Nagendra nath Vasu,
*Editor, 14, Telipara Lane Shampukur.*

No. I.
Bangiya Sahitya Parisad
In the Matter of Act XXI
of 1860
and
In the Matter of the Bangiya
Sahitya Parishad.
Memorandum
of
Association
Filed and Registered by me
as no. 1 of 1899—1900.
This 14th April 1899
(Registrar of Companies under)
Act VI of 1832.
Sd. Pratapa Chandra Ghosha
*Registrar of Companies.*
15-4-99.

# বঙ্গীয়-সাহিত্য-পরিষদের
# নিয়মাবলী

উদ্দেশ্য ও নাম

১। বিবিধ উপায়ে বাঙ্গালা-ভাষা ও বাঙ্গালা-সাহিত্যের অনুশীলন এবং উন্নতি-সাধনই পরিষদের উদ্দেশ্য।

সভার নাম **বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ**

উদ্দেশ্য-সাধনের উপায়।

২। এই সভার উদ্দেশ্য-সাধনার্থ নিম্ন-লিখিত ও আবশ্যক হইলে তদতিরিক্ত উপায়-সমূহ অবলম্বিত হইবে, যথা ;—

(ক) বাঙ্গালা-ভাষার ব্যাকরণ ও অভিধান সঙ্কলন

(খ) বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা সঙ্কলন

(গ) প্রাচীন বাঙ্গালা-কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ

(ঘ) ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ ও প্রকাশ

(ঙ) দর্শন, বিজ্ঞান, ইতিহাস, কাব্য প্রভৃতি সকল প্রকার সাহিত্যের আলোচনা ও সেই সেই বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থাদির প্রকাশ

(চ) "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" নামে বাঙ্গালা ভাষায় একখানি সাময়িক পত্রিকা প্রচার।

সভার মুখপত্র

৩। সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী প্রবন্ধ সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইবে। কোন প্রবন্ধে কোনরূপ মৌলিক অনুসন্ধানের বা আলোচনার পরিচয় না থাকিলে, সে প্রবন্ধ এই পত্রিকায় প্রকাশিত হইবে না।

(ক) কার্য্য-নির্ব্বাহক-সমিতির সম্মতি ভিন্ন ইহাতে কোন জীবিত গ্রন্থকারের গ্রন্থাদির আলোচনা হইবে না।

ভাষা

৪। পরিষদের পঠিতব্য-প্রবন্ধ বাঙ্গালা-ভাষা ব্যতীত অন্য ভাষায় লিখিত হইবে না। সভাপতি মহাশয়ের বিশেষ অনুমতি ব্যতীত পরিষদের কোন অধিবেশনে অন্য ভাষাতে কোনরূপ আলোচনা হইতে পারিবে না।

পরিষদের গঠন

৫। নিম্নোক্ত কয়েক শ্রেণীর সদস্য লইয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গঠিত হইবে। যথা :—

১। বিশিষ্ট-সদস্য

২। আজীবন-সদস্য

৩। অধ্যাপক-সদস্য

৪। সাধারণ-সদস্য

৫। সহায়ক-সদস্য

**বিশিষ্ট-সদস্য**

৬। দেশ-বিদেশে সাহিত্য-ক্ষেত্রে বিশেষ-ভাবে লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তিগণ পরিষদের বিশিষ্টসদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—অন্যূন পাঁচজন সদস্য পত্রদ্বারা ঐরূপ কোন একজনের নাম বিশিষ্ট-সদস্যরূপে প্রস্তাব করিয়া সম্পাদককে জানাইলে, সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশ লইয়া প্রস্তাবিত ব্যক্তির নাম পরিষদের সকল সদস্যের নিকট নির্ব্বাচনার্থ পাঠাইয়া দিবেন এবং মতামত পাঠাইবার সময় নির্দ্দেশ করিয়া দিবেন। নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পরিষদের সমস্ত সদস্যের অন্যূন এক চতুর্থাংশের মতামত না আসিলে নির্ব্বাচন স্থগিত থাকিবে। নতুবা যতগুলি মতামত পাওয়া যাইবে, তন্মধ্যে যদি অন্যূন ত্রিচতুর্থাংশের সম্মতি থাকে, তাহা হইলে, প্রস্তাবিত ব্যক্তি বিশিষ্ট-সদস্যরূপে গৃহীত হইবেন এবং সম্পাদক তাঁহার নির্ব্বাচন-সংবাদ পরবর্ত্তী বার্ষিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

(খ) বার্ষিক অধিবেশন ভিন্ন অন্য সময়ে কোন বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইবেন না।

(গ) বিশিষ্ট-সদস্য নির্ব্বাচনের প্রস্তাব ১লা ফাল্গুনের পূর্ব্বে সম্পাদকের নিকট পাঠাইতে হইবে।

(ঘ) এক পত্রে একাধিক ব্যক্তির নাম প্রস্তাবিত হইতে পারিবে না।

৭। বিশিষ্ট-সদস্যের সংখ্যা ১৫ জনের অধিক হইবে না।

**আজীবন-সদস্য**

৮। যাঁহারা পরিষদের স্থায়ী ধনভাণ্ডারের জন্য এককালে অন্যূন ৫০০৲ টাকা কার্য্য-নির্ব্বাহক-সমিতির হস্তে দান করিবেন, তাঁহারা পরিষদের আজীবন-সদস্য গণ্য হইবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কার্য্য-নির্ব্বাহক-সমিতি কাহারও নিকট ঐরূপ দান গ্রহণ করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশক্রমে সম্পাদক পরবর্ত্তী মাসিক অধিবেশনে সেই দান ঘোষণা করিয়া দাতাকে আজীবন-সদস্য-শ্রেণীভুক্ত করিয়া লইবেন।

(খ) এই নিয়ম প্রণয়নের পূর্ব্বে যাঁহারা পরিষদের স্থায়ী ধনভাণ্ডারে এককালে অন্যূন ৫০০৲ পাঁচ শত টাকা দান করিয়াছেন, তাঁহারাও অতঃপর আজীবন-সদস্যশ্রেণীভুক্ত হইবেন।

**অধ্যাপক-সদস্য**

৯। চতুষ্পাঠীর লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপকগণ পরিষদের অধ্যাপক-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোন অধ্যাপকের নাম সমস্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির অর্দ্ধাধিক সভ্যের অনুমোদনক্রমে পরিষদের কোন মাসিক অধিবেশনে সম্পাদক কর্ত্তৃক প্রস্তাবিত এবং যথারীতি সমর্থিত ও অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি অধ্যাপক-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

১০। অধ্যাপক-সদস্যের সংখ্যা ২৫ জনের অধিক হইবে না।

### সাধারণ-সদস্য

১১। বাঙ্গালা-সাহিত্যানুরাগী ব্যক্তিমাত্রই পরিষদের সাধারণ-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোনও মাসিক অধিবেশনে যে কোন সদস্য পূর্ব্বোক্তরূপ কোন ব্যক্তির নাম সদস্যরূপে নির্ব্বাচনার্থ প্রস্তাব করিবেন; অন্য কোন উপস্থিত সদস্য তাহার সমর্থন ও সভা তাহা অনুমোদন করিলে, প্রস্তাবিত ব্যক্তি এই পরিষদের সাধারণ-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

(খ) ব্যক্তি-বিশেষের নির্ব্বাচনে সভায় উপস্থিত কোন সদস্য আপত্তি করিলে, সে সভায় তাঁহার নির্ব্বাচন বন্ধ থাকিবে। পরে কার্য্য-নির্ব্বাহক-সমিতি সে সম্বন্ধে বিবেচনা করিয়া পরবর্ত্তী কোন মাসিক অধিবেশনে তাঁহার নির্ব্বাচনের প্রস্তাব পুনরায় উপস্থিত করিবেন ও সভাপতি আবশ্যক বোধ করিলে ব্যালটদ্বারা নির্ব্বাচনের ব্যবস্থা করিবেন।

১২। প্রত্যেক সাধারণ-সদস্যকে প্রবেশিকা ১৲ টাকা এবং অন্যূন ৷৷৹ হিসাবে মাসিক চাঁদা দিতে হইবে।

১৩। নির্ব্বাচন-সংবাদ-প্রাপ্তির পর দুই মাস মধ্যে নির্ব্বাচিত ব্যক্তিকে প্রবেশিকা ১৲ এক টাকা পাঠাইয়া দিতে হইবে। উহা প্রাপ্তির পর, তিনি সাধারণ-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন এবং সদস্যের সকল অধিকার প্রাপ্ত হইবেন।

১৪। কোন ব্যক্তি সাধারণ-সদস্যপদ পরিত্যাগের পর যদি পুনরায় সাধারণ-সদস্য নির্ব্বাচিত হন, তাহা হইলে তাঁহাকে প্রবেশিকা দিতে হইবে না; কিন্তু পূর্ব্বের চাঁদা বাকি থাকিলে, তাহা সমস্ত শোধ করিতে হইবে। কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থলবিশেষে বাকি চাঁদা সম্পূর্ণ বা আংশিক ভাবে ত্যাগ করিতে পারিবেন।

### সহায়ক-সদস্য

১৫। যাঁহারা এই পরিষদের উদ্দেশ্যের অনুকূল কার্য্য করিয়া এই পরিষদের উপকার করিয়া থাকেন, তাঁহারা সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনক্রমে ঐরূপ ব্যক্তির নাম সহায়ক-সদস্যরূপে বার্ষিক অধিবেশনে প্রস্তাব করিবেন এবং তাহা যথারীতি সমর্থিত এবং অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি সহায়ক-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন।

১৬। সহায়ক-সদস্যের সংখ্যা ২৫ জনের অধিক হইবে না।

১৭। সহায়ক-সদস্যগণ পাঁচ বৎসরের জন্য নির্ব্বাচিত হইবেন। তৎপরে তাঁহারা পুনর্নির্ব্বাচিত হইতে পারিবেন।

### সদস্যগণের অধিকার

১৮। সাধারণ-সদস্য ব্যতীত অপর কোন শ্রেণীর সদস্য মাসিক চাঁদা দিতে বাধ্য থাকিবেন না।

১৯। সাহিত্য-পরিষৎ-পত্রিকা সকল সদস্যই বিনামূল্যে প্রাপ্ত হইবেন।

২০। নূতন সদস্যগণ স্ব স্ব সদস্যপদগ্রহণের পর হইতে পরিষৎ-পত্রিকার প্রকাশিত সংখ্যা পাইবেন এবং সদস্যশ্রেণীভুক্ত হইবার পূর্ব্ববর্ত্তী কালের পত্রিকা অর্দ্ধমূল্যে পাইবেন।

২১। পরিষৎ-প্রকাশিত অন্যান্য গ্রন্থ সদস্যগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত মূল্যে পাইবেন।

২২। সম্পাদকের নিকট পত্র লিখিয়া বা কার্য্যালয়ে উপস্থিত হইয়া পরিষদের অবস্থা, বিধিব্যবস্থা এবং অন্যান্য সংবাদ জ্ঞাত হইবার এবং কার্য্যালয়ে স্বয়ং আসিয়া সম্পাদকের সম্মতিক্রমে হিসাব ও অন্যান্য খাতাপত্র দেখিবার অধিকার সকল সদস্যেরই থাকিবে।

২৩। যে সকল সদস্যের কার্ত্তিক মাসের পূর্ব্ব হইতে চাঁদা বাকি পড়িবে, চাঁদা শোধ না হওয়া পর্য্যন্ত তাঁহারা কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যপদপ্রার্থী হইতে পারিবেন না।

### বান্ধব

২৪। যাঁহারা পরিষদের উপকারার্থ এককালে অন্যূন পাঁচ হাজার টাকা বা তন্মূল্য কোন দান করিবেন, তাঁহারা এই পরিষদের বান্ধব বলিয়া গণ্য হইবেন ও তাঁহারা সদস্যগণের যাবতীয় অধিকার প্রাপ্ত হইবেন।

(ক) কাহারও নিকট হইতে ঐরূপ কোন দান এককালে প্রাপ্ত হইলে, সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশক্রমে দাতার নাম পরিষদের কোন মাসিক অধিবেশনে ঘোষণা করিয়া দাতাকে বান্ধবশ্রেণীভুক্ত করিয়া লইবেন।

(খ) এই নিয়ম প্রণয়নের পূর্ব্বে যে সমস্ত উপকারী ব্যক্তির নিকট এইরূপ দান এককালে পাওয়া গিয়াছে, তাঁহারাও পরিষদের বান্ধব বলিয়া গণ্য হইবেন।

### কার্য্য-নির্ব্বাহক-সমিতি

২৫। পরিষদের সমস্ত কার্য্যনির্ব্বাহার্থ একটি কার্য্য-নির্ব্বাহক-সমিতি থাকিবে।

২৬। কতিপয় কর্ম্মাধ্যক্ষ ও কতিপয় নির্ব্বাচিত সদস্য লইয়া এই কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইবে। প্রতি বৎসর বার্ষিক অধিবেশনে এই কার্য্য-নির্ব্বাহক-সমিতির গঠন হইবে।

২৭। পরিষদের বিভিন্ন কার্য্য-নির্ব্বাহের জন্য নিম্নলিখিত ১৬ জন কর্ম্মাধ্যক্ষ সদস্যগণ মধ্য হইতে নির্ব্বাচিত হইবেন। ইঁহারা সকলেই কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য বলিয়া গণ্য হইবেন।

যথা—

| | |
|---|---|
| সভাপতি ... ... ... .. | ১ জন |
| সহকারী সভাপতি ... ... ... .. | ৪ জন |
| সম্পাদক ... ... ... . | ১ জন |
| সহকারী সম্পাদক ... ... ... .. | ৫ জন |
| কোষাধ্যক্ষ ... ... ... .. | ১ জন |
| গ্রন্থাধ্যক্ষ ... ... ... .. | ১ জন |
| চিত্রশালাধ্যক্ষ ... ... ... .. | ১ জন |
| ছাত্রাধ্যক্ষ ... ... ... .. | ১ জন |
| পত্রিকাধ্যক্ষ ... ... ... .. | ১ জন |
| | ১৬ জন |

২৮। কর্ম্মাধ্যক্ষগণের নির্ব্বাচন-প্রণালী—কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রতি বৎসর আগামী বৎসরের জন্য ১৬ জন কর্ম্মাধ্যক্ষের নাম বার্ষিক অধিবেশনে উপস্থিত করিবেন এবং যথারীতি সমর্থনের এবং উপস্থিত সদস্যগণ কর্ত্তৃক অনুমোদনের পর তাঁহারা নির্ব্বাচিত হইবেন।

(ক) যদি কোন সদস্য কোন কর্ম্মাধ্যক্ষের পদে কোন নাম প্রস্তাবের ইচ্ছা করেন, তবে তাঁহার নাম এবং যে পদে তাঁহাকে নিযুক্ত করিতে চাহেন, তাহা পত্রদ্বারা ১লা চৈত্রের পূর্ব্বে সম্পাদককে জানাইবেন। কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রস্তাবিত নামগ্রহণে অসমর্থ হইলে, প্রস্তাবককে সেই সংবাদ দেওয়া হইবে। তথাপি যদি তিনি বার্ষিক অধিবেশনে তাঁহার প্রস্তাবিত নাম উপস্থাপিত করিতে ইচ্ছা করেন, তাহা হইলে, ১লা বৈশাখের পূর্ব্বে পত্রদ্বারা সম্পাদককে জানাইবেন। সম্পাদক বার্ষিক অধিবেশনের বিজ্ঞাপনপত্রে তৎকর্ত্তৃক এই প্রস্তাবের উল্লেখ করিবেন। বার্ষিক অধিবেশনে প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্ব্বাচিত কর্ম্মাধ্যক্ষগণের নাম যথারীতি প্রস্তাবিত ও সমর্থিত হইলে পর, অন্য নামের প্রস্তাবকর্ত্তা স্বয়ং উপস্থিত হইয়া বা প্রতিনিধি দ্বারা তাঁহার প্রস্তাবিত নাম উপস্থিত করিতে পারিবেন এবং তাহা উপস্থিত কোন সদস্য কর্ত্তৃক সমর্থিত হইলে, ব্যালটদ্বারা নির্ব্বাচনের ব্যবস্থা হইবে। এইরূপে প্রত্যেকের নির্ব্বাচনকালে ব্যালটদ্বারা যতগুলি মত পাওয়া যাইবে, তাহার অর্দ্ধাধিক মত যিনি পাইবেন, তিনি নির্ব্বাচিত হইবেন এবং কাহারও পক্ষে অর্দ্ধাধিক মত না পাওয়া পর্য্যন্ত যিনি ব্যালটে সর্ব্বাপেক্ষা অল্পসংখ্যক মত পাইয়াছেন, তাঁহার নাম বর্জ্জন করিয়া পুনরায় ব্যালট্‌ লওয়া হইবে।

২৯। এই নিয়মাবলী প্রণয়নের পর সম্পাদক ব্যতীত অপর কোন কর্ম্মাধ্যক্ষের পদে কোন ব্যক্তি উপর্য্যুপরি পাঁচ বৎসরের অধিক কালের জন্য নির্ব্বাচিত হইতে পারিবেন না।

৩০। বৎসরের মধ্যে কোন কারণে কোন কর্ম্মাধ্যক্ষের পদ শূন্য হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহার পদে নূতন ব্যক্তিকে নির্ব্বাচন করিয়া পরবর্ত্তী মাসিক অধিবেশনে তাহা বিজ্ঞাপিত করিবেন।

৩১। পরিষদের ২০ জন সদস্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির 'সভ্য'-রূপে নির্ব্বাচিত হইবেন। তন্মধ্যে ১৬ জন সমুদয় সদস্যের মতানুসারে নির্ব্বাচিত হইবেন এবং অপর ৪ জন পরিষৎ-শাখা-সমূহের প্রতিনিধিস্বরূপ শাখাসমূহের কার্য্য-নির্ব্বাহক-সমিতি দ্বারা নির্ব্বাচিত হইবেন।

(ক) পূর্ব্বোক্ত ১৬ জন সদস্যের নির্ব্বাচন নিম্নোক্ত প্রণালীতে হইবে:—ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে সম্পাদক পরিষদের প্রত্যেক সদস্যকে পত্র দ্বারা জিজ্ঞাসা করিবেন যে, তিনি কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য হইতে সম্মত আছেন কি না। যাঁহারা সম্পাদকের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পত্র দ্বারা সম্মতি জ্ঞাপন করিবেন, সম্পাদক ২৩ নিয়মের প্রতি দৃষ্টি রাখিয়া তাঁহাদের নামের তালিকা প্রস্তুত করিবেন এবং চৈত্রের প্রথম সপ্তাহের মধ্যে প্রতি সদস্যের নিকট উক্ত তালিকা এই প্রার্থনাসহ প্রেরণ করিবেন যে, প্রত্যেক সদস্য ঐ তালিকার মধ্যে অনধিক ১৬ জনের নির্ব্বাচন করিয়া তাঁহাদের নামের পার্শ্বে নিজ নাম স্বাক্ষর করিয়া সম্পাদকের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদককে পাঠাইয়া দিবেন। ঐ সকল

পত্র হইতে প্রত্যেকের ভোটের সমষ্টি গণনা করিয়া ভোটের সংখ্যার ক্রম অনুসারে সম্পাদক ষোল জনের নাম বাছিয়া লইয়া বার্ষিক অধিবেশনে তাঁহাদিগকেই নির্ব্বাচিত বলিয়া বিজ্ঞাপিত করিবেন। যদি একাধিক ব্যক্তির সমান ভোট পাইয়া ষোড়শ স্থান গ্রহণের সম্ভাবনা ঘটে, তাহা হইলে, উপস্থিত সদস্যগণ সেই কয় ব্যক্তির মধ্যে পুনর্নির্ব্বাচন দ্বারা ষোড়শ স্থান পূরণ করিবেন।

(খ) পরিষৎ-শাখাসমূহের প্রতিনিধি-নির্ব্বাচন-প্রণালী :—ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে প্রত্যেক পরিষৎ-শাখার সম্পাদককে এই অনুরোধসহ সম্পাদক পত্র লিখিবেন, যেন ঐ শাখার কার্য্য-নির্ব্বাহক-সমিতি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে স্বকীয় প্রতিনিধি-স্বরূপ একজন সদস্যের নাম পাঠাইয়া দেন। এইরূপে যতগুলি নাম পাওয়া যাইবে, সম্পাদক সেই সকল নামের তালিকা প্রত্যেক পরিষৎ-শাখার সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। প্রত্যেক পরিষৎ-শাখার কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই তালিকাভুক্ত অনধিক চারিজনকে নির্ব্বাচিত করিবেন। শাখা-সম্পাদক উক্তরূপে নির্ব্বাচিত ব্যক্তিগণের নামের পার্শ্বে নাম স্বাক্ষর করিয়া, নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পরিষৎ-সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। পরিষৎ-সম্পাদক ভোটের সংখ্যাক্রম অনুসারে চারিজনের নাম বার্ষিক অধিবেশনে বিজ্ঞাপিত করিলে, তাঁহারা শাখাসমূহের প্রতিনিধিস্বরূপে মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য বলিয়া গণ্য হইবেন। মূল-পরিষদের সদস্য না হইলে, অপর কেহ পরিষৎ-শাখার প্রতিনিধিরূপে নির্ব্বাচিত হইতে পারিবেন না।

(গ) বৎসরের মধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন সভ্যের পদ শূন্য হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথাসময়ে স্বয়ং তাহা পূর্ণ করিয়া লইবেন।

### কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিকার

৩২। পরিষদের সমস্ত কার্য্যই সাধারণতঃ কার্য্য-নির্ব্বাহক-সমিতির কর্ত্তৃত্বে ও নির্দ্দেশে নির্ব্বাহিত হইবে।

৩৩। পরিষদের আয়-ব্যয়-সম্বন্ধে সমস্ত কর্ত্তৃত্ব কার্য্য-নির্ব্বাহক-সমিতির উপর ন্যস্ত থাকিবে।

(ক) ভিন্ন ভিন্ন উদ্দেশ্য-সাধনের জন্য পরিষদের যে সকল বিভিন্ন তহবিল থাকিবে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি সেই সকল তহবিলের রক্ষা ও হিসাবাদি সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা করিবেন এবং আবশ্যক বোধ করিলে, বিভিন্ন তহবিলের নিমিত্ত বিভিন্ন কোষাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন।

(খ) বার্ষিক অধিবেশনের পূর্ব্বে আগামী বৎসরের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আয়-ব্যয়ের আনুমানিক তালিকা ( বজেট ) প্রস্তুত করিবেন এবং তাহা অনুমোদনার্থ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন।

(গ) প্রতি বৎসর আশ্বিন মাসের পর কার্য্য-নির্ব্বাহক-সমিতি উক্ত আনুমানিক তালিকার ( বজেটের ) সংস্কারসাধন করিবেন এবং এই সংস্কার পরবর্ত্তী মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

(ঘ) উক্ত আনুমানিক হিসাবের তালিকার অতিরিক্ত কোন ব্যয় আবশ্যক হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনক্রমে তাহা সম্পাদিত হইবে।

(ঙ) আবশ্যক হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি কোন বিশেষ স্থলে কোন সদস্যের বাকি চাঁদা সম্পূর্ণ বা আংশিকভাবে ত্যাগ করিতে পারিবেন।

৩৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের সমস্ত সম্পত্তি ও দলিলাদি রক্ষার সমুচিত ব্যবস্থা করিবেন।

৩৫। কর্ম্মাধ্যক্ষদিগের কার্য্যপ্রণালী ও বিশেষ বিশেষ অধিকার কার্য্য-নির্ব্বাহক-সমিতি নির্দ্দেশ করিয়া দিবেন।

৩৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের বেতনভোগী কর্ম্মচারিগণের এবং কার্য্যালয়-সংক্রান্ত যাবতীয় নিয়ম নির্দ্দেশ করিয়া দিবেন।

(ক) পরিষদের কার্য্য সুচারুরূপে নির্ব্বাহ করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আবশ্যকমত উপযুক্ত বেতনে কর্ম্মচারী নিযুক্ত করিতে ও তাঁহাদিগকে কর্ম্মচ্যুত করিতে পারিবেন। এরূপ স্থলে কার্য্য-নির্ব্বাহক-সমিতির মীমাংসাই চূড়ান্ত গণ্য হইবে।

৩৭। নিম্নলিখিত ব্যাপারে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিম্নলিখিতমত অধিকার থাকিবে,—

(ক) যে কেহ যে কোন প্রস্তাব পরিষদের বিবেচনার্থ প্রেরণ করিবেন, সাধারণতঃ সে প্রস্তাব সর্ব্বাগ্রে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে আলোচিত হইবে। কাহারও কোনও প্রস্তাব প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে আলোচিত না হইয়া, পরিষদের মাসিক অধিবেশনের আলোচ্য বিষয়ের মধ্যে সন্নিবিষ্ট হইতে পারিবে না।

(খ) কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যের অথবা পরিষদের কোন সদস্যের কোন প্রস্তাবের আলোচনায় কার্য্য-নির্ব্বাহক-সমিতি যে মীমাংসা করিবেন, তাহা যদি প্রস্তাবকের মনঃপূত না হয়, তাহা হইলে, তাঁহার অনুরোধক্রমে সেই প্রস্তাব কার্য্য-নির্ব্বাহক-সমিতি উপযুক্ত সময়ের মধ্যে মাসিক অধিবেশনের আলোচ্য-বিষয়ভুক্ত করিয়া দিবেন।

(গ) যে সকল সাধারণ-সদস্যের চাঁদা এক বৎসর বাকি পড়িবে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের পত্রিকা ও পুস্তকাদির প্রেরণ বন্ধ রাখিতে পারিবেন।

(ঘ) যে সকল সদস্যের চাঁদা দুই বৎসরকাল বাকি পড়িবে, সম্পাদক তাঁহাদের তালিকা উপস্থিত করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের নাম সদস্য-তালিকা হইতে উঠাইয়া দিতে পারিবেন।

৩৮। দেশের ভিন্ন ভিন্ন স্থানে পরিষদের শাখা-স্থাপনের অধিকার কার্য্য-নির্ব্বাহক-সমিতির থাকিবে।

(ক) কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষৎ-শাখা-সংক্রান্ত আবশ্যকমত নিয়ম রচনা করিয়া পরিষদের কোন মাসিক অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থিত করিবেন। অনুমোদিত নিয়মাবলী সমস্ত পরিষৎ-শাখায় প্রচার করিবেন।

(খ) কোন নূতন শাখা স্থাপিত হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা যথাসময়ে মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

৩৯। বিশেষ বিশেষ কার্য্যসাধনোদ্দেশে কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থায়ী বা অস্থায়ী সমিতি স্থাপন, তাহার কার্য্যসম্পাদনের ব্যবস্থা এবং তজ্জন্য কর্ম্মাধ্যক্ষ নিয়োগ করিতে পারিবেন।

(ক) এই সকল সমিতিতে আবশ্যকমত সদস্যেতর বিশেষজ্ঞ ব্যক্তিকেও কার্য্য-নির্ব্বাহক-সমিতি সদস্যরূপে গ্রহণ করিতে পারিবেন।

(খ) স্থায়িরূপে কোন সমিতি স্থাপন করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা কোন মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

৪০। প্রত্যেক বার্ষিক অধিবেশনের পূর্ব্বে কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই সকল স্থায়ী ও অস্থায়ী সমিতির সম্পাদকগণের নিকট এবং পরিষদের অন্যান্য কর্ম্মাধ্যক্ষগণের নিকট তাঁহাদের আপন আপন অধিকার-সংক্রান্ত কার্য্যের বিবরণ গ্রহণ করিবেন এবং আবশ্যকমত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণীতে সন্নিবিষ্ট করিয়া দিবেন। পরিষৎ-শাখাগুলির বার্ষিক কার্য্য-বিবরণও এইরূপে আনাইয়া উক্ত বার্ষিক কার্য্য-বিবরণভুক্ত করিবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন

৪১। প্রতিমাসে অন্ততঃ একবার কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইবে। তদ্ভিন্ন প্রয়োজন হইলে, কিংবা কার্য্য-নির্ব্বাহক-সমিতির চারিজন সভ্য হেতুনির্দ্দেশপূর্ব্বক পত্রদ্বারা প্রার্থনা করিলে, এই সমিতির অধিবেশন হইবে।

৪২। আলোচ্য বিষয়াদি নির্দ্দেশপূর্ব্বক অন্ততঃ চারিদিন পূর্ব্বে সভাধিবেশনের সময় বিজ্ঞাপন করিয়া সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন আহ্বান করিবেন।

(ক) বিশেষ প্রয়োজনে চারিদিন অপেক্ষা অল্প সময় পূর্ব্বেও বিজ্ঞাপন দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইতে পারিবে। অত্যাবশ্যক স্থলে এবং অধিবেশন-আহ্বানের সময় না থাকিলে বা বিশেষ কার্য্য দ্রুত সম্পাদন করিতে হইলে, অধিবেশন-আহ্বানের পরিবর্ত্তে কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণের নিকট পত্রদ্বারা কার্য্য বিজ্ঞাপনপূর্ব্বক সম্পাদক তৎসম্বন্ধে লিখিত মতামত সংগ্রহ করিয়া অধিকাংশের মতানুসারে কার্য্য করিতে পারিবেন। এরূপ স্থলে মফস্বলবাসী সভ্যগণকে আহ্বান বা তাঁহাদের মতগ্রহণ আবশ্যক হইবে না, কিন্তু কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্ত্তী অধিবেশনে উক্ত কার্য্য অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

৪৩। কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে অন্যূন ৮ জন সভ্য উপস্থিত হইলে, উহার কার্য্য আরম্ভ হইবে।

(ক) যদি কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন অধিবেশনে ৮ জন অপেক্ষা অল্পসংখ্যক সভ্য উপস্থিত হন, তবে সে দিন সভার কার্য্য স্থগিত থাকিবে এবং পরবর্ত্তী অধিবেশনে যদি কোন নূতন আলোচ্য বিষয় উপস্থাপিত না হয়, তবে অন্যূন ৫ জন সভ্য উপস্থিত হইলেই সভার কার্য্য হইতে পারিবে। পুনরধিবেশনের সময়াদি বিজ্ঞাপিত করিতে হইবে।

৪৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিখিত হইবে এবং সেই কার্য্য-বিবরণ তাহার পরবর্ত্তী অধিবেশনে অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

(ক) কোন কারণে কোনদিন কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন স্থগিত হইলে, সম্পাদক তাহার কারণ কার্য্য-বিবরণ-পুস্তকে লিপিবদ্ধ করিয়া রাখিবেন এবং তাহা পরবর্ত্তী অধিবেশনে উপস্থাপিত করিবেন।

৪৫। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ মুদ্রিত হইবে না।

৪৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের প্রত্যেক মাসিক অধিবেশনের বা বিশেষ অধিবেশনের আলোচ্য বিষয়, পাঠার্থ প্রবন্ধ এবং প্রদর্শনাদির বিষয় ও অন্যান্য কার্য্য নির্দ্দিষ্ট করিয়া দিবেন।

পরিষদের অধিবেশন

৪৭। সাহিত্য-পরিষৎ-মন্দিরে ( কলিকাতা, হালসীবাগান, অপার সার্কুলার রোড ২৪৩।১ সংখ্যক ভবনে ) প্রতি বাঙ্গালা মাসের শেষ রবিবারে অথবা প্রয়োজন হইলে, অন্যত্র বা অন্য-বারে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অধিবেশন হইবে।

(ক) কোনও বিশেষ উদ্দেশ্যসাধনের নিমিত্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশে বিশেষ দিনে পরিষদের বিশেষ অধিবেশন হইতে পারিবে।

(খ) কোনও বিশেষ প্রয়োজনে অন্যূন ১০ জন সদস্য হেতু-নির্দ্দেশ পূর্ব্বক পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করাইবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে অনুরোধ করিয়া পত্র লিখিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথোপযুক্ত দিনে পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করিবেন।

৪৮। সভাপতি অথবা সহকারী সভাপতি, সম্পাদক অথবা সহকারী সম্পাদকগণের মধ্যে কেহ অধিবেশনে উপস্থিত না থাকিলে, উপস্থিত সদস্যগণ উপযুক্ত ব্যক্তির নিয়োগদ্বারা সেই দিনকার কার্য্য পরিচালন করিবেন।

৪৯। সমস্ত অধিবেশনের বিজ্ঞাপন-পত্রে অধিবেশনের সকল প্রকার আলোচ্য বিষয় ও কার্য্য-তালিকা মুদ্রিত হইবে এবং সাত দিন পূর্ব্বে উক্ত বিজ্ঞাপন প্রকাশিত হইবে।

৫০। অন্যূন ১৫ জন সদস্য উপস্থিত হইলে, পরিষদের সাধারণ মাসিক অধিবেশন বা কোন বিশেষ অধিবেশনের কার্য্য চলিতে পারিবে। নির্দ্দিষ্ট সংখ্যক সদস্য উপস্থিত না হইলে বা অন্য কোন কারণে অধিবেশনের কার্য্য বন্ধ হইলে, তাহা লিপিবদ্ধ করা হইবে।

৫১। মাসিক ও বিশেষ-অধিবেশনের কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিপিবদ্ধ থাকিবে এবং সম্পাদক তাহা পরবর্ত্তী মাসিক অধিবেশনে অনুমোদনের জন্য উপস্থাপিত করিবেন।

৫২। এই সকল অধিবেশনের কার্য্য-বিবরণ পরিষৎ-পত্রিকার সহিত অথবা স্বতন্ত্র পুস্তিকাকারে ক্রমশঃ প্রকাশিত হইবে এবং ইহা প্রত্যেক সদস্য বিনামূল্যে পাইবেন।

৫৩। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময় কোন সদস্য সেই বিষয়সম্বন্ধে একবার, প্রস্তাবক প্রস্তাবের সময় একবার ও অপরাপর সদস্যের সমালোচনার পরে উত্তরস্বরূপ আর একবারমাত্র স্বীয় বক্তব্য জ্ঞাপন করিতে পারিবেন। সভাপতির বিশেষ অনুমতি পাইলে, এই নিয়মের ব্যতিক্রম হইতে পারিবে।

সভাপতি

৫৪। কোন অধিবেশনের কার্য্য-প্রণালী অথবা কোন নিয়মের তাৎপর্য্য সম্বন্ধে সভাস্থলে কোন বিষয়ের মীমাংসায় সভাপতির মত অথবা আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫৫। কোনও বিষয়ের মত গ্রহণকালে, উভয় পক্ষের মতামতের সংখ্যা সমান হইলে, সভাপতির একটি অতিরিক্ত মত দিবার অধিকার থাকিবে।

৫৬। কোনও বিশেষ কার্য্য দ্রুত-সম্পাদনের প্রয়োজন হইলে এবং কোন মাসিক সভার আলোচ্য বিষয় তালিকাভুক্ত করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আহ্বানের সময় না থাকিলে, সভাপতি তাহা কোনও মাসিক অধিবেশনে আলোচনার্থ অনুমতি দিতে পারিবেন।

সহকারী সভাপতি

৫৭। চারি জন সহকারী সভাপতির মধ্যে অন্যূন দুই জন মফঃস্বলের অধিবাসী হইবেন।

৫৮। সভাপতির অনুপস্থিতিতে অন্যতম সহকারী সভাপতি সভাপতির কর্ত্তব্য সম্পাদন করিবেন ও তাঁহার যাবতীয় অধিকার প্রাপ্ত হইবেন।

সম্পাদক

৫৯। পরিষৎ-সংক্রান্ত যাবতীয় কার্য্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশে সম্পাদকের তত্ত্বাবধানে সম্পন্ন হইবে।

৬০। কার্য্য-নির্ব্বাহক-সমিতির এবং পরিষদের সাধারণ ও বিশেষ অধিবেশনের নির্দ্দিষ্ট কার্য্য ও সঙ্কল্প প্রভৃতি সমাধান করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।

৬১। অধিবেশনের বিবরণাদি, আয়-ব্যয়ের বিবরণাদি ও আনুমানিক হিসাব প্রভৃতি প্রস্তুত করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।

৬২। সম্পাদক পরিষদের যাবতীয় অধিবেশন আহ্বান করিবেন।

৬৩। সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে প্রেরিত সদস্যগণের পত্রাদি আবশ্যক মত কার্য্য-নির্ব্বাহক-সমিতির সমীপে উপস্থাপিত করিবেন।

৬৪। সম্পাদক প্রতি মাসে আয়-ব্যয়বিবরণ প্রস্তুত করাইয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে উপস্থাপিত করিবেন।

৬৫। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত ব্যয় ব্যতীত কোনও নূতন কার্য্যের জন্য কিছু ব্যয় করিতে হইলে, সম্পাদক তাহা কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতি লইয়া করিবেন।

(ক) বিশেষ প্রয়োজনীয় স্থলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতি লইবার পূর্ব্বে ৫০৲ টাকা পর্য্যন্ত সম্পাদক নিজে ব্যয় করিতে পারিবেন, কিন্তু উক্ত সভার পরবর্ত্তী অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থিত করিবেন।

৬৬। আয়-ব্যয়-সংক্রান্ত কার্য্যাদি ব্যতীত যদি কোন অনিবার্য্য কারণে কোনও বিশেষ কার্য্য সম্পাদককে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতির অপেক্ষা না করিয়াই করিতে হয়, তবে কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্ত্তী অধিবেশনে কারণ প্রদর্শন করিয়া উক্ত কার্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন।

৬৭। সম্পাদক ৩৭ (খ) নিয়মানুসারে তালিকা প্রস্তুত করিয়া আবশ্যকমত মধ্যে মধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির গোচর করিবেন।

৬৮। বার্ষিক অধিবেশনের পূর্ব্বে, পরিষদের আয়-ব্যয়-পরীক্ষক দ্বারা পরীক্ষিত বার্ষিক হিসাব, শাখাসভা ও অন্যান্য সমিতির প্রদত্ত কার্য্য-বিবরণ এবং অন্যান্য আনুষঙ্গিক জ্ঞাতব্য বিষয়-সংবলিত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণ প্রস্তুত করিয়া সম্পাদক প্রথমে কার্য্য-নির্ব্বাহক সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন এবং কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক অনুমোদিত কার্য্য-বিবরণ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন এবং বার্ষিক অধিবেশনে তাহা পঠিত ও অনুমোদিত হইলে, উহা প্রকাশ করিবেন।

৬৯। সম্পাদক প্রয়োজনমত সহকারী সম্পাদকগণকে নিজ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

সহকারী সম্পাদক

৭০। সম্পাদকের নির্দ্দেশমত সহকারী সম্পাদকগণ নিরূপিত কার্য্য পরিচালন করিবেন।

কোষাধ্যক্ষ

৭১। পরিষদের সাধারণ তহবিল কোষাধ্যক্ষের নিকট থাকিবে।

৭২। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দিষ্ট ব্যবস্থানুসারে কোষাধ্যক্ষ সম্পাদকের সহিত সাধারণ তহবিলের টাকার আদানপ্রদান করিবেন।

৭৩। সাধারণ তহবিল ব্যতীত অন্যান্য তহবিলের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি যেরূপ ব্যবস্থা করিবেন, তদনুসারে তাহাদের কার্য্য চলিবে।

গ্রন্থাধ্যক্ষ

৭৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়মানুসারে ও সম্পাদকের নির্দ্দেশানুযায়ী গ্রন্থাধ্যক্ষ গ্রন্থাগারের যাবতীয় ব্যবস্থা করিবেন।

চিত্রশালাধ্যক্ষ

৭৫। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্দেশানুসারে চিত্রশালাধ্যক্ষ চিত্রশালার যাবতীয় কার্য্য সম্পাদন করিবেন।

ছাত্রাধ্যক্ষ

৭৬। ছাত্রাধ্যক্ষ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্দেশ অনুসারে পরিষদের ছাত্র-সভ্যগণের শিক্ষা, উপদেশ, কার্য্য-ব্যবস্থা, পরীক্ষা ও পারিতোষিক প্রভৃতি সম্বন্ধে যাবতীয় কার্য্য পরিচালন করিবেন।

পত্রিকাধ্যক্ষ

৭৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়মানুসারে পত্রিকাধ্যক্ষ পত্রিকা-সম্পাদনের ব্যবস্থা করিবেন।

আয়-ব্যয়-পরীক্ষক

৭৮। পরিষদের যাবতীয় হিসাব পরিদর্শনের জন্য প্রতি বৎসর বার্ষিক অধিবেশনে সদস্যগণের মধ্য হইতে দুই জন আয়-ব্যয়-পরীক্ষক নির্ব্বাচিত হইবেন।

৭৯। বৎসরান্তে পরিষদের সাধারণ তহবিলের আয়-ব্যয়-বিবরণ সম্পাদক প্রস্তুত করিয়া দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশাদি মিলাইয়া আয়-ব্যয়-পরীক্ষকগণ সেই হিসাব পরীক্ষা করিবেন।

৮০। পরীক্ষান্তে আয়-ব্যয়-পরীক্ষকগণ হিসাব পরিশুদ্ধ বলিয়া অনুমোদন করিলে, সেই হিসাব কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে গ্রহণীয় হইবে।

৮১। সাধারণ-তহবিল ব্যতীত পরিষদের অন্যান্য তহবিলের আয়-ব্যয়-পরীক্ষার ভারও ইঁহাদের উপর ন্যস্ত থাকিবে।

৮২। হিসাব পরীক্ষায় কোনরূপ ভ্রমপ্রমাদ বা নিয়মভঙ্গের পরিচয় পাইলে, ইঁহারা কার্য্য নির্ব্বাহক-সমিতিকে লিখিয়া জানাইবেন।

৮৩। আয়-ব্যয়-পরীক্ষকগণ আবশ্যক মত মাসিক বা ত্রৈমাসিক হিসাব পরীক্ষা করিবেন।

পরিষৎ-শাখা

৮৪। দেশের ভিন্ন ভিন্ন স্থানে পরিষদের উদ্দেশ্যানুকূল কার্য্য সম্পাদন জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ 'পরিষৎ-শাখা' প্রতিষ্ঠা করিতে পারিবেন।

৮৫। যে স্থানে পরিষৎ-শাখা স্থাপিত হইবে, "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ" এই নামের পর সেই স্থানের অর্থাৎ সেই নগরের বা প্রদেশের নামের সহিত শাখা শব্দযোগে পরিষৎ-শাখাগুলির নামকরণ হইবে। (দৃষ্টান্ত—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, রঙ্গপুর-শাখা।)

৮৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত এবং পরিষদের অনুমোদিত নিয়মাবলী অনুসারে শাখাসমূহ পরিচালিত হইবে।

৮৭। মূল পরিষদের সদস্য ব্যতীত অপর ব্যক্তি কোন পরিষৎ-শাখার সম্পাদক হইতে পারিবেন না।

৮৮। কার্য্য-নির্ব্বাহক-সমিতির বিশেষ কোন নিয়ম ব্যতীত কোনও পরিষৎ-শাখার সহিত মূল-পরিষদের কোনরূপ অর্থ-সম্বন্ধ থাকিবে না।

ছাত্র-সভা

৮৯। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী কার্য্যসাধনের জন্য সাহিত্য-পরিষদের অধীনে একটি ছাত্র-সভা গঠিত হইবে। বিদ্যালয়ের ছাত্রগণ এই সভার সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন এবং তাঁহারা ছাত্র-সভ্য নামে অভিহিত হইবেন।

৯০। ছাত্রাধ্যক্ষের প্রস্তাবক্রমে কার্য্য-নির্ব্বাহক-সমিতি বিদ্যালয়ের ছাত্রগণকে এই সভার সভ্যরূপে নির্ব্বাচন করিবেন।

৯১। ছাত্র-সভ্যগণের কর্ত্তব্য ও অধিকার নির্দ্দেশের জন্য ছাত্রাধ্যক্ষের পরামর্শ মত কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নিয়মাবলী প্রণীত হইবে।

বিশেষ বিধি

৯২। পরিষদের বিশেষ বা সাধারণ মাসিক অধিবেশনে মীমাংসিত কোন নিয়ম ছয় মাস-মধ্যে আলোচিত বা পরিবর্ত্তিত হইতে পারিবে না।

২৩। কোন নূতন নিয়ম প্রণয়ন অথবা কোন পুরাতন নিয়মের সংস্কার-সম্বন্ধে প্রস্তাব উপস্থিত হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা বিচারপূর্ব্বক পরিষদের মাসিক বা বিশেষ অধিবেশনে মীমাংসার্থ উপস্থিত করিবেন।

২৪। আবশ্যক হইলে, পরিষদের অধিবেশনে কার্য্য-নির্ব্বাহক-সমিতির প্রস্তাবমত এই নিয়মাবলীর অন্তর্গত কোন নিয়মের সংস্কার বা কোন নূতন নিয়মের সংযোজন হইতে পারিবে। আবশ্যক হইলে, তৎপূর্ব্বে পত্রদ্বারা সমুদয় সদস্যের মত গ্রহণ করা হইবে।

২৫। পরিষদের উদ্দেশ্যানুকূল নির্দ্দিষ্ট ও প্রচলিত কার্য্য ব্যতীত অন্য কোন নূতন কার্য্য করিতে হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে বিশেষ বা মাসিক অধিবেশনে সমবেত সদস্যগণের মত গ্রহণ করিতে হইবে।

# বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠাতৃগণ

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্
" এল্ লিওটার্ড *
" নীলরতন মুখোপাধ্যায় বি এ
" গোপালচন্দ্র মুখোপাধ্যায়
রায় মতিলাল হালদার বাহাদুর বি এল্
নরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ
সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি এ
রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই
পণ্ডিত তারাকুমার কবিরত্ন
" দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়
ডাক্তার " সুন্দরীমোহন দাস এম্ বি
" আশুতোষ ঘোষ এল্ এম্ এস্ *
" দেবকিশোর মুখোপাধ্যায় এম্ এ
" ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ
" আশুতোষ বন্দ্যোপাধ্যায়
" বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ
রায় জগচ্চন্দ্র সেন বাহাদুর বি এ
ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় *
রাজেন্দ্রলাল সিংহ *

স্বর্গীয় রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর
" ক্ষেত্রপাল চক্রবর্ত্তী যোগশাস্ত্রী
" ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী রায় বাহাদুর
" সারদাপ্রসাদ দে
" নগেন্দ্রনাথ ঘোষ এফ্ আর এস্ এল্
" মনোমোহন বসু
" সাতকড়ি হালদার বি এল্
" গোসাঁইদাস গুপ্ত
" নন্দকৃষ্ণ বসু এম্ এ, সি এস্
" উমেশচন্দ্র বটব্যাল এম্ এ, সি এস্
" চারুচন্দ্র ঘোষ
" রমেশচন্দ্র দত্ত সি আই ই
" মাধবচন্দ্র চট্টোপাধ্যায়
" রাখালচন্দ্র সেন

এই তালিকা-লিখিত ৩৩ জন সদস্যমধ্যে * চিহ্নিত চারিজন প্রথম বর্ষেই পদত্যাগ করিয়াছিলেন।

# পরিষদের কর্ম্মচারিগণের আদ্যন্ত তালিকা

### সভাপতি

১৩০১-২ স্বর্গীয় রমেশচন্দ্র দত্ত
১৩০২-৩ „ চন্দ্রনাথ বসু
১৩০৪-৬ শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
১৩০৭-৮ „ সত্যেন্দ্রনাথ ঠাকুর
১৩০৯ স্বর্গীয় রমেশচন্দ্র দত্ত
১৩১০-১১ শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর
১৩১২-১৯ „ সারদাচরণ মিত্র

### সহকারী সভাপতি

১৩০১ স্বর্গীয় নবীনচন্দ্র সেন
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
১৩০২ স্বর্গীয় চন্দ্রনাথ বসু
„ নবীনচন্দ্র সেন
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
১৩০৩ স্বর্গীয় নবীনচন্দ্র সেন
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
স্বর্গীয় মনোমোহন বসু
১৩০৪ স্বর্গীয় কালীপ্রসন্ন ঘোষ
শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার
„ হরপ্রসাদ শাস্ত্রী
১৩০৫ স্বর্গীয় কালীপ্রসন্ন ঘোষ
শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার
„ হরপ্রসাদ শাস্ত্রী
১৩০৬ শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
স্বর্গীয় যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ
„ প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়
১৩০৭ স্বর্গীয় কালীপ্রসন্ন ঘোষ
শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
„ জগদীশচন্দ্র বসু
১৩০৮ শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
„ রবীন্দ্রনাথ ঠাকুর
„ প্রফুল্লচন্দ্র রায়
১৩০৯ শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
„ সারদাচরণ মিত্র
„ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
১৩১০ শ্রীযুক্ত সারদাচরণ মিত্র
শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়
„ শিবনাথ শাস্ত্রী
১৩১১ শ্রীযুক্ত সারদাচরণ মিত্র
„ আশুতোষ মুখোপাধ্যায়
স্বর্গীয় চন্দ্রকান্ত তর্কালঙ্কার
১৩১২ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
স্বর্গীয় চন্দ্রকান্ত তর্কালঙ্কার
শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়
১৩১৩ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
স্বর্গীয় ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়
১৩১৪-১৫ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
„ আশুতোষ মুখোপাধ্যায়
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১৩১৬ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর
„ প্রফুল্লচন্দ্র রায়
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১৩১৭ মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
„ প্রফুল্লচন্দ্র রায়
১৩১৮ মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
„ হরপ্রসাদ শাস্ত্রী
১৩১৯ মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী
„ হরপ্রসাদ শাস্ত্রী
„ আশুতোষ চৌধুরী
„ কুমার শরৎকুমার রায়

### সম্পাদক

১৩০১ শ্রীযুক্ত এল্ লিওটার্ড ও
" দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়
" রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও
" দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়
১৩০২ শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়
১৩০২-৩ শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
১৩০৪-৫ " হীরেন্দ্রনাথ দত্ত
১৩০৬-১০ " রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১৩১১-১৮ " রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
১৩১৯ " রায় যতীন্দ্রনাথ চৌধুরী

### সহকারী সম্পাদক

১৩০২ শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার
" চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
" কুঞ্জবিহারী বসু
১৩০৩ স্বর্গীয় মহেন্দ্রনাথ বিদ্যানিধি
১৩০৪ শ্রীযুক্ত কুঞ্জবিহারী বসু
স্বর্গীয় চারুচন্দ্র ঘোষ
১৩০৫ শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
" প্রতুলচন্দ্র বসু
১৩০৬ শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
" ব্যোমকেশ মুস্তফী
১৩০৭ শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
" ব্যোমকেশ মুস্তফী
১৩০৮ শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
" ব্যোমকেশ মুস্তফী
১৩০৯ শ্রীযুক্ত মন্মথমোহন বসু
" ব্যোমকেশ মুস্তফী
১৩১০ শ্রীযুক্ত মন্মথমোহন বসু
" ব্যোমকেশ মুস্তফী
১৩১১ শ্রীযুক্ত মন্মথমোহন বসু
" ব্যোমকেশ মুস্তফী
" নিত্যগোপাল বসু (শ্রাবণ পর্য্যন্ত)
১৩১২ শ্রীযুক্ত মন্মথমোহন বসু
" ব্যোমকেশ মুস্তফী
" কিশোরীমোহন সিংহ
১৩১৩ শ্রীযুক্ত মন্মথমোহন বসু
" ব্যোমকেশ মুস্তফী
১৩১৪ শ্রীযুক্ত মন্মথমোহন বসু
" ব্যোমকেশ মুস্তফী
" হেমচন্দ্র দাশ গুপ্ত
১৩১৫-১৬ শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী
" হেমচন্দ্র দাশ গুপ্ত
" রাখালদাস বন্দ্যোপাধ্যায়
১৩১৭ শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী
" হেমচন্দ্র দাশ গুপ্ত
" রাখালদাস বন্দ্যোপাধ্যায়
" তারাপ্রসন্ন গুপ্ত
১৩১৮ শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী
" হেমচন্দ্র দাশ গুপ্ত
" রাখালদাস বন্দ্যোপাধ্যায়
" তারাপ্রসন্ন গুপ্ত
" বিনয়কুমার সরকার
১৩১৯ শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী
" হেমচন্দ্র দাশ গুপ্ত
" রাখালদাস বন্দ্যোপাধ্যায়
" খগেন্দ্রনাথ মিত্র
" দুর্গানারায়ণ সেন শাস্ত্রী

### পত্রিকাধ্যক্ষ

১৩০১-৩ স্বর্গীয় রজনীকান্ত গুপ্ত
১৩০৩-৫ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু
১৩০৬-১০ শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
১৩১১-১৮ „ নগেন্দ্রনাথ বসু
১৩১৯ „ সতীশচন্দ্র বিদ্যাভূষণ

### ধনাধ্যক্ষ

মিঃ এল্ লিওটার্ড
১৩০১ শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার
১৩০২-৩ স্বর্গীয় চারুচন্দ্র সরকার
১৩০৪ শ্রীযুক্ত গোপালচন্দ্র মুখোপাধ্যায়
১৩০৫ স্বর্গীয় চারুচন্দ্র ঘোষ
১৩০৬-১০ শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত
১৩১১-১৩ শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১৩১৪-১৯ „ হীরেন্দ্রনাথ দত্ত

### গ্রন্থাধ্যক্ষ

১৩০১ শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার
১৩০২ „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
১৩০৩-৬ „ প্রতুলচন্দ্র বসু
১৩০৭-৮ „ কিরণচন্দ্র দত্ত
১৩০৯ শ্রীযুক্ত বাণীনাথ নন্দী
১৩১০-১৩ „ অমূল্যচরণ ঘোষ
১৩১৪ „ বাণীনাথ নন্দী
১৩১৫ „ সত্যভূষণ বন্দ্যোপাধ্যায়
১৩১৬-১৯ „ অসিতকুমার মুখোপাধ্যায়

চিত্রশালাধ্যক্ষ—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু

### ছাত্রাধ্যক্ষ

১৩১২ শ্রীযুক্ত মন্মথমোহন বসু
১৩১৩ „ নরেশচন্দ্র সেন গুপ্ত
১৩১৪-১৮ শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র
১৩১৯ „ মন্মথমোহন বসু

**ন্যাসরক্ষক**—মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কর্তৃক প্রদত্ত ভূমিদানপত্রে নির্দ্দিষ্ট ১৩০৭ সালে নিযুক্ত ভূমিসম্পত্তির ট্রষ্টি বা ন্যাসরক্ষকগণ—

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় ( দীঘাপতিয়া )
„ রায় প্রমথনাথ চৌধুরী ( সন্তোষ )
„ „ যতীন্দ্রনাথ চৌধুরী ( টাকী )
„ রবীন্দ্রনাথ ঠাকুর ( কলিকাতা )
„ হীরেন্দ্রনাথ দত্ত ( কলিকাতা )

**দলিল-রক্ষক**—( এটর্ণি ) শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত

**চিত্র-পরিদর্শক**—শ্রীযুক্ত শিবব্রত সামকণ্ঠ

| | বর্ষশেষে সদস্যসংখ্যা | বার্ষিক আয় |
|---|---|---|
| ১৩০১ | ১০৩ | ৬৩২৸০ |
| ১৩০২ | ২৪১ | — |
| ১৩০৩ | ৩১৪ | ১৪০১।০ |
| ১৩০৪ | ৩৪২ | ১৩১২॥০ |
| ১৩০৫ | ৩৪৬ | ১৪৫৪৸৵১০ |
| ১৩০৬ | ৩৫২ | ১৫৮৫৸৶০ |
| ১৩০৭ | ৫২৩ | ২৩৭৮৸৵০ |
| ১৩০৮ | ৫৯৮ | ২৯০৯৵০ |
| ১৩০৯ | ৬৩৫ | ২৫৯৯৶০ |
| ১৩১০ | ৬৭০ | ৩০৪৭॥০ |
| ১৩১১ | ৭১০ | ৩৭০৫৵০ |
| ১৩১২ | ৭৬৪ | ৩২৪৮।৵০ |
| ১৩১৩ | ৭৮২ | ৩৭২৩৸৵০ |
| ১৩১৪ | ৮০৭ | ৪৪৪১।০ |
| ১৩১৫ | ১০০২ | ৪৩৭৫৶০ |
| ১৩১৬ | ১২৫৮ | ৬০৯১।০ |
| ১৩১৭ | ১৫২২ | ৭০৮৫॥১০ |
| ১৩১৮ | ১৮১৬ | ৮২৯৪॥৶০ |
| ১৩১৯ | ১৯০৬ | ১১৩৫৪৵০ |

এই হিসাবে কেবল মাসিক চাঁদা, প্রবেশিকা ও পুস্তক বিক্রয়ের আয় ধরা হইয়াছে। বিশেষ কারণে প্রাপ্ত দানাদি বা অন্যবিধ আয় ধরা হয় নাই।

**স্থায়ী ভাণ্ডারে দান**

| | |
|---|---|
| কুচবিহারাধিপতি স্বর্গীয় মহারাজ নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর,* (আজীবন সদস্যপদ গ্রহণ-কালে দান) | ৫০০৲ |
| রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর | ১২৫০০৲ |
| রাজা শ্রীযুক্ত সতীপ্রসাদ গর্গ বাহাদুর (ক) | ৫০০০৲ |
| রাজা " নরেন্দ্রলাল খাঁ বাহাদুর | ৫০০০৲ |
| " হীরেন্দ্রনাথ দত্ত ও বন্ধুবর্গ | ৫০০০৲ |
| মহারাজ " মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর | ২০০০৲ |
| ডাক্তার " রাসবিহারী ঘোষ * | ২০০০৲ |
| কুমার " শরৎকুমার রায় * | ১০০০৲ |
| রাজা " গোপাললাল রায় | ১০০০৲ |
| ডাক্তার " চন্দ্রশেখর কালী | ৫০০৲ |
| | ৩৪৫০০৲ |

| | |
|---|---:|
| জের—— | ৩৪৫০০৲ |
| মহামহোপাধ্যায় কবিরাজ ৺ বিজয়রত্ন সেন (খ) | ৫০০৲ |
| কুমার শ্রীযুক্ত মন্মথনাথ মিত্র * | ৫০০৲ |
| ৺ রায় বিপিনবিহারী মিত্র | ৫০০৲ |
| ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় (গ) | ২৫০৲ |
| রায় " রাধাবল্লভ চৌধুরী বাহাদুর | ২০০৲ |
| মিঃ এন্ সি সরকার | ২০০৲ |
| সি, কে, সেন এণ্ড কোং * | ১৫০৲ |
| শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় (ঘ) | ১০০৲ |
| " মন্মথমোহন বসু | ১০০৲ |
| | ৩৭০০০৲ |

* চিহ্নিত ব্যক্তিগণের দান পাওয়া গিয়াছে।

(ক) ১০০০৲ পাওয়া গিয়াছে, (খ) ১২৫৲ পাওয়া গিয়াছে, (গ) ১০০৲ পাওয়া গিয়াছে এবং (ঘ) ৫০৲ পাওয়া গিয়াছে।

# সাহিত্য-পরিষদ্-গ্রন্থাবলী

১। কৃত্তিবাসী রামায়ণ—সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্ত-রত্ন এম্‌এ, বিএল্‌। বহুদিনের প্রাচীন হস্তলিখিত পুঁথি ব্যতীত মূল কৃত্তিবাসী রামায়ণের পাঠোদ্ধারের সম্ভাবনা নাই। তিন চারিশত বৎসরের পুঁথি এ পর্য্যন্ত সংগ্রহ করিতে না পারায়, অযোধ্যাকাণ্ড ও উত্তরকাণ্ড ব্যতীত অন্যান্য কাণ্ডের প্রকাশ এ পর্য্যন্ত ঘটিয়া উঠে নাই। লঙ্কাকাণ্ডের অনুলিপি প্রস্তুত হইয়াছে। আশা করা যায়, মফস্বলবাসী সদস্যগণ প্রাচীন গ্রন্থের অনুসন্ধান পাইলে অনুগ্রহপূর্ব্বক পরিষৎ-কার্য্যালয়ে তাহা প্রেরণ করিবেন।

(ক) অযোধ্যাকাণ্ড—ভূমিকা ও দুরূহ শব্দের অর্থসংবলিত, ৪৯ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য ।০ চারি আনা।

(খ) উত্তরকাণ্ড—ভূমিকা ও দুরূহ শব্দের অর্থসংবলিত, ২৯৮ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য ১৲ এক টাকা। পরিষদের সদস্যগণের পক্ষে উভয় খণ্ড একত্রে ১৲।

২। পীতাম্বর দাসের রসমঞ্জরী—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যা-মহার্ণব। এই রসমঞ্জরীতে নায়ক-নায়িকার প্রীতিবর্ণনচ্ছলে রাগানুগা ভক্তির উপদেশ দেওয়া হইয়াছে এবং প্রাচীন গ্রন্থ হইতে প্রাচীন পদকর্ত্তাদের পদ উদ্ধৃত করিয়া বিবিধ রসের উদাহরণ দেওয়া হইয়াছে। পীতাম্বর দাস অতি প্রাচীন গ্রন্থকার। মূল্য ।৵০ আনা; পরিষদের সদস্য-গণের পক্ষে চারি আনা মাত্র।

৩। বিজয় পণ্ডিতের মহাভারত—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু। অল্প দিন পূর্ব্বে কাশীদাসী মহাভারতই বাঙ্গালায় পরিচিত ছিল। প্রধানতঃ সাহিত্য-পরিষদের যত্নে এ পর্য্যন্ত বহুসংখ্যক বাঙ্গালী মহাভারতকারের অস্তিত্ব আবিষ্কৃত হইয়াছে। তন্মধ্যে অনেকেই কাশীদাস অপেক্ষা প্রাচীন। বিজয় পণ্ডিতের রচিত মহাভারত তন্মধ্যে আবার সর্ব্বাপেক্ষা প্রাচীন। প্রাচীন-বাঙ্গালা-সাহিত্যের অনুরাগী মাত্রেরই এই অতি প্রাচীন গ্রন্থ পাঠ করা উচিত। এই বৃহৎ গ্রন্থ দুই খণ্ডে ৬৭৫ পৃষ্ঠায় সম্পূর্ণ। সম্পাদক বিশেষ পরিশ্রম করিয়া প্রাচীন মহাভারতগুলির পরিচয়সহ অতি মূল্যবান্ দীর্ঘ ভূমিকা লিখিয়াছেন। ঐ ভূমিকা পাঠ করিলে বঙ্গদেশে মহাভারতের কিরূপ আদর ছিল, বুঝা যাইবে। মূল্য ১॥০ দেড় টাকা; সদস্যগণের পক্ষে ৸০ বার আনা।

৪। ছুটিখানের মহাভারত—এই বিখ্যাত মহাভারত চট্টগ্রামের প্রাচীন মুসলমান শাসনকর্ত্তা পরাগল খানের পুত্র ছুটিখানের আদেশে কবি শ্রীকর নন্দী কর্ত্তৃক বিরচিত হইয়াছিল। সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ কাব্যতীর্থ এবং শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ। পত্রাঙ্ক ১৪০; মূল্য ১৲ এক টাকা, সদস্যগণের পক্ষে ॥০।

৫। **বনমালী দাসের জয়দেব-চরিত্র**—বাঙ্গালা পদ্যে জয়দেবের জীবন-চরিত সম্বন্ধীয় প্রাচীন গ্রন্থ। পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামি-সম্পাদিত ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রি-লিখিত ভূমিকা সমেত। পত্রাঙ্ক ৩৪, মূল্য ।০ চারি আনা, সদস্যপক্ষে ৵০ দুই আনা।

৬। **বাসুদেব ঘোষের পদাবলী**—সম্পাদক শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ—প্রায় সম্পূর্ণ। পত্রাঙ্ক ২৪, মূল্য ৶০ তিন আনা, সদস্যপক্ষে ⁄১০।

৭। **জয়ানন্দের চৈতন্যমঙ্গল**—চৈতন্যদেবের এই জীবন-চরিতে অনেক নূতন ঐতিহাসিক তথ্য পাওয়া যায়। চৈতন্যদেবের তিরোভাবের বিশেষ বিবরণ অন্য কোথাও পাওয়া যায় না। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও ৺কালিদাস নাথ। পত্রসংখ্যা ১৫৫; মূল্য ৸০ বার আনা, সদস্যপক্ষে ।৵০।

৮। **মাণিক গাঙ্গুলির ধর্ম্মমঙ্গল**—ধর্ম্মপূজা সম্বন্ধে অতি প্রাচীন গ্রন্থ। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী বঙ্গদেশে ধর্ম্মপূজার ইতিহাস সঙ্কলন করিয়া ও তাহার সহিত বৌদ্ধধর্ম্মের সম্পর্ক আবিষ্কার করিয়া যশস্বী হইয়াছেন। তিনি স্বয়ং এই গ্রন্থের সম্পাদকতার ভার গ্রহণ করিয়াছিলেন। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন "ভারতী" পত্রিকায় পরিষৎ-প্রকাশিত এই গ্রন্থের পরিচয় প্রদান করিয়াছেন। পত্রাঙ্ক ২১৭, রয়াল ফর্ম্মা; মূল্য ১৷৷০ দেড় টাকা মাত্র, সদস্যপক্ষে ৸০।

৯। **ভাগবতাচার্য্যের কৃষ্ণপ্রেমতরঙ্গিণী**—ভাগবত অবলম্বনে কৃষ্ণলীলাবিষয়ক বৃহৎ কাব্য—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু। পত্রসংখ্যা ৪১৯; মূল্য ২৲ দুই টাকা, সদস্যপক্ষে ১৲।

১০। **গৌরপদতরঙ্গিণী**—সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত জগদ্বন্ধু ভদ্র। এই প্রকাণ্ড গ্রন্থে শ্রীচৈতন্যসম্বন্ধে প্রায় দেড় হাজার প্রাচীন পদ সঙ্কলিত হইয়াছে। এই সকল পদ বঙ্গের বিখ্যাত পদকর্ত্তাদের রচিত। অনেক পদ নূতন সন্নিবেশিত হইয়াছে। এই পুস্তকের ১৯০ পৃষ্ঠাব্যাপী বৃহৎ ভূমিকায় ঐ সকল পদকর্ত্তাদের পরিচয় প্রদত্ত হইয়াছে। এই ভূমিকায় বৈষ্ণব-সাহিত্যের ধারাবাহিক ইতিহাস পাওয়া যাইবে। পরিশিষ্টে অপ্রচলিত শব্দের অর্থসহ নির্ঘণ্ট আছে। পত্রাঙ্ক ৫৬৮, মূল্য ১৷৷০ দেড় টাকা মাত্র।

১১। **কাশী-পরিক্রমা**—(সচিত্র)। ভূকৈলাসের বিখ্যাত মহারাজ জয়নারায়ণ ঘোষাল-প্রণীত। এই গ্রন্থে কাশীর অন্তর্গত সমুদয় তীর্থের ও দেবস্থানের পরিচয় আছে। তদ্ব্যতীত অষ্টাদশ শতাব্দীতে কাশীধামের ভৌগোলিক ও সামাজিক অবস্থার অতি উৎকৃষ্ট চিত্র এই গ্রন্থে পাওয়া যাইবে। বাঙ্গালা ভাষায় এইরূপ গ্রন্থ আর নাই। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু বিশেষ পরিশ্রম ও অধ্যবসায় সহকারে এই গ্রন্থের টীকা প্রস্তুত করিয়াছেন। লালগোলার বিদ্যোৎসাহী রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের সম্পূর্ণ ব্যয়ে এই গ্রন্থ প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ৩১২; মূল্য ৸০ বার আনা, সদস্যপক্ষে ।৵০।

১২। নরোত্তমের রাধিকার মানভঙ্গ—বৈষ্ণব-সাহিত্যে সুবিখ্যাত নরোত্তম ঠাকুরের এই নবাবিষ্কৃত মধুর কবিতাবলীর আবিষ্কারক চট্টগ্রামনিবাসী মুন্সী আবদুল করিম। তিনিই ইহার সম্পাদন করিয়াছেন ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী ইহার ভূমিকা লিখিয়াছেন। পত্রাঙ্ক ২৬; মূল্য ১০ আনা, সদস্যপক্ষে ১০।

১৩। রামায়ণ-তত্ত্ব—সঙ্কলনকর্ত্তা শ্রীযুক্ত কুমার অনাথকৃষ্ণ দেব বাহাদুর। তিনি প্রচুর পরিশ্রমদ্বারা বাল্মীকি-রচিত মূল রামায়ণের মধ্যে যাহা কিছু জ্ঞাতব্য আছে, তাহার সম্পূর্ণ নির্ঘণ্ট ( complete descriptive index ) প্রস্তুত করিয়াছেন। রামায়ণের নায়ক-নায়িকা, দেব-দেবী, নর-বানর, যক্ষ-রাক্ষস, নদ-নদী, গ্রাম-পর্ব্বত প্রভৃতি যাবতীয় নামের রামায়ণ-বর্ণিত পরিচয়সহ সূচী ইহাতে লিখিত আছে। তদ্ভিন্ন রামায়ণে বর্ণিত রীতি-নীতি, আচার-ব্যবহার, অস্ত্র-শস্ত্র, যাগ-যজ্ঞ, শাস্ত্র-রহস্য প্রভৃতি বিষয়ের বিবরণ এই পুস্তকে সঙ্কলিত হইয়াছে। বস্তুতঃ এই পুস্তক নিকটে থাকিলে, পৌরাণিক তত্ত্বান্বেষীর সমগ্র মূল-রামায়ণপাঠের ফল হইবে এবং রামায়ণের মধ্যে কোথায় কি কথা আছে, এই নির্ঘণ্ট দেখিলেই তাহা পাওয়া যাইবে। এইরূপ গ্রন্থ বাঙ্গালা-সাহিত্যে আর নাই। প্রাচীন ঐতিহাসিক ও পৌরাণিক তত্ত্বান্বেষীর পক্ষে এই গ্রন্থ মহামূল্য। মূল্য প্রথম ভাগ ৸০ আনা, দ্বিতীয় ভাগ ৸০ আনা; সদস্যগণের পক্ষে দুই ভাগ একত্রে ৸০ বার আনা, দুই ভাগের পত্রাঙ্ক ২৪২।

১৪। কৃষ্ণরাম দত্তের রাধিকামঙ্গল—রাধাকৃষ্ণের লীলাবিষয়ক কাব্য। সম্পাদক চট্টগ্রামনিবাসী শ্রীযুক্ত রাজচন্দ্র দত্ত। পত্রাঙ্ক ৩১; মূল্য।০ চারি আনা, সদস্যপক্ষে ৶০।

১৫। বৌদ্ধধর্ম্ম—পরিষদের ভূতপূর্ব্ব সভাপতি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর-রচিত গবেষণাপূর্ণ প্রবন্ধ। পত্রাঙ্ক ৩০, মূল্য ৶০ দুই আনা, সদস্য পক্ষে ১০।

১৬। গীতায় ঈশ্বরবাদ—সমুদয় দর্শনের সারসংগ্রহ সমেত গীতার ঈশ্বরতত্ত্ব—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্-প্রণীত। পত্রাঙ্ক ৩৫২; মূল্য ১৲ এক টাকা, কাপড়ে বাঁধা ১।০ পাঁচ সিকা।

১৭। নরহরি চক্রবর্ত্তীর ব্রজপরিক্রমা—( চিত্রসহিত )। ইহাতে মথুরা-মণ্ডলের ভৌগোলিক সম্পূর্ণ বিবরণ-সহ বৃন্দাবন-রহস্য লিপিবদ্ধ হইয়াছে। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু বহু পরিশ্রমে বহুমূল্য ভূমিকা, নির্ঘণ্ট ও টীকা সংযোগ করিয়াছেন। এই গ্রন্থরত্নও লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের অর্থসাহায্যে প্রকাশিত। পত্রাঙ্ক ৪২২, মূল্য ১৲ এক টাকা, সদস্যপক্ষে ॥০।

১৮। শঙ্কর ও শাক্যমুনি—বিখ্যাত বেদান্তবিৎ স্বর্গীয় পণ্ডিত কালীবর বেদান্ত-বাগীশ মহাশয়ের লিখিত প্রবন্ধ। পত্রাঙ্ক ২৫, মূল্য ৶০ দুই আনা, সদস্যপক্ষে ১০।

১৯। নব্য-রসায়নী বিদ্যা ও তাহার উৎপত্তি—( সচিত্র )। জগদ্বিখ্যাত বৈজ্ঞানিক, অধ্যাপক শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ডি এস্ সি, পি এচ্ ডি-প্রণীত। পত্রাঙ্ক ৭৯, মূল্য ॥৶০ দশ আনা।

২০। **রামরাম বসুর প্রতাপাদিত্য-চরিত**—টীকা ও ভূমিকা সহিত। সম্পাদক ঐতিহাসিক শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল্। এই সঙ্গে ৺হরিশ্চন্দ্র তর্কালঙ্কারের রচিত "প্রতাপাদিত্য-চরিত"ও ছাপা হইয়াছে এবং প্রতাপাদিত্য-সম্বন্ধে ঘটক-কারিকা, ছড়া, বিদেশীয় ভ্রমণকারীদের উক্তি প্রভৃতি উদ্ধৃত হইয়াছে। পত্রাঙ্ক ৫১৭, মূল্য ২॥০ আড়াই টাকা।

২১। **শূন্য-পুরাণ**—রামাই পণ্ডিত-প্রণীত ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু কর্তৃক সম্পাদিত। এই গ্রন্থও লালগোলার রাজাবাহাদুরের সাহায্যে প্রকাশিত। এই গ্রন্থখানি বাঙ্গালার প্রচ্ছন্ন বৌদ্ধধর্ম্মের অবশেষ ধর্ম্মপূজার আদিগ্রন্থ। ইহাতে বাঙ্গালা-সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের ভাষার নিদর্শন আছে। লেখক রামাই পণ্ডিত ধর্ম্মপালের সময়ে জীবিত ছিলেন, এইরূপ কিম্বদন্তী আছে। ঘনরাম, মাণিক গাঙ্গুলি, সহদেব চক্রবর্ত্তী প্রভৃতি অন্য সকল ধর্ম্মমঙ্গল-প্রণেতার গ্রন্থ হইতে ইহা অন্যরূপ। ইহাতে হাজার বৎসর পূর্ব্বকার বাঙ্গালা পদ্য ও গদ্যের নমুনা আছে। বৃহৎ ভূমিকা সহিত পুস্তকখানি প্রায় আড়াই শত পৃষ্ঠায় সমাপ্ত; মূল্য ৸০ বার আনা, পরিষদের সদস্যগণের পক্ষে ।৵০ আনা।

২২। **মিলিন্দ পঞ্‌হো ( মিলিন্দ প্রশ্ন )**—এই বিখ্যাত পালিগ্রন্থে প্রাচীন বাক্‌ট্রিয়ার গ্রীক রাজা মিলিন্দের (Menander) সহিত বৌদ্ধ ভিক্ষু নাগসেনের কথোপকথনচ্ছলে বৌদ্ধধর্ম্মের সার-কথা বর্ণিত আছে। শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের ব্যয়ে পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী এই বিখ্যাত গ্রন্থের অনুবাদ প্রকাশ করিয়াছেন। এই বৃহৎ গ্রন্থের মূলসমেত বঙ্গানুবাদের প্রথম ভাগ—প্রথম খণ্ড বাহির হইয়াছে, পত্রাঙ্ক ২৫৯। মূল্য ১॥০ দেড় টাকা।

২৩। **নরহরি চক্রবর্ত্তীর নবদ্বীপ-পরিক্রমা**—শ্রীচৈতন্যের জন্মভূমি ও লীলাস্থানের বিশেষ বিবরণ। এই গ্রন্থে তৎসময়ের বাঙ্গালার অনেক ঐতিহাসিক কথা জানা যাইবে। সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু। প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ৪২৪, মূল্য ৸০ বার আনা, সদস্যপক্ষে ।৵০।

২৪। **বিদ্যাপতির পদাবলী**—সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত। এই গ্রন্থ শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহোদয়ের ব্যয়ে ও নগেন্দ্র বাবুর সম্পাদকতায় পরিষৎ কর্তৃক প্রকাশিত হইয়াছে। ইহার ৬০ পৃষ্ঠাব্যাপী মুখবন্ধে কবির জীবনী, কালনির্ণয়, পাঠনির্ণয়, পদনির্ব্বাচন, আলোচনা ইত্যাদি বিষয়ের বহু গবেষণার মীমাংসা আছে। এতদ্ভিন্ন রাধাকৃষ্ণ-বিষয়ক ৮৪০টি পদ, হরগৌরী-বিষয়ক ৪৪টি পদ, গঙ্গাবিষয়ক ৩টি পদ, নানাবিষয়ক প্রহেলিকার ২০টি পদ ইহাতে আছে। পত্রাঙ্ক ৫৫২; মূল্য ৫৲ পাঁচ টাকা। পরিষদের সদস্যপক্ষে ৪৲ চারি টাকা।

২৫। **বিক্রমপুরের ইতিহাস**—শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত-প্রণীত। শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ-লিখিত ভূমিকা সমেত। পত্রাঙ্ক ৪৫৫, মূল্য ২॥০ আড়াই টাকা।

২৬। **চাক্‌মাজাতির ইতিহাস**—শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ এম্, আই, আর, এস্-প্রণীত। পার্ব্বত্য চট্টগ্রামে চাক্‌মাজাতির বাস। ইহাদের রীতি-নীতি, আচার-ব্যবহার,

সামাজিক ব্যবস্থা, কৃষি-ব্যবস্থা, বাণিজ্য-ব্যবস্থা, ধর্ম্মের বিষয় এবং যুদ্ধবিগ্রহাদির সবিশেষ বর্ণনা এই গ্রন্থে লিপিবদ্ধ হইয়াছে। পার্ব্বত্য অনার্য্যজাতির সমাজ-তত্ত্ব সম্বন্ধে এইরূপ বিস্তৃত-গ্রন্থ বাঙ্গালা-সাহিত্যে এই নূতন। ইহাতে বাঙ্গালা-সাহিত্যের অভাব আংশিক পূরণ হইয়াছে। পত্রাঙ্ক ৪৩৬, মূল্য ৩৲ তিন টাকা।

২৭। ফরিদপুরের ইতিহাস—শ্রীযুক্ত আনন্দনাথ রায়-প্রণীত। ইহাতে দ্বাদশ ভৌমিকের ইতিহাস এবং বাঙ্গালার ইতিহাসের অনেক নূতন তথ্য সন্নিবিষ্ট আছে। ১ম ভাগ প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ৮৮, মূল্য ৷৷৹ আট আনা।

২৮। শতপথ ব্রাহ্মণ—শুক্লযজুর্ব্বেদের অন্তর্গত এই ব্রাহ্মণ-গ্রন্থ সমুদয় ব্রাহ্মণ-গ্রন্থ-মধ্যে প্রধান। টীকাসমেত বঙ্গানুবাদ খণ্ডশঃ প্রকাশিত হইতেছে। অনুবাদক—পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী। দীঘাপাতিয়ার বিদ্যোৎসাহী কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ মহাশয় "ভারত-শাস্ত্র-পিটক" নাম দিয়া ভারতবর্ষের শাস্ত্র-গ্রন্থাবলী প্রকাশ করিতে সঙ্কল্প করিয়াছেন এবং তাঁহারই অনুগ্রহে তাঁহার এই শুভ-সঙ্কল্প বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মধ্য দিয়াই সুসম্পন্ন হইবে। "শতপথ ব্রাহ্মণ" এই পিটকের অন্তর্গত। বৈদিক ব্রাহ্মণ-গ্রন্থের মধ্যে "শতপথ ব্রাহ্মণ" বৃহত্তম গ্রন্থ। বহু পুরাণের—বহু উপাখ্যানের মূল এই গ্রন্থে আছে। ইহার প্রথম খণ্ডের নাম হবির্যজ্ঞকাণ্ড। ইহাতেই দর্শপূর্ণমাস যজ্ঞের বিবরণ আছে। বাঙ্গালায় বৈদিক গ্রন্থ এমন সুন্দররূপে সম্পাদনের চেষ্টা আর হয় নাই। প্রথম খণ্ডের পত্রাঙ্ক ২৮৭, মূল্য ৩৲ তিন টাকা, সদস্যগণের পক্ষে ১৷৷৹। এই পুস্তকের দ্বিতীয় খণ্ডও প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ২৪১, মূল্য ২৷৷৹ আড়াই টাকা, সদস্যগণের পক্ষে ১।৹।

২৯। পরলোকগত চন্দ্রনাথ বসু ( সচিত্র )—শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ-প্রণীত। ৺ চন্দ্রনাথ বসু মহাশয়ের পরলোক-গমনে শোক-প্রকাশার্থ আহূত বিশেষ অধিবেশনে গ্রন্থকারকর্ত্তৃক পঠিত প্রবন্ধ। পত্রাঙ্ক ৩০, মূল্য ।৹ চারি আনা, সদস্যগণের পক্ষে ৵৹।

৩০। পরলোকগত কালীপ্রসন্ন বিদ্যাসাগর ( সচিত্র )—শ্রীযুক্ত চন্দ্রশেখর কর বিদ্যাবিনোদ বি এ-প্রণীত। কালীপ্রসন্ন বিদ্যাসাগর মহাশয়ের পরলোক-গমনে শোক-প্রকাশার্থ আহূত বিশেষ অধিবেশনে গ্রন্থকার কর্ত্তৃক পঠিত প্রবন্ধ। পত্রাঙ্ক ১৮, মূল্য ।৹ চারি আনা, সদস্যপক্ষে ৵৹।

৩১। বিষ্ণু-মূর্ত্তি-পরিচয় ( সচিত্র )—শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ বিদ্যা-বিনোদ-প্রণীত। পরিষদের পরমহিতৈষী কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়ের সম্পূর্ণ ব্যয়ে মুদ্রিত। প্রত্নতত্ত্ব ও পৌরাণিক কথার গবেষণাপূর্ণ উপাদেয় প্রবন্ধ। পত্রাঙ্ক ৪৮, মূল্য ।৵৹ ছয় আনা, সদস্যপক্ষে ।৹।

৩২। মায়াপুরী—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ-প্রণীত। ১৩১৬ বঙ্গাব্দে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ বিজ্ঞান-বিষয়ে ধারাবাহিক বক্তৃতার ব্যবস্থা করিয়া বহুবিধ বিজ্ঞানের

স্থূল স্থূল কথাগুলিকে সাধারণের গ্রহণীয় করিবার উপায় করিয়াছেন। সেই বক্তৃতামালা আরম্ভের পূর্ব্বে প্রস্তাবনা-স্বরূপ রামেন্দ্রবাবু যে প্রবন্ধ পাঠ করেন, সেই প্রবন্ধই "মায়াপুরী" নামে পরিষৎ-গ্রন্থাবলীতে প্রকাশিত হইল। পত্রাঙ্ক ৩৯, মূল্য ।০ চারি আনা, সদস্যপক্ষে ৵০।

৩৩। **প্রাচীন গ্রীসের জাতীয় শিক্ষা**—কলিকাতা বেঙ্গল ন্যাশান্যাল কলেজের অধ্যাপক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ-প্রণীত। এই গ্রন্থ তাঁহার শিক্ষাবিজ্ঞানের অন্তর্গত ঐতিহাসিক বিভাগের প্রথম খণ্ড। কলিকাতা-বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজসমূহের ইন্‌স্পেক্টর, অধ্যাপক শ্রীযুক্ত বিনয়েন্দ্রনাথ সেন এম্ এ কর্ত্তৃক লিখিত ভূমিকা সমেত। পরিষৎ প্রথম সংস্করণের স্বত্বাধিকারী। পত্রাঙ্ক ১৮৪, মূল্য ১৲ এক টাকা, সদস্যপক্ষে ॥০।

৩৪। **ঋগ্বেদান্তর্গত ঐতরেয় ব্রাহ্মণ**—এই বেদ-গ্রন্থ কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ মহাশয়ের ব্যয়ে প্রচুর টীকাদির সহিত বাঙ্গালায় অনূদিত ও প্রকাশিত হইয়াছে। ইহা পূর্ব্বোল্লিখিত ভারত-শাস্ত্র-পিটকের অন্তর্গত দ্বিতীয় গ্রন্থ। অনুবাদক—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ। পত্রাঙ্ক ৭৫৪, মূল্য ৫৲ পাঁচ টাকা।

৩৫। **কবি হেমচন্দ্র (সচিত্র)**—বঙ্গের সুবিখ্যাত লেখক শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় কৃত কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কাব্যের সমালোচনা। প্রবীণ ও প্রাচীন সমালোচকের এই নূতন গ্রন্থ বাঙ্গালা-সাহিত্যে পরম আগ্রহে গৃহীত হইয়াছে। পত্রাঙ্ক ৮৩, কাপড়ের মলাটে বাঁধাই, মূল্য ॥৵০ দশ আনা।

৩৬। **রামানুজাচার্য্যের শ্রীভাষ্য**—ব্রহ্মসূত্রের এই বিখ্যাত ভাষ্যখানি অতি বিপুল গ্রন্থ। লালগোলার বিদ্যোৎসাহী রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের ব্যয়ে ইহারও মূল, টীকা ও বঙ্গানুবাদ প্রচারিত হইতেছে। এই গ্রন্থের **১ম খণ্ড** প্রকাশিত হইয়াছে। অনুবাদক—পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ। পত্রাঙ্ক ৩৩৬, মূল্য গ্রাহকগণের পক্ষে ২৲ দুই টাকা ও সাধারণের পক্ষে ২৸০ দুই টাকা বার আনা। **দ্বিতীয় খণ্ডও** প্রকাশিত হইয়াছে, পত্রাঙ্ক ৩৩৭—৭০৮। মূল্য গ্রাহকগণের পক্ষে ২৷৵০ ও সাধারণের পক্ষে ৩৷৵০। এই খণ্ডে চারিপাদ প্রথম অধ্যায় সম্পূর্ণ হইয়াছে। ইহাতে সবিবরণ সূত্রসূচী দেওয়া হইয়াছে।

৩৭। **বোধিসত্ত্বাবদান-কল্পলতা**—মহাকবি ক্ষেমেন্দ্র-প্রণীত সংস্কৃতভাষার এই কাব্য গ্রন্থখানি এতদিন ভারতবর্ষে দুষ্প্রাপ্য ছিল। ইহাতে ভগবান্ বুদ্ধদেবের বহু অতীত জন্মের বহু অবদান অর্থাৎ উপাখ্যান সঙ্কলিত আছে। তিব্বতের দলই লামার বাড়ীতে কাষ্ঠের পাটায় খোদিত ইহার যে প্রতিলিপি আছে, রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই তাহা হইতে এক প্রস্থ মুদ্রিত লিপি ভারতবর্ষে লইয়া আসেন। বঙ্গের এসিয়াটিক সোসাইটি তাহা মুদ্রিত করিতেছেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ উহার বঙ্গানুবাদ প্রকাশে প্রস্তুত হওয়ায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর উহার অনুবাদের ভার গ্রহণ করিয়াছেন। ২৫ পল্লবে প্রথম ভাগ প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ২৯১, মূল্য পরিষদের সদস্যগণের পক্ষে ৸০ বার আনা, সাধারণের পক্ষে ১॥০ দেড় টাকা।

৩৮। বাঙ্গালা-ভাষা (প্রথম ভাগ)—কটকের রাভেন্সা কলেজের অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম্ এ মহাশয় বিপুল পরিশ্রম সহকারে ইহা সম্পাদন করিয়াছেন। প্রথম ভাগ তিন অধ্যায়ে সমাপ্ত।

১ম অধ্যায়—রাঢ়ের ভাষা —পত্রাঙ্ক ৩৩, সাধারণের পক্ষে মূল্য ৷৷৹ বার আনা, সদস্যপক্ষে ।৵০।

২য় অধ্যায়—শব্দশিক্ষা—পত্রাঙ্ক ৭৩, সাধারণের পক্ষে মূল্য ৷৷৹ বার আনা, সদস্যপক্ষে ।৵০।

৩য় অধ্যায় —ব্যাকরণ — " ২২৬, সাধারণের পক্ষে মূল্য ১।০ পাঁচ সিকা, সদস্যপক্ষে ॥৵০।

বাঙ্গালা-ভাষা (দ্বিতীয় ভাগ) শব্দকোষ—ইহার প্রথম খণ্ডে ক-বর্গ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ১৬৪। পরিষদের আজন্ম-সংকল্পিত বাঙ্গালা-অভিধান-সঙ্কলনের যে প্রস্তাব আছে, এই গ্রন্থখানি প্রকাশ করিতে আরম্ভ করিয়া পরিষৎ তাহার আংশিক কার্য্য সমাধা করিতেছেন। সঙ্কলয়িতা ইহাতে নানা জ্ঞাতব্য বিষয়ের সংযোগ করিয়াছেন। ইহাতে শব্দের ব্যুৎপত্তি ও প্রয়োগ দেওয়া হইতেছে। সাধারণের পক্ষে ইহার মূল্য ১॥০ ও পরিষদের সদস্যগণের পক্ষে ইহার মূল্য ১৲ এক টাকা মাত্র।

৩৯। মহিলা-ব্রতকথা—শ্রীমতী কিরণবালা দাসী কর্ত্তৃক সংকলিত ও শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদি-লিখিত ভূমিকা সহিত প্রকাশিত হইয়াছে। ইহাতে এগারটি ব্রতের কথা আছে। রাঢ়-মহিলারা যে পারিবারিক ভাষায় এই সকল ব্রতকথা আবৃত্তি করিয়া বধূ, কন্যা, নাতিনীগণের সহিত ব্রতাচরণ করেন, অবিকল সেই ভাষায় এই গ্রন্থখানি লিখিত; সুতরাং ব্রতোপাখ্যান ব্যতীত ভাষাতত্ত্বের দিক্ হইতেও এই গ্রন্থখানি সুধীগণের গবেষণাযোগ্য হইয়াছে। সাধারণতঃ উপন্যাসের ন্যায় এই গ্রন্থখানি সর্ব্বসাধারণের পক্ষে পাঠে মনোরম হইয়াছে। পত্রাঙ্ক ১২৯। মূল্য সাধারণের পক্ষে ।৵০, পরিষদের সদস্যপক্ষে ।০।

৪০। রাসায়নিক-পরিভাষা—ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ডি এস্‌সি ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ-সম্পাদিত। মূল্য সাধারণের পক্ষে ।৵০ আনা, সদস্যপক্ষে ৵০।

৪১। কল্কিপুরাণ—কল্কিপুরাণাবলম্বনে পয়ারাদিচ্ছন্দে ৺রামলোচন দাশগুপ্ত কর্ত্তৃক রচিত প্রাচীন গ্রন্থ। বর্ণনা অতি প্রাঞ্জল। দিনাজপুরের মহারাজ শ্রীযুক্ত গিরিজানাথ রায় বাহাদুরের অর্থানুকূল্যে এবং শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের সম্পাদকতায় প্রকাশিত। মূল্য সদস্যপক্ষে ॥৵০ আনা, সাধারণের পক্ষে ১।০ আনা।

## নিম্নলিখিত গ্রন্থগুলি যন্ত্রস্থ ;—

১। চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্ত্তন—ইহা চণ্ডীদাস-বিরচিত অভিনব গীতিকাব্য। পদসংখ্যা প্রায় ৪০০ শত। ইহার ভাষা কবির প্রচলিত পদাবলীর ভাষা হইতে বিভিন্ন। আদর্শ পুথিখানি বঙ্গভাষার প্রাচীনতম হস্তলিখিত গ্রন্থ। অক্ষরগুলি খৃষ্টীয় ত্রয়োদশ শতাব্দীতে উৎকীর্ণ বিশ্বরূপ সেনের তাম্রশাসনের অক্ষরানুরূপ। শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয়ের চেষ্টায় ও যত্নে এই সুপ্রাচীন লুপ্ত গ্রন্থের উদ্ধারসাধন হইয়াছে এবং তিনিই এই গ্রন্থ-সম্পাদনের ভার লইয়াছেন।

২। চণ্ডীদাসের পদাবলী—ভূতপূর্ব্ব "বীরভূমি"-সম্পাদক শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায় বি এ মহাশয়ের চেষ্টায় চণ্ডীদাসের বহু নূতন পদ আবিষ্কৃত হইয়াছে এবং তাঁহারই সম্পাদকতায় পরিষৎ হইতে চণ্ডীদাসের পদাবলীর একটি বৃহৎ ও সটীক সংস্করণ মুদ্রিত হইতেছে।

৩। মুদ্রিত বাঙ্গালা পুস্তকের তালিকা—বঙ্গদেশে মুদ্রাযন্ত্র স্থাপনাবধি অর্থাৎ ১৭৬৫ খৃঃ হইতে ১৯১১ খৃঃ পর্য্যন্ত যে সকল বাঙ্গালা পুস্তক প্রকাশিত হইয়াছে, তাহার সম্পূর্ণ তালিকা। শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয় ইহা সম্পাদন করিতেছেন। মুদ্রণকার্য্য আরম্ভ হইয়াছে।

৪। বোধিসত্ত্বাবদান-কল্পলতা—২য় ভাগ।

নিম্নলিখিত গ্রন্থগুলি মুদ্রণের ব্যবস্থা হইতেছে,—

১। উৎকীর্ণ-লিপিসঙ্কলন—এ পর্য্যন্ত ভারতবর্ষের যেখানে যত শিলালিপি, তাম্রলিপি, প্রতিমা-গাত্রে খোদিত লিপি এবং অন্যান্য যে কোন খোদিত লিপি প্রকাশিত হইয়াছে, তাহার প্রত্যেকটির সংক্ষিপ্ত বিবরণ, বর্ত্তমান অবস্থিতিস্থান, কোথায় কোন্ কোন্ পুস্তক-পত্রিকায় তাহার উল্লেখ আছে, তাহার কোন্খানি হইতে কি কি ঐতিহাসিক তথ্য আবিষ্কৃত হইয়াছে বা আবিষ্কারে সাহায্য করিয়াছে, তাহার যথাযথ বিবরণ এই পুস্তকে সঙ্কলিত হইতেছে। প্রথম খণ্ডে ৯৯৭ টি উৎকীর্ণ-লিপির বিবরণ সঙ্কলিত হইয়াছে। প্রায় ৬৫ ফর্ম্মায় এই খণ্ড শেষ হইবে। ১৩২০ বঙ্গাব্দে ইহার প্রথমাঙ্ক প্রকাশিত হইবে, স্থির হইয়াছে। পরিষদের অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় ইহার সঙ্কলন ও সম্পাদন-কার্য্যের ভার লইয়াছেন। শীঘ্রই এই গ্রন্থের প্রথম খণ্ডের মুদ্রণ আরম্ভ হইবে।

২। অন্ধকবি ভবানীপ্রসাদ-বিরচিত দুর্গামঙ্গল—সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী। ইহা যন্ত্রস্থ, ১৩২০ বঙ্গাব্দে ইহা প্রকাশিত হইবে।

৩। কাশীরাম দাসের মহাভারত—সম্পাদক মাননীয় বিচারপতি সার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী এম্ এ, ডি এল্, ডি এস্‌সি, পি এচ্ ডি, এফ্ আর এস্ ই। তিনি স্বয়ং ইহার প্রকাশের ব্যয়ভার গ্রহণ করিয়াছেন। মাননীয় শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় মহাশয় বঙ্গসাহিত্যের আলোচনায় প্রবৃত্ত হইয়া পরিষদের জন্য কাশীদাসী মহাভারতের সম্পাদন-ভার স্বীকার করিয়াছেন, এই সংবাদ বহন করিয়া পরিষৎ গর্ব্বিত হইতে পারেন। কাটোয়ার কাশীরাম-স্মৃতি-সমিতির অধ্যক্ষগণ কাশীরাম দাসের মহাভারতের প্রাচীন পুথি সংগ্রহ করিয়া দিবার ভার লইয়াছেন। পুথি হস্তগত হইলেই ইহার কার্য্য আরম্ভ হইবে।

৪। কবিকঙ্কণ-চণ্ডী—এই সুপ্রসিদ্ধ গ্রন্থের বিশুদ্ধ পাঠ ও অপ্রচলিত শব্দের অর্থসহ সম্পূর্ণ নির্ঘণ্ট সহিত নূতন সংস্করণ প্রকাশার্থ দীঘাপতিয়ার রাজবংশধর কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ সম্পূর্ণ ব্যয়ভার গ্রহণ করিয়াছেন এবং বঙ্গ-সাহিত্যের ইতিহাসলেখক

শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন ইহার সম্পাদনভার গ্রহণ করিয়াছেন। কবিকঙ্কণের বংশধরের নিকট দামুন্তা গ্রামে রক্ষিত ও পূজিত কবির স্বহস্তলিখিত মূল পুথি পাওয়া গিয়াছিল; সহসা ঐ পুথি হস্তান্তরিত হওয়ায় পুস্তক-প্রকাশে বিলম্ব ঘটিতেছে।

৫। অশ্বঘোষ-প্রণীত বুদ্ধ-চরিতের বঙ্গানুবাদ—শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের পুত্র শ্রীমান্ রথীন্দ্রনাথ ঠাকুর এই প্রসিদ্ধ পুস্তকের অনুবাদ করিয়াছেন।

৬। সয়রুল মোতাখরীণ—এই সুবিখ্যাত পারসী ইতিহাসখানি অতীব প্রয়োজনীয় গ্রন্থ। মুরশিদাবাদ নশীপুরনিবাসী ৺গৌরসুন্দর মৈত্র মহাশয় এই সুবৃহৎ গ্রন্থের বঙ্গানুবাদ করিয়া রাখিয়া গিয়াছেন। পারস্যভাষায় সুপণ্ডিত অধ্যাপক শ্রীযুক্ত যদুনাথ সরকার এম্ এ মহাশয় এই গ্রন্থের পাণ্ডুলিপি দেখিয়া, ইহা প্রকাশ করিতে পরামর্শ দেন এবং তিনিই এই গ্রন্থ সম্পাদন করিবেন। অনুবাদকের পুত্র শ্রীযুক্ত যোগীন্দ্রপ্রসাদ মৈত্র মহাশয়ের যত্নে ও চেষ্টায় উহা পরিষৎ কর্তৃক প্রকাশিত হইতেছে।

# পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ

। তারকা (*) চিহ্নিত প্রবন্ধগুলি পরিষদের অধিবেশনে পঠিত হইয়াছিল।

## আধুনিক সাহিত্য

## প্রাচীন-সাহিত্য

| | | |
|---|---|---|
| ১ বর্ষ | প্রাচীন-সাহিত্যালোচনা | হীরেন্দ্রনাথ দত্ত |
| | কৃত্তিবাস | হীরেন্দ্রনাথ দত্ত |
| | মুকুন্দরাম ও ভারতচন্দ্র | রমেশচন্দ্র দত্ত |
| ২ বর্ষ | রামমোহনের রামায়ণ | নীলরতন মুখোপাধ্যায় |
| | মহাকবি মুকুন্দরাম কবিকঙ্কণ | মহেন্দ্রনাথ বিদ্যানিধি |
| | জগৎরাম রায়ের রামায়ণ | পাঁচকড়ি ঘোষ |
| | কবিরঞ্জন রামপ্রসাদ সেন * | দীননাথ গঙ্গোপাধ্যায় |
| | প্রাচীন কবিসঙ্গীত | রজনীকান্ত গুপ্ত |
| ৩ বর্ষ | ঈশান নগরের অদ্বৈত প্রকাশ | অচ্যুতচরণ চৌধুরী |
| | কবি উদ্ধবানন্দ * | মহেন্দ্রনাথ বিদ্যানিধি |
| | কবি কৃষ্ণরামদাসের রায়মঙ্গল * | ব্যোমকেশ মুস্তফী |
| | গৌরীমঙ্গল | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | দুর্গাপঞ্চরাত্র | রণীন্দ্র সিংহ দেব |
| | অন্ধকবি ভবানীপ্রসাদ * | রসিকচন্দ্র বসু |
| | বিজয় পণ্ডিতের মহাভারত * | নগেন্দ্রনাথ বসু |
| | বিজয় গুপ্তের মনসার পাঁচালী * | নিবারণচন্দ্র ভট্টাচার্য্য |
| | হরিচরণ দাসের অদ্বৈতমঙ্গল | রসিকচন্দ্র বসু |
| ৪ বর্ষ | কবি উদ্ধবানন্দের রাধিকামঙ্গল ও তাহার সমালোচক | মৃণালকান্তি ঘোষ |
| | কৃত্তিবাস পণ্ডিত * | প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| | কৃত্তিবাস সম্বন্ধে মন্তব্য | নগেন্দ্রনাথ বসু |
| ৪ বর্ষ | কবি জয়ানন্দ ও চৈতন্যমঙ্গল * | নগেন্দ্রনাথ বসু |
| | দুর্গামঙ্গল ও কবি রূপনারায়ণ | রসিকচন্দ্র বসু |
| | নরোত্তম ঠাকুর | অচ্যুতচরণ চৌধুরী |
| | দেহ-কড়চ | ঐ |
| ৪ বর্ষ | ভারতচন্দ্রের আদি বিদ্যাসুন্দর | রসিকচন্দ্র বসু |
| | রামাই পণ্ডিতের ধর্ম্মমঙ্গল * | হরপ্রসাদ শাস্ত্রী |
| | ঐ ধর্ম্মমঙ্গলের পরিশিষ্ট | বিনোদবিহারী কাব্যতীর্থ |
| | লোকনাথ দাসের সীতাচরিত্র | অচ্যুতচরণ চৌধুরী |
| | সহদেব চক্রবর্ত্তীর ধর্ম্মমঙ্গল * | অম্বিকাচরণ গুপ্ত |
| ৫ বর্ষ | চণ্ডীদাসের অপ্রকাশিত পদাবলী | নীলরতন মুখোপাধ্যায় |
| | চণ্ডীদাসের চতুর্দ্দশ পদাবলী ( দুই দফা ) | নগেন্দ্রনাথ বসু |
| | চণ্ডীদাসের পুথি-সম্বন্ধে মন্তব্য | নগেন্দ্রনাথ বসু |
| | কবি জয়ানন্দের আর একটু পরিচয় | নগেন্দ্রনাথ বসু |

| | | |
|---|---|---|
| | দ্বিজ রামচন্দ্রের দুর্গামঙ্গল কাব্য * | শরচ্চন্দ্র শাস্ত্রী |
| | দ্বিজ রামচন্দ্রের প্রকৃত কালনির্ণয় | রমেশচন্দ্র বসু |
| | পাঁচালিকার ঠাকুরদাস * | ব্যোমকেশ মুস্তফী |
| | বৈষ্ণব কবি জগদানন্দ | কালিদাস নাথ |
| | রঘুনাথের অশ্বমেধ-পঞ্চালিকা * | রজনীকান্ত চক্রবর্ত্তী |
| | শীতলামঙ্গল ( দেবকীনন্দন ও নিত্যানন্দকৃত ) * | ব্যোমকেশ মুস্তফী |
| | স্ত্রীকবি মাধবী * | অচ্যুতচরণ চৌধুরী |
| ৬ বর্ষ | কাশীরাম দাসের বংশপরিচয় ও কালনির্ণয় | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | কবিরঞ্জন রামপ্রসাদ সেন * | আনন্দনাথ রায় |
| | গোবিন্দচন্দ্রের গীত * | শিবচন্দ্র শীল |
| | ঠাকুর নরহরি সরকার ও রঘুনন্দন ঠাকুর * | আনন্দনাথ রায় |
| | পীতাম্বর দাসের রসমঞ্জরী | নগেন্দ্রনাথ বসু |
| | ভবানীদাস-বিরচিত রামস্বর্গগীতা | রজনীকান্ত চক্রবর্ত্তী |
| | শূদ্র পণ্ডিত ও কাশীখণ্ড | রসিকচন্দ্র বসু |
| ৭ বর্ষ | রাজকবি জয়নারায়ণ * | ব্যোমকেশ মুস্তফী |
| | বিদ্যাপতি ও তৎসাময়িক বৃত্তান্ত | বিনোদবিহারী কাব্যতীর্থ |
| | চম্পক-কলিকা | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | চম্পককলিকা সম্বন্ধে মন্তব্য | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | কবি লালা জয়নারায়ণ * | আনন্দনাথ রায় |
| | জগন্নাথবিজয় ও কবি মুকুন্দ * | রসিকচন্দ্র বসু |
| | ঐ সম্বন্ধে মতামত | নগেন্দ্রনাথ বসু |
| | কাশীদাসাগ্রজ কৃষ্ণদাস * | রাখালদাস কাব্যতীর্থ |
| ৮ বর্ষ | কাশীরাম দাস | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | অর্জ্জুন-সংবাদ ( মুকুন্দানন্দকৃত ) | রজনীকান্ত চক্রবর্ত্তী |
| ৯ বর্ষ | কবিবল্লভের রসকদম্ব * | তারকেশ্বর ভট্টাচার্য্য |
| ১০ বর্ষ | খনা | যোগেশচন্দ্র রায় |
| ১২ বর্ষ | প্রাচীন মুসলমান কবিগণ | আবদুল করিম |
| | মাণিক গাঙ্গুলি ও ধর্ম্মমঙ্গল * | ব্রজসুন্দর সান্যাল |
| | বৈষ্ণবদাস ও উদ্ধবদাস | ক্ষেত্রগোপাল সেন গুপ্ত |
| | নারায়ণদেবের পাঁচালি | আবদুল করিম |
| ১৩ বর্ষ | অদ্ভুতাচার্য্যের রামায়ণ * | রজনীকান্ত চক্রবর্ত্তী |
| | কবিকঙ্কণ ও তাঁহার চণ্ডীকাব্য | অম্বিকাচরণ গুপ্ত |
| | কবি গঙ্গারাম ও মহারাষ্ট্র পুরাণ | ব্যোমকেশ মুস্তফী |
| | ধর্ম্মমঙ্গল | দীনেশচন্দ্র সেন |

| | | |
|---|---|---|
| | রামাই পণ্ডিত ও ময়নাপুরের যাত্রাসিদ্ধি | বিনোদবিহারী কাব্যতীর্থ |
| | সুকবি বল্লভাদি-রচিত বৃহৎ পদ্মাপুরাণ | দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার |
| ১৪ বর্ষ | কবি জয়কৃষ্ণ দাস | অম্বিকাচরণ গুপ্ত |
| | দশহরার উৎপত্তি | শিবচন্দ্র শীল |
| ১৫ বর্ষ | ধর্ম্মমঙ্গল-প্রণেতা মাণিক গাঙ্গুলি | যোগেশচন্দ্র রায় |
| | প্রাচীন পদাবলীর পাঠভেদ | সতীশচন্দ্র রায় |
| | কবি গঙ্গারাম ও মহারাষ্ট্র পুরাণ ( প্রতিবাদ ) | কেদারনাথ মজুমদার |
| | ব্রহ্মপুত্র উপত্যকায় প্রাচীন কবি | দেবনারায়ণ ঘোষ |
| ১৬ বর্ষ | কালকেতুর চৌতিশা | আবদুল করিম |
| | প্রাচীন পদাবলী ও পদকর্ত্তৃগণ ( ১ম প্রবন্ধ ) | সতীশচন্দ্র রায় |
| | শূন্য-পুরাণ | যোগেশচন্দ্র রায় |
| | শূন্য-পুরাণ সম্বন্ধে মন্তব্য | নগেন্দ্রনাথ বসু |
| ১৮ বর্ষ | প্রাচীন পদাবলী ও পদকর্ত্তৃগণ ( ২য় প্রবন্ধ ) | সতীশচন্দ্র রায় |
| | পাটপর্য্যটন ও শ্রীঅভিরাম ঠাকুরের শাখা-নির্ণয় | অম্বিকাচরণ ব্রহ্মচারী |
| | চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্ত্তন * | বসন্তরঞ্জন রায় |
| ১৯ বর্ষ | দীপিকাছন্দ | পদ্মনাথ ভট্টাচার্য্য |
| | ভক্ত নারায়ণদাস ঠাকুর | উমেশচন্দ্র দে |
| | সত্যপীরের পাঁচালী * | অম্বিকাচরণ ব্রহ্মচারী |
| | কালিদাসের মনসামঙ্গল * | ভোলানাথ ব্রহ্মচারী |

গ্রাম্য-সাহিত্য

| | | |
|---|---|---|
| ১ বর্ষ | ছেলে-ভুলান ছড়া | রবীন্দ্রনাথ ঠাকুর |
| ২ বর্ষ | ছড়া ( সংগ্রহ ) | — |
| | ঐ বাঁকুড়া ও মেদিনীপুর | বসন্তরঞ্জন রায় |
| | ঐ—সাঁওতাল পরগণা | — |
| | ঐ—কলিকাতা ( মেয়েলি ছড়া ) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| ৩ বর্ষ | ছড়া | কুঞ্জলাল রায় |
| ৩ বর্ষ | ছড়া | অম্বিকাচরণ গুপ্ত |
| | রাধিকামঙ্গল ( উদ্ধবানন্দকৃত ) | — |
| ৮ বর্ষ | সত্যনারায়ণ-কথা | ব্যোমকেশ মুস্তফী |
| | রামভদ্রের সত্যদেবসংহিতা | ব্যোমকেশ মুস্তফী |
| | বিশ্বেশ্বরের সত্যনারায়ণ পাঁচালী | ব্রজসুন্দর সান্ন্যাল |
| ৯ বর্ষ | বৃন্দাবনদাসের গোলোকসংহিতা | তারকেশ্বর ভট্টাচার্য্য |

| বর্ষ | বিষয় | লেখক |
|---|---|---|
| | জ্ঞানদাসের নিকুঞ্জসাজান | তারকেশ্বর ভট্টাচার্য্য |
| | মঙ্গলচণ্ডীর পাঁচালি | তারকেশ্বর ভট্টাচার্য্য |
| | চট্টগ্রামী ছেলে-ভুলান ছড়া (১) | আবদুল করিম |
| ৯ বর্ষ | ব্রতবিবরণ | রামপ্রাণ গুপ্ত |
| ১০ বর্ষ | শরৎকালী | ব্রজসুন্দর সান্যাল |
| | চট্টগ্রামী ছেলে-ভুলান ছড়া (২) | আবদুল করিম |
| ১১ বর্ষ | কৃত্তিবাস-প্রণীত রামরাস | নগেন্দ্রনাথ বসু |
| | মাণিক দত্তের মঙ্গলচণ্ডী | রজনীকান্ত চক্রবর্ত্তী |
| | নিরক্ষর কবি ও গ্রাম্যকবিতা | মোক্ষদাচরণ ভট্টাচার্য্য |
| ১২ বর্ষ | ঐ | মোক্ষদাচরণ ভট্টাচার্য্য |
| | ঐ | মোক্ষদাচরণ ভট্টাচার্য্য |
| | চট্টগ্রামী ছেলে-ঠকান ধাঁধা | আবদুল করিম |
| | বিবিধ প্রচলিত প্রাচীনগাথা | — |
| ১৩ বর্ষ | গ্রাম্য-গীত | দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার |
| | সূর্য্যের পাঁচালি | জীবেন্দ্রকুমার দত্ত |
| | চট্টগ্রামী ছেলে-ভুলান ছড়া (৩) | আবদুল করিম |
| | বাঙ্গালীর মেয়ের ব্রতকথা | অক্ষয়চন্দ্র সরকার |
| ১৪ বর্ষ | বরিশালের গ্রাম্যগীতি | রাজেন্দ্রকুমার মজুমদার |
| ১৫ বর্ষ | ময়নামতীর গান * | বিশ্বেশ্বর ভট্টাচার্য্য |
| | কোচবিহারের হেঁয়ালি | প্রভাসচন্দ্র ভট্টাচার্য্য |
| | একখানি প্রাচীন চৌতিশা | জীবেন্দ্রকুমার দত্ত |
| ১৬ বর্ষ | আদ্যের গম্ভীরা | হরিদাস পালিত |
| ১৭ বর্ষ | গৌড়ীয় মঙ্গলচণ্ডী-গীতে-বৌদ্ধভাব * | হরিদাস পালিত |
| | লক্ষ্মীচন্দ্র ব্রত পাঞ্চালি | জীবেন্দ্রকুমার দত্ত |
| | ঐ ভ্রম-সংশোধন | আবদুল করিম |
| ১৮ বর্ষ | ত্রিনাথের উপাখ্যান | চৌধুরী কে বিশ্বরাজ ধন্বন্তরী |
| | শিবের গাজন * | হরিদাস পালিত |
| ১৯ বর্ষ | বাঘাইর বরাত * | যোগেন্দ্রচন্দ্র ভৌমিক |
| | মুরশিদাবাদের প্রচলিত কতিপয় হেঁয়ালী | দেবেন্দ্রনারায়ণ রায় |

**পুস্তক ও পুথির বিবরণ**

| বর্ষ | বিষয় | লেখক |
|---|---|---|
| ১ বর্ষ | মুদ্রিত বাঙ্গালা পুস্তকের তালিকা ( লং সাহেবের সঙ্কলিত ) প্রথম প্রবন্ধ—ব্যাকরণ, কোষগ্রন্থ | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| ২ বর্ষ | দ্বিতীয় প্রবন্ধ ইতিহাস, জীবনচরিত ও ভূগোল | |

| | | | |
|---|---|---|---|
| | মুদ্রিত বাঙ্গালা পুস্তকের তালিকা | | |
| | ( লংসাহেবের সঙ্কলিত ) | | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | তৃতীয় প্রবন্ধ—ধর্ম্মনীতি, নীতিকথা | | |
| | চতুর্থ প্রবন্ধ—কবিতা ও নাটক | | |
| ৩ বর্ষ | বঙ্গীয়-সামরিক-পত্র ( তালিকা ) | | ব্রজবিহারী দাস |
| ৪ বর্ষ | বঙ্গীয়-সংবাদপত্র ( তালিকা ) | | ব্রজবিহারী দাস |
| | বাঙ্গালা পুথির সংক্ষিপ্ত বিবরণ | ( ১—২১৩ ) | নগেন্দ্রনাথ বসু |
| ৫ বর্ষ | বাঙ্গালা পুথির বিবরণ | ( ১—১৩ ) | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | বাঙ্গালা পুথির সংক্ষিপ্ত বিবরণ | ( ১—৩৩ ) | অম্বিকাচরণ গুপ্ত |
| | ঐ | ( ৩৪—৮০ ) | অম্বিকাচরণ গুপ্ত |
| | বঙ্গীয়-সমাচার-পত্রিকা—কালানুসারে ইতিবৃত্ত | | মহেন্দ্রনাথ বিদ্যানিধি |
| | বাঙ্গালার আদি রসায়ন-গ্রন্থ | | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| ৬ বর্ষ | বাঙ্গালা পুথির সংক্ষিপ্ত বিবরণ | (২১৪—৩৫৯ ) | নগেন্দ্রনাথ বসু |
| | ঐ | ( ১—৩৬ ) | মৃণালকান্তি ঘোষ |
| | ঐ | ( ১—১৭ ) | মৃণালকান্তি ঘোষ |
| ৭ বর্ষ | বাঙ্গালা পুথির সংক্ষিপ্ত বিবরণ | ( ১—১২ ) | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | প্রাচীন পুথির বিবরণ | ( ১—১৯ ) | আবদুল করিম |
| | ঐ | ( ২০—৩৩ ) | আবদুল করিম |
| ৮ বর্ষ | প্রাচীন পুঁথির বিবরণ | ( ১—৪৪ ) | তারকেশ্বর ভট্টাচার্য্য |
| | ঐ | ( ১—৯ ) | রাজীবলোচন দাস |
| | ঐ | ( ১—৮ ) | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | ঐ | ( ১—১৮ ) | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | ঐ | ( ১—১৪ ) | শিবচন্দ্র শীল |
| ৯ বর্ষ | ঐ | ( ১—৫ ) | অতুলচন্দ্র চৌধুরী |
| | ঐ | ( ১—৮৭ ) ( অতিরিক্ত সংখ্যা ) | আবদুল করিম |
| ১০ বর্ষ | ঐ | ( ১—৩০ ) | চিত্তসুখ সান্যাল |
| | ঐ | ( ১—১০ ) | ব্রজসুন্দর সান্যাল |
| | ঐ | ( ৮৮—৩০৭ ) | আবদুল করিম |
| ১১ বর্ষ | ঐ | ( ৩০৮—৪৩৩ ) ( অতিরিক্ত ) | আবদুল করিম |
| ১২ বর্ষ | বাঙ্গালা পুথির বিবরণ | ( ১—৮৪ ) | হরগোপাল দাস কুণ্ডু |
| ১৮ বর্ষ | প্রাচীন পুথির বিবরণ | ( ৫০০—৫১৫ ) | আবদুল করিম |
| ১৮ বর্ষ | দুইখানি অসমীয়া পুথি ( কথাভাগবত ও সুকনান্নি ) | | গোপালকৃষ্ণ দে |
| ১৯ বর্ষ | শ্রীহট্ট ও কাছাড় জেলায় প্রাপ্ত কতিপয় পুপ্রাচীনথির বিবরণ | | জগন্নাথ দে |

ভাষাতত্ত্ব

| | | |
|---|---|---|
| ২ বর্ষ | বিদ্যাপতি ( শব্দসংগ্রহ ), প্রথম প্রবন্ধ | অনাথকৃষ্ণ দেব |
| ৩ বর্ষ | ঐ ঐ দ্বিতীয় প্রবন্ধ | অনাথকৃষ্ণ দেব |
| | ঐ ঐ তৃতীয় প্রবন্ধ | অনাথকৃষ্ণ দেব |
| | উড়িয়া ভাষা | মধুসূদন রাও |
| | মহারাষ্ট্র ভাষা | দীননাথ গঙ্গোপাধ্যায় |
| | শব্দ-রহস্য (শব্দে কবিত্ব) | বিশ্বেশ্বর চক্রবর্ত্তী |
| | ভৌগোলিক ও ঐতিহাসিক নামের উচ্চারণ-গত প্রস্তাব | সখারাম গণেশ দেউস্কর |
| ৪ বর্ষ | উপসর্গের অর্থবিচার * | দ্বিজেন্দ্রনাথ ঠাকুর |
| | হরিনামের শব্দতত্ত্ব * | উমেশচন্দ্র বটব্যাল |
| ৫ বর্ষ | উপসর্গের অর্থবিচার ( দ্বিতীয় প্রবন্ধ ) * | দ্বিজেন্দ্রনাথ ঠাকুর |
| | উপসর্গের অর্থবিচার নামক প্রবন্ধের সমালোচনা * | রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী |
| | হরি ও সোম | রসিকলাল ঘোষ |
| ৬ বর্ষ | অলঙ্কার-শাস্ত্র* | শরচ্চন্দ্র শাস্ত্রী |
| | অলঙ্কার-শাস্ত্র প্রবন্ধ | নগেন্দ্রনাথ বসু |
| ৭ বর্ষ | বাঙ্গালা শব্দদ্বৈত | রবীন্দ্রনাথ ঠাকুর |
| | ভাষাতত্ত্ব | ললিতকুমার বন্দ্যোপাধ্যায় |
| | বাঙ্গালা ধ্বন্যাত্মক শব্দ | রবীন্দ্রনাথ ঠাকুর |
| ৮ বর্ষ | বাঙ্গালা ব্যাকরণ * | হরপ্রসাদ শাস্ত্রী |
| | ভাষাতত্ত্ব-সম্বন্ধে আরও কয়েকটি কথা | ললিতকুমার বন্দ্যোপাধ্যায় |
| | বাঙ্গালা-শব্দতত্ত্ব | জ্ঞানেন্দ্রমোহন দাস |
| | শব্দ-সংগ্রহ ( প্রায় ৭০০ ) | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর |
| | বাঙ্গালা কৃৎ ও তদ্ধিত* | রবীন্দ্রনাথ ঠাকুর |
| | বাঙ্গালা কৃৎ ও তদ্ধিত* | ব্যোমকেশ মুস্তফী |
| | বঙ্গভাষায় ব্যবহৃত উর্দ্দু, পারসী ও আরবীশব্দের তালিকা | হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| | বাঙ্গালা ব্যাকরণ | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | ঐ সম্বন্ধে সম্পাদকীয় বক্তব্য | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | বাঙ্গালার সহিত প্রাকৃতের সাদৃশ্য* | কালিদাস নাথ |
| ৯ বর্ষ | শব্দ-সমালোচনা ( ১ ) | মেঘনাথ ভট্টাচার্য্য |
| ৯ বর্ষ | বাঙ্গালা কর্ম্মকারক | ললিতকুমার বন্দ্যোপাধ্যায় |
| | গ্রাম্যশব্দ-সংগ্রহ | সতীশচন্দ্র ঘোষ |
| ১০ বর্ষ | বাঙ্গালা কর্ম্মকারক | শ্রীনিবাস বন্দ্যোপাধ্যায় |
| | শব্দ-সমালোচনা ( ২ ) ( আলোক ) | মেঘনাথ ভট্টাচার্য্য |

| | | |
|---|---|---|
| ১১ বর্ষ | দেশী শব্দ | বিজয়চন্দ্র মজুমদার |
| | পয়ার ছন্দের উৎপত্তি * | রমেশচন্দ্র বসু |
| ১২ বর্ষ | বাঙ্গালা কারক-প্রকরণ | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | না | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | ময়মনসিংহের গ্রাম্য-ভাষা | রাজেন্দ্রকুমার মজুমদার |
| | রঙ্গপুরের দেশীয় ভাষা | সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী |
| | বঙ্গভাষায় প্রচলিত আরবী, পারসী ও ইয়ুরোপীয় শব্দ | নরেশচন্দ্র সিংহ |
| ১৩ বর্ষ | চাক্‌মাদিগের ভাষাতত্ত্ব | সতীশচন্দ্র ঘোষ |
| | বাঙ্গালা নামরহস্য (১) * | ব্যোমকেশ মুস্তফী |
| ১৪ বর্ষ | মালদহের গ্রাম্যশব্দ | রজনীকান্ত চক্রবর্ত্তী |
| | সন্ধি | শ্রীনাথ সেন |
| | ধ্বনি-বিচার | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | গ্রাম্য শব্দকোষ ও পাবনার গ্রাম্য-শব্দাদি সংগ্রহ | রাজকুমার কাব্যভূষণ |
| ১৫ বর্ষ | রাঢ়ের ভাষা ( অতিরিক্ত সংখ্যা ) | যোগেশচন্দ্র রায় |
| | পালি ও বাঙ্গালা | বিজয়চন্দ্র মজুমদার |
| | বাঙ্গালা নামরহস্য ( ২ ) * | ব্যোমকেশ মুস্তফী |
| | যশোহরের গ্রাম্যশব্দ-সংগ্রহ | মোক্ষদাচরণ ভট্টাচার্য্য |
| | বাঙ্গালার উপসর্গ * | ব্যোমকেশ মুস্তফী |
| | সিলেট্‌ নাগরী * | পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ |
| | কোচ ও রাজবংশী-শব্দ-সংগ্রহ | এস্, বসু |
| | মোসলমান নামতত্ত্ব * | পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ |
| ১৬ বর্ষ | ঢাকার গ্রাম্যশব্দ-সংগ্রহ | পরমেশপ্রসন্ন রায় |
| | নদীয়া ও চব্বিশ পরগণা জেলার কতকগুলি গ্রাম্যশব্দ | দেবেন্দ্রনাথ বসু |
| | প্রাকৃত ব্যাকরণ ও অভিধান * | শ্রীনাথ সেন |
| ১৭ বর্ষ | বাঙ্গালা বিশেষণ-রহস্য * | ব্যোমকেশ মুস্তফী |
| | বঙ্গভাষার ক্রিয়াপদ * | খগেন্দ্রনাথ মিত্র |
| | বঙ্গীয় গ্রাম্যভাষাতত্ত্ব | রাজকুমার বেদতীর্থ |
| | বাঙ্গালা ভাষা ( ২ ) ( অতিরিক্ত সংখ্যা ) | যোগেশচন্দ্র রায় |
| | বগুড়া জেলার গ্রাম্যশব্দ | সুরেশচন্দ্র দাস গুপ্ত |
| | অ— | দুর্গানারায়ণ সেন শাস্ত্রী |
| ১৮ বর্ষ | বঙ্গে পর্ত্তুগীজ-প্রভাব ও বঙ্গভাষায় পর্ত্তুগীজ-পদাঙ্ক * | অবিনাশচন্দ্র ঘোষ |
| | ব্যাকরণে সন্ধি * | বিজয়চন্দ্র মজুমদার |
| | মালদহের পল্লীভাষা | হরিদাস পালিত |
| | কামতাবিহারী ভাষা-সম্বন্ধে যৎকিঞ্চিৎ | পূর্ণেন্দুমোহন সেহানবীশ |

| | | |
|---|---|---|
| | কোচবিহারের ভাষা ও সাহিত্য | অম্বিকাচরণ গুপ্ত |
| | বঙ্গভাষার বর্ণযোজনা ও উচ্চারণ | প্রকাশচন্দ্র মুখোপাধ্যায় |
| ১৯ বর্ষ | ভারতবর্ষের বর্ণমালা | বিজয়চন্দ্র মজুমদার |
| | বাঙ্গালা-শব্দ, তথা বানান ও লিখন-সমস্যা | সতীশচন্দ্র ঘোষ |
| | প্রাচীন বাঙ্গালাভাষার দুইটি বিশেষত্ব | বসন্তকুমার চট্টোপাধ্যায় |
| | নদীয়া জেলার গ্রাম্যশব্দ | চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় |
| | ব্রহ্মপুত্রোপত্যকার কথ্য ও লেখ্য শব্দ | দেবনারায়ণ ঘোষ |
| | ময়মনসিংহের অন্তর্গত টাঙ্গাইল অঞ্চলের গ্রাম্যভাষার অভিধান | কৃষ্ণনাথ সেন |

## বৈজ্ঞানিক পরিভাষা

| | | |
|---|---|---|
| ১ বর্ষ | বৈজ্ঞানিক পরিভাষা | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | ঐ | অপূর্ব্বচন্দ্র দত্ত |
| | ঐ বিষয়ে বৈজ্ঞানিক পরিভাষা-লেখকের বক্তব্য | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| ২ বর্ষ | ঐ | মাধবচন্দ্র চট্টোপাধ্যায় |
| | ঐ | অপূর্ব্বচন্দ্র দত্ত |
| | ঐ ( জ্যোতিষ ) | যোগেশচন্দ্র রায় |
| | রাসায়নিক পরিভাষা | রামেন্দ্রসুন্দর ত্রিবেদী |
| | বৈজ্ঞানিক পরিভাষা ( জ্যোতিষ ) | মাধবচন্দ্র চট্টোপাধ্যায় |
| | জ্যোতিষিক পরিভাষা | যোগেশচন্দ্র রায় |
| ৩ বর্ষ | বৈজ্ঞানিক পরিভাষা ( জ্যোতিষ ) | অপূর্ব্বচন্দ্র দত্ত |
| | ভৌগোলিক পরিভাষা | রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী |
| | পরিভাষা ( রসায়ন-শাস্ত্রবিষয়ক ) | কালিদাস মল্লিক |
| | রাসায়নিক পরিভাষা | যোগেশচন্দ্র রায় |
| | ভৌগোলিক পরিভাষা | বলীন্দ্রসিংহ দেব |
| ৪ বর্ষ | ঐ | যোগেশচন্দ্র রায় |
| ৬ বর্ষ | জ্যোতিষিক পরিভাষা | হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
অধিকার থাকিবে, সে সম্বন্ধে বিশেষ কোনও নিয়ম ছিল না। কিন্তু বর্ত্তমান নিয়মানুসারে সহায়ক-সদস্যগণ কেবল বার্ষিক অধিবেশনেই নির্ব্বাচিত হইতে পারিবেন এবং তাঁহারা পাঁচ বৎসরকাল ঐ প্রকার সভ্যপদে প্রতিষ্ঠিত থাকিতে পারিবেন বলিয়া স্থির হইয়াছে। আলোচ্য বর্ষে পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী, শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী, মুন্সী শ্রীযুক্ত আবদুল করিম, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ কাব্যতীর্থ, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী, শ্রীযুক্ত জ্যোতিঃপ্রসাদ সিংহ, শ্রীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী, শ্রীযুক্ত রজনীকান্ত চক্রবর্ত্তী, শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ, শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ ও শ্রীযুক্ত অমৃতগোপাল বসু মহাশয়গণ সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। ইঁহাদের মধ্যে শেষোক্ত তিন জন ব্যতীত আর সকলেই পরিষদের বিশেষ-সভ্য শ্রেণীভুক্ত ছিলেন। নূতন নির্ব্বাচিত সহায়ক-সদস্যগণমধ্যে 'চাক্‌মাজাতির ইতিহাস'-লেখক শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ মহাশয় সাহিত্য-সংসারে বিশেষ পরিচিত। শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ ও শ্রীযুক্ত অমৃতগোপাল বসু মহাশয়দ্বয় সাহিত্য-পরিষদের সর্ব্বপ্রকার অনুষ্ঠানে যোগদান করিয়া অনেকদিন হইতে পরিষৎকে বিশেষভাবে সাহায্য করিয়া আসিতেছেন।

আলোচ্য বর্ষে কলিকাতাবাসী ৭৪১ জন সদস্যমধ্যে ১১ জনের মৃত্যু হইয়াছে, ২২ জন সদস্য-পদ ত্যাগ করিয়াছেন, চাঁদা অনাদায় হেতু ১৬ জনের নাম সদস্য-তালিকা হইতে বাদ দেওয়া হইয়াছে, একজন বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইয়াছেন এবং দুই জন আজীবন-সদস্য হইয়াছেন এবং ৬৬ জন কলিকাতাবাসী পরিষদের নূতন সদস্যপদ গ্রহণ করিয়াছেন। আলোচ্য বর্ষের প্রারম্ভে মফস্বলের সদস্যসংখ্যা ১০৭৫ ছিল, তন্মধ্যে ১২ জনের মৃত্যু হইয়াছে, ৩৭ জন সদস্যপদ ত্যাগ করিয়াছেন, ৩১ জনের নাম চাঁদা অনাদায়হেতু সদস্য-তালিকা হইতে বাদ দেওয়া হইয়াছে, এক জন আজীবন-সদস্য, এক জন বান্ধব ও একজন সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। আলোচ্য বর্ষে ১৩১ জন মফস্বলবাসী পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছেন ও তন্মধ্যে এক জন পদত্যাগ করিয়াছেন। কিন্তু কলিকাতাবাসী পূর্ব্বোক্ত সদস্যমধ্যে ২০ জন মফস্বলে চলিয়া গিয়াছেন এবং মফস্বলবাসী ২৪ জন কলিকাতায় আসিয়াছেন; সুতরাং বর্ষশেষে কলিকাতার সাধারণ-সদস্যসংখ্যা ৭৫৯ ছিল। মফস্বলবাসী সদস্যমধ্যে ২৪ জন কলিকাতায় আসিয়াছেন এবং ২০ জন কলিকাতাবাসী সদস্য মফস্বলে গিয়াছেন; সুতরাং বর্ষশেষে মফস্বলবাসী সাধারণ-সদস্যের সংখ্যা ১১১৮ ছিল এবং কলিকাতা ও মফস্বলবাসী সাধারণ-সদস্যের সংখ্যা ১৮৭৭ হইয়াছিল। এই হিসাবে দেখা যাইতেছে যে, বর্ষশেষে পরিষদের সদস্যসংখ্যা এইরূপ ছিল;—

| | | | |
|---|---|---|---|
| আজীবন | | | ৪ |
| বিশিষ্ট | | | ১২ |
| সহায়ক | | | ১৩ |
| সাধারণ | | | ১৮৭৭ |
| | কলিকাতা | ৭৫৯ | |
| | মফস্বল | ১১১৮ | |
| | | ১৮৭৭ | ১৯০৬ |

উপরে যে সদস্য-তালিকা প্রদত্ত হইল, তাহাতে দেখা যায় যে, আলোচ্য বর্ষে মোটের উপর ৬৪ জন সদস্য বৃদ্ধি হইয়াছে। কিন্তু প্রকৃত প্রস্তাবে আলোচ্য বর্ষে ১৯৭ জন সদস্যপদ নূতন গ্রহণ করেন। গত বৎসর ও তৎপূর্ব্ব বৎসরের তুলনায় নূতন সদস্যের সংখ্যা-বৃদ্ধি সন্তোষজনক নহে। পরিষদের কার্য্যের যেরূপ প্রসার হইতেছে, তাহাতে দেশীয় শিক্ষিত সম্প্রদায়ের সমবেত সাহায্য ব্যতীত সফলতালাভের কোনই আশা নাই। মাতৃপূজার জন্য পরিষৎ প্রত্যেকের নিকট হইতেই দিনান্তে একটি পয়সা ভিক্ষার দাবী করিতে পারেন এবং মাতার কোনই সুসন্তান সেই দাবী উপেক্ষা করিতে পারিবেন না বলিয়া পরিষৎ আশা করেন। সাধারণ শিক্ষিত সম্প্রদায় ব্যতীত এই সদস্য-সংখ্যা-বৃদ্ধি সম্বন্ধে পরিষদের সদস্যগণের নিকট বোধ হয়, পরিষদের একটু আবদার চলিতে পারে। যে সমস্ত কৃতবিদ্য ব্যক্তি সদস্যশ্রেণীভুক্ত হইয়া পরিষদের কার্য্যে সহায়তা করিতেছেন, যদি তাঁহাদের প্রত্যেকে নিজের বন্ধু-বান্ধবের মধ্য হইতে অন্ততঃ এক একজন করিয়া সদস্য সংগ্রহ করিয়া দেন, তাহা হইলে সকলের সমবেত চেষ্টাতে পরিষদের সদস্য-সংখ্যা দ্বিগুণ হইয়া যাইবে। পরিষৎ ভরসা করেন যে, সদস্যগণের নিকট তাঁহার এই সকাতর প্রার্থনা ব্যর্থ হইবে না। পরিষদের বলবৃদ্ধির প্রধান উপায় সদস্যসংখ্যা-বৃদ্ধি। এই বিস্তীর্ণ বঙ্গদেশের নগরে নগরে, পল্লীতে পল্লীতে যেখানে যিনি আছেন, সকলকেই মাতৃভাষা-পূজার একতাসূত্রে পরিষৎ গ্রথিত করিতে চাহেন। সকলে একক্রিয় হইয়া মাতৃভাষার পুষ্টিরূপ এই মহাযজ্ঞে ব্রতী হউন। হিন্দু-মুসলমান সকলে একত্রিত হইয়া মাতৃভাষার চরণে ভক্তি-উপহার উৎসর্গ করুন। ভরসা করি, পরিষদের এই সানুনয় আহ্বান ব্যর্থ হইবে না।

### মৃত সদস্য ও সাহিত্য-সেবিগণ

গত বৎসর বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ১৩ জন সদস্য পরলোকগমন করিয়াছেন। ইঁহাদের মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত এবং ইঁহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গকে পরিষৎ গভীর এবং আন্তরিক সমবেদনা জানাইতেছেন।

(১) ৺অতুলকৃষ্ণ মিত্র—ইনি ১৩১৮ সালে পরিষদের সদস্য-শ্রেণীভুক্ত হন। নাট্য-সাহিত্যে ইনি বিশেষ সুপরিচিত ছিলেন। ইঁহার প্রণীত অনেক নাটক রঙ্গমঞ্চে অভিনীত হইয়া থাকে। নানা কার্য্যে ব্যাপৃত থাকিয়াও ইনি মাঝে মাঝে পরিষদের অধিবেশনে যোগদান করিতেন।

(২) ৺গিরিশচন্দ্র রায়—ইনি পরিষদের একজন অতি প্রাচীন সদস্য ছিলেন। বার্দ্ধক্য-প্রযুক্ত ইনি ইদানীং পরিষদের অধিবেশনে যোগদান করিতে পারিতেন না। কিন্তু পূর্ব্বে পরিষদের অধিবেশনে উপস্থিত থাকিয়া কার্য্যে সহায়তা করিতেন। পরিষদের অনুষ্ঠিত উৎসবাদি ব্যাপারে ইনি পরিষৎকে বিশেষ ভাবে সাহায্য করিতেন। ১৩০৪ সালে ইনি পরিষদের সদস্য-শ্রেণীভুক্ত হইয়াছিলেন।

(৩) ৺গৌরীশঙ্কর দে এম্ এ, বি এল্—স্বর্গীয় অধ্যাপক গৌরীশঙ্কর দের নাম শিক্ষিত-সমাজে সুপরিচিত এবং পরিষদের এরূপ অনেক সদস্য আছেন, যাঁহারা তাঁহার শিষ্য বলিয়া পরিচয় দিতে শ্লাঘা বোধ করেন। ১৩০৫ সাল হইতে ইনি পরিষদের সদস্য-শ্রেণীভুক্ত ছিলেন

এবং গত বৎসর হইতে মৃত্যু পর্য্যন্ত পরিষদের অন্যতর আয়ব্যয়-পরীক্ষক ছিলেন। পরিষদের এই প্রাচীন বন্ধুর আকস্মিক মৃত্যুতে পরিষৎ বিশেষ ভাবে দুঃখিত ও ক্ষতিগ্রস্ত। গণিতশাস্ত্রে তাঁহার প্রতিভা দেশীয় ও ইউরোপীয় সমাজে বিশেষ সুপ্রতিষ্ঠিত। তিনি ইংরাজি ভাষায় গণিত-শাস্ত্র সম্বন্ধে অনেক পুস্তক প্রণয়ন করিয়াছেন এবং বাঙ্গালা ভাষাতেও গণিত-শাস্ত্র সম্বন্ধে নানাবিধ পুস্তক প্রণয়ন করিয়া বাঙ্গালা ভাষার গৌরব বৃদ্ধি করিয়াছেন। ইঁহার মৃত্যুতে দেশের যে ক্ষতি হইয়াছে, তাহা সহজে অপনোদিত হইবার নহে। তিনি অতি উচ্চ-শিক্ষিত অথচ নিতান্ত সরল প্রকৃতির লোক ছিলেন। তাঁহার ন্যায় ছাত্রবৎসল, দয়াদক্ষিণ্যময়, ধর্ম্মনিষ্ঠ, কর্ত্তব্যপরায়ণ ও নিরভিমান ব্যক্তি অত্যন্ত বিরল।

৪। ৺জ্ঞানেন্দ্রনাথ বসু বি এল—ইঁনি ১৩১০ সাল হইতে পরিষদের সদস্য ছিলেন। ইনি হাইকোর্টে ওকালতী করিতেন এবং সদস্যসংগ্রহ দ্বারা পরিষদের শক্তিবৃদ্ধিকল্পে বিশেষ-ভাবে সাহায্য করিয়াছেন।

৫। ৺নফরচন্দ্র বন্দ্যোপাধ্যায়—ইনি ১৩১২ সাল হইতে পরিষদের সদস্য ছিলেন।

৬। ডাঃ পশুপতিনাথ ঘোষ—ইনি ১৩১৫ সাল হইতে পরিষদের সদস্য ছিলেন। ইনি বাঙ্গালা ভাষায় চিকিৎসা-শাস্ত্র সম্বন্ধে অনেক সুচিন্তিত প্রবন্ধ সাময়িক পত্রাদিতে প্রকাশ করিয়াছিলেন। অতি অল্পবয়সে ইঁহার মৃত্যু হইয়াছে। পরিষদের জন্য অনেক সদস্য সংগ্রহ করিয়া পরিষদের বলবৃদ্ধিতে ইনি সহায়তা করিয়াছেন। বাঙ্গালা সাহিত্যের প্রতি ইঁহার যেরূপ প্রগাঢ় অনুরাগ ছিল, তাহাতে মনে হয় যে, ইঁহার অকালমৃত্যু না হইলে চিকিৎসা-শাস্ত্রসম্বন্ধীয় গ্রন্থপ্রকাশ দ্বারা ইনি বঙ্গসাহিত্যের শ্রীবৃদ্ধি করিতে সমর্থ হইতেন। ইঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ বিশেষভাবে দুঃখিত।

৭। ৺মহারাজ কুমার বনওয়ারিআনন্দ দেব—ইনি ১৩১৫ সাল হইতে পরিষদের সদস্য ছিলেন। পরিষদের প্রতি ইঁহার বিশেষ শ্রদ্ধা ছিল এবং শারীরিক অসুস্থতা সত্ত্বেও ইনি পরিষদের অধিবেশনে প্রায়ই যোগদান করিতেন। মহারাজ কুমারের অকাল-মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

৮। ৺বিনয়েন্দ্রনাথ সেন—স্বার্থকনামা অধ্যাপক বিনয়েন্দ্রনাথ সেন স্বীয় চরিত্র, বিদ্যা ও বুদ্ধির জন্য দেশীয়, ইউরোপীয় ও আমেরিকার শিক্ষিত-সমাজে বিশেষভাবে পরিচিত ছিলেন। পরিষদের সদস্যশ্রেণীভুক্ত অনেকেই তাঁহার শিষ্য বলিয়া পরিচয় দিতে নিজকে গৌরবান্বিত মনে করেন। প্রায় বৎসরব্যাপী রোগযন্ত্রণা ভোগ করিয়া কিছু দিন হইল, তাঁহার মৃত্যু হইয়াছে। তাঁহার মৃত্যুতে দেশের যে ক্ষতি হইয়াছে, তাহা পূরণ হইবে কি না, সন্দেহ। ইনি ১৩১৪ সাল হইতে পরিষদের সদস্যশ্রেণীভুক্ত ছিলেন। যদিও নানা কার্য্যে ব্যস্ত থাকা প্রযুক্ত প্রত্যক্ষভাবে পরিষদের অধিবেশনে যোগদান করিতে পারিতেন না, কিন্তু পরিষদের কার্য্যের প্রতি তাঁহার বিশেষ শ্রদ্ধা ও প্রীতি ছিল।

৯। ৺মহেন্দ্রকুমার মিত্র এম্ এ, বি এল্—ইনি ১৩০৮ সাল হইতে পরিষদের সদস্য ছিলেন। পরিষদের কার্য্যে ইঁহার বিশেষ সহানুভূতি ছিল। নাট্যকলায় ইঁহার গভীর দৃষ্টি

ছিল। নাট্যরচনাতে ও নাট্যশিক্ষায় ইঁহার ক্ষমতা ছিল। বহুদিন পর্য্যন্ত মিনার্ভা থিয়েটারের পরিচালনকার্য্যে ঘনিষ্ঠভাবে সংবদ্ধ থাকায় নাট্যব্যবসায়েও ইঁহার বিশেষ পটুতা জন্মিয়াছিল।

১০। ৺যদুনাথ বরাট—ইনি ১৩০৭ সাল হইতে পরিষদের সদস্য ছিলেন। পরিষদের কার্য্যের প্রতি ইঁহার বিশেষ শ্রদ্ধা ছিল। ইনি অতিশয় দক্ষতার সহিত পাবলিক ওয়ার্কস্ বিভাগে কার্য্য করিয়া অবসর গ্রহণ করেন এবং অনেকবার ৪ নং ওয়ার্ডের প্রতিনিধিস্বরূপ কলিকাতা মিউনিসিপালিটির অন্যতম সদস্য ছিলেন। বর্ত্তমান সাহিত্য-পরিষদের মন্দির-নির্ম্মাণকালে পরিষৎ তাঁহার নিকট হইতে নানা প্রকার উপদেশ প্রাপ্ত হইয়াছিলেন এবং তাঁহার সাহায্য প্রাপ্ত না হইলে এই মন্দির প্রস্তুত করিতে বোধ হয়, পরিষদের আরও অধিক ব্যয় হইত এবং পরিষৎ-মন্দির এই প্রকার সুন্দররূপে নির্ম্মিত হইত না। এইরূপ হিতৈষী বন্ধুর মৃত্যুতে পরিষৎ বিশেষভাবে দুঃখিত।

১১। ৺সুন্দরলাল জহরী—ইনি ১৩১৭ সালে পরিষদের সদস্যপদ গ্রহণ করেন। বাঙ্গালা ভাষা ও সাহিত্যের প্রতি ইঁহার প্রগাঢ় শ্রদ্ধা ছিল। সাহিত্য-পরিষদের চিত্রশালাতে ইনি উপহারাদি প্রদান করিয়াছেন। ইঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

১২। ৺অমূল্যধন বন্দ্যোপাধ্যায় এম্ এ—অধ্যাপক অমূল্যধন বন্দ্যোপাধ্যায় মহাশয় ১৩১৮ সালে পরিষদের সদস্যপদ গ্রহণ করেন। মৃত্যুকালে ইনি প্রেসিডেন্সি কলেজের ইংরাজি শাস্ত্রের অন্যতম অধ্যাপকের পদে নিযুক্ত হইয়াছিলেন। অতি অল্প বয়সে ইঁহার মৃত্যু হইয়াছে। এই অল্পবয়সের মধ্যে স্বীয় শিক্ষা ও চরিত্রগুণে ছাত্রসমাজে তাঁহার যথেষ্ট সম্মান ছিল। ইংরাজি সাহিত্য ও ব্যাকরণ প্রভৃতি সম্বন্ধে ইনি অনেক গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। পরিষৎ ইঁহার অকাল-মৃত্যুতে বিশেষ দুঃখিত।

১৩। ৺আশুতোষ বাগচী এম্ এ—ইনি ১৩১৮ সালে পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। মৃত্যুকালে ইনি ডেপুটী ম্যাজিষ্ট্রেটের কার্য্যে নিযুক্ত ছিলেন। পরিষদের জন্য ইনি অনেক সদস্য সংগ্রহ করিয়াছিলেন। পরিষদের এই উৎসাহী সদস্যের অকাল-মৃত্যুতে পরিষৎ বিশেষ পরিতপ্ত।

১৪। ৺কালীগোপাল রুদ্র—ইনি গত ১৩১৭ সালে পরিষদের সদস্যপদ গ্রহণ করেন। গোয়ালপাড়ায় ইনি সাব ইঞ্জিনিয়ারের কার্য্য করিতেন। ইঁহার অকালমৃত্যুতে পরিষৎ দুঃখিত।

১৫। ৺গোপালচন্দ্র চট্টোপাধ্যায় বি এল্—ইনি গত ১৩১৬ সালে পরিষদের সদস্যপদ গ্রহণ করেন। মৃত্যুকালে নীলফামারীতে ওকালতী করিতেন। পরিষদের কার্য্যে ইঁহার যথেষ্ট শ্রদ্ধা ছিল। পরিষৎ ইঁহার মৃত্যুতে অত্যন্ত দুঃখিত।

১৬। ৺জগবন্ধু চৌধুরী—গত ১৩১৭ সালে ইনি পরিষদের সদস্যপদ গ্রহণ করেন। ইনি পরিষদের একজন উৎসাহী সদস্য ছিলেন। ইঁহার রচিত "নীতি-রত্নহার" পুস্তক বিশেষ পরিচিত। ইনি একজন সুকবি ছিলেন। ইঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

১৭। ৺মোহান্ত মহারাজ যতীন্দ্র বন—চন্দ্রনাথ সীতাকুণ্ডের মোহান্ত মহারাজের শোচনীয় অকাল-মৃত্যু-সংবাদ সকলেই অবগত আছেন। ইনি ১৩১২ সালে পরিষদের সদস্যপদ গ্রহণ করেন। পরিষৎ এই প্রাচীন সদস্যের মৃত্যুতে বিশেষ ক্ষতিগ্রস্ত।

১৮। ৺মোহিনীমোহন রায় এম্ এ—অধ্যাপক গৌরীশঙ্কর, বিনয়েন্দ্রনাথ, অমূল্যধন বন্দ্যোপাধ্যায় ব্যতীত পরিষৎ আরও একজন সর্ব্বজনপ্রিয় অধ্যাপক হারাইয়াছেন। অধ্যাপক মোহিনীমোহন বহরমপুর-শাখা-পরিষদের একজন উৎসাহী সদস্য ছিলেন। পরিষদের কার্য্যে ইঁহার বিশেষ উৎসাহ ও যত্ন ছিল। ইঁহার মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত। ইনি ১৩০৮ সালে পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। মোহিনীমোহন পরিষদের জন্য পরিভাষা ও সহজবোধ্য বিজ্ঞান-গ্রন্থ প্রণয়নের ভার লইয়াছিলেন, কিন্তু দুঃখের বিষয়, তাঁহার অকালমৃত্যুতে এই কার্য্যের কিছুই হয় নাই।

১৯। ৺যাদবানন্দ গুপ্ত শাস্ত্রী—ইনি ১৩০৯ সালে পরিষদের সদস্যপদ গ্রহণ করেন। চিকিৎসা-শাস্ত্রে ইঁহার বিশেষ দক্ষতা ছিল এবং ইনি চিকিৎসাশাস্ত্রসম্বন্ধীয় গ্রন্থাদি প্রণয়ন করিয়াছেন। ইঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত।

২০। ৺শরচ্চন্দ্র বিদ্যাবিনোদ আয়ুর্ব্বেদ-বিশারদ—গত ১৩১১ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন। রঙ্গপুর শাখা পরিষদের অধিবেশনে ইনি প্রায়শঃ প্রবন্ধাদি পাঠ করিতেন। ইঁহার মৃত্যুতে শাখা-পরিষদের ও মূল পরিষদের বিশেষ ক্ষতি হইয়াছে। পরিষৎ তজ্জন্য বিশেষ দুঃখিত।

২১। ৺সতীশচন্দ্র সাহা—গত ১৩১৪ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। ইনি চন্দননগর পাবলিক লাইব্রেরীর সহিত বিশেষভাবে ঘনিষ্ঠ ছিলেন ও বিশেষরূপ সাহিত্যামোদী ছিলেন। ইঁহার মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত।

২২। ৺সুরেন্দ্রনাথ রায় চৌধুরী—বরিশাল সিদ্ধকাঠীর এই জমিদার সদস্যের অকাল মৃত্যুতে পরিষদের বিশেষ ক্ষতি হইয়াছে। গত ১৩১৬ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন।

২৩। ৺হরকুমার সরকার—গত ১৩১৭ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। ইনি পরিষদের বিশেষ হিতৈষী বন্ধু ছিলেন—প্রায়ই পরিষদের সংবাদাদি লইয়া পরিষৎকে উৎসাহিত করিতেন। ইঁহার মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত।

২৪। ৺সুবলচন্দ্র মিত্র—গত ১৩১৮ সালে ইনি পরিষদের দ্বিতীয়বার সদস্য-পদ গ্রহণ করেন। ইনি পরিষদের হিতৈষী বন্ধু ছিলেন, সাহিত্য সেবা ইঁহার জীবনের ব্রত এবং অবলম্বন ছিল। স্কুলের ছাত্রগণের উপযোগী অভিধান ও অর্থপুস্তকাদি-প্রণয়নে ইঁহার বিশেষ কৃতিত্ব ছিল। ইঁহার সঙ্কলিত বাঙ্গালা অভিধানখানি কেবল ছাত্র কেন, অনেকেরই কার্য্যকারী হইয়াছে। ইনি সাহিত্য-সভা ও বহুদিন পর্য্যন্ত "সাহিত্য-সংহিতা" পরিচালনে বিশেষ দক্ষতা প্রকাশ করিয়াছিলেন। তদ্ভিন্ন অন্যান্য গ্রন্থ এবং প্রবন্ধরচনায় ইঁহার প্রতিষ্ঠা ছিল। বর্ত্তমান ১৩২০ সালে এই সদস্যের মৃত্যু হইয়াছে।

### পরলোকগত সাহিত্য-সেবী ও সাহিত্য-বন্ধুগণ

অত্যন্ত দুঃখের বিষয় যে, পরিষদের পূর্ব্বোক্ত সদস্যগণ ব্যতীত আলোচ্য বর্ষে আরও অনেক প্রথিতনামা সাহিত্যসেবীর মৃত্যু হইয়াছে। এই সমস্ত মৃত সাহিত্যসেবীদিগের জন্য পরিষৎ

অত্যন্ত দুঃখিত এবং ইহাঁদের মধ্যে রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের মৃত্যুতে যে বঙ্গভাষা ও বঙ্গ-সাহিত্যের সমধিক ক্ষতি হইয়াছে, তাহা পরিষৎ বিশেষ ভাবে অনুভব করিতেছেন। পরিষদের সহিত তাঁহার যে ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল; তাহা সর্ব্বজনবিদিত। পরিষদের স্থাপয়িতার মধ্যে তিনি একজন অন্যতম। সুতরাং তাঁহার অকালমৃত্যু যে পরিষদের পক্ষে বিশেষ কষ্টদায়ক হইয়াছে, তাহাতে কোনও সন্দেহ নাই।

১। ৺রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর—রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর ইংরাজী ১৮৬৬ সালের ১৩ই আগষ্ট তারিখে জন্মগ্রহণ করেন। আর গত ইংরাজি ১৯১২ সালের ১লা ডিসেম্বর (১৩১৯, ১৬ই অগ্রহায়ণ) তারিখে পরলোক-গমন করিয়াছেন। ইনি কলিকাতার শোভাবাজার রাজবংশের উজ্জ্বল প্রদীপ ছিলেন। শোভাবাজার রাজবংশ-প্রতিষ্ঠাতা মহারাজ নবকৃষ্ণ দেব বাহাদুরের পুত্র রাজা রাজকৃষ্ণের অন্যতম পুত্র মহারাজ কমলকৃষ্ণ দেব বাহাদুরের দুই পুত্র হয়। রাজা বিনয়কৃষ্ণ তন্মধ্যে কনিষ্ঠ। রাজা বিনয়কৃষ্ণের অনেক সদ্‌গুণ ছিল। সাহিত্য-সমাজ, রাজনীতি, লোকসেবা ও দেশচর্য্যা—এই কয় বিষয়েই তিনি যথেষ্ট কাজ করিয়া গিয়াছেন। তাঁহার চরিত্র-বল ছিল, গুণগ্রাহিতা ছিল, বন্ধুবাৎসল্য ছিল; ছোট বড় সকলকে তিনি সমান আদর করিতেন; প্রতিভার পূজা করিতেন। বাঙ্গালা সাহিত্য বিশেষভাবে তাঁহার নিকট ঋণী। তিনি বঙ্গীয় সাহিত্য-পরিষৎ ও সাহিত্য-সভার অন্যতম প্রতিষ্ঠাতা। বাঙ্গালা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য তাঁহার বিশেষ আগ্রহ, চেষ্টা ও দান ছিল; তিনি নিজে সাহিত্যের সেবা করিতেন; বাঙ্গালা ও ইংরাজি ভাষায় তিনি অনেক সন্দর্ভ ও পুস্তক রচনা করিয়া গিয়াছেন। প্রাচীন ইতিহাস আলোচনায় তাঁহার উৎসাহ ছিল। ওয়ারেণ হেষ্টিংসের কলঙ্কভঞ্জন করিবার জন্য "হিতবাদী" পত্রে তিনি ধারাবাহিক প্রবন্ধ লিখিয়াছিলেন। দরিদ্রের দুঃখে তাঁহার কষ্ট বোধ হইত। "শোভাবাজার বেনাভোলেণ্ট সোসাইটী" নামে দরিদ্রকে সাহায্য করিবার জন্য তিনি এক পুণ্য অনুষ্ঠান করিয়া গিয়াছেন। রাজা বিনয়কৃষ্ণের বাড়ীতেই সাহিত্য-পরিষৎ প্রথম প্রতিষ্ঠিত হয় এবং তাঁহারই যত্নে ও স্নেহে পাঁচ বৎসর লালিত পালিত হইয়াছিল। ১৩১৯, ৫ই পৌষ তারিখে রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের পরলোক-গমনে শোকপ্রকাশ ও স্মৃতিরক্ষার্থ পরিষদে এক বিশেষ অধিবেশন হইয়াছিল।

২। ৺পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি—বিদ্যানিধি মহাশয় ১৩০২ সালে তিনি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সদস্য হন। বঙ্গীয়-সাহিত্য পরিষৎ আপন সত্তা সম্বন্ধে অনেক বিষয়ে বিদ্যানিধি মহাশয়ের নিকট বহুলপরিমাণে ঋণী। ঠিক প্রতিষ্ঠার দিন হইতে বিদ্যানিধি মহাশয় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহিত সংশ্লিষ্ট না থাকিলেও বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যতকাল থাকিবে, ততকাল বিদ্যানিধি মহাশয়কে আপনার অন্যতম গঠনকর্ত্তা বলিয়া স্মরণ রাখিবে। পরিষদের সংপোষণার্থ সদস্য-সংগ্রহ, পালনার্থ সহকারী সম্পাদকরূপে নানাভাবে পরিশ্রম, পত্রিকার জন্য লেখক সংগ্রহ, অধিবেশনে পাঠের জন্য প্রবন্ধ-সংগ্রহ প্রভৃতি বিষয়ে বিদ্যানিধি মহাশয় অশ্রান্ত পরিশ্রম করিতেন। বিদ্যানিধি মহাশয় "আর্য্যদর্শন" প্রকাশকালে প্রথমে তাহার লেখক, পরে সহকারী সম্পাদকরূপে প্রতিষ্ঠিত হইয়া সাহিত্য-সংসারে সুপরিচিত হন। তিনি টোলে ও সংস্কৃত কলেজে অধ্যয়ন করেন। বহু শাস্ত্রে তাঁহার প্রবেশ ছিল।

তিনি ইংরাজিও জানিতেন; অনেক প্রবেশিকা-বিদ্যালয়ে তিনি প্রধান পণ্ডিতের পদ অলঙ্কৃত করিয়াছিলেন। তাঁহার বহু ছাত্র এক্ষণে স্বনামধন্য, কৃতী ও সাহিত্য-সমাজে যশস্বী হইয়া উঠিয়াছেন। বাঙ্গালা সাহিত্যের চর্চ্চায় বিদ্যানিধি মহাশয় প্রথম হইতেই মৌলিকতা প্রকাশ করিয়া যশোলাভ করেন। হোমিওপ্যাথির আবিষ্কারকর্ত্তা হানিম্যানের জীবন-চরিত তাঁহার প্রথম প্রকাশিত পুস্তক। প্রাচীন আর্য্য রমণীগণের বৃত্তান্ত তাঁহার একটি মৌলিক গবেষণামূলক পুস্তিকা। আজকাল জাতিতত্ত্ব ও সমাজতত্ত্ব লইয়া যে বিপুল আলোচনা চলিতেছে, বিদ্যানিধি মহাশয়ই তাহার অন্যতম প্রবর্ত্তক। বাঙ্গালা সাময়িক পত্রের ইতিহাস-সঙ্কলন, বঙ্গীয় নাট্যশালার ইতিহাস-সঙ্কলন, খানাকুল কৃষ্ণনগরের সামাজিক ইতিহাস-সঙ্কলন প্রভৃতি বিষয়ে বিদ্যানিধি মহাশয়ের আলোচনা বিশেষ ভাবে উল্লেখযোগ্য। তিনি গ্রন্থকার, মাসিক পত্রের সম্পাদক, সাপ্তাহিক পত্রের সম্পাদক, প্রবন্ধ-লেখক প্রভৃতি সাহিত্য-সেবকের সকল মূর্ত্তিতেই আমরণ মাতৃভাষার সেবা করিয়া গিয়াছেন। তাঁহার কার্য্য-কুশলতা ও পরিশ্রম করিবার ক্ষমতা অপূর্ব্ব ছিল। সর্ব্বদা তাঁহাকে কয়েকখানি খাতা ও পুস্তক এবং নানাবিধ টীকা-টিপ্পনী সহ টুকরা কাগজের একটি পুঁটুলি লইয়া ঘুরিয়া বেড়াইতে দেখা যাইত। বিদ্যানিধি মহাশয়ের পরিচিত ব্যক্তিবর্গ দপ্তরশূন্য বিদ্যানিধি-মূর্ত্তি কল্পনাই করিতে পারিবেন না; তিনি তাঁহার পরিচিত ব্যক্তিবর্গের নিকট যেমন অমায়িক, তেমনি শ্রদ্ধাভাজন ছিলেন।

৩। ৺পণ্ডিত সখারাম গণেশ দেউস্কর—১৯২৬ সংবৎ পৌষমাসে পণ্ডিত সখারাম গণেশ দেউস্কর জন্মগ্রহণ করেন। ১৩১৯ সালে ৮ই অগ্রহায়ণ তারিখে তাঁহার মৃত্যু হয়। সখারাম মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ। বোম্বাই প্রদেশের অন্তর্গত রত্নগিরি জেলায় মহারাজ শিবাজীর আলবান নামক দুর্গের নিকট দেউস নামে এক গ্রাম আছে; দেউস্কর-বংশ সেই গ্রামের আদিনিবাসী। সখারামের পিতার নাম গণেশ সদাশিব দেউস্কর। পাঁচ বৎসর বয়সে সখারামের মাতৃবিয়োগ হয়। আলিবর্দ্দি খাঁর সহিত নাগপুরের রঘুজি ভোঁসলের ১৭৪৮ খৃষ্টাব্দের যে সন্ধি হয়, সেই সূত্রে কৃষ্ণভট্ট রায়স্কর নামে এক মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ স্বজাতির প্রতিভূ হইয়া মুরশিদাবাদে আসেন। বীরভূমের শাসনকর্ত্তা বদিয়ুজ্জমা খাঁ এই কৃষ্ণভট্টের নিকট উপকার পাইয়া বৈদ্যনাথের নিকট করো গ্রাম তাঁহাকে জায়গীর দেন। করো গ্রাম কর্ম্মটোড় হইতে দুই ক্রোশ দূরে। সখারামের পিতামহী এই কৃষ্ণভট্টের বংশজাতা। এই বিবাহসূত্রে সখারামের পিতামহ করো গ্রামে ভূসম্পত্তি লাভ করিয়া বাস করেন। করো গ্রামেই সখারামের জন্ম হয়। সখারাম বাল্যে বেদাধ্যয়ন করেন। পরে ১৮৯০ খৃষ্টাব্দে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বৈদ্যনাথ স্কুলে শিক্ষকতা করেন। সখারাম বাল্যকালেই বাঙ্গালা রচনা করিতে শিখেন। মহারাষ্ট্রীয় ভাষাতে ও ধর্ম্মশাস্ত্রে তাঁহার অধিকার ছিল। তিনি মহারাষ্ট্রদেশ ও ছত্রপতি শিবাজীর জীবনচরিত-সংগ্রহে সারা জীবন পরিশ্রম করিয়া গিয়াছেন ও অনেক দিন তিনি হিতবাদীর সহিত সংশ্লিষ্ট ছিলেন। এতদ্ব্যতীত তিনি অনেক সদ্‌গ্রন্থ রচনা করিয়াছেন। তাঁহার ন্যায় সুলেখক বাঙ্গালা সাহিত্যে বিরল।

৪। ৺বিশ্বম্ভর জ্যোতিষার্ণব—ইনি জ্যোতিষশাস্ত্রে বিশেষ পারদর্শী ছিলেন, ইঁহার স্ব চিত

জ্যোতিষশাস্ত্র সম্বন্ধে অনেক পুস্তক আছে। পরিষদের সদস্য-শ্রেণীভুক্ত না হইয়াও ইনি ইহার অধিবেশনে মাঝে মাঝে যোগদান করিতেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ইঁহার মৃত্যুতে বিশেষ দুঃখিত।

৫। ৺কৃষ্ণচন্দ্র রায়—হেয়ার ও হিন্দু স্কুলের হেড্‌মাষ্টার কৃষ্ণচন্দ্র রায় মহাশয়ের নাম কাহারও নিকট অবিদিত নহে। ইংরাজি ভাষায় পুস্তকাদি প্রণয়ন ব্যতীত বাঙ্গালা ভাষাতেও ইতিহাসসম্বন্ধীয় গ্রন্থাদি লিখিয়া ইনি বাঙ্গালা-সাহিত্যের শ্রীবৃদ্ধি-সাধনে যত্ন করিয়াছেন। ইঁহার মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

৬। ৺ঈশানচন্দ্র বসু—এই প্রাচীন প্রবন্ধকারের মৃত্যুতে পরিষদের যথেষ্ট ক্ষতি হইয়াছে। পরিষদের গঠন যুগে ঈশান বাবু ইহার উন্নতির জন্য বহু পরিশ্রম করিয়াছিলেন এবং একসময়ে কিছুদিনের জন্য ইহার সহকারী সম্পাদক ছিলেন। ইঁহারই চেষ্টায় পরিষদে প্রাচীন গ্রন্থ-প্রকাশের কল্পনা হয় এবং ইঁহার সংগৃহীত ৺সনাতন চক্রবর্ত্তীর ভাগবতের অনুবাদ প্রাচীন বাঙ্গালা পুথি ইঁহার সম্পাদকতায় ছাপার ব্যবস্থা হয়, কিন্তু নানা কারণে ঈশান বাবু তখন পরিষদের সংশ্রব ত্যাগ করেন, সেই জন্য সে কার্য্য সমাপ্ত হয় নাই। ঈশান বাবু সে কালের তত্ত্ববোধিনী পত্রিকায়, বামাবোধিনী পত্রিকায়, আর্য্যদর্শনে বহু সুচিন্তিত প্রবন্ধ লিখিয়া গিয়াছেন। তাঁহার রচিত কয়েকখানি নীতিপুস্তক এবং মহিলাশিক্ষাগ্রন্থ সাহিত্য-সমাজে সুপ্রতিষ্ঠিত আছে।

৭। ৺শ্রীশচন্দ্র সর্ব্বাধিকারী রায় বাহাদুর—হিন্দু পেট্রিয়টের সম্পাদক শ্রীশচন্দ্র সর্ব্বাধিকারী মহাশয় পূর্ব্বে পরিষদের সদস্য ছিলেন, পরে স্বাস্থ্যভঙ্গ হওয়ায় সদস্য-পদ ত্যাগ করেন। পরিষদের কার্য্যে ইঁহার বিশেষ শ্রদ্ধা ছিল। ইনি পরিষদের অধিবেশনাদিতে প্রায়ই যোগদান করিতেন। পরিষৎ এই বন্ধুর অকাল মৃত্যুতে বিশেষ দুঃখিত।

৮। ৺দ্বিজেন্দ্রলাল রায়—এই সুপ্রসিদ্ধ সুরসিক কবি ও নাট্যকার পরিষদের হিতৈষী ছিলেন। তাঁহার সুবিখ্যাত গান "বঙ্গভাষা" পরিষদের গৃহপ্রবেশ উপলক্ষেই রচিত ও গীত হইয়াছিল। তিনি স্বয়ং সদলে সে দিন উপস্থিত থাকিয়া সেই স্মরণীয় দিনকে গীতিরসে মধুময় করিয়া তুলিয়াছিলেন এবং সে দিন উপস্থিতমত অর্থ-ভিক্ষায় শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয়ের ন্যায় তিনিও বিশেষ সাহায্য করিয়াছিলেন। তাঁহার স্বকৃত গ্রন্থনিচয় ছাড়া 'পূর্ণিমামিলন-প্রতিষ্ঠা' তাঁহার আর এক মহতী কীর্ত্তি। দ্বিজেন্দ্রলাল বাঙ্‌লা সাহিত্যে 'হাসির গানের কবি' বলিয়া বিশেষ প্রতিষ্ঠালাভ করিয়া গিয়াছেন, হাস্যরসের মধ্যদিয়া গভীর, মর্ম্মস্পর্শী বিষয় সকল লইয়া তিনি গান রচনা করিতে বিশেষ পটু ছিলেন। তাঁহার ক্ষুদ্র ক্ষুদ্র কবিতাগুলিতেও নানাভাবের কবিত্ব-পরিচয় পাওয়া যায়। শেষজীবনে তিনি নাট্য-রচনায় প্রসিদ্ধিলাভ করেন। তাঁহার ঐতিহাসিক নাটকগুলি বঙ্গীয় নাট্যশালায় বিশেষ সমাদর লাভ করিয়াছিল। তিনি নাট্য-রচনায় চিরাগত প্রথা ক্রমশঃ পরিত্যাগ করিয়া নূতন পন্থা অবলম্বন করিতেছিলেন। সামাজিক বিষয় লইয়া তাঁহার দুএকখানি নাটক ও প্রহসনও আছে। দ্বিজেন্দ্রলালের সর্ব্বাপেক্ষা কৃতিত্ব ছিল গানে। তিনি নিজে ভারতীয় ও ইংরাজী সঙ্গীতশাস্ত্রে ব্যুৎপন্ন ছিলেন এবং বাঙ্গালা গানে এমন মনোজ্ঞ ভাবে, সুকৌশলে

ইংরাজী সুর বসাইতে পারিতেন যে, লোকে তাহা আদৌ বিদেশী বলিয়া অনুভব করিতে পারিত না। তিনি নিজে অতি সুকণ্ঠ গায়ক ছিলেন। তাঁহার নিজের রচিত, নিজের উদ্ভাবিত বিবিধ সুরের গান তাঁহার নিজের গলায় যাঁহারা শুনিতেন, তাঁহারা সকলেই মুগ্ধ হইতেন। তিনি বিশেষ বিশেষ উপলক্ষে পরিষৎ-মন্দিরে আসিতেন। তাঁহার মৃত্যুতে সাহিত্য-পরিষৎ বিশেষ শোকানুভব করিতেছেন।

### অষ্টাদশ বার্ষিক অধিবেশন

আলোচ্য বর্ষে ১২ই শ্রাবণ, রবিবার পরিষদের অষ্টাদশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। উক্ত অধিবেশনে সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় তাঁহার অভিভাষণ পাঠ করেন। এই অধিবেশনে পূর্ব্ববৎসরের কার্য্যবিবরণ পঠিত ও যথারীতি গৃহীত হয় এবং বান্ধব, আজীবন-সদস্য, বিশিষ্ট-সদস্য ও সহায়ক-সদস্য নির্ব্বাচিত হন। এতদ্ব্যতীত নূতন বৎসরের জন্য কার্য্যাধ্যক্ষ নির্ব্বাচিত এবং কার্য্যনির্ব্বাহক-সমিতি গঠিত হয়।

### মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধাদির তালিকা

১ম—২৬ শ্রাবণ (১) উজানী ও মঙ্গলকোট—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
শ্রীযুক্ত হরিদাস পালিত ও
শ্রীযুক্ত মণীন্দ্রমোহন বসু বি এ

(২) বাঘাইর বয়াৎ— শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক

২য়—৩০ ভাদ্র (৩) কাশীরাম দাসের জন্মস্থান-নিরূপণ—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব

(৪) কৌশাম্বীর আর্য্যপট্ট—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

(৫) তৃতীয় গোপালদেবের শিলালিপি—শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ কাব্যতীর্থ

৩য়—২০ আশ্বিন (৬) অ— কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী

(৭) আসাম-ভ্রমণ— শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ

(৮) দাশরথি রায়— শ্রীযুক্ত রমানাথ মুখোপাধ্যায়

৪র্থ (স্থগিত)—২৩ অগ্রহায়ণ

(৯) একটি বুদ্ধমূর্ত্তি— শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

গত ১৬ই অগ্রহায়ণ এই সভাধিবেশনের প্রস্তাব ছিল, কিন্তু ঐ দিবস সাহিত্য-পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের অকাল-মৃত্যু হওয়ায় তাঁহার প্রতি সম্মান প্রদর্শনার্থ উক্ত দিবসের মাসিক অধিবেশন স্থগিত থাকে।

৫ম—২৩ অগ্রহায়ণ (১০) কৃষ্ণকীর্ত্তনের লিপিকাল-নির্ণয়— { শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

৬ষ্ঠ—৭ পৌষ (১১) মালবিকাগ্নিমিত্র— শ্রীযুক্ত সুরেশচন্দ্র সেন এম্ এ

| | | |
|---|---|---|
| ৭ম—৬ মাঘ | (১২) গৌরী সেন— | শ্রীযুক্ত অশ্বিনীকুমার সেন |
| | (১৩) রমণার কালীবাড়ী— | শ্রীযুক্ত অতুলচন্দ্র মুখোপাধ্যায় |
| | (১৪) পতঞ্জলি— | শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ |
| ৮ম—৪ঠা ফাল্গুন | (১৫) চট্টগ্রামের গীতি-রামায়ণ— | ডাঃ শ্রীযুক্ত শ্যামাচরণ সরকার |
| | (১৬) ঢাকার সহরে ও গ্রাম্যভাষা— | শ্রীযুক্ত রাজেন্দ্রকুমার মজুমদার |
| ৯ম ১৮ ফাল্গুন | (১৭) বাঙ্গালাভাষার দ্রাবিড়ী উপাদান— | শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার বি এল্ |
| | (১৮) ইন্দ্রাণী— | শ্রীযুক্ত হরিপদ মুখোপাধ্যায় |
| | (১৯) মুরশিদাবাদের গ্রাম্যভাষা— | শ্রীযুক্ত রাজেন্দ্রকুমার মজুমদার |
| ১০ম—১৭ চৈত্র | (২০) মথুরাপুরের দেউল— | শ্রীযুক্ত কুমুদবন্ধু রায় গুপ্ত |

### অধিবেশনে প্রদর্শিত দ্রব্যাদি

### অষ্টাদশ বার্ষিক অধিবেশন

| প্রদাতা | প্রদর্শিত দ্রব্য | ক্রমিক সংখ্যা |
|---|---|---|
| কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়— | ১। মূর্ত্তিযুক্ত ইষ্টক— | ২৯৪ |
| | ২। „ | ২৯৫ |
| | ৩। „ | ২৯৬ |
| | ৪। „ | ২৯৭ |
| | ৫। „ | ২৯৮ |
| | ৬। কামানের গোলা | ২৯৩ |
| রায় বাহাদুর প্রসন্নকুমার বসু ও শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র সরকার | ৭। সদাশিব-মূর্ত্তি | ২৮৩ |
| শ্রীযুক্ত সুকুমার হালদার— | ৮। তিনখানি বৈদেশিক চিত্র | |
| শ্রীযুক্ত অমৃতলাল দাস গুপ্ত— | ৯। পার্ব্বতী (প্রস্তরমূর্ত্তি) | ২৭৮ |
| | ১০। ব্রহ্মার মূর্ত্তি „ | ২৭৯ |
| | ১১। ভগ্ন মূর্ত্তি „ | ২৮০ |
| | ১২। „ „ | ২৮১ |
| | ১৩। „ „ | ২৮২ |
| শ্রীযুক্ত সত্যচরণ শাস্ত্রী— | ১৪। বুদ্ধমূর্ত্তিবিশিষ্ট মাটীর ছাঁচ | ৩০৩ |
| | ১৫। „ „ | ৩০৪ |
| | ১৬। „ „ | ৩০৫ |

| প্রদাতা | প্রদর্শিত দ্রব্য | ক্রমিক সংখ্যা |
|---|---|---|
| শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত— | ১৭। রাজাবাড়ীর মঠের ব্রোমাইড চিত্র | |
| শ্রীযুক্ত সতীশচন্দ্র সিংহ— | ১৮। ছাংনার খোদিত লিপিযুক্ত ইষ্টক | ২৯৯ |
| | ১৯। চৈতন্যদেবের (সপার্ষদ) ছবির ব্রোমাইড | |
| শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায় | ২০। দিল্লীর প্রাচীন লেখ-চিত্রের আলোকচিত্র | |
| | ২১। ঐ | |
| | ২২। ঐ | |
| | ২৩। ঐ | |
| | ২৪। ঐ | |
| শ্রীযুক্ত জগন্নাথপ্রসাদ বি এল্— | ২৫। প্রস্তরমূর্ত্তি—তারামূর্ত্তি | ২৬৯ |
| | ২৬। " বুদ্ধমূর্ত্তি | ২৭০ |
| | ২৭। " ভূমিস্পর্শমুদ্রাঙ্কিত ঐ | ২৭১ |
| | ২৮। " মূর্ত্তির নিম্নাংশ | ২৭২ |
| | ২৯। " " " | ২৭৩ |
| | ৩০। " " " | ২৭৪ |
| | ৩১। " " উদ্ধদেশ | ২৭৫ |
| | ৩২। " ভূমিস্পর্শমুদ্রাঙ্কিত বুদ্ধমূর্ত্তির নিম্নাংশ | ২৭৬ |
| শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত— | ৩৩। নক্সাযুক্ত সাতগাঁয়ের ইষ্টক | ২৮৯ |
| | ৩৪। " " " | ২৯০ |
| | ৩৫। " " " | ২৯১ |
| | ৩৬। " " " | ২৯২ |
| শ্রীযুক্ত কুমুদবন্ধু রায় গুপ্ত— | ৩৭। প্রস্তরমূর্ত্তির ভগ্নাংশ | ২৮৬ |
| | ৩৮। নক্সাযুক্ত ইষ্টক | ২৮৭ |
| | ৩৯। " " | ২৮৮ |
| শ্রীযুক্ত কালীদয়াল ভট্টাচার্য্য— | ৪০। নক্সাযুক্ত ইষ্টক | ২৫৯ |
| শ্রীযুক্ত মণীন্দ্রমোহন বসু<br>শ্রীযুক্ত হরিদাস পালিত এবং<br>শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় | ৪১। জৈনমূর্ত্তি | ২৭৭ |
| | মুদ্রা | |
| শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী— | ৪২। চীনদেশীয় ক্যাশ মুদ্রা তাম্র | ২৬০ |
| | ৪৩। " পিত্তল | ২৬১ |
| | ৪৪। পৃথ্বিবীর বিক্রম সাহ তাম্র | ২৬২ |
| | ৪৫। পশুপতিনাথের পয়সা " | ২৬৩ |

| প্রদাতা | | প্রদর্শিত দ্রব্য | ক্রমিক সংখ্যা |
|---|---|---|---|
| শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়— | ৪৬। | লক্ষ্মীসিংহ ( আসাম ) তাম্র | ২৬৪ |
| | ৪৭। | রাজেন্দ্রবিক্রম সিংহ ( নেপাল ) রৌপ্য | ২৬৫ |
| | ৪৮। | প্রমত্ত সিংহ (আসাম) " | ২৬৬ |
| | ৪৯। | গৌরীনাথ সিংহ (নেপাল) " | ২৬৭ |
| | ৫০। | রাজেন্দ্র সিংহ " " | ২৬৮ |
| ১ম মাসিক অধিবেশন | | | |
| শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়— | ১। | মুদ্রা রৌপ্য ( পারস্যদেশীয় পারদরাজবংশের আরসেকাস্‌এর মুদ্রা) | |
| | ২। | " " তিব্বতদেশীয় বর্ত্তমান কালের মুদ্রা | |
| ৩য় মাসিক অধিবেশন | | | |
| শ্রীযুক্ত মণিমোহন সেন— | ৩। | মুদ্রা ( স্বর্ণ ) কুমারগুপ্ত ২য় | |
| শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র— | ৪। | মুদ্রা ( রৌপ্য ) দনুজমর্দ্দন দেব | |
| ৪র্থ মাসিক অধিবেশন | | | |
| শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক— | ৫। | মুদ্রা ( তাম্র ) বিভিন্ন সময়ের ও বিভিন্ন রাজার কতকগুলি মুদ্রা | |
| শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর— | ৬। | মুদ্রা (স্বর্ণ) শ্রীপ্রতাপকৃষ্ণ দেব রায় ( বিজয়নগর ) | |
| | ৭। | " ( স্বর্ণ ) ত্রিস্বামী পাগোডা (দাক্ষিণাত্য) | |
| | ৮। | " ( রৌপ্য ) এবুক্রতিদ Eukratides (Scythian imitation) | |
| | ৯। | " " আপলদত Apollodotus | |
| | ১০। | " " পুলমাবি Pulumavi | |
| | ১১। | " " মেনন্দার Menander | |
| | ১২। | " ( রৌপ্য ) অয় Azes I | |
| | ১৩। | " ( তাম্র ) অযোধ্যার সুপ্রাচীন মুদ্রা | |
| | ১৪। | " " এবুক্রতিদ | |
| | ১৫। | " " তক্ষশিলা নগর (City of Texila) | |
| | ১৬। | " " অয় ১ম | |
| | ১৭। | " " মণি (Manes Indo-parthian) | |
| | ১৮। | " " অন্তিয়্যালকিদস্‌ (Antialcidus) | |
| | ১৯। | " " ইউথিডিমস্‌ | |
| | ২০। | " " মেনন্দর (Menander) | |
| | ২১। | " " তক্ষশিলা ২ খানি | |

| দাতা | সংখ্যা | দ্রব্য |
|---|---|---|
| শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর— | ২২। | মুদ্রা (তাম্র) নরবারের নাগমুদ্রা |
| | ২৩। | „ „ অয় ২য় (Azes II) |
| | ২৪। | „ „ ময়ূরাঙ্কিত মুদ্রা (অনিশ্চিত) |
| | ২৫। | „ „ গণপতি নাগ ? |
| | ২৬। | „ „ দেবনাগ |
| **৬ষ্ঠ মাসিক অধিবেশন** | | |
| শ্রীযুক্ত গুরুদাস সরকার এম্ এ— | ২৭। | মিনা-করা ইষ্টক |
| **৭ম মাসিক অধিবেশন** | | |
| মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী— | ২৮। | প্রাচীন তিব্বতীয় চিত্র |
| | ২৯। | „ „ „ |
| | ৩০। | „ „ „ |
| | ৩১। | „ „ „ |
| শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়— | ৩২। | মুদ্রা (তাম্র) সিবিগজপতি মহারাজ |
| | ৩৩। | মৃণ্ময় শীল মোহর, খৃষ্টীয় ৯ম শতাব্দী |
| শ্রীযুক্ত বিজয়চন্দ্র গঙ্গোপাধ্যায়— | ৩৪। | গড় গজানীর ইষ্টক |
| শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়— | ৩৫। | জৈনমূর্ত্তি (প্রস্তরমূর্ত্তি) |
| **৮ম মাসিক অধিবেশন** | | |
| মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী— | ৩৬। | প্রস্তরমূর্ত্তি (গান্ধার) |
| | ৩৭,৭০। | ঐ ঐ |
| **১০ম মাসিক অধিবেশন** | | |
| শ্রীযুক্ত শশিভূষণ সার্ব্বভৌম এবং শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী | ৭২। | খোদিত প্রস্তর-ফলক, শকাব্দ ১৫৮০ |

### বিশেষ অধিবেশন

গত বৎসর দুইটি বিশেষ অধিবেশন হইয়াছিল, নিম্নে তাহার সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল

## প্রথম বিশেষ অধিবেশন—৫ই পৌষ

রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের পরলোকগমনে শোকপ্রকাশার্থ এই বিশেষ অধিবেশন হয়। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় এই অধিবেশনে সভাপতির আসন সমলঙ্কৃত করেন। সভাপতি মহাশয়, শ্রীযুক্ত সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, রায় শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী বাহাদুর, কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী, মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন, শ্রীযুক্ত অমৃতলাল বসু, মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর, শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বিহারীলাল

সরকার, শ্রীযুক্ত ভবানীপ্রসন্ন লাহিড়ী এবং শ্রীযুক্ত যামিনীরঞ্জন সেন গুপ্ত স্বর্গীয় রাজা বাহাদুরের জীবন-চরিত, সাহিত্য-পরিষদের সহিত তাঁহার সম্বন্ধ এবং বঙ্গভাষা ও বঙ্গসাহিত্যের উপকারার্থ তিনি যে সমস্ত কার্য্য করিয়াছেন, তাহার আলোচনা করেন ও শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয় রাজা বাহাদুরের জীবনী আলোচনা করিয়া একটি প্রবন্ধ পাঠ করেন। রাজা বাহাদুরের স্মৃতিচিহ্ন যাহাতে পরিষদে উপযুক্তভাবে রক্ষিত হয়, সেই জন্য একটি সমিতি গঠিত হইয়াছে।

## দ্বিতীয় বিশেষ অধিবেশন—৭ই পৌষ

পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি এবং পণ্ডিত সখারাম গণেশ দেউস্কর মহাশয়দ্বয়ের পরলোক-গমনে পরিষদের এই বিশেষ সভার অধিবেশন হইয়াছিল। শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ বসু বি এ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বিহারীলাল সরকার, শ্রীযুক্ত জলধর সেন, শ্রীযুক্ত মুণীন্দ্রনাথ ঘোষ ও সভাপতি মহাশয় স্বর্গীয় মহাত্মদ্বয়ের গুণগাথা কীর্ত্তন করেন এবং শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়-লিখিত ৺পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধির একটি জীবনী ও শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয় ৺সখারাম গণেশ দেউস্কর মহাশয়ের একটি জীবনী পাঠ করেন। যাহাতে পরলোকগত বিদ্যানিধি ও দেউস্কর মহাশয়ের স্মৃতি পরিষদে যথোপযুক্তভাবে রক্ষিত হয়, সে বিষয়ের ভার কার্য্যনির্ব্বাহক-সমিতির উপর অর্পিত হইয়াছে।

### কার্য্যনির্ব্বাহক-সমিতি

আলোচ্য বর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন :—

#### কর্ম্মাধ্যক্ষগণ

সভাপতি— -শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্

সহকারী সভাপতি—মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই
মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী এম্ এ, এল এল বি
কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ

সম্পাদক—শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী
শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ, এফ্ জি, এস
শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ
শ্রীযুক্ত কবিরাজ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী

পত্রিকাধ্যক্ষ——মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পিএচ্ ডি

কোষাধ্যক্ষ——শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্

ছাত্রাধ্যক্ষ——শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ

গ্রন্থাধ্যক্ষ——শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় বি এ

চিত্রশালাধ্যক্ষ——শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব

নির্ব্বাচিত সভ্যগণ

শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ
" অম্বিকাচরণ মজুমদার এম্ এ, বি এল্
" অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
" চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ
" উপেন্দ্রনাথ ঘোষাল এম্ এ
" বনওয়ারিলাল চৌধুরী বি এ বি এস্সি (লণ্ডন)
" হেমচন্দ্র সেনগুপ্ত এম্ এ
" সারদাপ্রসাদ সেন বি এ

শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় বিদ্যারত্ন এম্ এ
" প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, এম্ এস্সি আই (লণ্ডন)
" শৈলেশচন্দ্র মজুমদার
" উমাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ,
" হেমেন্দ্রনাথ সিংহ বি এ
" চারুচন্দ্র বসু এম্ আর্ এ এস
" খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ
" চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় বি এ

শাখা-পরিষদের নির্ব্বাচিত সদস্য

শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
" বনমালী চক্রবর্ত্তী বেদান্ততীর্থ, বেদান্তরত্ন, এম্এ

শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত
" বোধিসত্ব সেন এম্ এ, বি এল্

এতদ্ব্যতীত স্বর্গীয় গৌরীশঙ্কর দে ও শ্রীযুক্ত চিত্তসুখ সান্যাল মহাশয়দ্বয় আয়-ব্যয়-পরীক্ষক নিযুক্ত হইয়াছিলেন। আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির ১৮টি অধিবেশন হয়। কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে সভ্যগণের উপস্থিতির সংখ্যা গড়ে ১৩।১৪ জন। গত বৎসরের অনুপাতে যদিও এই সংখ্যাতে বিশেষ দুঃখ করিবার কিছু নাই, তথাপি পরিষৎ আশা করেন যে, আগামী বৎসর কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্যগণ পরিষদের কার্য্যে অধিকতর মনোযোগী হইয়া পরিষৎকে উৎসাহিত করিবেন। প্রতি বৎসরের ন্যায় এ বৎসরেও কার্য্যনির্ব্বাহক-সমিতিতে নানাবিধ কার্য্য বিবেচনার্থ উপস্থিত হইয়াছিল। এই সমস্ত কার্য্যমধ্যে শাখা-পরিষৎ সম্বন্ধে আলোচনা, গ্রন্থ-প্রকাশ-সমিতির নিয়মাবলী গঠন, ঢাকাতে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ে মুসলমানী বাঙ্গালা ভাষা প্রবর্ত্তন সম্বন্ধে গবর্মেণ্টের নিকট প্রতিবাদ-জ্ঞাপক পত্র প্রেরণ ও পুস্তকালয়-সমিতি গঠন উল্লেখযোগ্য। বর্ষশেষে কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, আগামী বর্ষ হইতে প্রতি মাসিক অধিবেশনে পরিষদের নানা বিভাগের কার্য্যবিবরণী বিজ্ঞাপিত হইবে ও ঐ সমস্ত সংবাদ কার্য্যবিবরণীর সঙ্গে মুদ্রিত হইবে। এই সমস্ত কার্য্য ব্যতীত পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের সমস্ত কার্য্যই মুখ্যতঃ পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্যগণ কর্তৃক নির্ব্বাহিত হইয়াছিল।

কার্য্যালয়

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় শারীরিক অসুস্থতানিবন্ধন পরিষৎ-সম্পাদকের গুরুভার বহনে অসমর্থ হইয়া উহা পরিত্যাগ করায় সম্পাদকের দায়িত্ব আমার দুর্ব্বল স্কন্ধে পড়িয়াছে। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় গত কয়েক বৎসর ধরিয়া পরিষদের সম্পাদকরূপে যে প্রকার অক্লান্ত পরিশ্রম ও অসাধারণ অধ্যবসায়-সহকারে পরিষদের নানা কার্য্যের নানা সৌষ্ঠব আনয়ন করিয়াছেন, সে কথা সর্ব্বজনবিদিত। সুতরাং তাহার উল্লেখ এখানে নিষ্প্রয়োজন। সম্প্রতি তিনি শারীরিক অসুস্থতা-নিবন্ধন কিছু দিনের জন্য পরিষদের কার্য্য হইতে অবকাশ লইয়াছেন। তাহাতে পরিষদের যে কি প্রকার গুরুতর ক্ষতি হইয়াছে, তাহা লিখিয়া জানাইবার সাধ্য আমাদের নাই। তাঁহার ন্যায় নানাবিদ্যা-বিশারদ এবং অসাধারণ ধীশক্তিসম্পন্ন ব্যক্তির হস্তে পরিষদের কার্য্যভার ন্যস্ত থাকা সর্ব্ব-প্রকারেই সুসঙ্গত। পরিষদের প্রতি একনিষ্ঠ অনুরাগ তাঁহা অপেক্ষা অন্য কাহারও দেখা যায় না। শ্রীভগবানের নিকট আমরা কায়মনোবাক্যে প্রার্থনা করিতেছি, যেন তিনি সত্বর সুস্থ হইতে পারেন। তিনি সুস্থ হইয়া পুনরায় পরিষদের কার্য্যভার গ্রহণ করতঃ আমাদিগকে উৎসাহিত করিবেন এবং পরিষদের গৌরব দিন দিন বৃদ্ধি করিবেন, এই বলবতী আশা আমরা সর্ব্বদা অন্তঃকরণে পোষণ করিতেছি।

শ্রীযুক্ত তারাপ্রসন্ন গুপ্ত বিএ এবং শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ মহাশয়দ্বয়ের স্থলে শ্রীযুক্ত কবিরাজ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী এবং শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ মহাশয় সহকারী সম্পাদক নিযুক্ত হন। তারাপ্রসন্ন বাবু এবং বিনয় বাবু যেরূপ যত্ন ও উৎসাহের সহিত তাঁহাদের উপর অর্পিত কার্য্যগুলি সম্পাদন করিয়াছিলেন, তজ্জন্য পরিষৎ তাঁহাদের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। সহকারী সম্পাদকগণের মধ্যে স্বীয় শারীরিক অসুস্থতানিবন্ধন শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় আলোচ্য বর্ষে বিশেষ কোন কার্য্য করিতে পারেন নাই, তথাপি তিনি স্বাস্থ্যলাভের জন্য বাকুড়ায় অবস্থানকালে পরিষদের চিত্রশালা ও পুস্তকালয়ের জন্য নানা উপকরণ সংগ্রহ করিয়াছেন। ব্যোমকেশ বাবু পরিষদের জন্য যে অক্লান্ত পরিশ্রম করিয়াছেন, তাহা কাহারও অবিদিত নাই। অত্যন্ত সুখের বিষয় যে, ব্যোমকেশ বাবুর শরীর এখন সম্পূর্ণ সুস্থ হইয়াছে এবং পরিষৎ আশা করেন যে, আগামী বৎসর হইতে পুনরায় তিনি স্বীয় স্বভাবানুযায়ী অদম্য উৎসাহ ও অকৃত্রিম অনুরাগের সহিত পরিষদের কার্য্যে যোগদান করিবেন।

অন্যান্য সহকারী সম্পাদকগণের মধ্যে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের উপর কিছুদিন কার্য্যালয়ের যাবতীয় ভার ন্যস্ত ছিল। এতদ্ব্যতীত পরিষদের সংগৃহীত হস্তলিখিত পুথিগুলির তত্ত্বাবধানের ভার তাঁহার উপর অর্পিত ছিল এবং তাঁহার পরামর্শানুসারে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় মহাশয় সংক্ষিপ্ত বিবরণসহ পুথির তালিকা প্রস্তুত করিতেছেন। পরিষদে এ যাবৎ ন্যূনাধিক ১৯৯৬ খানি পুথি সংগৃহীত হইয়াছে এবং তাহাদের তালিকা (বিবরণসহ) বোধ হয় ২।৩ বৎসরমধ্যেই সম্পূর্ণ হইবে। এ পর্য্যন্ত ৯০০ পুথির বিবরণসহ তালিকা প্রস্তুত হইয়াছে ও ২৬৮ খানি পুথি তালিকাভুক্ত হওয়ার উপযুক্ত হইয়াছে। শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয়ের উপর সাহিত্য-পরিষৎ-পত্রিকার এবং পরিষদের গ্রন্থাবলীভুক্ত পুস্তকগুলির

মুদ্রণকার্য্যের তত্ত্বাবধানের ভার ন্যস্ত ছিল। অন্যান্য নানাকার্য্যে ব্যাপৃত থাকিয়াও খগেন্দ্র বাবু অত্যন্ত উৎসাহ ও পরিশ্রমের সহিত পরিষদের এই সমস্ত কার্য্য নির্ব্বাহ করিতে সমর্থ হইয়াছেন এবং এইজন্য সম্পাদক তাঁহার নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয়ের উপর পরিষদের আয়-ব্যয় ও হিসাবাদি পরিদর্শনের ভার ন্যস্ত ছিল। শ্রীযুক্ত শাস্ত্রী মহাশয় বিশেষ পরিশ্রম ও উৎসাহের সহিত পরিষদের আয়-ব্যয়সম্পর্কীয় কার্য্য সম্পন্ন করিয়াছেন এবং পরিষদের হিসাব-রক্ষার প্রণালী প্রভৃতি বিশেষভাবে শৃঙ্খলাবদ্ধ করিয়াছেন। তিনি পরিষদের আয়-ব্যয় সম্বন্ধে যে প্রকার তীক্ষ্ণদৃষ্টির সহিত কাজ-কর্ম্ম করিতেছেন, তাহাতে তিনি পরিষদের প্রত্যেক সভ্যের নিকট কৃতজ্ঞতার্হ।

পূর্ব্ববৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয়ের উপর চিঠিপত্রের আদান-প্রদান, সভাসমিতির আহ্বান, কার্য্যালয়-সংক্রান্ত সমস্ত কার্য্য এবং সাহিত্যসম্মিলন-সম্বন্ধীয় অন্যান্য যাবতীয় কার্য্যের ভার অর্পিত ছিল এবং পূজার সময় কিছুদিনের জন্য সম্পাদকের অনুপস্থিতিহেতু তাঁহাকে সম্পাদকের সমস্ত কার্য্য করিতে হইয়াছিল। বলিতে কি, তাঁহার ন্যায় সর্ব্বপ্রকারে উপযুক্ত এবং পরিষদের প্রতি একান্ত অনুরাগী ও পরিষদের কার্য্যে অক্লান্ত পরিশ্রমশীল মহোদয় না থাকিলে আমার দ্বারা পরিষদের সম্পাদকের গুরুভার-বহন অসাধ্য হইত। সুতরাং আমি যে তাঁহার নিকট ব্যক্তিগতভাবে কৃতজ্ঞ, তাহাতে সন্দেহ নাই। পরিষদের কার্য্যক্ষেত্র ক্রমশঃ এত বিস্তৃত হইতেছে যে, সহকারী সম্পাদকগণের সমবেত যত্ন ও পরিশ্রম ব্যতীত এই সমস্ত কার্য্য নির্ব্বাহ হওয়া সম্ভবপর হইত না। এই হেতু তাঁহারা সকলেই পরিষদের ও বিশেষভাবে সম্পাদকের ধন্যবাদের পাত্র।

গত বৎসর কার্য্যবিবরণীতে বলা হইয়াছিল যে, পরিষদের কার্য্যের পরিমাণ বৃদ্ধি হওয়াতে একজন নূতন লেখক অস্থায়িভাবে নিযুক্ত করা হইয়াছে। কিন্তু কার্য্যের পরিমাণ ক্রমশঃ বৃদ্ধি হওয়াতে বৎসরের প্রথম হইতেই সেই অস্থায়ী লেখককে স্থায়িভাবে নিযুক্ত করা হয়। পরিষদের অন্যতম লেখক শ্রীযুক্ত বিনোদবিহারী গুপ্ত মহাশয় শারীরিক অসুস্থতা নিবন্ধন বৎসরের প্রারম্ভ হইতে কার্ত্তিক মাস পর্য্যন্ত বিনা বেতনে ছুটীতে ছিলেন এবং ছুটী শেষ হইলে তিনি কার্য্যে যোগদান করিয়াছেন। আলোচ্য বর্ষের প্রথমভাগ হইতে গত মাঘ মাস পর্য্যন্ত শ্রীযুক্ত মনোমোহন রায় মহাশয় পরিষদের গ্রন্থাগারের লেখকরূপে নিযুক্ত ছিলেন, কিন্তু তিনি কার্য্য পরিত্যাগ করায় গ্রন্থাগারের পুরাতন লেখক শ্রীযুক্ত নলিনীকান্ত চট্টোপাধ্যায় মহাশয় তাঁহার স্থানে নিযুক্ত হইয়াছেন। পরিষদের পত্রিকা ও গ্রন্থাবলী মুদ্রণ-বিভাগের কার্য্যে সহায়তা করিবার জন্য শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় নিযুক্ত ছিলেন। গত কার্য্য-বিবরণীতে এই বিভাগের কার্য্যবৃদ্ধির সম্বন্ধে আলোচনা করিয়া এই পদে একজন অনন্যকর্ম্মা সাহায্যকারীর প্রয়োজনীয়তা জ্ঞাপন করা হইয়াছিল এবং কার্য্যনির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, আগামী বৎসর হইতে এই বিভাগে একজন অনন্যকর্ম্মা লোক নিযুক্ত হইবেন। অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে সমস্ত কর্ম্মচারীই স্বীয় স্বীয় কার্য্য পরিশ্রম ও যত্নের সহিত সুসম্পন্ন করিয়াছেন।

পরিষৎ-মন্দির

পরিষৎ-মন্দিরের যে সমস্ত অভাবের কথা গত বৎসরের কার্য্য-বিবরণীতে লিখিত হইয়াছিল, অত্যন্ত দুঃখের বিষয় যে, বর্ত্তমান বৎসরে সেই সমস্ত অভাবের কোনটিই দূরীভূত হয় নাই। পরিষৎ আশা করেন যে, সহৃদয় সদস্যগণের অনুগ্রহে অবিলম্বে এই অভাব দূরীভূত হইবে। আলোচ্য বর্ষে কো-অপারেটিব উর্ব্বান ক্রেডিট সোসাইটি প্রভৃতি সমিতি পরিষৎ-মন্দির ব্যবহার করিয়াছিলেন ও আমেরিকার ডাক্তার হেণ্ডারসন সাহেবকে অভ্যর্থনা করিবার জন্য কতিপয় আমেরিকা-প্রত্যাগত ভদ্রলোক পরিষৎ-মন্দিরে একটি সান্ধ্য-সমিতির অনুষ্ঠান করিয়াছিলেন। আলোচ্য বর্ষে ৺বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের তৈলচিত্র পরিষৎ-মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে। ৺বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের সুযোগ্য পুত্র শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয়ের ব্যয়ে ঐ চিত্র প্রস্তুত হইয়াছে এবং সাহিত্য-পরিষৎ ধন্যবাদের সহিত মনোমোহন বাবুর দান গ্রহণ করিয়াছেন।

বিজ্ঞানালোচনা

পরিষদের নানা প্রকার কার্য্যে ব্যস্ত থাকা হেতু শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয় আলোচ্য বর্ষে "অতীত যুগের মানব" নামক আরব্ধ বিষয় সম্বন্ধে কোনও প্রবন্ধ পাঠ করিতে পারেন নাই। দেশের মধ্যে যাহাতে বৈজ্ঞানিক, দার্শনিক প্রভৃতি নানা বিষয়ক জ্ঞান সরল ভাষায় প্রচারিত হয়, তজ্জন্যই কোন বিষয় সম্বন্ধে ধারাবাহিকরূপে প্রবন্ধ-পাঠের নিয়ম প্রবর্ত্তিত হইয়াছে। সাহিত্য-পরিষদের সদস্য-শ্রেণীমধ্যে নানা শাস্ত্রে পারদর্শী সুধী ব্যক্তির অসদ্ভাব নাই। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, ইঁহাদের নিকট হইতে পরিষৎ দেশের মধ্যে সাধারণের বোধগম্য সাহিত্য-প্রচারের যথোপযুক্ত সাহায্য প্রাপ্ত হন নাই। এই উপলক্ষে সাহিত্য-পরিষৎ বিদ্বন্মণ্ডলীর নিকট এই কাতর প্রার্থনা সহ নিবেদন করিতেছেন যে, তাঁহারা অনুগ্রহপূর্ব্বক সাহিত্য-পরিষদের এই প্রস্তাবিত কার্য্যে যোগদান করিয়া জনসাধারণমধ্যে নানাবিষয়ক জ্ঞান-বিস্তারের সহায়তা করুন এবং বিজ্ঞান-সাহিত্যের পুষ্টির দ্বারা মাতৃভাষার অঙ্গসৌষ্ঠব বৃদ্ধি করুন।

গ্রন্থাগার ও পাঠাগার

গত কয়েক বৎসর হইল, শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় মহাশয় গ্রন্থাগারের জন্য যেরূপ পরিশ্রম করিয়া আসিতেছেন, তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ। গ্রন্থাগারের পুস্তকের ও পুঁথির তালিকা এখনও মুদ্রিত হয় নাই। আলোচ্য বর্ষে পুস্তকালয়ে মুদ্রিত পুস্তকের বিষয়ানুসারিণী তালিকার কার্য্য প্রায় শেষ হইয়াছে। আশা ছিল, এই বর্ষশেষে পুস্তকালয়ের সংখ্যানুসারিণী, বর্ণানুসারিণী ও (গ্রন্থকারানুসারিণী) তালিকার সহিত এই বিষয়ানুসারিণী তালিকা একত্র করিয়া কার্য্যনির্ব্বাহক-সমিতি ছাপিয়া প্রকাশ করিতে পারিবেন। কিন্তু রমেশ-ভবনের প্রদর্শনীর জন্য পুস্তকালয়ের কার্য্য স্থানাভাবে অনেকটা বিশৃঙ্খল হইয়া যাওয়ায় তাহা কার্য্যেতে ঘটিয়া উঠে নাই। আশা করা যায়, এ বৎসরে (১৩২০ বঙ্গাব্দে) কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই অভাব পূর্ণ করিতে পারিবেন। অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে কলিকাতা-মিউনিসিপালিটি পরিষৎ-গ্রন্থাগারের জন্য ৩০০৲ টাকা সাহায্য করিয়াছেন। এই

সাহায্যের জন্য মিউনিসিপালিটির নিকট পরিষৎ আন্তরিক কৃতজ্ঞ। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও পরিষদের সদস্য ও বন্ধুগণ অনেক পুস্তক ও প্রাচীন পুথি গ্রন্থাগারে উপহার দিয়াছেন। ঐ উপহারদাতৃগণের মধ্যে শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ দাস এম্ এ. বি এল্ মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। আলোচ্য বর্ষে বঙ্গদেশীয় ও ভারতবর্ষীয় গবর্মেণ্টের নিকট অনেক পুস্তক উপহারস্বরূপ পরিষদের গ্রন্থাগারে পাওয়া গিয়াছে। সাহিত্য-পরিষদের পুস্তকালয়ে যাহাতে বঙ্গভাষায় মুদ্রিত প্রত্যেক গ্রন্থের এক এক খণ্ড রক্ষিত হয়, তজ্জন্য গত কয়েক বৎসর হইতে চেষ্টা করা হইতেছে; কিন্তু তাহাতে আশানুরূপ ফল পাওয়া যাইতেছে না। যাহাতে পরিষদে বাঙ্গালা ভাষায় মুদ্রিত সমস্ত পুস্তকের এক এক খণ্ড করিয়া প্রেরিত হয়, তজ্জন্য পরিষৎ প্রত্যেক গ্রন্থকার ও গ্রন্থপ্রকাশকের নিকট সনির্ব্বন্ধ অনুরোধ করিতেছেন। আলোচ্য বৎসরে চট্টগ্রামে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের যে অধিবেশন হইয়াছিল, তাহাতে সর্ব্ববাদিসম্মতিক্রমে এই উদ্দেশ্যানুযায়ী নিম্নলিখিত সঙ্কল্পটি গৃহীত হইয়াছিল :-

"বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন প্রত্যেক গ্রন্থকার ও গ্রন্থপ্রকাশককে স্বপ্রণীত ও প্রকাশিত গ্রন্থের এক এক খণ্ড সাহিত্য-পরিষদের পুস্তকালয়ে উপহার দিবার জন্য অনুরোধ করিতেছেন।"

এই সঙ্কল্পের প্রতিলিপি অনেক গ্রন্থকার ও গ্রন্থপ্রকাশকের নিকট প্রেরিত হইয়াছে। পরিষৎ আশা করেন যে, বঙ্গদেশের যাবতীয় গ্রন্থকার ও গ্রন্থপ্রকাশক পরিষৎকে নিজ নিজ রচিত ও প্রকাশিত গ্রন্থ উপহার দিয়া পরিষদের গ্রন্থাগারের সম্পদ্ বৃদ্ধি করিবেন। আলোচ্য বৎসরে মোট ৫৪০ খানি পুস্তক সংগৃহীত হইয়াছে, তন্মধ্যে ৪০৯ খানি পুস্তক উপহার পাওয়া গিয়াছিল এবং ১৩১ খানি ক্রীত পুস্তকের মধ্যে ৭৭ খানি দুষ্প্রাপ্য গ্রন্থ ক্রয় করা হইয়াছিল। পরিষদের পাঠাগারে যে সমস্ত সাময়িক পত্রের সম্পাদকগণ পরিষৎ-পত্রিকার বিনিময়ে তাঁহাদের সাময়িক পত্র প্রেরণ করিতেছেন, এই উপলক্ষে তাঁহাদিগকে ধন্যবাদ জানাইতেছি। আলোচ্য বর্ষে পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের পাঠাগার সাধারণের জন্য উন্মুক্ত ছিল। ইহাতে সাময়িক পত্রের মধ্যে ১০৮ খানি মাসিক পত্রিকা, ১ খানি ত্রৈমাসিক, ২ খানি পাক্ষিক, ৬০ খানি সাপ্তাহিক ও ৫ খানি দৈনিক পত্র এই পাঠাগারে আসিয়া থাকে। সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের তত্ত্বাবধানে এবং শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় মহাশয়ের যত্নে পরিষদের পুথির তালিকা সঙ্কলিত হইতেছে। আলোচ্য বর্ষেও পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের অনেক সদস্য ও হিতৈষী পরিষদের গ্রন্থাগারে অনেক প্রাচীন পুথি উপহার দিয়াছেন। তন্মধ্যে বিজ্ঞানাচার্য্য ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়, ভাগলপুর শাখা পরিষৎ-সম্পাদক শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় এবং বরিশালের শ্রীযুক্ত কিরণচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়গণের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। আলোচ্য বর্ষে যে সমস্ত পুথি পরিষদে উপহার পাওয়া গিয়াছে, তন্মধ্যে নিম্নলিখিত পুথি কয়েকখানি বিশেষ উল্লেখযোগ্য ;—

(১) অদ্ভুত রামায়ণ—কৈলাসচন্দ্র বসু-প্রণীত। এই গ্রন্থকারের নাম নূতন।

(২) অনুশোচিক পর্ব্ব—(মহাভারত) কাশীরাম দাস-রচিত। এই পর্ব্ব প্রচলিত ১৮শ পর্ব্বের অতিরিক্ত। কুরুক্ষেত্র-যুদ্ধে স্বজনগণের নিধনে যুধিষ্ঠিরের শোক এবং ব্যাস কর্ত্তৃক হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপুর বৃত্তান্ত বর্ণনা এই পুথির প্রতিপাদ্য বিষয়।

(৩) দণ্ডী পর্ব্ব—কাশীরাম দাস-বিরচিত। এই গ্রন্থের প্রতিপাদ্য বিষয় সকলেরই বিদিত। এ পর্য্যন্ত বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে নিম্নলিখিত তিনজন দণ্ডীপর্ব্ব-রচয়িতার নাম পাওয়া গিয়াছে ;—

ক। রাজারাম দত্ত খ। কবি মহাচন্দ্র ও গ। কবি উমাকান্ত। এই গ্রন্থকর্ত্তার নাম নূতন এবং পশ্চিমবঙ্গে এই দণ্ডীপর্ব্বের বহুল প্রচার ছিল।

৪। কৃষ্ণচরিত—দ্বিজ হরিদাসকৃত। এই গ্রন্থকার নূতন।

৫। মহাভারত পয়ার—কৈলাসচন্দ্র বসু-রচিত। এই গ্রন্থকার নূতন।

৬। চণ্ডিকামঙ্গল—হরিনারায়ণ দাস প্রণীত। এই গ্রন্থকারও নূতন।

৭। দুর্গামঙ্গল—দ্বিজ কেবলরাম-প্রণীত। এই গ্রন্থকারও নূতন।

৮। নিয়ত মঙ্গল চণ্ডী—বাণীরাম ঠাকুর-রচিত। এই গ্রন্থকারও নূতন।

৯। একাদশীর পাঁচালী—সাগর বসুর কৃত। এই গ্রন্থকার নূতন।

১০। জগন্নাথ-মাহাত্ম্য—সুবুদ্ধি দাসকৃত। এই গ্রন্থকারও নূতন।

১১। জগন্নাথ-মঙ্গল—দ্বিজ মধুকণ্ঠকৃত। এই গ্রন্থকার নূতন।

১২। বর্ণপত্রিকা—বলাই ব্রাহ্মণকৃত। এই গ্রন্থকার নূতন।

১৩। উদ্যোগ পর্ব্ব—রাজীব সেন প্রণীত। বাঙ্গালা-সাহিত্যের ইতিহাসে এই গ্রন্থকারের রচিত মহাভারতের উল্লেখ এই প্রথম।

১৪। যম সংবাদ—এই পুথিখানি নূতন। ইহা কৃষ্ণজীবন দাস-প্রণীত। সংসারের অনিত্যতা প্রদর্শন, কলিযুগে পাপপুণ্যার্জ্জিত দণ্ড পুরস্কারের আলোচনা প্রভৃতি এই গ্রন্থের আলোচ্য বিষয়।

বিদ্যাসাগর লাইব্রেরী

লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের নির্দ্দেশমতে বিদ্যাসাগর লাইব্রেরী আলোচ্য বর্ষেও পরিষৎ-মন্দিরে রক্ষিত ছিল।

চিত্রশালা

পরিষদের নূতন নিয়মানুসারে চিত্রশালাধ্যক্ষ নামক এক নূতন অবৈতনিক কার্য্যাধ্যক্ষের পদ সৃষ্টি হইয়াছে এবং শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় আলোচ্য বর্ষে পরিষদের চিত্রশালাধ্যক্ষ নিযুক্ত হইয়াছেন। আলোচ্য বর্ষে রাখাল বাবুর সাহায্যে ও নগেন্দ্র বাবুর অধ্যক্ষতায় চিত্রশালার কার্য্যাদি সুপরিচালিত হইয়াছে। আলোচ্য বর্ষে চিত্রশালায় ৩৭টি প্রস্তরমূর্ত্তি, কতকগুলি মিনা-করা ইষ্টক, চারিখানি সুপ্রাচীন তিব্বতীয় চিত্র ও ৩৮টি মুদ্রা সংগৃহীত হইয়াছে। পরিষদের যে সমস্ত হিতৈষী এই সকল মুদ্রা, মূর্ত্তি প্রভৃতির দান দ্বারা চিত্রশালার সম্পদবৃদ্ধি করিয়াছেন, তাঁহাদের নিকট পরিষৎ বিশেষ ভাবে কৃতজ্ঞ। এই সমস্ত দাতার মধ্যে মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর, শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর, শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়গণের নাম বিশেষভাবে

উল্লেখযোগ্য। শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র মহাশয় কর্তৃক সংগৃহীত চন্দ্রদ্বীপপতি দনুজমর্দ্দন দেবের মুদ্রা ঐতিহাসিক হিসাবে বিশেষ ভাবে উল্লেখযোগ্য।

**গ্রন্থপ্রকাশ**

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় গ্রন্থপ্রকাশ-সমিতির সম্পাদক ছিলেন এবং নিম্নলিখিত ৫ পাঁচখানি গ্রন্থ পরিষৎ গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইয়াছে।—

১। **ব্রতকথা**—শ্রীমতী কিরণবালা দাসী-সঙ্কলিত। এই পুস্তকে রাঢ়দেশে পারিবারিক ধর্ম্ম-কর্ম্ম উপলক্ষে অনুষ্ঠিত ব্রতগুলি সম্বন্ধে যে সকল কথা প্রচলিত আছে, তাহাই সঙ্কলিত হইয়াছে। এই গ্রন্থে ব্রতকথাগুলির ভাষায় প্রাদেশিকতা যথাসম্ভব রক্ষিত হইয়াছে। মহিলাকর্ত্তৃক প্রণীত কোন গ্রন্থই ইতিপূর্ব্বে পরিষৎ কর্তৃক প্রকাশিত হয় নাই। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় এই গ্রন্থের একটি ভূমিকা লিখিয়াছেন এবং পরিষদের হিতৈষী সদস্য শ্রীযুক্ত পূর্ণানন্দ ঘোষ রায় মহাশয় এই গ্রন্থ মুদ্রণের সমস্ত ব্যয়ভার বহন করিয়াছেন। পরিষৎ এজন্য পূর্ণবাবুর নিকট কৃতজ্ঞ।

২। **রাসায়নিক পরিভাষা**—বিজ্ঞানাচার্য্য ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়-সম্পাদিত। এই পুস্তকে কিঞ্চিদধিক ৩০ খানি সংস্কৃত গ্রন্থ হইতে রসায়নশাস্ত্র-সম্বন্ধীয় পারিভাষিক শব্দ সঙ্কলিত হইয়াছে।

৩। **শ্রীমদ্রামানুজাচার্য্যের শ্রীভাষ্য (২য় খণ্ড)**—এই ভাষ্যের ১ম খণ্ড গত বৎসর প্রকাশিত হইয়াছে। দ্বিতীয় খণ্ডও প্রথম খণ্ডের ন্যায় শ্রীযুক্ত পণ্ডিত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ মহাশয় কর্তৃক অনূদিত ও সম্পাদিত হইয়া বাহির হইয়াছে এবং পরিষদের পরমহিতৈষী রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের ব্যয়ে ইহা মুদ্রিত হইয়াছে। প্রথম খণ্ড যে প্রকারে সম্পাদিত হইয়াছিল, দ্বিতীয় খণ্ডও সেই ভাবে সম্পাদিত হইয়াছে। প্রথম খণ্ডে প্রকাশিত প্রথম অধ্যায়ের প্রথম পাদের ৪টি সূত্র ব্যতীত এই খণ্ডে প্রথম অধ্যায়ের অবশিষ্ট সমস্ত অর্থাৎ ৪র্থ পাদ পর্য্যন্ত সমস্ত সূত্র ও ভাষ্যের বঙ্গানুবাদ সন্নিবিষ্ট হইয়াছে।

৪। **শব্দকোষ**—শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মহাশয়-লিখিত—যে বাঙ্গালা শব্দকোষ প্রকাশের ভার পরিষৎ গ্রহণ করিয়াছেন, বর্ত্তমান বর্ষে তাহার একখণ্ড শেষ হইয়াছে এবং এই খণ্ডে ক-বর্গ শেষ হইয়া চ-বর্গ আরম্ভ হইয়াছে।

৫। **কল্কিপুরাণ**—স্বর্গীয় রামলোচন দাস কর্তৃক এই অনুবাদ রচিত হইয়াছিল। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের সম্পাদকতায় এই পুস্তক প্রকাশিত হইয়াছে এবং পরিষদের পরমহিতৈষী সদস্য মহারাজ শ্রীযুক্ত গিরিজানাথ রায় বাহাদুর এই পুস্তক-মুদ্রণের সমুদয় ব্যয়ভার বহন করিয়া পরিষৎকে অশেষ কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন।

গ্রন্থপ্রকাশ প্রসঙ্গে কয়েকটি অতি সুসংবাদ পরিষদের সদস্য ও হিতৈষিগণকে জ্ঞাপন করা

যাইতেছে। পরিষদের শুভানুধ্যায়ী ব্যক্তিমাত্রেই শুনিয়া সন্তুষ্ট হইবেন যে, স্থানীয় রাজ-সরকার বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্যে সন্তোষ প্রকাশ করিয়া এবং পরিষৎকে কার্য্যে আরও উৎসাহিত করিবার জন্য গ্রন্থপ্রকাশ তহবিলে বাৎসরিক ১২০০৲ বার শত টাকা সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন। কিন্তু এই সাহায্য গ্রহণ করিতে হইলে পরিষৎকেও গ্রন্থপ্রকাশের জন্য নিজ তহবিল হইতে বাৎসরিক ২৪০০৲ চব্বিশ শত টাকা ব্যয় করিতে হইবে। এই সাহায্যদানের জন্য বঙ্গীয় সাহিত্য-পরিষৎ বঙ্গের শাসনকর্ত্তা সদাশয় মহামতি লর্ড কারমাইকেলকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন এবং যে সকল বন্ধুর চেষ্টায় গবর্ণমেণ্টের এই দান আমাদের হস্তগত হইয়াছে, তাঁহাদিগকে পরিষৎ আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছেন। বাঙ্গালার রাজসরকার যে সর্ত্তে এই বাৎসরিক ১২০০৲ বার শত টাকা সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন, দেশীয় ধনী ব্যক্তিদিগের সাহায্য ব্যতিরেকে সেই সর্ত্তানুসারে কার্য্য করা পরিষদের পক্ষে বিশেষ কষ্টসাধ্য হইবে। সকলেই অবগত আছেন যে, সাহিত্য-পরিষদের পরমহিতৈষী বান্ধব লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর কয়েক বৎসর হইতে পরিষদের গ্রন্থপ্রকাশ তহবিলে বার্ষিক ৮০০৲ আট শত টাকা দান করিয়া আসিতেছেন। পরিষদের অত্যন্ত আনন্দের বিষয় এই যে, আগামী ৩ বৎসরের জন্য বিজ্ঞানসম্বন্ধীয় গ্রন্থপ্রকাশ তহবিলে বার্ষিক ১৫০৲ দেড় শত টাকা দান করিবার জন্য পাইকপাড়ার কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ বাহাদুর প্রতিশ্রুত হইয়াছেন। এতদ্ব্যতীত বরিশালের সুপ্রসিদ্ধ কবি জমিদার শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী মহাশয় গ্রন্থপ্রকাশ তহবিলে বার্ষিক ২৫০৲ আড়াই শত টাকা সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন। বঙ্গদেশে ধনী লোকের অভাব নাই এবং পরিষদের পক্ষে গৌরবের বিষয় যে, ইঁহাদের অনেকেই পরিষদের সদস্যশ্রেণীভুক্ত। আশা করি, তাঁহারা সকলে একত্র হইয়া সদাশয় গবর্মেণ্টের সাহায্যপ্রাপ্ত এই কার্য্যে যথোচিত সহানুভূতি প্রদর্শন পূর্ব্বক মাতৃভাষার ও স্বদেশের গৌরববর্দ্ধনে যত্নবান হইবেন। পরিষৎকে স্বীয় কার্য্যে উৎসাহিত করিবার জন্য গবর্ণমেণ্ট ২০০ খণ্ড সাহিত্য-পরিষৎ-পত্রিকা গ্রহণ করিতে সম্মত হইয়াছেন এবং এতদ্ব্যতীত আরও জানাইয়াছেন যে, প্রয়োজন মত মাঝে মাঝে পরিষৎ-গ্রন্থাবলী ক্রয় করিয়া পরিষৎকে সাহায্য করিবেন। আলোচ্য বর্ষে গবর্মেণ্টের নিকট হইতে গ্রন্থপ্রকাশার্থ সাহায্য জন্য ১২০০৲ বার শত টাকা এবং দুই শত খণ্ড সাহিত্য-পরিষৎ-পত্রিকার মূল্য পাওয়া গিয়াছে। এই সম্বন্ধে গবর্মেণ্টের নিকট হইতে যে পত্র পাওয়া গিয়াছে, তাহার প্রতিলিপি পরপৃষ্ঠায় প্রদত্ত হইল।—

No. 2213 T. G.

From

J. H. Kerr, Esq., C. I. E., I. C. S.,

Secretary to the Government of Bengal,

To

The Honorary Secretary

Bangiya Sahitya Parishad, Calcutta.

General Department,
Miscellaneous Branch.

Darjeeling, the 19th October, 1912.

Sir,

I am directed to refer to your letter No. 976 19, dated the 26th June 1912, in which the following prayers have been made on behalf of the Bangiya Sahitya Parishad.

That the Government be pleased (1) to subscribe for a substantial number of copies of the quarterly Journal and Proceedings of the Parishad of which 4 ordinary quarterly issues and occasional extra-ordinary issues are published every year.

(2) to buy from time to time the Parishad's literary publications for distribution to school and college libraries:

(3) to allot an annual grant of Rs. 3,600/- in aid of the Society's publication fund;

(4) to supply the Government reports and scientific publications including the Calcutta Gazette, to the Parishad Library.

2. In consideration of the excellent work done by the Bangiya Sahitya Parishad in the department of Indian history and Bengali literature and of the educational value and the worth of its publications, the Governor in Council is pleased to direct that an annual grant of Rs. 1,200/- shall be given in aid of the Society's publication fund on condition that the Parishad spends at least double this amount under this head from its own resources.

3. Two hundred copies of the quarterly Journal of the Bangiya Sahitya Parishad will be purchased for distribution to schools and colleges and Inspecting Officers. The copies should be supplied direct to the Director of Public Instruction, Bengal, and the bill for Rs. 675/- at Rs. 3-6-0 per copy should be submitted to him for payment. Two copies of the Journal should be supplied for the Secretariat Library and your bill for the same should be submitted to this Department. As regards the purchase of the literary publications of the Parishad, a copy of the list appended to your

letter is being forwarded to the Director of Public Instruction for information and for such action as may seem to him proper.

4. As for the Government reports and scientific publications I am to say that orders have been issued to the Officer-in-Charge Bengal Secretariat, Book Depot to supply the Parishad Library with a copy of each of the publications noted in the margin which are issued under the orders of the General Department of this Government. Copies of your letter under reply and of this letter will be forwarded to the other Departments of this Government for the issue of orders in respect of their publications.

1. Bengal Administration Report.
2. Education Report and Resolution thereon
3. Registration Report and Resolution on Triennial Report.
4. Emigration (Colonial and Inland) Reports and Resolutions.
5. Report on Archaeological Survey, Eastern Circle.

I have the honour to be,
Sir,
Your most obedint servent,
Sd. J. H. Kerr
Secretary to the Government of Bengal.

গবর্মেণ্টের প্রতিশ্রুত, রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের প্রতিশ্রুত ও কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহের প্রতিশ্রুত সাহায্য ব্যতীত গ্রন্থপ্রকাশ-সমিতির কার্য্যের জন্য আরও সাহায্য পাওয়া গিয়াছে। গত বৎসর কার্য্যবিবরণীতে বলা হইয়াছিল যে, রবীন্দ্র-সম্বর্দ্ধনা-সমিতির নিকট ১৮৪০।৶১০ পরিষৎ প্রাপ্ত হইয়াছিলেন। আলোচ্য বর্ষে এই সমিতির নিকট হইতে পরিষৎ আরও ৩৫৫৲ টাকা প্রাপ্ত হইয়াছেন। স্থির হইয়াছে যে, এই সমস্ত টাকা গ্রন্থপ্রকাশ-তহবিলভুক্ত হইবে। গত বৎসর কার্য্যবিবরণীতে বলা হইয়াছিল যে, রবীন্দ্র-সম্বর্দ্ধনা চিরস্মরণীয় করার জন্য শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় পরিষদের হস্তে ৫০০০৲ পাঁচ সহস্র মুদ্রা দিতে প্রতিশ্রুত হইয়া ২০০০৲ দুই সহস্র মুদ্রা অর্পণ করিয়াছেন। কি ভাবে এই ৫০০০৲ টাকা ব্যয়িত হইবে, তাহা গত বৎসর স্থির হইয়াছিল না। কিন্তু আলোচ্য বর্ষে তাহা স্থির হইয়াছে এবং এই সমস্ত টাকাই গ্রন্থপ্রকাশের জন্য ব্যয় হইবে। যে যে সর্ত্তে বিনয়বাবু পরিষদের হস্তে টাকা অর্পণ করিতেছেন ও পরিষৎ তাহা গ্রহণ করিতেছেন, সেই সর্ত্ত পরিশিষ্টে প্রকাশিত হইল। এই সমস্ত দানের জন্য সাহিত্য-পরিষৎ ও বঙ্গসাহিত্যের হিতৈষী মাত্রেই বিনয় বাবুর নিকট এবং রবীন্দ্র-সম্বর্দ্ধনা-সমিতির নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

প্রকাশিত গ্রন্থগুলি ব্যতীত আলোচ্য বর্ষে নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য অনেকদূর অগ্রসর হইয়াছে ;—

(১) শ্রীকৃষ্ণকীর্ত্তন ( চণ্ডীদাসের )—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়-সম্পাদিত।

(২) অবদান-কল্পলতা (২য় ভাগ)—রায় বাহাদুর শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি আই ই-সম্পাদিত।

(৩) শব্দকোষ (২য়)—শ্রীযুক্ত রায় যোগেশচন্দ্র বিদ্যানিধি রায় সাহেব-সম্পাদিত।

(৪) চণ্ডীদাসের পদাবলী—শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায়-সম্পাদিত।

(৫) অনিলপুরাণ—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী-সম্পাদিত।

(৬) মুদ্রিত বাঙ্গলা পুস্তকের তালিকা—শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ-সম্পাদিত।

এতদ্ব্যতীত পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ কর্তৃক বঙ্গানুবাদ সমেত শ্রীমৎ রামানুজাচার্য্যের শ্রীভাষ্য ৩য় খণ্ড, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী-সম্পাদিত অন্ধকবি ভবানীপ্রসাদের দুর্গামঙ্গল এবং শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সম্পাদিত উৎকীর্ণলিপিসঙ্কলন মুদ্রণের ব্যবস্থা হইতেছে।

পরিষৎ-গ্রন্থ-প্রকাশ-বিভাগের এই কার্য্যবিবরণীতে দেখা যাইতেছে যে, আলোচ্য বর্ষে শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয়ের তত্ত্বাবধানে পূর্ব্ব বৎসরের ন্যায় গ্রন্থাদি মুদ্রণের যাবতীয় কার্য্য সুপরিচালিত হইয়াছে। পরিষৎ এই জন্য খগেন্দ্র বাবুর নিকট বিশেষ কৃতজ্ঞ।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

আলোচ্য বর্ষে সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় পরিষদের পত্রিকাধ্যক্ষ ছিলেন। তিনি এই পদ গ্রহণ করার পূর্ব্বে ভূতপূর্ব্ব পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের সম্পাদকতায় ঊনবিংশ ভাগ পত্রিকার প্রথম সংখ্যা এবং মহামহোপাধ্যায় বিদ্যাভূষণ মহাশয় কর্তৃক সম্পাদিত হইয়া উক্ত ভাগের দ্বিতীয় ও তৃতীয় সংখ্যা প্রকাশিত হইয়াছে। ঐ তিন খণ্ড পত্রিকা-প্রকাশে অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয় বিশেষ সাহায্য করিয়াছেন এবং এই জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ। এই তিন সংখ্যা পত্রিকায় সভাপতি মহাশয়ের অভিভাষণ ব্যতীত বিষয়ভেদে নিম্নলিখিত ১৯টি প্রবন্ধ প্রকাশিত হইয়াছে ;—

| | | |
|---|---|---|
| প্রাচীন সাহিত্য সম্বন্ধে | | ১টি |
| ভাষাতত্ত্ব | „ | ৭টি |
| ইতিহাস ও প্রত্নতত্ত্ব | „ | ৭টি |
| সংস্কৃত সাহিত্য | „ | ১টি |
| বিজ্ঞান | „ | ১টি |

**প্রাচীন সাহিত্য**—(ক) "দীপিকাচ্ছন্দ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য মহাশয় বলিয়াছেন যে, দীপিকাচ্ছন্দ নামক অসমীয়া গ্রন্থ স্বর্গীয় রায় মাধবচন্দ্র বড়দলই কর্ত্তৃক সম্পাদিত হইয়া প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থের সম্পাদক স্বর্গীয় বড়দলই মহাশয় লিখিয়াছেন যে, এই গ্রন্থোক্ত জিতারি বংশের শেষ রাজা রামচন্দ্রের বংশধর ছিলেন এবং ইহা কাহারও

কাহারও মতে অসমীয়া ভাষায় প্রাচীনতম গ্রন্থ। বিদ্যাবিনোদ মহাশয় তাঁহার প্রবন্ধে দেখাইয়াছেন যে, গ্রন্থকার জিতারিবংশীয় ছিলেন না, পরন্তু তিনি নিজকে দাশরথি রামের বংশধর বলিয়া পুনঃ পুনঃ পরিচয় দিয়াছেন। কিন্তু গ্রন্থের প্রাচীনত্ব সম্বন্ধেও প্রবন্ধকার অত্যন্ত সন্দেহ করেন। তিনি বলেন যে, গ্রন্থখানি নিতান্ত আধুনিক।

(খ) "ভক্ত নারায়ণদাস ঠাকুর" নামক প্রবন্ধে শ্রীযুক্ত উমেশচন্দ্র দে মহাশয় মহাপুরুষীয় সম্প্রদায়ভুক্ত ভক্ত নারায়ণ দাস ঠাকুরের ( নারায়ণ ভকত ) পরিচয় প্রদান করেন।

**ভাষাতত্ত্ব**—(ক) ভাষাতত্ত্ব সম্বন্ধে শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার মহাশয় "ভারতবর্ষের বর্ণমালা" নামক প্রবন্ধে বলিয়াছেন যে, দ্রবিড়েরা আর্য্যজাতির প্রাচীন বর্ণমালা ও লিপির অক্ষর গ্রহণ করিয়াছিল বটে, তথাপি তামিলের বর্ণমালা নিতান্ত অসম্পূর্ণ। এই ভাষাতে বর্গীয় অনুনাসিক বাদে অতি অল্প কয়েকটি অক্ষর ব্যঞ্জন বর্ণে ব্যবহৃত হয়। কিন্তু অক্ষর সম্বন্ধে এই পার্থক্য থাকিলেও তামিলের আদিম বর্ণমালার সহিত আদিম বৈদিক উচ্চারণের বৈজ্ঞানিক নৈকট্য আছে। সুতরাং এ কথা বলা যাইতে পারে যে, তামিলের ব্যঞ্জন উচ্চারণের যে যে মৌলিক বর্ণ ছিল এবং আছে, আদিম বৈদিকে কেবল সেই কয়েকটি অক্ষরই ছিল।

(খ) "বাঙ্গালা শব্দ তথা বানান ও লিখন সমস্যা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ মহাশয় অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায়-প্রবর্ত্তিত লিখন বানান প্রভৃতি সম্বন্ধে আলোচনা করিয়াছেন।

(গ) শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় মহাশয় "প্রাচীন বাঙ্গালা ভাষার দুইটি বিশেষত্ব" নামক প্রবন্ধে অনেক দৃষ্টান্ত দ্বারা প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়াছেন যে, এক কালে বাঙ্গালা ভাষায় আ-বর্ণ-প্রিয়তা ছিল এবং মাগধ-প্রাকৃতের প্রভাবে বা পালিভাষার প্রভাবে বাঙ্গালার অনুনাসিকপ্রিয়তা আসিয়াছিল ও বীরভূম প্রভৃতি অঞ্চলে বাঙ্গালার ক্রিয়ার পদগুলিতে সেই প্রাচীন কালের অনুনাসিকপ্রিয়তা এখনও সংরক্ষিত হইয়াছে।

এই তিনটি প্রবন্ধ ব্যতীত (ঘ) শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় "নদীয়া জেলার গ্রাম্যশব্দ" সম্বন্ধে, (ঙ) শ্রীযুক্ত দেবনারায়ণ ঘোষ মহাশয় "ব্রহ্মপুত্রোপত্যকার লেখ্য ও কথ্য শব্দ" সম্বন্ধে, (চ) শ্রীযুক্ত কৃষ্ণনাথ সেন মহাশয় "ময়মনসিংহের অন্তর্গত টাঙ্গাইল অঞ্চলের গ্রাম্য ভাষার অভিধান" সম্বন্ধে এবং (ছ) শ্রীযুক্ত সুরেশচন্দ্র দাশগুপ্ত মহাশয় "বগুড়া জেলার গ্রাম্য শব্দ" সম্বন্ধে কতকগুলি গ্রাম্য শব্দের তালিকা দিয়াছেন।

**ইতিহাস ও প্রত্নতত্ত্ব**—(ক) শ্রীযুক্ত কৈলাসচন্দ্র সিংহ বিদ্যাভূষণ মহাশয় "গৌহাটীর নূতন তাম্রশাসন" নামক প্রবন্ধে কামরূপপতি ধর্ম্মপাল বর্ম্মার একখণ্ড তাম্রশাসনের পরিচয় প্রদান করেন। এই শাসন-পত্রে লিখিত আছে যে, ধর্ম্মপাল বর্ম্মদেবের পিতার নাম শ্রীহর্ষ পাল ও মাতার নাম নয়না দেবী। প্রবন্ধকার বলেন যে, ডাঃ হর্ণলি বলবর্ম্মা, রত্নপাল ও ইন্দ্রপালের যে সময় নির্দ্দেশ করিয়াছেন, তাহা ঠিক নহে। ডাঃ হর্ণলির মতে বলবর্ম্মা, রত্নপাল ও ইন্দ্রপালের পূর্ব্ববর্ত্তী ছিলেন। বলবর্ম্মণ্ হরজরবংশীয়। কৈলাস বাবুর মতে ধর্ম্মপালের পর হরজরবংশের অভ্যুদয় হইয়াছিল।

(খ) "ধর্ম্মপালের গড়" নামক প্রবন্ধে শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্.এ মহাশয় উত্তরবঙ্গ

রেলস্থিত ডোমার নামক ষ্টেসনের নিকটবর্ত্তী ধর্ম্মপালের গড় নামক একটি প্রাচীন গড়ের ভগ্নাবশেষের পরিচয় প্রদান করেন এবং এই গড়ের ঐতিহাসিক তত্ত্ব অনুসন্ধান করিতে প্রবৃত্ত হইয়া এই ধর্ম্মপাল কে, তাহা নির্ণয় করিবার চেষ্টা করেন। কৃষ্ণবিহারী বাবু কোন স্থির-সিদ্ধান্তে উপনীত হইতে পারেন নাই। তাঁহার মতে এই গড় পালবংশীয় রাজা ধর্ম্মপালের নির্ম্মিত একটি দুর্গ হইতে পারে অথবা একাদশ শতাব্দীর প্রারম্ভে ধর্ম্মপাল নামক কোন রাজার উত্তরবঙ্গে রাজত্বকালে এই গড় তাঁহার দ্বারাই নির্ম্মিত হইয়াছিল ও পাল-রাজগণের সহিত এই ধর্ম্মপালের বংশগত কোনও সংশ্রব ছিল না।

(গ) "প্রাচ্য ও উদীচ্য" নামক প্রবন্ধে শ্রীযুক্ত শারদাচরণ চক্রবর্ত্তী মহাশয় সংস্কৃত গ্রন্থাদি হইতে প্রমাণ সংগ্রহ পূর্ব্বক প্রাচ্য ও উদীচ্যের সীমানা নির্দ্দেশ করিতে চেষ্টা করিয়াছেন। তাঁহার মতে দিল্লী হইতে পূর্ব্ববর্ত্তী সমস্ত ভূভাগ এবং দিল্লীর পশ্চিমভাগে অবস্থিত পাঞ্চাল ও কুরুজাঙ্গল জনপদ প্রাগ্‌দেশের অন্তর্গত ছিল। শতদ্রু নদীর পশ্চিম ভূভাগ উদক্‌ দেশের অন্তর্গত ছিল এবং বাহীক জনপদ ব্যতীত কেকয়, কাশ্মীর প্রভৃতি দেশগুলিও উদীচ্য দেশের অন্তর্ভুক্ত ছিল।

(ঘ) 'শূরনগর' প্রবন্ধে শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী মহাশয় বলেন যে, বিক্রমপুরে আদিশূরের রাজধানী ছিল বলিয়া যে মত প্রচলিত আছে, তাহা ঠিক নহে। বর্দ্ধমান জেলার মঙ্গেশ্বর থানার অন্তর্গত শূরো নামক গ্রামের উল্লেখ করিয়া লেখক বলেন যে, বোধ হয়, এই গ্রাম আদিশূরের রাজধানী শূরনগরের ধ্বংসাবশেষ এবং এই স্থানের সন্নিকটে আরও যে সমস্ত গ্রাম আছে, তাহাদের নাম আলোচনা করিলে মনে হয় যে, এই সকল স্থান পর্য্যন্ত আদিশূরের রাজধানী বিস্তৃত ছিল।

(ঙ) "কাশীরাম দাসের জন্মস্থান" নামক প্রবন্ধে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় বিষ্ণুপুর হইতে পরিষদের জন্য সংগৃহীত ও ক্রীত একখানি কাশীরাম দাসের আদি-পর্ব্বের উল্লেখ করিয়া বলেন যে, কাশীরামের জন্মভূমি 'সিঙ্গী' গ্রামেই ছিল। সিদ্ধি গ্রামে কাশীরামের জন্মভূমি বলিয়া যে মত প্রচলিত আছে, তাহা ভ্রান্ত।

(চ) শ্রীযুক্ত সুরেন্দ্রমোহন ঘোষ চৌধুরী মহাশয় "ছিলমাবাদের মেলার কাহিনী" নামক প্রবন্ধে ময়মনসিংহ জেলার টাঙ্গাইলের একটি স্থানে চৈত্রসংক্রান্তির দিন যে মেলা অনুষ্ঠিত হয়, তাহার একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিয়াছেন। যে স্থানে এই মেলা হয়, তাহার নিকট প্রায় ৩০০ বৎসরের পুরাতন একটি মন্দির আছে এবং স্থানীয় কিংবদন্তী অনুসারে এই মেলার বয়ঃক্রম ২০০ বৎসরের কম নহে।

(ছ) "সদাশিব" নামক প্রবন্ধে শ্রীযুক্ত দ্বারকানাথ চৌধুরী মহাশয় আসাম প্রদেশের শিবসাগর জেলার অন্তর্গত নিগ্রিটিং শৈলোপরি রাজা রাজেশ্বর সিংহ কর্ত্তৃক প্রতিষ্ঠিত 'সদাশিবে'র পরিচয় প্রদান করেন। সদাশিবের বর্ত্তমান মন্দির প্রায় ১৫০ বৎসরের প্রাচীন।

**সংস্কৃত সাহিত্য**—(ক) শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ বেদান্তরত্ন এম্ এ মহাশয় "মহাভারতের বঙ্গানুবাদ" নামক প্রবন্ধে অনেক দৃষ্টান্ত দ্বারা বর্ত্তমান সময়ে বঙ্গভাষায় প্রচলিত

মহাভারতগুলির সহিত মূল মহাভারতের অসামঞ্জস্যের উল্লেখ করিয়া মহাভারতের একখানি অনুবাদ-প্রকাশের প্রস্তাব করেন।

**বিজ্ঞান**—(ক) "গঙ্গা ও ব্রহ্মপুত্রোপত্যকার পলিভূমির কর্দ্দম" নামক প্রবন্ধে শ্রীযুক্ত সুরেশচন্দ্র দত্ত মহাশয় রাজসাহীর অন্তর্গত দয়ারামপুরে প্রাপ্ত কর্দ্দমের রাসায়নিক বিশ্লেষণ প্রদান করেন এবং ইহাতে টীন ও সীসার অস্তিত্ব নির্দ্দেশ করেন এবং বলেন যে, ব্রহ্মপুত্র ও তিস্তাবাহিত টীন ও সীসাযুক্ত গ্রানিট বা পেগ্‌মিটিট প্রস্তরের ধ্বংসাবশেষে এই কর্দ্দম উৎপন্ন হইয়াছে।

(খ) "যশোহরে প্রাপ্ত তিনটি গোলা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয় মহারাজা প্রতাপাদিত্য-কীর্ত্তির ধ্বংসাবশেষ হইতে প্রাপ্ত ও পরিষদের চিত্রশালার অন্তর্গত তিনটি গোলার বিবরণ প্রদান করেন এবং তন্মধ্যে একটি গোলার উপাদান বিশেষ ভাবে পরীক্ষা করিয়া বলেন যে, বোধ হয়, রাজমহল পাহাড় হইতে আনীত প্রস্তর দ্বারা এই গোলা প্রস্তুত করা হইয়াছিল।

পরিষৎ-পত্রিকা-প্রকাশে পত্রিকাপরিচালন-সমিতি যথোচিত সাহায্য করিয়াছেন। উপরে পত্রিকায় প্রকাশিত প্রবন্ধগুলির যে সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হইল, তাহা হইতে সকলেই অতি সহজেই বুঝিতে পারিবেন যে, নানাবিষয়সম্বন্ধীয় মৌলিক অনুসন্ধানের ফল পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইতেছে এবং যে সমস্ত প্রবন্ধে কোনরূপ মৌলিক অনুসন্ধানের পরিচয় না থাকে, সে সকল প্রবন্ধ পত্রিকায় প্রকাশিত হয় না। সাহিত্য-পরিষৎ-পত্রিকার এইটি বিশেষত্ব এবং যাহাতে এই বিশেষত্ব সুরক্ষিত হয়, তজ্জন্য পত্রিকাধ্যক্ষ ও পত্রিকা-পরিচালন-সমিতি সর্ব্বদাই অতি সতর্কভাবে কাজ করিয়া থাকেন। অন্যান্য দেশে মৌলিক গবেষণায় নিযুক্ত যে সমস্ত সভা-সমিতি আছে এবং তাহাদের মুখপত্রস্বরূপ যে সকল পত্রিকা আছে, সেই সকল পত্রিকার জন্য প্রবন্ধ নির্ব্বাচনেও বিশেষজ্ঞের সাহায্য গ্রহণ করা হয়। পরিষৎ সানুনয়ে আমাদের দেশীয় কৃতবিদ্যগণের নিকট প্রার্থনা করিতেছেন যে, তাঁহাদের মধ্যে যাঁহারা নূতন তথ্যাদির অনুসন্ধানে ব্যাপৃত আছেন, তাঁহারা যেন অনুগ্রহপূর্ব্বক তাঁহাদের পরিশ্রমলব্ধ অনুসন্ধানের ফল মাতৃভাষার সাহায্যে পরিষৎ-পত্রিকার মধ্য দিয়া সাধারণের নিকট প্রকাশিত করেন। নানাকারণে আমাদের সুধীগণদ্বারা প্রচারিত নূতন তথ্যের আবিষ্কারবার্ত্তা বিদেশীয় ভাষায় বিদ্বৎসমাজে প্রকাশিত হইতেছে। কিন্তু পরিষৎ আশা করেন যে, যাঁহারা কেবলমাত্র বিদেশী ভাষার সাহায্যে নিজেদের অনুসন্ধান বা আলোচনার ফল প্রকাশিত করিতেছেন, দেশ, ভাষা ও সাহিত্যের প্রতি অনুরাগ ও শ্রদ্ধাপূর্ব্বক তাঁহারা মাতৃভাষার সাহায্যে সুধীসমাজে প্রচার করিবেন। কোনও দেশের সাহিত্যকে যথার্থ গৌরব বা সম্মান লাভ করিতে হইলে সেই ভাষাতে মৌলিক অনুসন্ধানাদির পরিচয় থাকা বিশেষভাবে আবশ্যকীয়। বাঙ্গালীর মস্তিষ্কপ্রসূত নূতন তথ্যাবলীর আবিষ্কার সর্ব্বপ্রথমে বাঙ্গালাভাষায় প্রচারিত করিয়া যাহাতে বাঙ্গালাভাষা ও সাহিত্য অন্যান্য সভ্যদেশীয় ভাষা ও সাহিত্যের সঙ্গে একত্রে প্রতিষ্ঠিত হইতে পারে, পরিষৎ-পত্রিকার কর্ত্তৃপক্ষগণ সর্ব্বদাই এই অতি উচ্চ আদর্শ সম্মুখে রাখিয়া কার্য্য করিতেছেন। যদিও ইউরোপ, আমেরিকা ও জাপানের তুলনায় বাঙ্গালা দেশে মৌলিক

গবেষণায় নিযুক্ত ব্যক্তির সংখ্যা অত্যন্ত অল্প, তথাপি বাঙ্গালীর মস্তিষ্ক দ্বারা যে কোনও নূতন সত্য আবিষ্কৃত হইতে পারে না, তাহা নহে। গত বৎসরের কার্য্যবিবরণীতে এই বিষয়ের বিশেষভাবে উল্লেখ করা হইয়াছিল। যে দিন হইতে রুষদেশীয় প্রসিদ্ধ রাসায়নিক মেণ্ডেলিফ মাতৃভাষার সাহায্যে স্বীয় গবেষণার ফল প্রকাশ করিতে আরম্ভ করিলেন, সেই দিন হইতে রুষদেশীয় ভাষার গৌরবের সূচনা হইল। সাহিত্য-পরিষৎ-পত্রিকাতে এমন অনেক নূতন সংবাদ প্রকাশিত হইয়াছে, যাহা বিদ্বৎসমাজে নূতন এবং পৃথিবীর অন্য কোন ভাষায় ইতিপূর্ব্বে প্রচারিত হয় নাই। পত্রিকাতে এ পর্য্যন্ত যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হইয়াছে, বিবরণসহ তাহাদের একটি সূচী প্রকাশ করিতে হইবে বলিয়া কার্য্যনির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন এবং আশা করা যায় যে, এই সূচী এই বৎসরেই প্রস্তুত হইবে। এই সূচী ইংরাজি ভাষাতেও প্রকাশিত হইবে এবং বিভিন্ন দেশে ইহা প্রচারিত হইলে তদ্দারা যে পরিষদের গৌরববৃদ্ধির বিশেষ সাহায্য হইবে, তাহাতে সন্দেহ করিবার কিছুই নাই। পরিষৎ-পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ কেবলমাত্র বিশেষজ্ঞদিগের উপযোগী হয়, ইহা ঠিক এবং গত কয়েক বৎসর হইল, এই বিষয় সম্বন্ধে যে আদর্শ লইয়া পরিষদের কর্ত্তৃপক্ষগণ কার্য্য করিতেছেন, ভরসা করা যায়, পরিষৎ সেই আদর্শ হইতে কখনও বিচলিত হইবেন না। পত্রিকা কেবলমাত্র বিশেষজ্ঞদের উপযোগী বটে, কিন্তু নানা বিষয়সম্বন্ধীয় গ্রন্থাদি প্রণয়ন দ্বারা পরিষৎ লোকশিক্ষাকার্য্যে সহায়তা করিতেছেন।

সাহিত্য-পরিষৎ-পত্রিকাতে সাহিত্যসম্বন্ধীয় প্রবন্ধাবলী প্রকাশিত হয় না এবং ইহাতে কেবলমাত্র ইতিহাস ও প্রত্নতত্ত্বাদিসম্পর্কীয় প্রবন্ধই প্রকাশিত হয়, এইরূপ অনুযোগ মাঝে মাঝে শুনিতে পাওয়া যায়। এই অভিযোগ সম্বন্ধে আমাদের প্রথম বক্তব্য এই যে, বঙ্গীয়-সাহিত্য-পরিষদে সাহিত্য-শব্দ অত্যন্ত ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। এ পর্য্যন্ত সাহিত্য-পরিষৎ-পত্রিকাতে যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হইয়াছে, সেগুলি আলোচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, পরিষদের প্রতি যে কেহ কেহ একদেশদর্শিতার অভিযোগ দিয়া থাকেন, তাহা প্রকৃত নহে। পত্রিকায় প্রকাশিত প্রবন্ধগুলির বিষয়ানুযায়ী এক তালিকা বৎসর বৎসর পত্রিকায় প্রদত্ত হইয়া থাকে। এই তালিকার প্রতি দৃষ্টিপাত করিলে দেখা যায় যে, সমস্ত বিষয় সম্বন্ধীয় প্রবন্ধই পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়া থাকে। তবে যদি কোন বৎসর কোন বিষয়ের প্রবন্ধ অধিক সংখ্যায় প্রকাশিত হয়, তজ্জন্য পরিষদের কর্ত্তৃপক্ষ দায়ী নহেন। আমাদের দেশীয় সকল শ্রেণীর কৃতবিদ্যগণ যদি তাঁহাদের গবেষণার ফল অনুগ্রহপূর্ব্বক পরিষদে প্রেরণ না করেন, তাহা হইলে পরিষৎ কি করিতে পারেন? পরিষৎ সংবাদ প্রাপ্ত হইয়া যথাসম্ভব উপযুক্ত প্রবন্ধাদি মাঝে মাঝে হস্তগত করেন বটে, কিন্তু এই ভাবে অধিক সংখ্যক প্রবন্ধ সংগ্রহ করা সম্ভবপর নহে। যে শ্রেণীর বিশেষজ্ঞগণ পরিষৎ-পত্রিকাতে প্রকাশার্থ প্রবন্ধাদি পাঠাইয়া দিবেন, উপযুক্ত হইলে বিষয়নির্ব্বিশেষে সেই প্রবন্ধই পত্রিকায় প্রকাশিত হইবে। পত্রিকায় প্রকাশযোগ্য প্রবন্ধে নূতন সংবাদ থাকা চাই। পত্রিকায় প্রকাশ সম্বন্ধে ইহাই যথেষ্ট। এ পর্য্যন্ত পত্রিকাতে কিঞ্চিদধিক ৪০০ প্রবন্ধ প্রকাশিত হইয়াছে এবং বিষয়ানুসারে শ্রেণীভেদ করিলে পরিষদের প্রকাশিত প্রবন্ধগুলি সম্বন্ধে নিম্নলিখিতরূপে আমরা শতকরা হিসাব করিতে পারি :—

| | |
|---|---|
| আধুনিক সাহিত্য | ৩.৭ |
| প্রাচীন সাহিত্য | ২০.৬ |
| গ্রাম্য সাহিত্য | ১০.০ |
| পুস্তক ও পুথির বিবরণ | ৮.২ |
| ভাষাতত্ত্ব | ১৭.৮ |
| বৈজ্ঞানিক পরিভাষা | ৭.৬ |
| ইতিহাস ও প্রত্নতত্ত্ব | ১৮.৮ |
| সংস্কৃত সাহিত্য | ২.৭ |
| বিজ্ঞান | ৫.২ |
| বিবিধ | ৫.৪ |
| | ১০০.০ |

এই সংখ্যা বিবেচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, সমস্ত শ্রেণীর প্রবন্ধই পরিষৎ-পত্রিকায় সাদরে প্রকাশিত হইয়া থাকে। এই তালিকা বিবেচনা করিলে দেখা যায় যে, এ পর্য্যন্ত দর্শন-সম্বন্ধে কোন প্রবন্ধই পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হয় নাই। দর্শনের জন্য যে দেশ ও যে জাতি চিরপ্রসিদ্ধ, সেই জাতি কর্তৃক পরিচালিত ও সেই দেশ হইতে প্রকাশিত পত্রিকাতে দর্শন সম্বন্ধে প্রবন্ধ গত ১৯ বৎসর মধ্যে একেবারেই প্রকাশিত হয় নাই, ইহা অত্যন্ত ক্ষোভ ও পরিতাপের বিষয়। এ বিষয়ে পরিষদের দার্শনিক সদস্যদিগের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিতেছি।

### সহায়ক-সদস্য

আলোচ্য বর্ষে পরিষদের সহায়ক সদস্য-সংখ্যা ১৩ ছিল। ইঁহাদের মধ্যে শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী, শ্রীযুক্ত মুন্সী আব্দুল করিম, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ কাব্যতীর্থ, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয়গণ পরিষদের পুথি সংগ্রহ, মাসিক অধিবেশনে পাঠের জন্য প্রবন্ধাদি প্রেরণ ও অন্যান্য নানাবিধ উপায়ে পরিষদের সহায়তা করিয়াছেন এবং অন্যতম সহায়ক সদস্য শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ এবং শ্রীযুক্ত অমৃতগোপাল বসু মহাশয় সম্বর্দ্ধনাদি অনুষ্ঠানে সাহায্য করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

### ছাত্র-সভা

আলোচ্য বর্ষে অধ্যাপক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয় অন্যতম সহকারী সম্পাদক নির্ব্বাচিত হওয়াতে অধ্যাপক শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয় ছাত্রসভ্যদের নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন। খগেন্দ্রবাবুর ছাত্রসভ্য-পরিদর্শকরূপে নির্ব্বাচনের পূর্ব্বে ছাত্রসভ্যদের দ্বারা নিয়মবদ্ধ বিশেষ কোন কাজ হইয়াছিল না। বিগত পাঁচ বৎসর ছাত্রসভ্য-পরিদর্শকরূপে কার্য্য করিয়া খগেন্দ্রবাবু ছাত্রদিগের মধ্যে প্রভূত পরিমাণে অনুসন্ধান ও গবেষণার প্রতি অনুরাগ জন্মাইতে সক্ষম হইয়াছিলেন। সাহিত্য-পরিষৎ এইজন্য খগেন্দ্রবাবুর নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে ছাত্রগণ বঙ্গের প্রাচীন সাহিত্য ও বর্ত্তমান রীতিনীতি, ক্রীড়া-কৌতুক, পুরাতত্ত্ব, ভাষাতত্ত্ব, সমাজতত্ত্ব প্রভৃতি নানাবিষয়ক উপাদান সংগ্রহ করিয়াছেন। এই বর্ষে

দশজন ছাত্রসভ্যের নিকট হইতে ২৮টি প্রবন্ধ পাওয়া গিয়াছে। গত বৎসরের ন্যায় বর্ত্তমান বৎসরেও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় প্রবন্ধগুলি পরীক্ষা করিয়াছেন এবং তাঁহার পরীক্ষার ফলে ১০ জনের প্রবন্ধই পুরস্কারযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে এবং নগেন্দ্রবাবুর পরামর্শানুসারে কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নির্দ্ধারিত ১০০৲ টাকা ছাত্রসভ্যগণের মধ্যে যোগ্যতানুসারে ভাগ করিয়া দেওয়া হইয়াছে।

পুরস্কার

আলোচ্য বৎসরে ৮টি পুরস্কার বিজ্ঞাপিত হইয়াছিল। গত কার্য্যবিবরণীতে আশানুরূপ পুরস্কার-প্রবন্ধ হস্তগত না হওয়াতে দুঃখ প্রকাশ করা হইয়াছিল। কিন্তু সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে অপেক্ষাকৃত অনেক প্রবন্ধ পরিষদের হস্তগত হইয়াছে। যাঁহাদের প্রবন্ধ পুরস্কার-যোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে, তাঁহাদের নাম, পুরস্কার-প্রবন্ধের বিষয়ের নাম ও পরীক্ষকগণের নাম নিম্নে প্রদত্ত হইল। যে সমস্ত বিদ্যোৎসাহী মহোদয় পরিষদের হস্তে এই সমস্ত পুরস্কারের অর্থ প্রদান করিয়াছেন, এই সুযোগে তাঁহাদিগকে পরিষদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। যাঁহারা অনুগ্রহপূর্ব্বক এই সকল প্রবন্ধ-পরীক্ষার ভার গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদিগকেও ধন্যবাদ জানাইতেছি। এই সমস্ত পুরস্কারের মধ্যে "হেমচন্দ্র-পুরস্কার" ও "রাধেশচন্দ্র জাতীয় শিক্ষাবৃত্তি" ব্যতীত আর কোনটিই স্থায়িভাবে স্বীকৃত হয় নাই। পরিষৎ আশা করেন যে, এই সকল পুরস্কার দাতৃগণের অনুগ্রহে অচিরে স্থায়ী হইবে।

| পুরস্কার বা পদক | প্রবন্ধের বিষয় | পরীক্ষক | পুরস্কৃত ব্যক্তি | পুরস্কারের বিবরণ |
|---|---|---|---|---|
| ১। হেমচন্দ্র স্বর্ণ-পদক | কবিবর হেমচন্দ্রের কবিতার ছন্দ ও অলঙ্কার | শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার | (উপযুক্ত প্রবন্ধ না আসাতে কেহই পান নাই) | একটি স্বর্ণপদক |
| ২। প্রভাবতী পুরস্কার | প্রচলিত বাঙ্গালা ব্রতকথা অবলম্বনে নারীজাতির গার্হস্থ্য ধর্ম্ম | শ্রীযুক্ত সারদাচরণ মিত্র | শ্রীমতী কনকলতা গুপ্তা | ৪৲ মূল্যের পুস্তক |
| ৩। কৃষ্ণবিনোদিনী স্বর্ণপদক | বাঙ্গালার বাউল-সম্প্রদায়ের ইতিবৃত্ত | মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী | শ্রীযুক্ত নলিনী-রঞ্জন পণ্ডিত | ১০০৲ মূল্যের স্বর্ণপদক |
| ৪। বীরেশ্বর পাঁড়ে পুরস্কার | বেদের সংহিতা-ভাগে অদ্বৈতবাদ | মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশ-চন্দ্র বিদ্যাভূষণ | (ক) শ্রীযুক্ত কৈলাস-চন্দ্র চক্রবর্ত্তী এম্‌এ, (খ) শ্রীযুক্ত নিত্যা-নন্দ শর্ম্মা | প্রত্যেকে ৫০৲ হিঃ ১০০৲ |

| পুরস্কার বা পদক | প্রবন্ধের বিষয় | পরীক্ষক | পুরস্কৃত ব্যক্তি | পুরস্কারের বিবরণ |
|---|---|---|---|---|
| ৫। শিশিরকুমার ঘোষ পুরস্কার | ভক্ত গদাধর পণ্ডিতের জীবনী | শ্রীযুক্ত সারদা-চরণ মিত্র | শ্রীযুক্ত সত্যকিঙ্কর কুণ্ডু কাব্যকণ্ঠ | নগদ ২৫৲ |
| ৬। রাধেশচন্দ্র শেঠ রৌপ্যপদক | ওয়ার্ডস্‌ওয়ার্থের কবিতা | অধ্যাপক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র | শ্রীযুক্ত অক্ষয়-কুমার ঘোষ বি এ | রৌপ্যপদক অথবা নগদ ২১৲ |
| ৭। নবীনচন্দ্র সেন রৌপ্যপদক | কবিবর নবীন চন্দ্রের কাব্যে কৃষ্ণচরিত্র | শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত | শ্রীমতী সরোজ-বাসিনী গুপ্তা | রৌপ্যপদক |
| ৮। প্রিয়নাথ চক্রবর্ত্তী পুরস্কার | জীবনের ধর্ম্ম ও প্রতিভার লক্ষণ | শ্রীযুক্ত মন্মথ-মোহন বসু | (উপযুক্ত প্রবন্ধ না আসায় এ বৎসর এই পুরস্কার কেহ পান নাই।) | |

পরিভাষা

আলোচ্য বর্ষে ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়দ্বয়ের সম্পাদকতায় রাসায়নিক পরিভাষা প্রকাশিত হইয়াছে। আরও অনেক বিষয়সম্বন্ধীয় পারিভাষিক শব্দ পরিষদের কার্য্যালয়ে মজুদ আছে এবং সেগুলি ক্রমশঃ পত্রিকায় প্রকাশিত হইবে। এখনও বিজ্ঞানের অনেক বিষয়ের পরিভাষা লিখিত হয় নাই। এই বিষয়ে পরিষদের বৈজ্ঞানিক সদস্যগণের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিতেছি। যাহাতে ২।৩ বৎসরমধ্যে সমস্ত বিষয়ে বৈজ্ঞানিক পরিভাষা প্রকাশিত হয়, তজ্জন্য পরিষৎ তাঁহাদের সাহায্য প্রার্থনা করিতেছেন। বৈজ্ঞানিক পরিভাষা ব্যতীত অন্যান্য শাস্ত্র সম্বন্ধে পরিভাষা প্রণয়নের বিশেষ আবশ্যক, কিন্তু দুঃখের বিষয় যে, এ পর্য্যন্ত এই সম্বন্ধে পরিষদের কোন সদস্যই হস্তক্ষেপ করেন নাই। পরিষৎ আশা করেন যে, আগামী বৎসরে অন্যান্য বিষয়ের পরিভাষা-প্রণয়নের কার্য্য আরব্ধ হইবে। গত চট্টগ্রামের সাহিত্য-সম্মিলনের অধিবেশনে শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় মহাশয় রাষ্ট্র-নীতি-বিষয়ক পরিভাষা সম্বন্ধে এক ক্ষুদ্র বক্তৃতা করিয়াছিলেন। তাহাতে তিনি দেখাইয়াছিলেন যে, সংস্কৃত গ্রন্থাদিতেও রাষ্ট্রনীতি সম্বন্ধে অনেক পারিভাষিক শব্দ আছে। অনুসন্ধান করিলে বহু শাস্ত্রসম্বন্ধীয় পারিভাষিক শব্দ সংস্কৃত গ্রন্থে নিহিত দেখিতে পাওয়া যাইবে। এই প্রসঙ্গে আলোচ্য বর্ষে যে রাসায়নিক পরিভাষা পরিষদের গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইয়াছে, তাহারও উল্লেখ করা যাইতে পারে। তাহাতে সকলেই দেখিতে পাইবেন যে, সংস্কৃত গ্রন্থাদিতে রসায়নশাস্ত্র সম্বন্ধে অনেক পারিভাষিক শব্দ আছে। সুখের বিষয় যে, পরিষদের সংস্কৃত ভাষাভিজ্ঞ ও পাশ্চাত্য বিদ্যায় অভিজ্ঞ—এই দুই শ্রেণীর অনেক সদস্য আছেন। পরিষৎ আশা করেন যে, এই উভয় শ্রেণীর সদস্য একত্রিত হইয়া পরিভাষা-প্রণয়নে যত্নবান্‌ হইবেন এবং তাহা হইলে পরিভাষা-প্রণয়নের কার্য্য সুষ্ঠুভাবে সম্পন্ন হইতে পারিবে।

### নবীনচন্দ্র স্মৃতি-সমিতি

গত বর্ষে বলা হইয়াছিল যে, ইটালিয়ান ভাস্কর মি বইস্ সাহেবকে স্বর্গীয় কবিবরের মর্ম্মর-মূর্ত্তি প্রস্তুতের ভার দেওয়া হইয়াছিল। কিন্তু বইস্ সাহেব এই কার্য্য করিতে সম্প্রতি অসম্মতি জ্ঞাপন করিয়াছেন। এক্ষণে জুবিলি আর্ট একাডেমির অধ্যক্ষ শ্রীযুক্ত রণদাপ্রসাদ গুপ্ত মহাশয়ের হাতে সত্বরেই এই মূর্ত্তি প্রস্তুতের ভার দেওয়া হইবে।

### কাশীরাম স্মৃতি-সমিতি

কাশীরাম স্মৃতি-সমিতির কার্য্য বহুদূর অগ্রসর হইয়াছে। কাটোয়ায় কবির স্মৃতি-সৌধ নির্ম্মাণের জন্য এক লক্ষ ইষ্টক প্রস্তুত হইয়া রহিয়াছে। কাটোয়ার যাঁহারা চাঁদা দিতে প্রতিশ্রুত হইয়াছিলেন, তাঁহাদের অনেকেই টাকা দিয়াছেন।

### চন্দ্রকান্ত স্মৃতি-সমিতি

পরলোকগত মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়ের স্মৃতিরক্ষার জন্য একটি সমিতি নূতন গঠিত হইয়াছিল। মহারাজ শ্রীযুক্ত কুমুদচন্দ্র সিংহ বাহাদুর এই সমিতির সভাপতি ও শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী মহাশয় ইহার সম্পাদক নিযুক্ত হইয়াছিলেন। দুঃখের বিষয়, আলোচ্য বর্ষে এই সমিতির বিশেষ কোন কার্য্য হয় নাই। এই সম্বন্ধে সম্পাদক শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী মহাশয়ের দৃষ্টি বিশেষ ভাবে আকর্ষণ করিতেছি।

### রাজা বিনয়কৃষ্ণ স্মৃতি-সমিতি

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা স্বর্গীয় রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের পরলোকগমনে শোক-প্রকাশার্থ গত ৫ই পৌষ তারিখে আহূত বিশেষ অধিবেশনে এই শাখা-সমিতি গঠিত হইয়াছে। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় এই সমিতির সভাপতি এবং শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় সম্পাদক নিযুক্ত হইয়াছেন।

### আয়-ব্যয়

বর্ত্তমান বৎসরে অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয়ের উপর আয়-ব্যয় পরিদর্শনের ভার ছিল। গত বর্ষে পরিষৎ-পত্রিকায় ১৩১৯ বঙ্গাব্দের জন্য যে আনুমানিক আয়-ব্যয়-বিবরণ প্রকাশিত হইয়াছিল, তাহার সহিত পরিশিষ্টে প্রকাশিত আয়-ব্যয়ের তুলনা করিলে দেখা যায় যে, চাঁদা বাবদ কিঞ্চিদধিক ৭০০৲ টাকা বেশী আয় হইয়াছে। এই আয়-বৃদ্ধির জন্য সম্পাদক পরিষদের কর্ম্মচারীদিগের নিকট বিশেষ কৃতজ্ঞ। ইতিপূর্ব্বে পরিষদের হিসাব-রক্ষার যে পদ্ধতি ছিল, আলোচ্য বর্ষ হইতে সেই পদ্ধতির কিঞ্চিৎ ব্যতিক্রম করা হইয়াছে। ভিন্ন কার্য্যের জন্য এককালীন বিশেষ দানগুলি প্রথমতঃ আয়ের ঘরে দেখান হইয়াছে এবং সেই হেতু আনুমানিক আয়-ব্যয়ের সহিত প্রকৃত আয়-ব্যয় তুলনা করিলে প্রাপ্ত এককালীন দান বেশী বলিয়া প্রতীত হইবে। আলোচ্য বর্ষে নূতন সদস্যের সংখ্যা অত্যন্ত কম হইয়াছে এবং সেইজন্য প্রবেশিকা-খাতে আনুমানিক আয় অপেক্ষা কিঞ্চিন্ন্যূন তিন শত টাকা কম জমা হইয়াছে। পরিষদের সদস্য-সংখ্যা বৃদ্ধি করা সম্বন্ধে যাহা বক্তব্য, তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। আশা করি, বিষয়ের গুরুত্ব উপলব্ধি করিয়া পরিষদের হিতৈষী সদস্য ও বন্ধুগণ সদস্য-সংগ্রহে মনোযোগী হইবেন। এখনও পরিষদের অনেক দেনা আছে। গৃহ-

নির্ম্মাণ-তহবিলে চাঁদা স্বাক্ষর করিয়া এখনও অনেকেই চাঁদা দেন নাই, তাঁহাদিগকে পরিষদের কাতর প্রার্থনার প্রতি দৃষ্টিপাত করিতে অনুরোধ করিতেছি। পরিষদের স্থায়ী তহবিলে যে সমস্ত টাকা স্বাক্ষরিত হইয়াছে, তাহার মধ্যে অতি অল্প টাকাই আদায় হইয়াছে, ইহাও অত্যন্ত দুঃখ ও লজ্জার বিষয়। পরিষদের অনেক হিতৈষী সদস্য লক্ষ্মীর বরপুত্র, তাঁহারা যদি সকলে একত্রিত হইয়া স্থায়ি-ভাণ্ডারস্থাপনে যোগদান করেন, তাহা হইলে অতি অল্প সময় মধ্যেই পঞ্চাশ হাজার টাকা অতি সহজে সংগৃহীত হইতে পারে। কেবলমাত্র কার্য্যনির্ব্বাহক-সমিতির চেষ্টায় এই টাকা সংগৃহীত হওয়া অত্যন্ত কষ্টসাধ্য। কার্য্য-নির্ব্বাহক-সমিতি আশা করেন যে, স্থায়ি-ভাণ্ডার স্থাপনোদ্দেশ্যে প্রত্যেক সদস্য পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে সাহায্য করিবেন। বলা বাহুল্য, স্থায়ি-ভাণ্ডারের জন্য স্ব স্ব সাধ্যানুসারে ও শ্রদ্ধা সহকারে যিনি যাহা অর্পণ করিবেন, তাহাই সাদরে গৃহীত হইবে।

### শাখা-সভা

আলোচ্য বর্ষে কোন নূতন শাখা স্থাপিত হয় নাই। ময়মনসিংহে যে শাখা-পরিষৎ ছিল, তাহার বিলোপ ঘটিয়াছে। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় রঙ্গপুর-শাখা-পরিষৎ কার্য্যতৎপরতায় শাখা-সভা-সমূহের শীর্ষস্থান অধিকার করিয়াছেন। এই শাখার সুযোগ্য সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের রোগমুক্তিতে পরিষৎ আনন্দ প্রকাশ করিতেছেন। অত্যন্ত সুখের বিষয় যে, এই শাখার কার্য্যে সহানুভূতি ও উৎসাহপ্রদানার্থ বঙ্গীয় গবর্মেণ্ট বার্ষিক এক শত টাকা বৃত্তিদানের ব্যবস্থা করিয়াছেন। ইহাতে মূল-পরিষৎ বিশেষ গৌরবান্বিত হইয়াছেন। আগামী বৎসর স্থানীয় ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত কিরণচন্দ্র দে মহাশয় এই শাখার অধ্যক্ষতা গ্রহণ করিবেন এবং পরিষৎ আশা করেন যে, তাঁহার নেতৃত্বে রঙ্গপুর-শাখা-পরিষৎ অধিকতর কার্য্যকুশল হইয়া উঠিবেন। রঙ্গপুর ব্যতীত অন্যান্য শাখা আশানুরূপ কার্য্য করিতে পারেন নাই বলিয়া গত কার্য্যবিবরণীতে দুঃখ প্রকাশ করা হইয়াছিল, কিন্তু সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে এই সমস্ত শাখার অধিকাংশ শাখাতেই অনেক পরিমাণ কার্য্য হইয়াছে। চট্টগ্রাম-শাখার উপর এবার বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের পরিচালনের ভার পড়িয়াছিল। শাখা-সভাগুলির বিস্তৃত কার্য্যবিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য। গত বৎসর মেদিনীপুরে শাখা-স্থাপনের চেষ্টা হইয়াছিল, তাহা কার্য্যে পরিণত হয় নাই। এবার বাঁকুড়ায় শাখাস্থাপনের ব্যবস্থা হইতেছে। যে সমস্ত স্থানে পরিষদের শাখা স্থাপিত হইয়াছে, সেই সকল স্থানে উৎসাহী ও বিদ্বজ্জনের অসদ্ভাব নাই। ইঁহারা যদি সকলে সর্ব্বান্তঃকরণে শাখা-পরিষদের কার্য্যে যোগদান করেন, তাহা হইলে শাখা-পরিষদের কার্য্য সর্ব্বতোভাবে সুসম্পাদিত হইবে এবং সেই সঙ্গে সঙ্গে পরিষদের উদ্দেশ্যও দেশমধ্যে প্রচারিত হইবে ও ক্রমশঃ ভাষার ও সাহিত্যের সর্ব্বাঙ্গীন শ্রীবৃদ্ধি হইবে। মফস্বলের নানা স্থানে নানা বিষয়ের উপকরণ অযত্নে ইতস্ততঃ ছড়াইয়া পড়িয়া আছে; এই সকল উপকরণ সংগ্রহ, রক্ষা ও তাহাদের বিস্তৃত বিবরণ প্রকাশ শাখা-পরিষদের প্রধান কর্ত্তব্য কার্য্য এবং অত্যন্ত সুখের বিষয় যে, প্রত্যেক শাখা-পরিষৎই এ বিষয়ের গুরুত্ব উপলব্ধি করিতে পারিয়াছেন। পরিষৎ আশা করেন যে, শাখা-পরিষদের অধিবেশনে

যে সমস্ত প্রবন্ধ পঠিত হয় এবং তাহাদের মধ্যে যেগুলি সুচিন্তিত ও গবেষণাপূর্ণ, সেগুলির লেখকগণ অনুগ্রহ পূর্ব্বক পরিষৎ-পত্রিকায় প্রকাশার্থ সেই প্রবন্ধ মূল-পরিষদে পাঠাইয়া দিবেন। এই প্রসঙ্গে আমরা অত্যন্ত আনন্দের সহিত জানাইতেছি যে, আলোচ্য বৎসরে বারাণসী-শাখায় পঠিত একটি প্রবন্ধ এবং গৌহাটী-শাখা-সভায় পঠিত একটি প্রবন্ধ পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

### অনুসন্ধান-সমিতি

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়-প্রবর্ত্তিত বরেন্দ্র অনুসন্ধান-সমিতির কার্য্য কুমার বাহাদুরের যত্নে ও চেষ্টায় সুপরিচালিত হইতেছে। বরেন্দ্র প্রদেশের অনুসন্ধান ব্যতীত আলোচ্য বৎসরে এই সমিতি মান্দ্রাজ প্রদেশের কোন কোন স্থানে ঐতিহাসিক অনুসন্ধানের জন্য গমন করিয়াছিলেন। এই সমিতি কর্ত্তৃক 'গৌড়রাজমালা'-প্রকাশের সংবাদ গত কার্য্যবিবরণীতে দেওয়া হইয়াছিল। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় মহাশয় কর্ত্তৃক সম্পাদিত 'গৌড়-লেখমালা' প্রকাশিত হওয়ায় বাঙ্গালা সাহিত্যের এক অতি বিশেষ অভাব দূরীভূত হইয়াছে এবং এই গ্রন্থ ইতিহাসানুরাগী ব্যক্তি মাত্রেরই শ্রদ্ধা ও প্রীতি আকর্ষণে সমর্থ হইয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অনুমোদনক্রমে একটি অনুসন্ধান-সমিতি গঠিত হইয়াছে ও এই সংবাদ গত কার্য্যবিবরণীতে প্রদত্ত হইয়াছিল। আলোচ্য বর্ষে এই সমিতি বাঁকুড়া ও পুরুলিয়ার কোন কোন স্থানে ঐতিহাসিক অনুসন্ধানের জন্য গমন করিয়াছিলেন। এই অভিযানে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়, শ্রীযুক্ত মণীন্দ্রমোহন বসু, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত রামকমল সিংহ যোগদান করিয়াছিলেন। এই অনুসন্ধানের ফল যথাসময়ে প্রকাশিত হইবে। অনুসন্ধান-সমিতি অন্যান্য দর্শন-যোগ্য বিষয়ের মধ্যে ছাতনার বাসুলী-মন্দির, শুশুনিয়ার পর্ব্বতগাত্রাঙ্কিত চন্দ্রবর্ম্মার উৎকীর্ণ লিপি পরিদর্শন করেন। বেঙ্গল ষ্টোন কোম্পানীর হস্ত হইতে এই লিপিরক্ষার কোন ব্যবস্থা হইয়াছে কি না, পরিষৎ তাহা অবগত নহেন এবং যদি ইতিপূর্ব্বে কোন ব্যবস্থা করা না হইয়া থাকে, তাহা হইলে যাহাতে এরূপ কোন ব্যবস্থা হয়, তজ্জন্য পরিষদের পক্ষ হইতে গবর্মেণ্টের নিকট এক অনুরোধ-পত্র পাঠান হইয়াছে।

ইতিপূর্ব্বে লোকের মনে এক আশঙ্কা হইয়াছিল যে, গবর্মেণ্ট কোন ব্যক্তি বা কোন বে-সরকারী সভা-সমিতি দ্বারা ইতিহাস প্রত্নতত্ত্ব-সম্বন্ধীয় তথ্যাদি সংগ্রহের বিরোধী; কিন্তু অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে আমাদের সদাশয় গবর্মেণ্ট যে এক ঘোষণাপত্র বাহির করিয়াছেন, তাহাতে লিখিত আছে যে, গবর্মেণ্ট এই সমস্ত অনুসন্ধানের বিশেষ পক্ষপাতী। সাধারণের মনে যে ভীতির উদ্রেক হইয়াছিল, গবর্মেণ্টের এই ঘোষণাপত্রে তাহা অমূলক বলিয়া প্রতিপন্ন হইয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সমগ্র বঙ্গীয়-সাহিত্য-সেবীর পক্ষ হইতে গবর্মেণ্টকে এই জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

### রমেশ-ভবন

রমেশ-ভবনের কার্য্য আরও কিঞ্চিৎ অগ্রসর হইয়াছে। মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের ভূমি-দান-পত্র ও ভবনের নক্সা প্রস্তুত হইয়াছে এবং এই নক্সা মঞ্জুরের জন্য

মিউনিসিপালিটিতে প্রেরিত হইয়াছে। আলোচ্য বর্ষে ভবনের ভিত্তিপ্রতিষ্ঠার সঙ্কল্প ছিল, কিন্তু নানা কারণে তাহা ঘটিয়া উঠে নাই, আশা করা যায় যে, আগামী বৎসরে ভিত্তি প্রতিষ্ঠিত হইবে।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে গুড্‌ফ্রাইডের ছুটীতে গত ৯ই ও ১০ই চৈত্র বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের ষষ্ঠ অধিবেশন হইয়াছিল। প্রবীণ সাহিত্যাচার্য্য শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। মাননীয় শ্রীযুক্ত প্রসন্নকুমার রায় মহাশয় অভ্যর্থনা-সমিতির সভাপতিত্ব করিয়াছিলেন ও শ্রীযুক্ত হরিশচন্দ্র দত্ত মহাশয়ের সম্পাদকতায় সম্মিলনের সমস্ত কার্য্য সুচারুভাবে নির্ব্বাহিত হইয়াছিল। এই অধিবেশন দুই দিনব্যাপী হইয়াছিল। দ্বিতীয় দিবস পূর্ব্বাহ্নে চুঁচুড়া-সম্মিলনে গঠিত বিজ্ঞান-শাখার একটি স্বতন্ত্র বৈঠক বসিয়াছিল। আচার্য্য শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় মহাশয় এই বৈঠকের নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন এবং এই বৈঠকে যে সমস্ত প্রবন্ধ পঠিত হইয়াছিল, তাহাদের অধিকাংশই মৌলিক গবেষণাপূর্ণ হওয়াতে লোকের শ্রদ্ধা ও প্রীতি আকর্ষণে সমর্থ হইয়াছিল। স্বতন্ত্র বৈজ্ঞানিক বৈঠকের ফল দেখিয়া মনে হয় যে. বোধ হয়. অবিলম্বে বিষয় ভেদে আরও একাধিক বৈঠকে সম্মিলনীর বিভাগ সম্ভবপর হইবে। যখন এইরূপ নানা ভাবে সম্মিলনের কার্য্য বিভক্ত হইবে, তখনই সম্মিলন যে সমস্ত উচ্চ আদর্শ লইয়া জন্মগ্রহণ করিয়াছেন, তাহাদের একটির পূর্ণবিকাশ সাধ্যায়ত্ত বলিয়া পরিগণিত হইতে পারিবে। স্থির হইয়াছে যে, আগামী বৎসর আচার্য্য শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় এই বৈজ্ঞানিক বৈঠকের অধ্যক্ষতা গ্রহণ করিবেন। সম্মিলনের অধিবেশনের দ্বিতীয় দিনের শেষ বেলায় ভাষা, ইতিহাস প্রভৃতি সম্বন্ধে কতকগুলি প্রবন্ধ সংক্ষিপ্তাকারে পঠিত হয় এবং অপর অনেকগুলি প্রবন্ধ সময়াভাবে পঠিত বলিয়া গৃহীত হয়। অন্যান্য বৎসরের ন্যায় আলোচ্য বর্ষে সম্মিলনের উদ্দেশ্য প্রচারার্থ, সম্মিলনের কার্য্যাদি সুপরিচালনের জন্য এবং ভাষা ও সাহিত্যের উন্নতিকল্পে কতকগুলি প্রস্তাব পরিগৃহীত হইয়াছিল। সম্মিলনের বিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন

উপযুক্ত সময়ের অভাবে আলোচ্য বর্ষে এই সম্মিলনের অধিবেশন হইতে পারে নাই। স্থির হইয়াছে যে, আগামী বৎসর ৩০শে ও ৩১শে জ্যৈষ্ঠ দিনাজপুরে এই সম্মিলনের অধিবেশন হইবে।

সম্বর্দ্ধনা

আলোচ্য বর্ষের প্রথম ভাগে কলিকাতায় হিন্দী-সাহিত্য-সম্মিলনের চতুর্থ অধিবেশন হয়। এই উপলক্ষে ভারতবর্ষের বিভিন্ন দেশ হইতে আগত প্রতিনিধিগণকে সম্বর্দ্ধনা করিবার জন্য পরিষৎ-মন্দিরে একটি সান্ধ্য-সম্মিলনের অনুষ্ঠান হইয়াছিল। এতদ্ব্যতীত রাজপুতানার বিখ্যাত চাঁদ কবির বংশধর শ্রীযুক্ত পণ্ডিত নাথুরামকে অভ্যর্থনা করার জন্যও একটি সান্ধ্য-সম্মিলন হয়।

উপসংহার

গত আট বৎসর ধরিয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যাঁহার নেতৃত্বে কাজ করিয়া আসিতেছেন, তাঁহার সম্বন্ধে কিছু বলা নিতান্ত আবশ্যক। তিনি যে প্রকার অক্লান্ত পরিশ্রম এবং আন্তরিক

যত্ন ও স্নেহের সহিত পরিষদের সর্ব্ববিধ কার্য্যই পরিচালনা করিয়া আসিতেছেন, তাহা সম্যক্‌রূপে বর্ণনা করা অল্প সময়ের মধ্যে সম্ভব নহে। পরিষদের কোন গুরুতর কার্য্য তাঁহার উপদেশ এবং আদেশ ব্যতীত হইতেই পারে না; সুতরাং তদ্বিষয়ে যে তিনি সমধিক যত্ন করিয়া তাহার বিধান করিবেন, ইহা স্বাভাবিক বটে। কিন্তু পরিষৎ-সংক্রান্ত এমন কোন ক্ষুদ্র কার্য্যও নাই, যাহার প্রতি তাঁহার দৃষ্টি নাই বা যাহার সম্বন্ধে তিনি সম্যক্ অবস্থাদি পরিজ্ঞাত হইয়া তৎসম্পর্কে বিধি-ব্যবস্থা করেন না। সংক্ষেপে বলিতে গেলে ইহা নিঃসন্দিগ্ধভাবে বলা যায় যে, পরিষদের কার্য্যপ্রসঙ্গে সভাপতির কর্ত্তব্য তিনি যে ভাবে সম্পাদন করিয়াছেন, যাবতীয় সভা-সমিতির সভাপতির পক্ষে তাহাই আদর্শরূপে গৃহীত হওয়া কর্ত্তব্য। সভাপতিরূপে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের তিনি অবশ্য মস্তকস্বরূপ, এই কথাটি আমাদের বর্ত্তমান সভাপতির পক্ষে কোন অংশেই রূপক, কি আরোপিত বা কল্পনা-বিজৃম্ভিত নহে। মনুষ্য-শরীরে মস্তকের যে যে কার্য্য, সভা বা সমাজ-শরীরে সভাপতির কার্য্যও কতকটা তদনুরূপ। যে সভাপতি বা যে সমাজনেতা এই দৃষ্টান্তের যতই নিকটবর্ত্তী হয়েন, তিনি ততই আদর্শ-সভাপতি বা সমাজপতি বলিয়া গৃহীত হইবার যোগ্য। পরিষৎ-শরীরে কোথায় কি ব্যাঘাতের আশঙ্কা ঘটিতেছে বা ঘটিবার সম্ভাবনা হইয়াছে, অনেক সময়ে তাহা তিনিই সর্ব্বাগ্রে বিবেচনা করিয়া তাহার যথোচিত নিবারণের ব্যবস্থা করিতে উদ্যোগী হইয়াছেন; পরিষৎ-শরীরের কোথায় কি প্রকার সৌষ্ঠবাদি সম্পাদন করিলে পরিষদের কার্য্য-প্রণালীতে সুশৃঙ্খলা ঘটে এবং কার্য্যক্ষেত্র প্রসারিত হইয়া পরিষদের গৌরব দিন দিন বৃদ্ধি হয়, তিনি তাহার জন্য সর্ব্বদাই চিন্তায় নিযুক্ত। পরিষৎ-শরীরের অভ্যন্তরে কিংবা বাহিরে কোন বিষয় লইয়া মতপার্থক্য উপস্থিত হইবার অঙ্কুর উৎপাদন হইলে, তৎসম্বন্ধে সহজে অথচ সুন্দররূপে মীমাংসা করিতে তিনি সিদ্ধহস্ত। এবম্প্রকারে দেখা যাইবে, যে মহাত্মা এখন সভাপতির আসন অলঙ্কৃত করিতেছেন, তিনি একজন আদর্শ-সভাপতি এবং তাঁহার নেতৃত্বে এই কয় বৎসরে পরিষৎ উন্নতির পথে অনেক অগ্রসর হইয়াছেন; সুতরাং বর্ত্তমান সভাপতি মহাশয়ের নিকট পরিষদের সদস্যগণ এবং আমাদের মাতৃভাষানুরাগী ব্যক্তি মাত্রেই বিশেষভাবে কৃতজ্ঞ, এ কথা বলা বাহুল্যমাত্র।

উপসংহারে পরিষদের সাধারণ সদস্যগণের নিকট আমার একটি বিনীত নিবেদন আছে। পরিষদের কার্য্যক্ষেত্র ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে, সন্দেহ নাই; কিন্তু কার্য্য-পরিচালনের ভার গ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তিবর্গের সংখ্যা তাদৃশ বৃদ্ধি পাইতেছে না, ইহা দুঃখের সহিত বলিতে হইবে। পরিষদের কার্য্য অনেক এবং তাহা সুষ্ঠুরূপে সম্পাদন করিতে হইলে অনেক ব্যক্তির সহায়তা বিশেষভাবে প্রয়োজন। একটি কাজের উদাহরণ দ্বারা এই কথাটি পরিস্ফুট করিবার চেষ্টা করিব। বঙ্গভাষার একখানি সর্ব্বাঙ্গসুন্দর অভিধান সংগ্রহ করিতে হইলে, প্রাচীন বঙ্গ-সাহিত্য, বর্ত্তমান কালের বঙ্গ-সাহিত্য, প্রাদেশিক শব্দ ইত্যাদি নানাবিষয়ের গবেষণা করিতে কত অধ্যবসায়, কত পরিশ্রম প্রয়োজন, তাহা সহজেই সকলে অনুমান করিতে পারেন; কিন্তু ইহার জন্য যদি বঙ্গদেশীয় নানাস্থানের কৃতবিদ্য ব্যক্তিগণ আগ্রহ সহকারে বদ্ধপরিকর না হয়েন, তাহা হইলে পরিষদের শত সহস্র চেষ্টাতেও কিছু হইবার সম্ভাবনা নাই। এই প্রকার অভিধান সংগ্রহের গুরুত্ব ও প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া মাতৃভাষার প্রতি অনুরাগী সদস্যগণ যদি

কার্য্যক্ষেত্রে অবতীর্ণ না হয়েন, তাহা হইলে কিপ্রকারে এই গুরুতর কার্য্য আমরা উদ্ধার করিব? সম্প্রতি Oxford হইতে যে বৃহৎকায় ইংরাজি অভিধান সঙ্কলিত হইয়াছে, তাহার কার্য্যপ্রণালী আমাদের আদর্শ হওয়া উচিত। আমি আশা করি যে, আমাদের দেশে ঠিক সেই আকারে না হউক, তদনুরূপ চেষ্টা ও উৎসাহের অভাব হইবে না। অভিধান সম্বন্ধে আমি যাহা বলিলাম, আমাদের অন্যান্য উদ্দেশ্য সম্বন্ধেও সে কথা খাটে। সংস্কৃত, আরবী এবং পার্শী ভাষায় এমন অনেক তথ্য আছে, যাহা আমাদের মাতৃভাষায় এখনও বিবৃত হয় নাই। কিন্তু সেইগুলি আমাদের মাতৃভাষায় প্রকাশিত হওয়া সর্ব্বাগ্রেই কর্ত্তব্য। এতদ্ব্যতীত ইংরাজি প্রভৃতি প্রতীচ্যদেশীয় ভাষায় ঐতিহাসিক, বৈজ্ঞানিক ও দার্শনিক অবশ্যজ্ঞাতব্য অনেক কথা আছে, যাহা আমাদের মাতৃভাষায় লিখিত না হইলে বঙ্গভাষা কখনও প্রকৃত পুষ্টিলাভ করিবে না এবং আমাদের দেশের সাধারণের নিকট ঐ সকল তথ্য অপ্রকাশিত থাকিয়া যাইবে ও প্রকৃত প্রস্তাবে এ দেশে জ্ঞানবিস্তারের পথ উন্মুক্ত হইবে না। আমাদের দেশে বর্ত্তমান সময়ে শ্রীভগবানের কৃপায় প্রতীচ্য-বিজ্ঞান ও দর্শনাদি শাস্ত্রে ব্যুৎপন্ন লোকের অভাব নাই; তাঁহারা এই কার্য্যে ব্রতী না হইলে এ কার্য্য আর কে করিবে? এখন বিবেচনা করুন, আমাদের সম্মুখে কার্য্যক্ষেত্র কত বিস্তৃত। আসুন, আপনারা সকলে উদ্যোগী হউন; মাতৃভাষাকে সর্ব্বাঙ্গপুষ্ট ও সর্ব্বাঙ্গসুন্দর করিতে কৃতসঙ্কল্প হইয়া যাঁহার যাহা সাধ্য, তাহা করিয়া মাতৃভাষার সেবায় জীবন উৎসর্গ করুন এবং নিজেদের উপার্জ্জিত জ্ঞানের সার্থকতা লাভ করুন। আমি আমার দুই একটি বন্ধুর নিকট অবগত হইয়াছি যে, অনেকে কাজ করিতে উৎসুক, কিন্তু তাঁহারা কার্য্যের যথোপযুক্ত অবকাশাদি পান না বলিয়া কার্য্যক্ষেত্রে অগ্রসর হন না। এ কথার উত্তরে আমি পরিষদের পক্ষ হইতে এই পর্য্যন্ত বলিতে পারি যে, পরিষদের দ্বার বঙ্গভাষার উন্নতিকল্পে উৎসাহী ব্যক্তিমাত্রেরই জন্য সর্ব্বদা উন্মুক্ত, বিশেষতঃ পরিষদের সদস্যগণের নিকট পরিষৎ-মন্দির ত তাঁহাদের নিজেদেরই দেবালয়স্বরূপ;—নিজেদের দেবালয়ে আসিয়া তথায় অর্চ্চনাদি করিতে কাহারও আহ্বান বা নিমন্ত্রণের আবশ্যকতা আছে কি? যাঁহাদের উপর আপাততঃ পরিষদের কার্য্য-পরিচালনের ভার আপনারা অর্পণ করিয়াছেন, তাঁহাদের পক্ষ হইতে আমি বলিতে পারি যে, পরিষদের কাজ করিতে উৎসাহী, এমত ব্যক্তিকে পাইলে তাঁহারা অতিশয় আনন্দিত ও কৃতার্থ হইবেন। যাহারা পরিষদের সাধারণ কার্য্য পরিচালন করিতে পরিষদের কর্ম্মচারী নিয়োগ করিয়াছেন, তাঁহাদিগকে পরিষদের কাজ করিতে কে বাধা দিতে পারে? এবং বাধা দিবার কারণই বা কি হইতে পারে? আসুন, সকলে এই প্রকার ভ্রান্ত ধারণার বশীভূত না থাকিয়া পরিষদের কার্য্য করিতে সকলেই যত্নশীল হউন; দেখিবেন, তাঁহাদের অধ্যবসায় ও যত্ন অতীব আনন্দের সহিত গৃহীত হইবে এবং আমরা সকলেই এই প্রকার যত্নশীল ও কৃতী ব্যক্তির নিকট আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করিব।

পরিশেষে কার্য্যনির্ব্বাহক-সমিতির সদস্যবর্গের নিকট আমার বিনীত প্রার্থনা এই যে, তাঁহারা যেন তাঁহাদের পদের গুরুত্ব বিবেচনা করিয়া পরিষদের কার্য্যে সকলেই সমান যত্নশীল হয়েন। এ কথা আমাকে দুঃখের সহিত বলিতে হইতেছে যে, আমাদের দুর্ভাগ্যবশতঃ আমরা কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে সভ্যরূপে যাঁহাদের পাই, অনেক সময়ে তাঁহাদের মধ্যে

সকলের সমান যত্ন আমরা দেখিতে পাই না। পরিষদের কার্য্য ক্রমশই বৃদ্ধি পাইতেছে; সুতরাং এখন আর পূর্ব্বের ন্যায় উদাসীনভাবে থাকিলে কাজ চলিবে না। ভরসা করি, আগামী বর্ষের কার্য্যবিবরণীতে এই প্রকার দুঃখ-কাহিনী আর বিবৃত করিতে হইবে না। আমাদের অনেকগুলি শাখা-সমিতি আছে; তাহাদের কাজ আশামত অগ্রসর হয় নাই—ইহাও পরিষদের পক্ষে শুভবার্ত্তা নহে। আমি ভরসা করি যে, দিন দিন পরিষদের সদস্যগণ—যাঁহারা কোন কোন নির্দ্দিষ্ট কাজে নিযুক্ত আছেন বা যাঁহারা আপাততঃ কোন নির্দ্দিষ্ট কাজে নিযুক্ত নাই,—সকলেই পরিষদের কাজে অধিকতর ঔদাসীন্য-বর্জ্জিত ও উৎসাহী হইবেন এবং ভাবী সম্পাদককে প্রতিবৎসর এই প্রকার কাতরোক্তি আর জানাইতে হইবে না।

| বঙ্গীয়-সাহিত্য পরিষৎ মন্দির | শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী |
|---|---|
| বঙ্গাব্দ ১৩২০, ১১ই জ্যৈষ্ঠ | সম্পাদক। |

# পরিশিষ্ট

## চিত্রশালা

আলোচ্য বর্ষে চিত্রশালায় ৩৭টি প্রস্তরমূর্ত্তি, তন্মধ্যে ১৫৮০ শকের শিলালেখযুক্ত একখানি প্রস্তরফলক, খৃষ্টীয় নবম শতাব্দীর লিপিযুক্ত মৃণ্ময় শীলমোহর, কতকগুলি মিনা-করা ইষ্টক এবং চারিখানি সুপ্রাচীন তিব্বতীয় চিত্র সংগৃহীত হইয়াছে। পরিষদের বিভিন্ন অধিবেশনে ঐ সমস্ত যথাকালে প্রদর্শিত ও কার্য্যবিবরণীমধ্যে ইহার সংক্ষিপ্ত পরিচয়ও লিপিবদ্ধ হইয়াছে। ঐ সমস্ত মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত শশিভূষণ সার্ব্বভৌম, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত গুরুদাস সরকার এবং শ্রীযুক্ত বিজয়চন্দ্র গঙ্গোপাধ্যায় মহাশয়গণের দান বলিয়া পরিষৎ তাঁহাদের নিকট চিরকৃতজ্ঞ। বিশেষতঃ পরিষদের চিরপৃষ্ঠপোষক মাননীয় মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর গান্ধার শিল্পের নিদর্শন যে ৩৫টি মূর্ত্তি বহু অর্থব্যয়ে সংগ্রহ করিয়া পরিষৎকে দান করিয়াছেন, তাহা বিশেষভাবে উল্লেখযোগ্য। এই প্রস্তরমূর্ত্তি কয়টির আবিষ্কারস্থান পঞ্জাবের প্রান্তসীমা পেশাবর অঞ্চল। দুই সহস্র বর্ষের বৌদ্ধ শিল্পের নিদর্শন এবং বুদ্ধের জীবনী ও জাতকসম্বন্ধীয় অনেক কথাই ঐ কয়টি মূর্ত্তিতে প্রকটিত রহিয়াছে। এই মূর্ত্তি কয়টি পরিষদের চিত্রশালার গৌরব যে উত্তরোত্তর বৃদ্ধি করিতে সমর্থ হইবে, তাহা বলাই বাহুল্য। মাননীয় মহারাজ বাহাদুর এই সঙ্গে যে চারিখানি সুপ্রাচীন তিব্বতীয় চিত্র দান করিয়াছেন, তাহাও উল্লেখযোগ্য। ইহার একখানি চিত্রে তিব্বতে লামাধর্ম্মপ্রবর্ত্তক পদ্মসম্ভব ও তাঁহার অষ্টবিধ মূর্ত্তি, অপর চিত্রে অমিতায়ু বুদ্ধ এবং তাঁহার নিম্নদেশে চতুর্ভুজ অবলোকিতেশ্বর ও দ্বিভুজা কালী এবং ঊর্দ্ধদেশে রত্নসম্ভব ও অক্ষোভ্য মূর্ত্তি, তৃতীয় চিত্রে যে সকল তান্ত্রিক দেবদেবী ও অবতার-মূর্ত্তি তিব্বতে পূজিত হইয়া থাকেন, তাঁহাদের অনেকের বর্ণচিত্র এবং চতুর্থ চিত্রে স্বর্ণরেখার মধ্যে অঙ্কিত ৮৫২টি ধ্যানী বুদ্ধের মূর্ত্তি। নিম্নে উক্ত মূর্ত্তি প্রভৃতির তালিকা ও প্রদাতার নাম দেওয়া হইল ;—

মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কর্ত্তৃক প্রদত্ত—

১ হইতে ৪ প্রাচীন তিব্বতীয় চিত্র।

৫। ধর্ম্মচক্র-মুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি ; আসনের নিম্নে প্রস্ফুটিত পদ্ম ; পদ্মদলগুলি তিন স্তরে সজ্জিত। পার্শ্বে নিম্নভাগে অঞ্জলিবদ্ধ উপাসকমূর্ত্তি। বাম পার্শ্বে অপর একটি পদ্মের উপর আর একটি দণ্ডায়মান মূর্ত্তির ভগ্নাংশ।

৬। ধ্যানমুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি, মস্তকবিহীন।

৭। ধ্যানমুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি। মস্তকের পশ্চাতে প্রভামণ্ডলের ভগ্নাংশ।

৮। ধ্যানমুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি। মস্তকের পশ্চাতে প্রভামণ্ডল।

৯। Erotes বা যক্ষমূর্ত্তিসমূহ। ছয়টি মূর্ত্তিই নগ্ন। বামদিক্ হইতে তৃতীয় মূর্ত্তির হস্তে একটি ময়ূর। বামদিকের প্রথম মূর্ত্তিটি বস্ত্রপরিহিত ; মস্তক ভগ্ন। সকল মূর্ত্তিরই পদদ্বয়ে নূপুর।

১০। ধর্ম্ম চক্রের ভগ্নাংশ।

১১। তিনটি ধ্যানমুদ্রায় আসীন বুদ্ধমূর্ত্তি, একটির উপর আর একটি যথাক্রমে সজ্জিত। প্রত্যেক বুদ্ধমূর্ত্তির পার্শ্বে দুইটি করিয়া উপাসক বা শিষ্যের মূর্ত্তি। বামপার্শ্বে তিনটি অঞ্জলিবদ্ধ উপাসকমূর্ত্তি উপরোক্তরূপে সজ্জিত। দক্ষিণপার্শ্বে লতাপত্রের সজ্জা।

১২। বোধিসত্ত্বমূর্ত্তির উপরার্দ্ধ। মস্তকে ঊর্ণা, পশ্চাতে প্রভামণ্ডল।

১৩। উচ্চাসনে উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি; বামহস্ত অঙ্কে স্থাপিত, দক্ষিণ হস্ত উত্তোলিত; যেন কিছু উপদেশ দিতেছেন। নিম্নে আসনের সম্মুখে একটি সর্প। বামপার্শ্বে দীর্ঘ বস্ত্র ও উত্তরীয়-শোভিত পুরুষমূর্ত্তি ( সম্ভবতঃ নাগমূর্ত্তি; কারণ, মস্তকের উপরে সর্পফণাসমষ্টির ভগ্নাংশ লক্ষিত হয় )। মূর্ত্তিটি বুদ্ধদেবের দিকে ফিরিয়া জোড়করে দণ্ডায়মান। দক্ষিণপার্শ্বে আজানুলম্বিত পরিচ্ছদ-পরিহিত আর একটি নাগমূর্ত্তি জোড়করে দণ্ডায়মান। তৎপশ্চাৎ অপর একটি উচ্চাসনোপবিষ্ট পুরুষমূর্ত্তি; উভয় হস্ত অঙ্কে স্থাপিত। তৎপশ্চাৎ আরও একটি ঐরূপ মূর্ত্তির ভগ্নাংশ।

১৪। একটি অনুচ্চ স্তম্ভোপরি উপবিষ্ট মেষমূর্ত্তি। তৎসম্মুখে জোড়করে দণ্ডায়মান উত্তরীয়াবৃতদেহ পুরুষমূর্ত্তি (মূর্ত্তিটির মস্তক ও গ্রীবা ভাঙ্গিয়া গিয়াছে)।

১৫। দুইটি দৃশ্য মধ্যে একটি স্তম্ভ।

(ক) বামদিকের দৃশ্য—বুদ্ধদেব বৃক্ষতলে বসিয়া উপদেশ দিতেছেন। বামদিকে দুইটি ও দক্ষিণদিকে দুইটি দীর্ঘবস্ত্রপরিহিত মূর্ত্তি, সকলেই যুক্তকর। দক্ষিণদিকের মূর্ত্তি দুইটি ভাঙ্গিয়া অস্পষ্ট হইয়াছে; উভয় মূর্ত্তিরই মস্তকে প্রভামণ্ডল আছে।

(খ) দৃশ্য ভগ্ন ও অস্পষ্ট। দক্ষিণপার্শ্বে প্রভামণ্ডলবিশিষ্ট দীর্ঘবস্ত্রপরিহিত দণ্ডায়মান মূর্ত্তি ( সম্ভবতঃ বুদ্ধমূর্ত্তি )। বামদিকে একটি স্তম্ভের উপর একটি মানুষের মস্তক ও বক্ষোদেশমাত্র দেখা যাইতেছে। মধ্যস্থলের নিম্নাংশ অত্যন্ত অস্পষ্ট ও জটিল; উপরে একটি উড্ডীয়মান পুরুষমূর্ত্তি; দক্ষিণহস্তে একটি বর্ত্তুলাকার পদার্থ; দক্ষিণহস্তে উত্তরীয় বস্ত্রের ন্যায় কিছু ঝুলিতেছে।

১৬। দুইটি খিলানের আকারে উপর নীচে বিন্যস্ত।

(ক) নিম্নার্দ্ধ—বৃক্ষতলে বুদ্ধদেব উপবিষ্ট; আসনে ত্রিশূল-চিহ্ন অঙ্কিত। দক্ষিণপার্শ্বে প্রভামণ্ডলবিশিষ্ট তিনটি দণ্ডায়মান দেবমূর্ত্তি। সর্ব্বপশ্চাৎ আরও একটি মূর্ত্তির ভগ্নাংশ আছে। বামপার্শ্বে খণ্ডিত।

(খ) উপরার্দ্ধ—আস্তরণশোভিত উচ্চাসনের উপর বুদ্ধদেবের উষ্ণীষ। দক্ষিণপার্শ্বে তিনটি পুরুষমূর্ত্তি জানু পাতিয়া যুক্তকরে উষ্ণীষের পূজা করিতেছেন। স্বর্গে দেবগণকর্ত্তৃক বুদ্ধদেবের উষ্ণীষ-পূজা এই দৃশ্যের বর্ণিত বিষয় বলিয়া বোধ হয়।

১৭। বৃক্ষতলে আসীন বুদ্ধমূর্ত্তির ভগ্নাংশ। দক্ষিণপার্শ্বে উষ্ণীষ-ভূষণাদিশোভিত পুরুষমূর্ত্তি জোড়করে দণ্ডায়মান। তদূর্দ্ধে অপর দুইটি মূর্ত্তি।

১৮। একটি চতুষ্ক দৃশ্যের দক্ষিণপার্শ্ব। তিনটি মূর্ত্তি—একটির উপর একটি বিন্যস্ত। নিম্নে প্রভামণ্ডল ও ঊর্ণাবিশিষ্ট বোধিসত্ত্বমূর্ত্তি। দুই হাতে করিয়া একটি বাটীর মত পাত্র ধরিয়া আছেন। তদূর্দ্ধে ও পশ্চাতে পর পর দুইটি অঞ্জলিবদ্ধ পুরুষমূর্ত্তি।

১৯। খিলানের আকারে বিন্যস্ত পর পর তিনটি দৃশ্য।

(ক) নিম্নভাগ লুম্বিনীবনে মায়াদেবীর কুক্ষি হইতে বুদ্ধদেবের জন্ম।

(খ) মধ্যভাগ অত্যন্ত অস্পষ্ট। সম্ভবতঃ উচ্চাসনে স্থাপিত ধর্ম্মচক্র। দুই পার্শ্বে দুইটি দণ্ডায়মান মূর্ত্তি।

(গ) উপরের দৃশ্য অত্যন্ত অস্পষ্ট—অনেকগুলি দণ্ডায়মান মূর্ত্তি। মধ্যভাগে বুদ্ধদেবের মূর্ত্তি অনুমিত হয়।

২০। মধ্যভাগের মূল দৃশ্যটির সামান্য অংশ বর্ত্তমান। সম্ভবতঃ একটি নারীমূর্ত্তি—এক হস্ত কটিদেশে ন্যস্ত, অপর হস্তদ্বারা দক্ষিণদিকের প্রাচীর হইতে আলম্বিত একটি অঙ্গুরীয়াকৃতি দণ্ড ধরিয়া আছে। মূল দৃশ্যের দক্ষিণপার্শ্বে প্রাচীরের বাহিরে একটি স্ত্রীমূর্ত্তি ত্রিভঙ্গ হইয়া দণ্ডায়মান। তাহার পদনিম্নে ঘটের ন্যায় একটি পাদপীঠ। এই মূর্ত্তির দক্ষিণপার্শ্বে অপর এক প্রাচীরের বাহিরে একটি সুবেশ-পরিহিত পুরুষমূর্ত্তি।

২১। বামপার্শ্বে পদ্মোপরি আসীন বুদ্ধমূর্ত্তির ভগ্নাংশ। তাহার দক্ষিণপার্শ্বে উচ্চাসনে উপবিষ্ট মাল্যাদি-শোভিত পুরুষমূর্ত্তি। তাহার পশ্চাতে পদ্মাসনে আসীন মাল্যাদি-শোভিত অপর তিন মূর্ত্তি; এই তিন মূর্ত্তিরই হস্তদ্বয় অঙ্কোপরি ন্যস্ত; সমস্ত মূর্ত্তিগুলিরই শির খণ্ডিত। সর্ব্ব পশ্চাৎ যে মূর্ত্তিটি আছে, তাহার মস্তকের পশ্চাতে প্রভামণ্ডলচিহ্নের কিয়দংশ দেখিতে পাওয়া যায়; তাহা হইতে অনুমান হয়, এই তিনটিই দেবমূর্ত্তি।

২২। মাল্যভূষণাদি-শোভিত উপবিষ্ট বোধিসত্ত্বমূর্ত্তি; বামহস্তে কমণ্ডলু।

২৩। দণ্ডায়মান বুদ্ধমূর্ত্তি; দক্ষিণহস্ত উত্তোলিত; উপদেশ দিতেছেন।

২৪। বেত্রাসনে উপবিষ্ট বোধিসত্ত্বমূর্ত্তি; সম্মুখে পদ্মাসনের উপর পাদপীঠে বামপদ সংযুক্ত; দক্ষিণপদ অঙ্কে ন্যস্ত।

২৫। বুদ্ধমূর্ত্তির মস্তক; পশ্চাতে পুষ্পিত বৃক্ষশাখা।

২৬। বুদ্ধদেব একপার্শ্বে উপবিষ্ট; পার্শ্বে একটি মূর্ত্তি ভূমিষ্ঠ হইয়া মস্তকের দ্বারা বুদ্ধদেবের আসন স্পর্শ করিতেছে। অন্য দুইটি মূর্ত্তির ভগ্নাংশমাত্র অবশিষ্ট। একটির হস্তে কমণ্ডলু। ভূমিষ্ঠ ব্যক্তির কেশ চূড়াবদ্ধ ও পশ্চাতে পৃষ্ঠদেশ পর্য্যন্ত আলম্বিত।

২৭। দুইটি দৃশ্য উপরে উপরে বিন্যস্ত।

(ক) নিম্নদৃশ্য—সম্পূর্ণ বিষয়টির দক্ষিণপার্শ্ব মাত্র অবশিষ্ট। চারিটি মূর্ত্তি: একটির হস্তে দণ্ড, প্রহরী বা শরীররক্ষক হইতে পারে; একটি মুণ্ডিতকেশ ভিক্ষু; অপর একটি মূর্ত্তিও ভিক্ষুবেশ-পরিহিত; চতুর্থ মূর্ত্তি অলঙ্কারাদি-ভূষিত, স্ত্রীমূর্ত্তি হইতে পারে; যুক্তকরে বস্ত্র ধারণ করিয়া অবস্থিত।

(খ) উপরের দৃশ্য—তিনটি মূর্ত্তি; একটি দণ্ডধারী শ্মশ্রুবিশিষ্ট যক্ষমূর্ত্তি

২৮। বজ্রপাণি যক্ষমূর্ত্তি।

২৯। বজ্রপাণি যক্ষমূর্ত্তি; দক্ষিণহস্তে মশাল; বামহস্তে বজ্র।

৩০। দুইটি দৃশ্য। উভয় দৃশ্যেই দুইটি করিয়া যক্ষ বা Erotes মূর্ত্তি।

৩১। তিনটি (সম্ভবতঃ) স্ত্রীমূর্ত্তি; একটির হস্তে একটি বাটীর মত পাত্র। দৃশ্যটির দক্ষিণ দিকের অংশ খণ্ডিত। উপরে স্তূপের বৃতি বা রেল।

৩২। দুইটি বৃক্ষের দ্বারা অরণ্য সূচিত হইয়াছে। আসনে উপবিষ্ট উত্তরীয়াবৃত-দেহ তিনটি মূর্ত্তি। সম্ভবতঃ মৃগদাবে পঞ্চশিষ্যের নিকট বুদ্ধদেব কর্তৃক প্রথম ধর্ম্মপ্রচারের দৃশ্য। দক্ষিণ দিকের অংশ খণ্ডিত।

৩৩। উপর উপর দুইটি দৃশ্য বিন্যস্ত। দুইটিই খণ্ডিত।

(ক) উপরের দৃশ্য—মধ্যে উষ্ণীষ, কর্ণভূষণ উত্তরীয়াদি-শোভিত একটি পুরুষমূর্ত্তি; দুই পার্শ্বে দুইটি স্ত্রীমূর্ত্তি; দক্ষিণ দিকের মূর্ত্তিটি যুক্তকরে অবস্থিত; এই মূর্ত্তিত্রয়ের ঊর্দ্ধে ও পশ্চাতে অপর তিন মূর্ত্তি, বামদিকে দুইটি নগ্নকায় পুরুষ ঊর্দ্ধে অঙ্গুলি দ্বারা সঙ্কেত করিতেছে; দক্ষিণ দিকের মূর্ত্তিটির মস্তক খণ্ডিত, বামবাহু ও বক্ষোদেশ উত্তরীয়াবৃত, বাম হস্তে কমণ্ডলু।

(খ) নিম্নের দৃশ্য—একটি পুরুষমূর্ত্তির মস্তক মাত্র অবশিষ্ট, গোলাকার শিবস্ত্রাণ-শোভিত দক্ষিণ দিকে একটি বৃক্ষ; তাহার শাখামধ্য হইতে সম্ভবতঃ এক বনদেবতার দেহের উপরার্দ্ধ দেখা যাইতেছে; দেবতা যুক্তকরে মধ্যস্থ পুরুষমূর্ত্তির দিকে ফিরিয়া আছেন।

৩৪। বেশভূষাদি-শোভিত বোধিসত্ত্বমূর্ত্তি; উচ্চাসনে উপবিষ্ট; প্রস্ফুটিত পদ্মোপরি স্থাপিত পাদপীঠে পদদ্বয় বিন্যস্ত; মস্তকের পশ্চাতে প্রভামণ্ডল-চিহ্ন ও তদুপরি ছত্র। নিম্নে অপর একটি দৃশ্য ছিল; একটি কুটীরের গোলাকার ছাউনির ভগ্নাংশ মাত্র অবশিষ্ট।

৩৫। দণ্ডায়মান বুদ্ধমূর্ত্তির খণ্ডিতাংশ। মস্তক ও পদদ্বয় নাই।

৩৬। চারিটি মূর্ত্তি; তন্মধ্যে তিনটি ভগ্ন ও অস্পষ্ট; তিনটি মূর্ত্তি সম্মুখে দণ্ডায়মান, বামপার্শ্বের মূর্ত্তিটি সম্পূর্ণ আছে, উষ্ণীষ উত্তরীয়াদি-শোভিত; দক্ষিণ হস্তে সুদীর্ঘ বল্লম, বাম হস্ত কটিদেশে সংন্যস্ত; এই শেষোক্ত মূর্ত্তিটির পশ্চাতে ও উপরের দিকে চতুর্থ মূর্ত্তিটি দণ্ডায়মান।

৩৭। বৃক্ষতলে আসীন বুদ্ধমূর্ত্তি, ধ্যানাসনে উপবিষ্ট, দুই পার্শ্বে দুইটি করিয়া মুণ্ডিতমস্তক ভিক্ষু শিষ্য; দুই পার্শ্বে দুইটি ইণ্ডো-করিন্থীয় ধরণের স্তম্ভ ও উপরে কার্ণিশ।

৩৮। দণ্ডায়মান বোধিসত্ত্বমূর্ত্তি; পদদ্বয়ে কাষ্ঠপাদুকা।

৩৯। ত্রিপত্র খিলানের (trefoil arch) আকারে বিন্যস্ত। মধ্যস্থ খিলানের নিম্নভাগে ধ্যান-মুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি, মস্তকের পশ্চাতে প্রভামণ্ডল; উপরে দুইটি বৃক্ষশাখা দেখা যায়; দুই পার্শ্বে দুইটি পুরুষমূর্ত্তি যুক্তকরে দণ্ডায়মান। পার্শ্বের দুইটি খিলানে একটি করিয়া উপাসকমূর্ত্তি।

শ্রীযুক্ত গুরুদাস সরকার এম্ এ মহাশয় কর্তৃক প্রদত্ত—

৪০। মিনা-করা ইষ্টক।

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় কর্তৃক প্রদত্ত—

৪১। মৃণ্ময় বৌদ্ধ শীলমোহর, খৃষ্টীয় ৯ম শতাব্দী।

শ্রীযুক্ত বিজয়চন্দ্র গঙ্গোপাধ্যায় মহাশয় কর্তৃক প্রদত্ত—

৪২। গড়গড়ালীর ইষ্টক।

শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মুখোপাধ্যায় কর্তৃক প্রদত্ত—

৪৩। মহাবীর স্বামী ( জৈন প্রস্তরমূর্ত্তি )।

শ্রীযুক্ত শশিভূষণ সার্ব্বভৌম মহাশয় কর্তৃক প্রদত্ত—

৪৪। খোদিত প্রস্তর-ফলক, শকাব্দ ১৫৮০।

বর্ত্তমান বর্ষের মাঘ হইতে চৈত্রের মধ্যে শাখা-পরিষৎকে দুইবার স্থান পরিবর্ত্তন করিতে হইয়াছে এবং অবশেষে ভাগলপুর ইন্সটিটিউটের কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক আহূত হইয়া পুনরায় ইন্সটিটিউট-গৃহে প্রত্যাগত হইয়াছে। শাখা-পরিষদের মত একটি অনুষ্ঠানের স্বাতন্ত্র্য রক্ষা একান্ত প্রয়োজন এবং সেই হিসাবে ইহার নিজের বাড়ী হওয়া একান্ত আবশ্যক; কিন্তু ইহার বর্ত্তমান অবস্থায় তাহা সম্ভবপর নহে। এই উদ্দেশ্যে সমগ্র বঙ্গদেশের দানশীল উদার মহোদয়গণের নিকট অচিরে একটি প্রার্থনা করিবার কল্পনা, ইহার পরিচালকগণ করিতেছেন।

এই বৎসর মূল-পরিষদের অনুকরণে একটি ছাত্র-সভা খোলা হইয়াছিল। স্থানীয় কলেজের উদ্যমশীল অধ্যাপকগণের যত্নে এই সভার কার্য্য এমন ভাবে পরিচালিত হইয়াছিল, যাহাতে ছাত্রগণ উপকৃতি বোধ করিয়াছিলেন।

নিম্নলিখিত কর্ম্মচারী এ বৎসর শাখা-পরিষদের কার্য্য-পরিচালন করিয়াছিলেন:—

| | |
|---|---|
| শ্রীযুক্ত চন্দ্রশেখর সরকার এম্ এ, বি এল্ | সভাপতি |
| „ প্রভাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্ | সহকারী সভাপতি |
| „ সুরেন্দ্রনাথ মজুমদার বি এ | সহকারী সভাপতি |
| শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় | সম্পাদক |

| | |
|---|---|
| শ্রীযুক্ত প্রেমসুন্দর বসু এম্ এ<br>„ গিরীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় এম্ এ, বি এল্<br>„ সত্যসুন্দর বসু বি এল্ | সহকারী সম্পাদক |
| „ গোপেশ্বর দাস | গ্রন্থ-রক্ষক |

আলোচ্য বর্ষে ৭টি মাসিক, ৩টি ছাত্র ও ৪টি বিশেষ সভার অধিবেশন হয়, তাহার তালিকা নিম্নে প্রদত্ত হইল :—

মাসিক

| বিষয় | বক্তা বা লেখক | সভাপতি |
|---|---|---|
| ১। ভাগলপুরের ভৈগোলিক তত্ত্ব— | শ্রীযুক্ত ললিতমোহন রায় এম্ এ, বি এল্ | রেভাঃ এস্ কে, তরফদার |
| ২। বৈজ্ঞানিক অনুসন্ধান-প্রণালী— | শ্রীযুক্ত যতীনাথ ঘোষ এম্ এ, বি এল্ | শ্রীযুক্ত সারদামোহন ভট্টাচার্য্য এম্ এ |
| নেপচুনের আবিষ্কার— | শ্রীযুক্ত শিশিরকুমার মিত্র এম্ এস্‌সি | |
| ৩। কল্পনার রাজ্য— | শ্রীযুক্ত বিনোদবিহারী গুপ্ত | শ্রীযুক্ত প্রভাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্ |
| সূর্য্যমুখী ও ক্যাথারীন— | শ্রীযুক্ত চারুচন্দ্র চৌধুরী বি এল্ | |
| ৪। ধর্ম্ম ও সাহিত্য— | শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায় বি এল্ | শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বাগচী বিএ (কাণ্টাব) এল্ এল্ ডি (ডাবলিন) |
| ৫। ইথার ও জড়— | শ্রীযুক্ত শিশিরকুমার মিত্র এম্ এস্‌সি | শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বাগচি |
| ৬। আধুনিক বাঙ্গালাসাহিত্য— | শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ | „ „ |
| ৭। প্রাচীন হিন্দু-সমাজ— | শ্রীযুক্ত অনুপমচন্দ্র রায় বি এল্ | শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ |

ছাত্র

| বিষয় | বক্তা বা লেখক | সভাপতি |
|---|---|---|
| ১। বিলাতের ছাত্র-জীবন— | শ্রীযুক্ত প্রেমসুন্দর বসু এম্ এ | শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ |
| ২। প্রস্তাবনা— | শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় | শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় |
| পশ্চিম-ভ্রমণ— | „ আনন্দসুন্দর বসু | |
| সমাপ্তি— | „ আশুতোষ দে বি এ | |
| ৩। মাতৃভাষা— | শ্রীযুক্ত দেবেন্দ্রলাল রায় | শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ |
| কবিরঞ্জন রামপ্রসাদ— | „ হেমন্তকুমার চক্রবর্ত্তী | |

বিশেষ

| বিষয় | বক্তা বা লেখক | সভাপতি |
|---|---|---|
| বিদায়— | শ্রীযুক্ত কিশোরীমোহন শিকদার বি এল্<br>শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ মজুমদার বিএ | শ্রীযুক্ত নিবারণচন্দ্র মুখোপাধ্যায় এম্ এ, বি এল্ |

| বিষয় | বক্তা বা লেখক | সভাপতি |
|---|---|---|
| ছাত্র-বিভাগের অনুষ্ঠানের অধিবেশন | | শ্রীযুক্ত প্রেমসুন্দর বসু এম্ এ |
| | শোকপ্রকাশ | |
| রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের মৃত্যুতে | শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় | শ্রীযুক্ত দীননাথ দে বি এল্ |
| | কৃতজ্ঞতাপ্রকাশ | |
| শ্রীযুক্ত তারকনাথ পালিতের দান | শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ | |

আলোচ্য বর্ষে পুস্তকাগারের উন্নতির জন্য বদান্যপ্রবর মহারাজা শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর ৫০৲ টাকা দান করিয়াছেন; শ্রীযুক্ত শিশিরকুমার মিত্র এম্ এস্‌সি কুড়ি টাকা মূল্যের পুস্তক দান করিয়াছেন। ইঁহাদের নিকট শাখা-পরিষৎ বিশেষরূপে কৃতজ্ঞ। নানাকারণে শাখা-পরিষৎ অনেকের নিকট বিশেষভাবে ঋণী; তাঁহাদিগকে আমাদের আন্তরিক ধন্যবাদ নিবেদন করিতেছি।

ভাগলপুর
১৫ই শ্রাবণ, ১৩২০

শ্রীমণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়
সম্পাদক।

## বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

### বহরমপুর-শাখা

গত বৎসর নানা দৈবদুর্ব্বিপাকবশতঃ বহরমপুর-শাখা-পরিষদের একটিও অধিবেশন হয় নাই। গত শ্রাবণ (১৩২০) সালে নূতন সভা-সংগঠনের পর এই বার সভার কার্য্য রীতিমত চলিতেছে।

শ্রীযজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়
সম্পাদক।

## বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

### গৌহাটি-শাখা

১৩১৯ সালের কার্য্যবিবরণ

১। কর্ম্মচারী :—১৩১৯ সালের প্রারম্ভে সভার কার্য্যনির্ব্বাহার্থ কটন কলেজের দর্শনের অধ্যাপক শ্রীযুক্ত বনমালী চক্রবর্ত্তী বেদান্ততীর্থ এম্ এ সভাধ্যক্ষ; ঐ কলেজের বিজ্ঞানের অধ্যাপক শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য এম্ এ সম্পাদক, শ্রীযুক্ত শিশিকান্ত বিশ্বাস ও শ্রীযুক্ত সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় যথাক্রমে সহকারী সম্পাদক এবং শ্রীযুক্ত আশুতোষ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত [illegible] রায়, শ্রীযুক্ত কালীচরণ সেন, শ্রীযুক্ত [illegible] চক্রবর্ত্তী, শ্রীযুক্ত [illegible]

দাস ও শ্রীযুক্ত হেমচন্দ্র গোস্বামী মহাশয়গণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির অতিরিক্ত সদস্য নির্ব্বাচিত হন।

পরবর্ত্তী কালে ইহাঁদের মধ্যে সভাধ্যক্ষ শ্রীযুক্ত বনমালী বাবু কাশ্মীরে কর্ম্ম গ্রহণ করিয়া যাওয়ায় তাঁহার স্থলে শ্রীযুক্ত প্রসন্নচন্দ্র দাশ গুপ্ত মহাশয় সভাধ্যক্ষ, শ্রীযুক্ত তারকেশ্বর বাবু সম্পাদকের পদ ত্যাগ করায় তাঁহার স্থলে শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় সম্পাদক এবং শ্রীযুক্ত সতীশচন্দ্র দাস ও শ্রীযুক্ত হেমচন্দ্র গোস্বামী মহাশয়গণ অন্যত্র বদলী হওয়ায় তাঁহাদের স্থলে শ্রীযুক্ত ভুবনমোহন সেন ও শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মহিন্তা মহাশয়গণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির সদস্য নির্ব্বাচিত হন।

২। অধিবেশনের সংখ্যা, স্থান, কাল :—এ বৎসর সভার মোট ৭টি অধিবেশন হইয়াছে। সকল অধিবেশনই সভার জন্য নির্দ্দিষ্ট লাইব্রেরী-গৃহে সম্পন্ন হইয়াছে। অধিবেশন প্রায়ই সন্ধ্যার প্রাক্কালে এবং ২ ঘণ্টা হইতে ৩ ঘণ্টাব্যাপী হইয়াছে।

৩। জনসংখ্যা :—এ বৎসরের বিভিন্ন অধিবেশনে উপস্থিত ভদ্রমহোদয়গণের সংখ্যা পূর্ব্ব পূর্ব্ব বৎসরের তুলনায় গড়ে কম হইয়াছে। সংখ্যা বেশীর পক্ষে ৭০।৮০ ও কমপক্ষে ১৫।২০ হইয়াছে।

৪। সভ্যসংখ্যা :—সভাস্থাপনের অব্যবহিত পরে সভ্যসংখ্যা হইয়াছিল প্রায় ৮০ জন; বর্ত্তমানে সভ্যসংখ্যা ১৪০ জন।

৫। অধিবেশন :—এ বৎসরের ৭টি অধিবেশনে ২২টি প্রবন্ধ, কবিতা ইত্যাদি পঠিত ও আলোচিত হইয়াছে। উহাদের মধ্যে ৪টি বৈজ্ঞানিক প্রবন্ধ, ৩টি কাব্যের সমালোচনা, ২টি ঐতিহাসিক প্রবন্ধ, ২টি জাতিবিশেষের আচার-ব্যবহার, ২টি উদ্বোধিনী, ২টি কবিতা, ২টি পৌরাণিক ইতিবৃত্ত, ১টি প্রত্নতত্ব, ১টি ব্যাকরণ, ১টি দার্শনিক প্রবন্ধ, ১টি পৌরাণিক জ্যোতিষ ও ১টি ঐতিহাসিক চিত্র।

৬। বিভিন্ন অধিবেশনে আলোচিত বিষয় ও লেখকগণের নাম :—

| | আলোচিত বিষয় | লেখক |
|---|---|---|
| ১ম অধিবেশন | ১। উদ্বোধিনী | শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ |
| | ২। গতি ও বল | „ সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় |
| | ৩। মায়া মোরিয়াগ্রন্থ | „ হেমচন্দ্র গোস্বামী |
| ২য় অধিবেশন | ৪। বৈদিক ও পৌরাণিক জ্যোতিষ | „ তারকেশ্বর ভট্টাচার্য্য |
| | ৫। উত্তরচরিতে রাম-চরিত | „ হেমচন্দ্র রায় |
| | ৬। কবিতা | „ দেবেন্দ্রনাথ মহিন্তা |
| | ৭। অসমীয় পুথি-বিবরণ | „ উমেশচন্দ্র দে |
| ৩য় অধিবেশন | ৮। আন্দোলন ও তরঙ্গ-গতি | „ সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় |
| | ৯। দুর্গেশনন্দিনী | „ তারাচরণ চক্রবর্ত্তী |
| | ১০। কল্যাণী শক্তি | „ প্রসন্নচন্দ্র দাশ গুপ্ত |

| | | আলোচিত বিষয় | লেখক |
|---|---|---|---|
| ৪র্থ অধিবেশন | ১১। | ন্যায়-দর্শন | শ্রীযুক্ত শ্যামাচরণ চক্রবর্ত্তী |
| | ১২। | তাড়িত বিজ্ঞানের পরিভাষা | " সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় |
| | ১৩। | আমেরিকার প্রজাতন্ত্র | " ভুবনমোহন সেন |
| ৫ম অধিবেশন | ১৪। | পৌরাণিক নরকাসুর | " সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| | ১৫। | ভুঁটিয়া | " দেবেন্দ্রনাথ মহিন্তা |
| ৬ষ্ঠ অধিবেশন | ১৬। | আমেরিকার প্রজাতন্ত্র | " ভুবনমোহন সেন |
| | ১৭। | পীর মালে কলগাম্ | " শ্রীপতি রক্ষিত |
| ৭ম অধিবেশন | ১৮। | কবিতা | " দেবেন্দ্রনাথ মহিন্তা |
| | ১৯। | বাঙ্লা স্বরের প্রকৃতি | " নিশিকান্ত বিশ্বাস |
| | ২০। | তিব্বতে মৃতের সংকার | " দেবেন্দ্রনাথ মহিন্তা |
| | ২১। | ঈথর | " সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় |
| | ২২। | রাজা রাজবল্লভের প্রতিমূর্ত্তি (প্রদর্শন) | শ্রীযুক্ত শ্যামাচরণ চক্রবর্ত্তী |

এতদ্ভিন্ন এ বৎসরে কার্য্যনির্ব্বাহক-সমিতির তিনটি বিশেষ অধিবেশন হইয়াছে। তন্মধ্যে তৃতীয় অধিবেশনের উদ্দেশ্য ছিল—পরিষদের বাৎসরিক (১৩১৯ বঙ্গাব্দ) অধিবেশন জন্য কর্ত্তব্য-নির্ণয়।

গৌহাটি

শ্রীসুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
সম্পাদক।

# বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

## বারাণসী-শাখা

আলোচ্য বর্ষে বারাণসী-শাখার চতুর্থ বর্ষ অতিক্রান্ত হইল। এই বৎসরে নানাকারণে কেবল ছয়টি মাত্র অধিবেশনেরই বিজ্ঞাপন প্রচারিত হইয়াছিল; তন্মধ্যে দুইটি লোকসমাগমা-ভাবে সম্মিলিতই হইতে পায় নাই, অবশিষ্ট চারিটি অধিবেশনে নিম্নলিখিত বিষয়গুলি পার্শ্বের লিখিত ভদ্র মহোদয়গণ কর্ত্তৃক লিখিত ও পঠিত এবং সমবেত সভ্যগণ কর্ত্তৃক আলোচিত হইয়াছিল :—

| | | |
|---|---|---|
| ১। | বঙ্গভাষায় সংস্কৃত ছন্দ— | শ্রীযুক্ত আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ |
| ২। | অমোঘবর্ষ— | " হরিহর ভট্টাচার্য্য |
| ৩। | সমাজ-রক্ষা ও শরীরতত্ত্ব— | " কবিরাজ মোহিনীমোহন কাব্যতীর্থ আয়ুর্ব্বেদরত্ন |
| ৪। | অনসূয়া ও প্রিয়ংবদা— | " রামসহায় কাব্যতীর্থ |
| ৫। | [illegible]— | " হরিহর ভট্টাচার্য্য |
| ৬। | [illegible]— | " [illegible] রায় |

বঙ্গ-সাহিত্য-সমাজের পুস্তকালয়-বিভাগে আলোচ্য বর্ষে ৯২ খানি পুস্তক সংগৃহীত হইয়াছে; তন্মধ্যে ৬৪ খানি গ্রন্থকার ও প্রকাশক মহোদয়গণ কর্ত্তৃক বিনামূল্যে প্রদত্ত ও অবশিষ্ট ২৮ খানি ২৬৸/০ মূল্যে ক্রীত। উহার পাঠাগারেও বর্ষশেষে প্রায় ৮০ খানি সংবাদ ও সাময়িক পত্র সম্পাদক মহানুভবগণের অনুগ্রহে বিনামূল্যেই প্রাপ্ত হওয়া গিয়াছে। এজন্য উক্ত সম্পাদক মহোদয় ও পুস্তকদাতা মহানুভবগণ কাশীস্থ সাহিত্য-সেবকগণের আন্তরিক ধন্যবাদের পাত্র।

ছাত্র-পরিষৎ:—ছাত্রগণ প্রতি সপ্তাহে সম্মিলিত হইয়া নানা বিষয়ে প্রবন্ধাদি রচনা দ্বারা যথানিয়মে আলোচনা করিয়াছেন। ইহাতে স্থানীয় চতুষ্পাঠীর বিদ্যার্থী ও ইংরাজি স্কুল-কলেজের ছাত্রগণ শ্রীযুক্ত অভয়তারণ ভট্টাচার্য্যের পর্য্যবেক্ষণাধীন থাকিয়া পরস্পর সৌহার্দ্দের সহিত সমানভাবে মাতৃভাষানুরাগ প্রদর্শন করিয়া শাখা-পরিষদের অধিবেশনাদির অল্পতা-জনিত ত্রুটির আংশিক সংশোধন করায়, স্থানীয় সাহিত্যসেবিগণের সাধুবাদ অর্জ্জনে সমর্থ হইয়াছেন। ভগবান্ বিশ্বেশ্বর তাঁহাদিগের সাহিত্য-সাধনা সিদ্ধির পথে তুলিয়া দিন।

শ্রীললিতমোহন মুখোপাধ্যায়
সম্পাদক।

# বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

## বরিশাল-শাখা

(দ্বিতীয় বর্ষের কার্য্য-বিবরণ)

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের বরিশাল-শাখার দ্বিতীয় বর্ষ শেষ হইয়াছে। যথাকালে আমাদের অবলম্বিত এই কল্যাণকর প্রতিষ্ঠানটি পরিপুষ্ট ও ফলপ্রসূ হইয়া উঠিলে, অনিবার্য্যরূপেই যে এতদ্দেশের প্রভূত উন্নতি সাধিত হইবে, তৎপক্ষে অণুমাত্র সংশয়েরও কোন সঙ্গত হেতু নাই। কিন্তু এ কথা আজ একান্তই অস্বীকার্য্য যে, পরিষদের এ শাখার সংরক্ষণ ও প্রসারণে প্রয়াসী হওয়ার সঙ্গে সঙ্গেই এ দেশের যথার্থ শুভ সূচিত হইতেছে। বাখরগঞ্জ জেলার শিক্ষিত জনসাধারণ এত কাল সাহিত্যের সুধা-স্বাদ হইতে অসহায় ভাবে বঞ্চিত ছিলেন; আজ সেই বরিশালের সর্ব্বত্রই একটা সাহিত্যিক স্পন্দন অতি সুস্পষ্টরূপে লক্ষিত ও অনুভূত হইতেছে। সাধনাই অনুশীলন এবং অনুশীলনই শক্তি-বিকাশের মূলমন্ত্র।

### আলোচনা

আলোচ্য বৎসরে নিয়মিত দ্বাদশটি অধিবেশন ব্যতীত চিরস্মরণীয় কবিবর ৺দ্বিজেন্দ্রলাল রায় মহোদয়ের আকস্মিক ও অকাল-বিয়োগে শোক-প্রকাশার্থ জন-সাধারণের একটি মহতী স্মৃতি-সভা শাখা-পরিষৎ কর্ত্তৃক আহূত হইয়াছিল। এই শোক-সভায় স্থানীয় সহকারী জজ শ্রীযুক্ত এস্, কে, ঘোষ আই, সি, এস্ মহাশয় সভাপতি হইয়াছিলেন এবং সহরের যাবতীয় শিক্ষিত ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এ বৎসরে নির্দ্দিষ্ট দ্বাদশটি মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধাদির একটা সংক্ষিপ্ত পরিচয় নিয়ে প্রকটিত হইল ;—

মাসিক অধিবেশনের পরিচয়

| তারিখ | নম্বর | বিষয় | লেখক |
|---|---|---|---|
| ২২শে ভাদ্র (১৩১৯) | ১ম | সায়ন-কৃত ঋগ্বেদ-ভাষ্যের ভূমিকা | শ্রীযুক্ত পরেশনাথ সেন বি এ |
| ৫ই আশ্বিন ,, | ২য় | রামায়ণের উত্তর-কাণ্ড | শ্রীযুক্ত কুমুদকান্ত বসু বি এল্ |
| ১২ই আশ্বিন ,, | ৩য় | বিশ্ব-বিদ্যালয় | শ্রীযুক্ত যোগেন্দ্রকুমার ঘোষ এম্ এ |
| ৯ই অগ্রহায়ণ ,, | ৪র্থ | মহাকবি কালিদাসের সংক্ষিপ্ত জীবনী ও তৎকৃত রঘুবংশ কাব্যের সমালোচনা | পণ্ডিত শ্রীযুক্ত কাশীশ্বর গুপ্ত-কাব্যতীর্থ |
| ২২শে অগ্রহায়ণ ,, | ৫ম | রামায়ণের উত্তর-কাণ্ড | শ্রীযুক্ত কুমুদকান্ত বসু বি এল্ |
| ২৩শে অগ্রহায়ণ ,, | ৬ষ্ঠ | রামায়ণের উত্তর-কাণ্ড | শ্রীযুক্ত কুমুদকান্ত বসু বি এল্ |
| ৭ই পৌষ ,, | ৭ম | ১। নাসিকা পীঠ | (১) শ্রীযুক্ত নারায়ণচন্দ্র গুপ্ত কবিরত্ন |
| | | ২। চন্দ্রদ্বীপ রাজ্যের সীমানির্ণয় | (২) শ্রীযুক্ত বৃন্দাবনচন্দ্র পূতডুণ্ড |
| ২৭শে পৌষ ,, | ৮ম | ১। সমাজ-তত্ত্ব | (১) শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ রায় চৌধুরী |
| | | ২। কালিদাস-[illegible] | (২) শ্রীযুক্ত প্রিয়নাথ [illegible] |
| [illegible] ফাল্গুন ,, | ৯ম | [illegible] | শ্রীযুক্ত পরেশনাথ সেন বি এ |

| তারিখ | নম্বর | বিষয় | লেখক | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫ই বৈশাখ ১৩২০ | ১০ম | ১। নলচিড়ার সৈয়দ-বংশ | (১) শ্রীযুক্ত হেমন্তকুমার সেন | |
| | | ২। বিশ্ব-বিদ্যালয় | (২) শ্রীযুক্ত নিবারণচন্দ্র দাশগুপ্ত এম্ এ, বি এল্ | |
| ১০ই জ্যৈষ্ঠ „ | ১১শ | ১। বঙ্গ-সাহিত্যে দ্বিজেন্দ্রলাল | (১) শ্রীযুক্ত হেমচন্দ্র মুখোপাধ্যায় | |
| | | ২। ৺সুরেন্দ্রনাথ রায় চৌধুরীর সংক্ষিপ্ত জীবনী | (২) শ্রীযুক্ত উপেন্দ্রনাথ ঘোষ দস্তিদার | |
| | বিশেষ অধিবেশন | স্মরণ | শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী | কবিবর ৺দ্বিজেন্দ্রলাল রায়ের পরলোক গমনোপলক্ষে আহূত শোক-সভায় পঠিত হয় |
| ৩১শে জ্যৈষ্ঠ „ | ১২শ | গল্প | শ্রীযুক্ত গণেশচন্দ্র দাশগুপ্ত এম এ, বি এল্ | |

গৃহ-নির্ম্মাণ

স্থানীয় শাখা-পরিষদের গৃহ-নির্ম্মাণার্থ এখন হইতেই যৎকিঞ্চিৎ আয়োজন উদ্যোগ চলিতেছে। এতদর্থে কাশীমবাজারের দানবীর মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর স্বতঃপ্রবৃত্ত হইয়া দুই শত টাকা অর্থসাহায্য প্রেরণ করিয়াছেন। তদ্ভিন্ন আরও সাত শত টাকা চাঁদা স্বাক্ষরিত হইয়াছে এবং পরিষদের সম্পাদক বরিশাল সহরের মধ্যস্থলে অন্যূন পঞ্চসহস্র মুদ্রা মূল্যের একখণ্ড ভূমি দান করিয়াছেন। শাখা-পরিষদের আলয় নির্ম্মিত হইলে ইহার চির-স্থায়িত্ব সম্পর্কে আমরা নিশ্চিন্ত হইতে পারিব। পরিষদের শুভৈষী সদস্য ও বঙ্গ-সাহিত্যের সেবকবৃন্দের নিকটে সানুনয় প্রার্থনা করি, তাঁহারা সাধ্যানুসারে এই গৃহ-নির্ম্মাণ-তহবিলে শ্রদ্ধা ও প্রীতি-সহকারে ইচ্ছানুরূপ সাহায্য দান করিতে যেন অণুমাত্রও কুণ্ঠা বোধ করেন না।

সংগ্রহ

চন্দ্রদ্বীপ-রাজগণের একটি পুরাতন কামান স্থানীয় ম্যাজিষ্ট্রেট ও শাখা-পরিষদের পরিপোষক শ্রীযুক্ত এফ, ডবলিউ, ষ্ট্রং আই সি এস্ মহাশয় শাখা-পরিষদে প্রদান করিয়াছেন। এ বৎসর কতকগুলি প্রাচীন পুথি ও দলিলাদিও সংগৃহীত হইয়াছে।

সুবর্ণ-পদক-ঘোষণা

শাখা-পরিষদের পক্ষ হইতে ইহার সম্পাদক "পূর্ব্ববঙ্গে নারীজীবন" সম্পর্কে সর্ব্বোত্তম প্রবন্ধের জন্য একটি সুবর্ণ-পদক উপহার দিতে প্রতিশ্রুত হইয়াছেন।

অবস্থা

স্থানীয় শাখা-পরিষদের আভ্যন্তরীণ অবস্থা উত্তরোত্তর শ্রীবৃদ্ধিসম্পন্ন হইতেছে। প্রথম বর্ষে ইহার সদস্য-সংখ্যা ছিল এক শত ছাপ্পান্ন, এবার এই এক বৎসরে ইহার আরও একশত নূতন সদস্য বর্দ্ধিত হইয়াছে। গত বৎসর ইহার তহবিলে সর্ব্বপ্রকারে ৬১৭৸৶০ আনা আয় হইয়াছিল এবং বিবিধ খরচ বাদে নগদ ৪০০৲ টাকা গচ্ছিত ছিল; এবার তৎস্থলে নয় শতাধিক টাকা আয় এবং ব্যয় বাদে অদ্যাবধি ছয় শত টাকা উদ্বৃত্ত হইয়াছে।

শ্রীদেবকুমার রায় চৌধুরী
সম্পাদক।

# বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

## চট্টগ্রাম-শাখা

দ্বিতীয় বার্ষিক উৎসবসভা

বিগত ২৭শে আষাঢ় শুক্রবার অপরাহ্ন ৫৷৷০ ঘটিকার সময় স্থানীয় ন্যাশনাল স্কুল-গৃহে সাহিত্য-পরিষদের দ্বিতীয় বার্ষিক উৎসব-সভার অধিবেশন হয়। শ্রীযুক্ত কবিগুণাকর নবীনচন্দ্র দাস মহাশয় সভাপতির আসন পরিগ্রহ করিলে আর্য্যসঙ্গীত সমিতির কয়েকজন সদস্য ঐক্যতানবাদন ও সঙ্গীত করেন। অতঃপর সম্পাদক শ্রীযুক্ত বিপিনচন্দ্র গুহ মহাশয়ের অনুপস্থিতিতে সহকারী সম্পাদক শ্রীযুক্ত ত্রিপুরাচরণ চৌধুরী দ্বিতীয় বর্ষের কার্য্যবিবরণ পাঠ করেন। সুকবি শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত মহাশয়ের রচিত "প্রেম-নিষ্ঠা" শীর্ষক একটি সুন্দর কবিতা পঠিত হয়। ভারতধর্ম্ম-মহামণ্ডলের প্রচারক শ্রীযুক্ত চন্দ্রকান্ত সাঙ্খ্যতীর্থ ধর্ম্ম ও সাহিত্য সম্বন্ধে বক্তৃতা করেন। তদনন্তর গত বৎসরের কার্য্যকারকগণ অবসর-গ্রহণের ইচ্ছা প্রকাশ করিলে পর আগামী বর্ষের জন্য নিম্নলিখিত কর্ম্মপরিচালকগণ নিযুক্ত হন।

| | |
|---|---|
| শ্রীযুক্ত কবিগুণাকর নবীনচন্দ্র দাস | সভাপতি |
| " রায় নবীনচন্দ্র দত্ত বাহাদুর<br>" মাননীয় প্রসন্নকুমার রায় | সহকারী সভাপতি |
| " ত্রিপুরাচরণ চৌধুরী | সম্পাদক |
| " মৌলবী আবদুল করিম<br>" দীনেশচন্দ্র রায় | সহকারী সম্পাদক |
| " বিপিনচন্দ্র চৌধুরী | ছাত্রসভ্য-পরিদর্শক |

তৎপরে আগামী বৎসরের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হয়। অবশেষে সভাপতি মহাশয় তাঁহার সারগর্ভ বক্তৃতা পাঠ করেন। পরিশেষে আর্য্যসঙ্গীত-সমিতির ঐক্যতানবাদ্য ও বিদায়-সঙ্গীত হয়। শ্রীযুক্ত সুখেন্দুবিকাশ রায় গত বৎসরের কর্ম্ম-পরিচালকগণকে ধন্যবাদ প্রদান করেন এবং সভাপতি মহাশয়কে "প্রভাত" পত্রিকা পরিচালনের জন্য বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। শ্রীযুক্ত মাননীয় প্রসন্নকুমার রায় মহোদয় আর্য্যসঙ্গীত-সমিতির সদস্যগণকে তানলয়-সহকারে সুমধুর ঐক্যতানবাদ্য ও সঙ্গীতের জন্য বিশেষ ধন্যবাদ প্রদান করেন। রাত্রি প্রায় ৯ ঘটিকার সময় সভাভঙ্গ হয়।

| শ্রীত্রিপুরাচরণ চৌধুরী<br>সম্পাদক। | শ্রীনবীনচন্দ্র দাস<br>সভাপতি। |
|---|---|

# বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

## চট্টগ্রাম-শাখা

### দ্বিতীয় বার্ষিক কার্য্যবিবরণ

পরমকারুণিক পরমপিতার করুণাবলে এই শাখা-পরিষদের দ্বিতীয় বর্ষ পূর্ণ হইল। আলোচ্য বর্ষের বিশেষ উল্লেখযোগ্য ঘটনা চট্টলে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের ষষ্ঠ বার্ষিক অধিবেশন। সভয়ে আমরা এই বিরাট ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছিলাম। সুচারুরূপে ইহা নির্ব্বাহিত হওয়ায় আমরা নিজকে কৃতার্থ মনে করিতেছি। শুভক্ষণে সম্মিলন-কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ম্মবীর শ্রীযুক্ত হরিশ্চন্দ্র দত্ত মহাশয়কে সাধারণ সম্পাদক-পদে বরণ করিয়াছিলেন। তাঁহার এবং জনপ্রিয় পরম উৎসাহী বন্ধু শ্রীযুক্ত ত্রিপুরাচরণ চৌধুরীর অক্লান্ত পরিশ্রমে, শ্রীযুক্ত রায় নবীনচন্দ্র দত্ত বাহাদুর এবং কবিগুণাকর শ্রীযুক্ত নবীনচন্দ্র দাস মহাশয়ের সাহচর্য্যে এবং স্থানীয় মহানুভব বিশিষ্ট বণিক্‌সম্প্রদায়ের আনুকূল্যে ইহার সফলতা বেশী পরিমাণে সাধিত হইয়াছিল। সম্মিলনের প্রায় ৪৬০৲ চারি শত ষাট টাকা উদ্বৃত্ত আছে। কার্য্য-বিবরণ মুদ্রাঙ্কণের ব্যয় বাদ বাকী টাকা কার্য্যনির্ব্বাহক-সমিতি এই সমিতিকে অর্পণ করিবেন আশা করি।

#### সভ্যসংখ্যা

এই সমিতির বর্ত্তমান সভ্যসংখ্যা ১২১ জন। আলোচ্য বর্ষে বার জন স্থানীয় বিশিষ্ট ভদ্রলোক সভ্য-তালিকাভুক্ত হইয়াছেন।

#### ছাত্রসভ্য

এই বৎসর স্থানীয় "ছাত্র-সাহিত্য-সমাজ" পরিষদের অন্তর্ভুক্ত হইয়াছে এবং ইহার সভ্যগণ পরিষদের নিয়মানুসারে ছাত্রসভ্যরূপে গৃহীত হইয়াছেন।

### অধিবেশন

আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতির বৈঠক ব্যতীত ৯টি মাসিক অধিবেশন হইয়াছে। সম্মিলনের কার্য্যে ব্যাপৃত থাকিতে হইয়াছিল বলিয়া কয়েকটি অধিবেশন হইতে পারে নাই।

### প্রবন্ধ

আলোচ্য বর্ষে যথাক্রমে "জন্মান্তর-রহস্য," ভারতীয় মুসলমান নরপতিগণের "পূর্ত্ত ও স্থাপত্য শিল্প," "নবীনচন্দ্রের শৈলজা," "বিক্রমোর্ব্বশী," "পূর্ব্বস্মৃতি," "সাগরমহিমা," "ললিত-কলা," "অধ্যাত্ম-সাধনা," "মেঘদূতে কালিদাস" এবং "প্রার্থনা ও উপাসনা" এই কয়েকটি প্রবন্ধ পঠিত হয়।

### পত্রিকা

বিগত বার্ষিক বিবরণের মন্তব্যানুসারে "প্রভাত" নামক একখানি ত্রৈমাসিক পত্রিকা বিগত অগ্রহায়ণ মাস হইতে প্রচারিত হইতেছে। সম্প্রতি সুযোগ্য সম্পাদক মহাশয় ইহার ব্যয়ভার বহন করিতেছেন। তন্নিমিত্ত তাঁহার কাছে পরিষৎ বিশেষভাবে ঋণী।

### আয়-ব্যয়

এই বৎসরের আয় ৫৯৲ উনষাট টাকা এবং ব্যয় ৪৮৲ আট চল্লিশ টাকা।

ছাত্রসভ্যগণ রীতিমত তাঁহাদের পাক্ষিক সভায় উপস্থিত থাকিয়া সাহিত্যবিষয়ক প্রবন্ধাদি পাঠ ও সমালোচনা করেন। আলোচ্য বর্ষে "নবীনচন্দ্রের স্মৃতিসভা", "শিবপুর দুর্ঘটনাসম্পর্কীয় সভা" এবং "৺দ্বিজেন্দ্রলাল রায়ের জন্য শোক-সভা" বিশেষ উল্লেখযোগ্য।

শ্রীত্রিপুরাচরণ চৌধুরী
সম্পাদক।

## বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ও পরিষৎ-চিত্রশালা সম্বন্ধে কতিপয় অভিমত

( ১ )

I have just seen 3 bronzes in this small museum which it would be impossible to match, I think, anywhere in the world. I cannot conceive anything more noble and beautiful to exist than these 3 figures, and I think the day will come when full justice will be done to the genius of the people which has produced them and so many other admirable things.

(Sd.) William Rothenstein
PRESIDENT, SOCIETY OF INDIA,
*Great Britain and Ireland.*

*February 21-1911.*

( ২ )

I was much interested in the collection of antiquities in the possession of the Vangiya Sahitya Parishad. Some of the bronze figures are quite unique and do immense credit to Mr. R. S. Trivedi, the Honorary Secretary of the Association, who discovered them and presented them to the Society. The Coin collection includes a large number of rare gold coins ranging in date from the Kushana to the late Muhammadan period. * * I hope that the collection will increase. I wish it success. I am very grateful to Mr. R. D. Banerji for showing me this interesting collection of antiquities.

(Sd.) Dayaram Sahni (M.A.)
Asst. Supdt. Archæological Survey.

*2-7-11.*

( ৩ )

I was much interested to see the valuable collection which the Sahitya Parishad possesses, of ancient coins and statues etc. The Parishad now possesses also a fine building and a library,—thanks to the munificence of some noblemen of Bengal—and I trust the Parishad will continue its career of useful researches in the domain of Indian antiquities. I wish the institution all the success and prosperity which it richly deserves.

(Sd.) Sri C. Bhanj Deo
Maharaj Mayurbhanj.

*23-7-11.*

( ৪ )

I put my signature here only to place on record my admiration for the good work done by the Parishad in its different departments and specially in that in charge of my worthy young friend, Mr. R. D. Banerjee.

*23-7-11.* (Sd.) Gooroo Dass Banerjee.

( ৫ )

I heartily wish the institution every success.

*13th Sptr. 1911.*

(Sd.) Madan Mohan Malaviya.
(Sd.) Ganga Prosad Varma.
(Sd.) Mangla Prosad (M. A.)

( ৬ )

**My wife and I visited the museum on Saturday the 27th January at the kind invitation of Mr. Satyendra Nath Tagore and were much pleased and interested with**

all we saw. The collection of architectural remains, ancient Mss. and bronzes especially interested us. The three bronzes referred to by Mr. Rothenstein in his note are perfect gems and I think photogravures of them with a description might be published. The Indian Society of Oriental Art, of which I am President, would be very grateful for such a monograph.

(Sd.) H. Holmwood

*March 13th, 1912.* (Judge, Calcutta High Court).

( ৭ )

Art begins where language ends—as the large image upstairs, and the two bronzes have proven to me and will prove to anyone who has the eyes to see,

*March 20th, 1912.* (Sd) M. N. Sterne

(of the Indian Society of Oriental Art)

( ৮ )

I visited the Bangiya Sahitya Parishad to-day. Mr. Trivedi showed me the manuscripts, old statues, old books, and I am of opinion that the Institution is doing much useful work for the improvement of Bengal.

(Sd) P. Mukerji

Indian Educational Service

( ৯ )

I have visited the building of this Parishad and seen the rich collections of antiquities and Mss. with the greatest interest. May the noble effort through which the members of the Parished contribute to the developement and life of Bengali literature, be crowned with fullest success .

(Sd.) H. Oldenberg.

*Feb. 1st. 1913.*

( ১০ )

*3, Middleton Row, 18 Feb. 1912*

Dear Babu Satyendra Nath Tagore,

* * * I am certainly very interested in the Exhibition held by the Bangiya Sahitya Parishad. The society has already a remarkable collection of ancient sculptures, copper figures, Mss. and other objects of ancient literature and art which are, I was told, being added to, day by day. In particular, some copper gilt figures I saw appeared to me to be unique both as regards rarety and beauty. I hope the society may be in a position to erect a buildiug suitable for the reception of its valuable collections. I trust, however, that if this be done opportunity will be availed of to secure a suitable architectural design and the aid of Indian artists for the interior decoration of a permanent character of the hall in which the exhibits are shown. For instance, as regards the latter point the hall might show copies of ancient Indian frescoes and secure other suitable colouring and decoration of an Indian character, * * * * I see the notice speaks of the possibility of a National Museum. If by this is meant Bengali—I think the aim is an admirable one. It is the same as that which had been so well carried out in the museum at Arles founded by the great Provencal Poet, Mistrace. His aim has been to collect all that was illustrative of the past life of Provence which is his

country and whose language his own poems have preserved. I wish you all success ; for the project, if carried out on lines indicated, will force to conquer the apathy which exists on these matters.

I remain, with kind regards,
Yours sincerely
(Sd) John E. Woodroff
(Judge, Calcutta High Court)

( ১১ )

মিঃ জে ডি এণ্ডারসন এম্ এ, আই সি এস ( অবসর-প্রাপ্ত )
মহোদয়ের পত্র হইতে উদ্ধৃত

*(From the Journal of the Royal Asiatic Society of Great Britain and Ireland,—1911 p. 526 )*

## The Origin of Bengali.

May I venture to call the attention of the members of the Society to the work that is being done by Bengalis in the investigation of the origin and history of their native speech? It seems to me that their enquiries might often be aided and directed to practical ends if they had the advice of Europeans acquainted with similar studies in the West. Dr. Grierson, in his work on the Languages of India, has told us that Bengali is a Secondary Prakrit, into which, in comparatively recent times, was imported an enormous number of pure Sanskrit words. * * * The result is that the dictionaries of Bengali are practically Sanskrit dictionaries, from which all but a few popular and domestic words are banished.

But indigenous students, chiefly no doubt as an indirect result of Dr. Grierson's great survey, have become aware of the extraordinary interest and importance of the spoken dialects. The 'Vangiya Sahitya-Parishad' has been working for some years now in collecting ancient Mss. of the literature of Pre-English days, with a view to the preparation of an historical account of the language, and the last issue of the 'Sahitya-Parishad-Patrika'* has an excellent extra number from the pen of Mr. Yoges Chandra Ray, which contains a special study of the phonetics and dialectical peculiarities of the *bhasa* of the Radh country, of the part of Bengal, that is lying to the west of the Ganges. He has found many remarkable survivals in the ancient speech as it is recorded in oid poetry of many interesting coincidences with the pronunciation or idiom of Uriya, Marhatta, and Hindi. This kind of study is likely to be even more interesting and remunerative in Bengal and Assam than in other regions of the outer dispersion of the Indo-Aryan languages.

* * * * * *

**The great mass of the people must once have been, many of them still are bilingual, and thus afford a probably unique opportunity of studying the translation from a monosyllabic to an Indo-Aryan language. Now that the Bengalis have themselves seriously taken up the systematic study of the origins and history of their language and literature, any hints, however trifling, may lead to fruitful fields of inquiry.**

**(Sd) J. D. A.**

* সাহিত্য-পরিষৎ-পত্রিকা—১৭শ ভাগ অতিরিক্ত সংখ্যা

# প্রতিমূর্ত্তির তালিকা

## মূর্ত্তি

১। রামমোহন রায়—পণ্ডিত শ্রীযুক্ত শিবনাথ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৩। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর—শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৪। হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়—হেমচন্দ্র-স্মৃতি-রক্ষা-সমিতি কর্ত্তৃক প্রদত্ত।

## চিত্র

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়—শ্রীযুক্ত দিব্যেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত পূরেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

২। দীনবন্ধু মিত্র—শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র প্রভৃতি দীনবন্ধু বাবুর পুত্রগণ কর্ত্তৃক প্রদত্ত।

৩। অক্ষয়কুমার দত্ত—শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৪। ভূদেব মুখোপাধ্যায়—শ্রীযুক্ত মুকুন্দদেব মুখোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৫। কালীপ্রসন্ন সিংহ—শ্রীযুক্ত বিজয়চন্দ্র সিংহ মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৬। প্যারীচাঁদ মিত্র (টেকচাঁদ ঠাকুর)—শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র ও ভ্রাতৃগণ কর্ত্তৃক প্রদত্ত।

৭। চন্দ্রনাথ বসু—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

৮। শ্রীশচন্দ্র মজুমদার—শ্রীযুক্ত শৈলেশচন্দ্র মজুমদার মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৯। যোগেন্দ্রচন্দ্র বসু—শ্রীযুক্ত বরদাপ্রসাদ বসু মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

১০। রামতনু লাহিড়ী—শ্রীযুক্ত শরৎকুমার লাহিড়ী মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

১১। কবিরাজ গঙ্গাধর কবিরত্ন—শ্রীযুক্ত ত্র্যম্বকেশ্বর রায় প্রদত্ত ফটো হইতে পরিষদের ব্যয়ে প্রস্তুত।

১২। আনন্দরাম বড়ুয়া—
১৩। মাইকেল মধুসূদন দত্ত—
} শ্রীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় দত্ত ফটো হইতে পরিষদের ব্যয়ে প্রস্তুত।

১৪। রামগোপাল সেন—৺কালীপ্রসন্ন সেন কর্ত্তৃক প্রদত্ত।

১৫। মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

১৬। রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

১৭। কালীকৃষ্ণ ঠাকুর—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

১৮। রাজনারায়ণ বসু—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

১৯। ক্ষেত্রপাল চক্রবর্ত্তী—তাঁহার স্বর্গীয় পুত্র কর্ত্তৃক প্রদত্ত।

২০। উমেশচন্দ্র বটব্যাল—শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ বটব্যাল মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২১। ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়—কতিপয় বন্ধুর দত্ত অর্থে পরিষদের যত্নে প্রস্তুত।

২২। স্বামী বিবেকানন্দ—বেলুড় মঠাধিপতি মহারাজ ব্রহ্মানন্দ স্বামী কর্ত্তৃক প্রদত্ত।

২৩। মাইকেল মধুসূদন দত্ত—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২৪। রামমোহন রায়—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

২৫। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—শ্রীযুক্ত নারায়ণচন্দ্র বিদ্যারত্ন কর্ত্তৃক প্রদত্ত।

২৬। দুর্গাদাস কর—শ্রীযুক্ত রাধাগোবিন্দ কর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২৭। রজনীকান্ত গুপ্ত—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

২৮। রামদাস সেন—শ্রীযুক্ত মণিমোহন সেন ও শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন মহাশয়গণ ক প্রদত্ত।

২৯। শিশিরকুমার ঘোষ—শিশিরকুমার-স্মৃতি-সমিতির অর্থে প্রস্তুত।

৩০। যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ—তাঁহার পুত্র শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় শ্রীযুক্ত শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৩১। আচার্য্য সত্যব্রত সামশ্রমী—তাঁহার পুত্র শ্রীযুক্ত হিতব্রত সামবত্ন মহাশয় কর্ত্তৃ প্রদত্ত।

৩২। প্রিয়নাথ চক্রবর্ত্তী—তাঁহার ভক্তগণ কর্ত্তৃক প্রদত্ত।

৩৩। বীরেশ্বর পাঁড়ে—তাঁহার পুত্র শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩৪। মিঃ ই, বি, হাভেল—শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৩৫। হরধ্যানভঙ্গ—শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩৬। মদন-ভস্ম—শ্রীযুক্ত গোপেন্দ্রমোহন ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩৭। কতিপয় পুরাতন চিত্র—শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৩৮। মেরী কার্পেণ্টারের অঙ্কিত ব্রিষ্টল নগরে রামমোহন রায়ের সমাধি—শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৩৯। সীতারামের কীর্ত্তির ধ্বংসাবশেষের ফটো—শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার প্রদত্ত।

# বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

## ষষ্ঠ অধিবেশন—চট্টগ্রাম

### সভাপতি—শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার বি এল্

প্রথম দিবস—৯ই চৈত্র ১৩১৯, ২২শে মার্চ্চ ১৯১৩, শনিবার

পূর্ব্বাহ্ন—৮ ঘটিকা

১। স্থানীয় আর্য্য-সঙ্গীত-সমিতি কর্ত্তৃক একতান-বাদন।

২। উক্ত সমিতি কর্ত্তৃক বিরচিত ও সমিতির সভ্যগণ কর্ত্তৃক গীত "ধন্য আজি দীন-ভবন জননী চট্টলা" ইতি অভ্যর্থনা-সঙ্গীত।

৩। স্তোত্র-পাঠ—পণ্ডিত শ্রীযুক্ত শশধরচন্দ্র কাব্যতীর্থ মহাশয় কর্ত্তৃক স্বরচিত "বাগ্দেবী-স্তোত্র" পাঠ।

। গত বর্ষের চুঁচুড়া অধিবেশনের সভাপতি মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী লিখিত অভিভাষণ—তাঁহার অনুপস্থিতিতে দ্বিতীয় সম্মিলনের সভাপতি শ্রীযুক্ত ডাঃ ন্দ্র রায় মহাশয় কর্ত্তৃক পঠিত।

। অভ্যর্থনা-সমিতির সভাপতি মাননীয় শ্রীযুক্ত প্রসন্নকুমার রায় মহাশয়ের অনুপস্থিতি। শ্রীযুক্ত যাত্রামোহন সেন মহাশয় অভ্যর্থনা-সমিতির সভাপতির আসন গ্রহণ করেন। শশাঙ্কমোহন সেন বি এল্ মহাশয় অভ্যর্থনা-সমিতির সভাপতির অভিভাষণ পাঠ করেন।

সভাপতি-বরণ—প্রস্তাবক—রায় শ্রীযুক্ত নবীনচন্দ্র দত্ত বাহাদুর

সমর্থক—মাননীয় শ্রীযুক্ত ডাঃ দেবপ্রসাদ সর্ব্বাধিকারী

অনুমোদক—শ্রীযুক্ত মুন্শী আব্দুল করিম

" পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ

" বিপিনচন্দ্র পাল

" দেবকুমার রায় চৌধুরী

শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় স্বরচিত 'বরণ' নামক কবিতা পাঠ করেন।

স্বস্তিবাচন—চট্টল-ধর্ম্মমণ্ডলের সম্পাদকগণের পক্ষে অন্যতম সম্পাদক পণ্ডিত রজনীকান্ত কাব্যতীর্থ সাহিত্যাচার্য্য কর্ত্তৃক পঠিত।

সভাপতি শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার বি এল্ মহাশয় কর্ত্তৃক অভিভাষণ পাঠ।

শোক-প্রকাশ—(ক) রাজা বিনয়কৃষ্ণ দেব, (খ) সখারাম গণেশ দেউস্কর, (গ) পণ্ডিত থ বিদ্যানাধ, (ঘ) ঈশানচন্দ্র বসু, (ঙ) অতুলকৃষ্ণ মিত্র, (চ) কৃষ্ণচন্দ্র রায়, (ছ) বিশ্বম্ভর র্ণব, (জ) মোহান্ত যতীন্দ্র বন মহাশয়গণের পরলোকগমনে সম্মিলনের পক্ষ হইতে কাশ করা হইল।

বিষয়-নির্ব্বাচন-সমিতি গঠিত হইলে পূর্ব্বাহ্নের কার্য্য শেষ হয়।

প্রথম দিবস—অপরাহ্ণ ৩টা

১২। আর্য্য-সঙ্গীত-সমিতি কর্ত্তৃক একতান-বাদন।

১৩। শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ মহাশয় স্বরচিত 'নবীনচন্দ্র সেন' নামক ক[illegible] পাঠ করিলেন।

১৪। শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রকুমার দত্ত মহাশয়ের রচিত "আজি কি মাধুরী জাগে আ- ইতি সঙ্গীত গীত হইল।

১৫। শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রায় ১৫০ অনুপস্থিত ব্যক্তির টেলিগ্রাম পাঠ করিলেন।

১৬। শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ে লিখিত "সাহিত্য-সম্মিলন ও সম্মিলনের সভাপতি সম্বন্ধে নিবেদন" পাঠ করিলেন।

১৭। চুঁচুড়ার সাহিত্য-সম্মিলনের অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত অম্বরচন্দ্র সরক মহাশয় চুঁচুড়ার পঞ্চম অধিবেশনের কার্য্যবিবরণ পাঠ করিলে সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইল।

এই প্রসঙ্গে শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় জানাইলেন যে, বরিশালে প্র অধিবেশনের সূচনা হয় এবং গিরিশ-স্মৃতি-সমিতি অথ পরিষদের হস্তে নাই। ইহা[illegible] সম্পাদক ও কোষাধ্যক্ষ আছেন।

১৮। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রকুমার দত্ত মহাশয়ে[illegible] "আমন্ত্রণ" শীর্ষক কবিতা পাঠ করিলেন।

১৯। শ্রীযুক্ত সুখেন্দুবিকাশ রায় মহাশয় শ্রীমতী হেমন্তবালা দত্ত-রচিত "মাঙ্গলিক" কবিতা পাঠ করিলেন।

২০। শ্রীমতী লাবণ্যলতিকা দেবী-রচিত "একটি কল্পনা" শীর্ষক কবিতা পঠিত হইল

২১। চট্টগ্রাম মহিলা-সম্মিলনীর সম্পাদিকা শ্রীমতী কুসুমকুমারী গুহ-রচিত "ঈশ্বর নামক কবিতা শ্রীযুক্ত রঞ্জনলাল সেন মহাশয় পাঠ করিলেন।

অতঃপর প্রথম দিনের কার্য্য সন্ধ্যা ৬॥০ টার সময় শেষ হইল।

---

# দ্বিতীয় দিবস

## ১০ই চৈত্র—প্রাতে ৮টা

## বিজ্ঞান-সভা

### সভাপতি—ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়

১। সম্মিলনের বিজ্ঞান-বিভাগের সহকারী সম্পাদক শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টো এম্ এ মহাশয় গত চুঁচুড়া অধিবেশনের বিজ্ঞান-শাখার কার্য্য-বিবরণ পাঠ করিলে তাহা হইল।

২। সভাপতি শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় মহাশয় "বঙ্গভাষায় বিজ্ঞান-চর্চ্চা" নামক অভিভাষণ
। করিলেন।

৩। শ্রীযুক্ত ক্ষিতিভূষণ ভাদুড়ী এম্ এস্ সি মহাশয় একখানি বৈজ্ঞানিক সাময়িক পত্রিকার
প্রয়োজনীয়তা সম্বন্ধে প্রস্তাব করেন। এই প্রসঙ্গে শ্রীযুক্ত প্রিয়দারঞ্জন রায় মহাশয়ের এক
ঠিত হইল। এ সম্বন্ধে বিবেচনা করিবার ভার এক নব-গঠিত শাখা-সমিতির উপর ন্যস্ত
শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় এই সমিতির সম্পাদক নিযুক্ত হইলেন।

প্রবন্ধপাঠ—

(ক) শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ দে প্রমুখ কলিকাতা প্রেসিডেন্সি কলেজের কতিপয় ভূতত্ত্ববিৎ
র পূর্ব্বদিবস চন্দ্রনাথ পাহাড় অনুসন্ধান করিয়া তত্রত্য স্বাভাবিক অগ্নিশিখার কারণ সম্বন্ধে
ক প্রবন্ধ পাঠ করেন।

(খ) অধ্যাপক শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য এম্ এ,—উপবাস ও ক্লান্তি।

(গ) অধ্যাপক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত—গঙ্গোত্রী পথে।

(ঘ) শ্রীযুক্ত প্রবোধচন্দ্র দে—সাহিত্য ও বিজ্ঞানের সহিত কৃষির সম্বন্ধ।

) শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়—গন্ধতৈল-পরীক্ষা-প্রণালী।

) শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় এম্ এ মহাশয় রাষ্ট্র-বিজ্ঞান সম্বন্ধে এক বক্তৃতা করেন।

) শ্রীযুক্ত সুরেশচন্দ্র দত্ত এম্ এস্ সি—সরিফপুরের লৌহমল।

জ) শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায় এম্ এ—পুত্র ও কন্যা।

(ঝ) শ্রীযুক্ত ক্ষিতিভূষণ ভাদুড়ী এম্ এস্ সি—কালমেঘ সম্বন্ধে কয়েকটি কথা।

(ঞ) শ্রীযুক্ত মন্মথনাথ নিয়োগী—জব্বলপুরের কর্দ্দম।

) শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ রক্ষিত—চিনির স্ফুটন হইতে সুরার উৎপত্তি সম্বন্ধে প্রাচীন ভারতের বৈজ্ঞানিক জ্ঞান, প্রথম খণ্ড—মৃতসঞ্জীবনী সুধা, দ্বিতীয় খণ্ড—কাংস্যপাত্রে নারিকেল-জল।

ম্নলিখিত দুইটি প্রবন্ধ পঠিত বলিয়া গৃহীত হইল—

ক) শ্রীযুক্ত ডাঃ ইন্দুমাধব মল্লিক এম্ এ, এম্ ডি—কীটাণু ও জীবাণু।

খ) শ্রীযুক্ত বিনোদবিহারী রায়—জ্যোতিষের একটি রহস্য।

শ্রীযুক্ত দ্বিজদাস দত্ত মহাশয় উদ্ভিদের উৎকর্ষ সম্বন্ধে এক বক্তৃতা করেন।

। অতঃপর আগামী বৎসর কে কোন্ বিষয়ে আলোচনা করিবেন, তাহা বিজ্ঞাপিত
।

৬। আগামী অধিবেশনের সভাপতি—প্রস্তাবক শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য
সমর্থক—মুন্সী রওশন আলী চৌধুরী

নির্ব্বাচিত-সভাপতি—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ

প্রস্তাব সর্ব্ববাদিসম্মতিক্রমে গৃহীত হইল।

। শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় কর্ত্তৃক সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন।

৮। শ্রীযুক্ত ডাঃ প্রফুল্লচন্দ্র রায় মহাশয় কর্তৃক সভ্যবৃন্দকে ও কমিশনার বাহাদুরকে ধন্যবাদ জ্ঞাপন।

৯। প্রত্নতত্ত্ব অনুসন্ধানে গবর্মেণ্টের ঘোষণা-পত্র পঠিত হইল।

অতঃপর ১০॥০ টার সময় সভার কার্য্য শেষ হয়।

---

# দ্বিতীয় দিবস

১০ই চৈত্র, ২৩শে মার্চ্চ – রবিবার

বেলা ১॥০ টা

১। সঙ্গীত—"মা! মা! মা! কতকাল পরে ডাকিলাম তোরে পরাণ ভরে" ইত্যাদি।

২। সভাপতি মহাশয় নিম্নলিখিত প্রথম প্রস্তাব উপস্থাপিত করিলে সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইল।

বঙ্গের শাসনকর্ত্তা লর্ড কারমাইকেল মহাশয় গ্রন্থ-প্রকাশকল্পে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের বার্ষিক ১২০০৲ টাকার বৃত্তি নির্দ্ধারণ করিয়া এবং প্রতি বর্ষে ২০ খণ্ড সাহিত্য-পরিষৎ-পত্রিকা ক্রয় করিবার ব্যবস্থা করিয়া বঙ্গের সাহিত্যসেবী ও সাহিত্য-জীবিগণের অশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। এই উদার অনুকম্পাপূর্ণ অর্থসাহায্যের জন্য বঙ্গভাষাভাষিগণের প্রতিনিধিস্বরূপ এই সাহিত্য-সম্মিলন শ্রদ্ধাস্পদ লর্ড কারমাইকেল তথা বঙ্গীয় গবর্ণমেণ্টকে শ্রদ্ধার সহিত ধন্যবাদ জানাইতেছেন।

৩। সভাপতি মহাশয় রাজসাহী বলিহারের রাণী কুসুমকুমারী মহোদয়া কর্তৃক সাহিত্য-সেবিগণের অভাবমোচনার্থ ১০০৲ দানের সংবাদ জানাইলে দাত্রী মহোদয়াকে ধন্যবাদ দেওয়া হয়।

৪। নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইল—

(ক) চট্টল-মহিমা—শ্রীযুক্ত রজনীকান্ত কাব্যতীর্থ।

(খ) চট্টগ্রামের ভাষা বনাম রাঢ়ীয় ভাষা—শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ।

(গ) বঙ্গ-সাহিত্যে চট্টগ্রাম—লেখক মুনশী আবদুল করিম। পাঠক শ্রীযুক্ত বিপিনচন্দ্র চৌধুরী।

(ঘ) মালদহের পল্লীকাহিনী—লেখক শ্রীযুক্ত হরিদাস পালিত। পাঠক—শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র রায়।

(ঙ) চট্টগ্রাম সম্বন্ধে কয়েকটি প্রাচীন কথা—শ্রীযুক্ত ত্রিপুরাচরণ চৌধুরী।

(চ) কুলগ্রন্থের ঐতিহাসিকতা ও নবাবিষ্কৃত তাম্রশাসন—লেখক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব। পাঠক—শ্রীযুক্ত অজয়চন্দ্র সরকার।

(ছ) চেতন ও অচেতন—শ্রীযুক্ত শরচ্চন্দ্র চক্রবর্ত্তী।

(জ) পূজার অর্ঘ্য—শ্রীযুক্ত বিজয়লাল দত্ত।

( এই সময় ফটো তোলা হয় )

(ঝ) কলা ও অধ্যাত্ম-সাধনা—শ্রীযুক্ত রঞ্জনলাল সেন বি এল্।

(ঞ) পল্লীসেবক—শ্রীযুক্ত রাধাকমল মুখোপাধ্যায় এম্ এ।

(ট) বৌদ্ধ সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয়—শ্রীযুক্ত গুণালঙ্কার মহাস্থবির।

(ঠ) হোলিকা বা হোলি উৎসবের প্রকৃত তত্ত্ব—শ্রীযুক্ত শীতলচন্দ্র চক্রবর্ত্তী।

(ড) শিক্ষার আদর্শ—শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ দাশ গুপ্ত এম্ এ।

(ঢ) সঙ্কীর্ত্তন—শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য এম্ এ।

শ্রীযুক্ত বিহারীলাল সরকার মহাশয় তাঁহার গান গাহিলেন এবং এ সম্বন্ধে বক্তৃতা করিলেন।

৫। নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত বলিয়া গৃহীত হইল—

(ক) আয়ুর্ব্বেদীয় খাবার-বিধান-তত্ত্ব—শ্রীযুক্ত বেণীমোহন দাস।

(খ) হিন্দু-রমণীর শিক্ষা—শ্রীমতী ফুলকুমারী গুপ্তা।

(গ) বঙ্গভাষার সংক্ষিপ্ত আলোচনা—শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ মিত্র।

(ঘ) বঙ্গ-সাহিত্যে শ্রীচৈতন্যদেব—শ্রীযুক্ত বামাচরণ বসু।

(ঙ) চণ্ডীদাস কবির স্মৃতি-অনুষ্ঠানবিষয়ক প্রস্তাব—শ্রীযুক্ত শিবরতন মিত্র।

(চ) বাঙ্গালা সাহিত্যের ইতিহাস—শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ।

(ছ) ঋগ্বেদের ইতিহাস—শ্রীযুক্ত ভববিভূতি ভট্টাচার্য্য।

(জ) ভারত ইতিহাসের মূলসূত্র—শ্রীযুক্ত শীতলচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ।

(ঝ) কালিদাসের কাল—শ্রীযুক্ত হরিচরণ গঙ্গোপাধ্যায় শাস্ত্রী এম্ এ, বি এল্।

(ঞ) চট্টগ্রামে বৌদ্ধধর্ম্ম—অধ্যাপক শ্রীযুক্ত মহিমারঞ্জন বড়ুয়া।

৬। ২য় প্রস্তাব—

ঢাকা বিশ্ববিদ্যালয় বাঙ্গালা সাহিত্যকে মোহম্মদীয় ভাবাপন্ন করিবার যে কথা তুলিয়াছেন, সে সম্বন্ধে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মাননীয় সভাপতি মহাশয় ৮ই চৈত্র ১৩১৯ তারিখে বাঙ্গালার গবর্ণমেণ্টের নিকট যে মন্তব্য প্রেরণ করিয়াছেন, এই সম্মিলন সর্ব্বান্তঃকরণে তাহার পোষকতা করিতেছেন এবং এই বিষয়ে বাঙ্গালার সাহিত্য-সেবিগণের মনে যে আশঙ্কার উদয় হইয়াছে, তাহা সত্বরে নিরস্ত করিবার জন্য গবর্ণমেণ্টকে সানুনয়ে অনুরোধ করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত যাত্রামোহন সেন
সমর্থক—শ্রীযুক্ত মুনশী রওশন আলী চৌধুরী
শ্রীযুক্ত মাননীয় ডাঃ দেবপ্রসাদ সর্ব্বাধিকারী
শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল

৩য় প্রস্তাব—

সুপ্রসিদ্ধ সাহিত্য-সেবক প্রত্নতত্ত্ববিৎ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের ছাব্বিশ বর্ষব্যাপী অমানুষিক চেষ্টা, অসীম পরিশ্রম ও অশেষ যত্নে দ্বাবিংশ খণ্ডে সুবৃহৎ বাঙ্গালা

অভিধান বিশ্বকোষ পরিসমাপ্ত হইয়াছে। বিশ্বকোষ বঙ্গভাষায় প্রণয়ন করিয়া তিনি বঙ্গসাহিত্যের অশেষ শ্রীবৃদ্ধিসাধন করিয়াছেন। এই অসাধারণ অভাবনীয় কার্য্য সুসম্পন্ন করিয়াছেন বলিয়া বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন নগেন্দ্র বাবুর প্রতি কৃতজ্ঞতা প্রদর্শন পূর্ব্বক তাঁহাকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছেন।

প্রস্তাবক শ্রীযুক্ত যামিনীকান্ত সেন
সমর্থক " পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ
অনুমোদক " নলিনীরঞ্জন পণ্ডিত

৪র্থ প্রস্তাব—

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন প্রত্যেক গ্রন্থকার ও গ্রন্থ-প্রকাশককে স্বপ্রণীত ও প্রকাশিত গ্রন্থের এক এক খণ্ড বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পুস্তকালয়ে উপহার দিবার জন্য অনুরোধ করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল
সমর্থক— " শৈলেশচন্দ্র মজুমদার
অনুমোদক " দেবকুমার রায় চৌধুরী

৫ম প্রস্তাব—

যাহাতে প্রতিবৎসর কোন এক নির্দ্দিষ্ট সময়ে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অধিবেশন হইতে পারে, তদনুযায়ী ব্যবস্থা করার জন্য সম্মিলন পরিচালন সমিতিকে বিশেষ ভাবে অনুরোধ করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায়
সমর্থক— " অন্নদাচরণ বিদ্যালঙ্কার
অনুমোদক— " ডাঃ শ্রীশচন্দ্র বসু

ষষ্ঠ প্রস্তাব—

সময়ে সময়ে উপযুক্ত সাহিত্য-সেবীদিগকে বৃত্তি দিবার জন্য একটি ভাণ্ডার স্থাপিত হউক। ৪র্থ বর্ষে ময়মনসিংহ সাহিত্য-সম্মিলনে শ্রীযুক্ত হরগোবিন্দ লস্কর চৌধুরী মহাশয় যে প্রস্তাব উপস্থাপিত করিয়া এই ভাণ্ডারে ১০০ টাকা এবং শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত ২৫৲টাকা দিতে প্রতিশ্রুত ছিলেন, তাহা এই ভাণ্ডারের জন্য চাওয়া হউক। শ্রীমতী রাণী কুসুমকুমারী মহোদয়ার প্রতিশ্রুত ১০০৲ টাকাও এই ভাণ্ডারে লওয়া হউক।

প্রস্তাবক—মৌলবী রওশন আলী চৌধুরী
সমর্থক—শ্রীযুক্ত হরিশ্চন্দ্র দত্ত
অনুমোদক—শ্রীযুক্ত শশাঙ্কমোহন সেন
শ্রীযুক্ত দৌলত আহম্মদ

এই উদ্দেশ্যে শ্রীযুক্ত মৌলবী দৌলত আহম্মদ মহাশয় ১৫৲ সাহায্য করিতে প্রতিশ্রুত হইলেন।

সপ্তম প্রস্তাব—

যাহাতে স্বাস্থ্যোন্নতি বিষয়ে প্রবন্ধ এবং পুস্তিকাদি লিখিত হয় এবং সাধারণমধ্যে বহুল-

পরিমাণে প্রচলিত হয়, তদ্বিষয়ে সহায়তা করিবার জন্য ষষ্ঠ বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে ও সংবাদপত্র ও সাময়িক পত্রের সম্পাদকগণকে অনুরোধ করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত ডাঃ বারিদবরণ মুখোপাধ্যায়
সমর্থক—শ্রীযুক্ত বাণীনাথ নন্দী

অষ্টম প্রস্তাব—

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের ময়মনসিংহ অধিবেশনে সাহিত্য-সংরক্ষণ-নীতি অবলম্বনের প্রস্তাব উত্থাপিত ও যথাযথ আলোচিত এবং সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইয়াছিল। সেই প্রস্তাব অনুসারে অনুবাদ প্রভৃতি দ্বারা বঙ্গসাহিত্যের শক্তি বৃদ্ধি ও পরিপুষ্টি-সাধনোদ্দেশ্যে "সাহিত্য-সংরক্ষণ-ভাণ্ডার" নামে একটি ধনভাণ্ডার স্থাপিত হউক। বঙ্গের প্রত্যেক জেলা হইতেই তত্রত্য [illegible] কৃতী ব্যক্তিগণের সাহায্য লইয়া অনুষ্ঠান আরব্ধ হউক।

প্রস্তাবক—শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন গুপ্ত
সমর্থক— „ হীরেন্দ্রনাথ দত্ত
অনুমোদক—„ শশাঙ্কমোহন সেন
„ অবিনাশচন্দ্র মজুমদার
„ রাধাকুমুদ মুখোপাধ্যায়

এই ভাণ্ডারে শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী মহাশয় ৫০০৲ এবং মৌলবি দৌলত আহম্মদ মহাশয় ১৫৲ টাকা সাহায্য করিতে প্রতিশ্রুত হইলেন।

৭। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পক্ষ হইতে পরিষদের অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয় পরিষদের সহিত সাহিত্য-সম্মিলনের সম্বন্ধ বিষয়ে বক্তৃতা করেন।

৮। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় সাহিত্য-সম্মিলন সম্বন্ধে বক্তৃতা করেন।

৯। সম্মিলন-সাধারণ সমিতি গঠিত হইল। সভাপতি মহাশয় সদস্যগণের নাম প্রস্তাব করিলেন। [তালিকা পরে প্রদত্ত হইল।]

১০। সভাপতি মহাশয় কর্তৃক নিম্নলিখিত সাধারণ সঙ্কল্পগুলি উপস্থাপিত ও সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইল।

(ক) বাঙ্গালার মানব-তত্ত্বালোচনার উদ্দেশ্যে আপাততঃ চট্টগ্রাম জেলার বিভিন্ন ধর্ম্ম, বর্ণ, জাতি ও ব্যবসায়ভুক্ত জনগণের বংশহীনতা ও বংশবৃদ্ধির গতি এবং পুরুষানুক্রমে ব্যক্তিগত চরিত্রের বিকাশ পর্য্যবেক্ষণের ব্যবস্থা করিবার নিমিত্ত চট্টগ্রাম শাখা-পরিষৎকে অনুরোধ করা হইতেছে।

(খ) বাঙ্গালী জাতির উৎপত্তি-সম্বন্ধে চট্টগ্রাম হইতে উপকরণ সংগ্রহ পূর্ব্বক গ্রন্থ প্রকাশ করিবার জন্য ভারগ্রহণে চট্টগ্রাম শাখা-পরিষৎকে অনুরোধ করা হইতেছে এবং সংগৃহীত তথ্য আগামী বৎসরের সম্মিলনে উপস্থিত করিবার জন্যও অনুরোধ করা হইতেছে।

(গ) বাঙ্গালা ভাষার শব্দ-তত্ত্ব সংগ্রহের জন্য চট্টগ্রাম জেলায় প্রচলিত প্রাদেশিক বাঙ্গালা ও চট্টগ্রামের ভাষায় সর্ব্বনাম ও ক্রিয়াপদের ভিন্ন ভিন্ন বিভক্তি-যোগে রূপভেদ সঙ্কলনের ভারগ্রহণে চট্টগ্রাম শাখা-পরিষৎকে অনুরোধ করা হইতেছে।

(ঘ) চট্টগ্রাম প্রদেশ হইতে প্রত্ন-তত্ত্ব ও প্রাচীন শিল্পাদি-বিষয়ক উপকরণ সংগ্রহ এবং প্রাচীন বাঙ্গালা পুথি সংগ্রহ করিবার জন্য চট্টগ্রাম শাখা-পরিষৎকে অনুরোধ করা হইতেছে।

১১। ধন্যবাদ—চট্টগ্রামবাসীদিগকে—শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়
শ্রীযুক্ত কর্ণেল মহিমচন্দ্র ঠাকুর

রেলকর্ত্তৃপক্ষগণকে—শ্রীযুক্ত হরিশ্চন্দ্র দত্ত

সভাপতি মহাশয়কে—

শ্রীযুক্ত নবীনচন্দ্র দত্ত
শ্রীযুক্ত যাত্রামোহন সেন
শ্রীযুক্ত দৌলত আহম্মদ

অতঃপর এই বৎসরের কার্য্য সমাপ্ত হয়।

---

সম্মিলন-সাধারণ সমিতির সভ্যগণ

কলিকাতা—শ্রীযুক্ত ডাঃ প্রফুল্লচন্দ্র রায়
" ডাঃ জগদীশচন্দ্র বসু
" সারদাচরণ মিত্র
" সুরেশচন্দ্র সমাজপতি
" প্রফুল্লনাথ ঠাকুর
" কুমার অরুণচন্দ্র সিংহ
" রাধাকুমুদ মুখোপাধ্যায়
" মৌলবী ওয়াহেদ হোসেন
" শিবনাথ শাস্ত্রী
" পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়
" মৌলবি আকরাম খান
" " মনিরুজ্জমান
" সেখ আবদর রহিম
" মোহাম্মদ মোজাম্মেল হক

হাওড়া— " রাসবিহারী বন্দ্যোপাধ্যায়

২৪ পরগণা— " ডাঃ আবদুল গফুর
" মৌলবি সহীদুল্লাহ্ এম্ এ

হুগলী— " অক্ষয়চন্দ্র সরকার (সভাপতি)

বর্দ্ধমান— " কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়

| | | |
|---|---|---|
| বীরভূম— | শ্রীযুক্ত | কুলদাপ্রসাদ মল্লিক ভাগবতরত্ন |
| মেদিনীপুর— | " | মনীষিনাথ বসু |
| বাঁকুড়া— | " | রামনাথ বন্দ্যোপাধ্যায় |
| মুরশিদাবাদ | " | মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর |
| | " | যোগীন্দ্রপ্রসাদ মৈত্র |
| যশোহর— | " | যদুনাথ মজুমদার রায় বাহাদুর |
| বাঁকীপুর— | " | যোগীন্দ্রনাথ সমাদ্দার |
| নদীয়া— | " | মহারাজ ক্ষৌণীশচন্দ্র রায় বাহাদুর |
| কুচবিহার— | " | মৌলবী আবদুল হালিম |
| মালদহ— | " | হরিদাস পালিত |
| বগুড়া— | " | মৌলবি আবদুল হামিদ আলি |
| পাবনা— | " | রণজিৎচন্দ্র লাহিড়ী |
| দিনাজপুর— | " | মহারাজ গিরিজানাথ রায় বাহাদুর |
| | " | যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী |
| | " | মৌলবি একিনুদ্দিন আহম্মদ |
| রঙ্গপুর | " | সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী |
| | " | মহামহোপাধ্যায় যাদবেশ্বর তর্করত্ন |
| | " | অতুলচন্দ্র গুপ্ত |
| | " | সেখ রেয়াজুদ্দিন আহম্মদ |
| | " | মৌলবি তসলিমুদ্দিন আহম্মদ |
| রাজসাহী— | " | অক্ষয়কুমার মৈত্রেয় |
| | " | কুমার শরৎকুমার রায় |
| | " | শশধর রায় |
| বরিশাল— | " | দেবকুমার রায় চৌধুরী |
| | " | নিবারণচন্দ্র দাস গুপ্ত |
| | " | নিত্যশরণ দাস গুপ্ত |
| ফরিদপুর— | " | দেবীপ্রসন্ন রায় চৌধুরী |
| | " | মৌলবী রওশন আলী চৌধুরী |
| ময়মনসিংহ— | " | কেদারনাথ মজুমদার |
| | " | মহারাজ কুমুদচন্দ্র সিংহ |
| ঢাকা— | " | মহামহোপাধ্যায় প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন |
| | " | অবিনাশচন্দ্র মজুমদার |
| | " | অনুকূলচন্দ্র গুপ্ত শাস্ত্রী |
| | " | কামিনীকুমার সেন |

| | |
|---|---|
| ঢাকা— | শ্রীযুক্ত নৃপেন্দ্রনাথ দত্ত |
| | „ নলিনীকান্ত ভট্টশালী |
| নোয়াখালী— | „ রাধাকান্ত আইচ |
| ত্রিপুরা— | „ কর্ণেল মহিমচন্দ্র ঠাকুর |
| ত্রিপুরা স্বাধীন - | „ দ্বিজদাস দত্ত এম্ এস্‌সি |
| চট্টগ্রাম— | „ মাননীয় রায় প্রসন্নচন্দ্র রায় বাহাদুর |
| | „ মুন্‌শী আবদুল করিম |
| | „ শশাঙ্কমোহন সেন |
| | „ নবীনচন্দ্র দাস কবিগুণাকর |
| | „ বিপিনচন্দ্র গুহ |
| | „ গুণালঙ্কার মহার্ণব |
| | „ যামিনীকান্ত সেন |
| | „ বিশ্বেশ্বর দাস |
| | „ রঞ্জনলাল সেন বি এ |
| | „ রেবতীরমণ বড়ুয়া বি এ |
| পার্ব্বত্য চট্টগ্রাম— | „ রাজা ভুবনমোহন রায় |
| গোয়ালপাড়া - রাজা | „ প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুর |
| গৌহাটি - | „ পদ্মনাথ ভট্টাচার্য্য |
| শ্রীহট্ট— | „ অম্বিকাচরণ দেব বি এ |
| | „ সতীশচন্দ্র দেব বি এ |
| | „ রজনীরঞ্জন দেব বি এ |
| | „ সতীশচন্দ্র দত্ত বি এল্ |
| | „ পরেশলাল সোম |
| কাছাড়— | „ ভুবনমোহন ভট্টাচার্য্য |
| ভাগলপুর— | „ মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় |
| বাকীপুর— | „ যদুনাথ সরকার |
| কটক— | „ যোগেশচন্দ্র রায় |
| কাশী— | „ ললিতমোহন মুখোপাধ্যায় |

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী

সম্পাদক।

---

# সাহিত্য-পরিষৎ-পত্রিকা